

খালেক ভিকাৰ একটি বিলসিভাগীৰকা নবীনাৰ মজাদেই।

প্রতিজ্ঞা-পালন

ডিটেক্টিভ উপস্থাস

সচিত্র উপগ্রাস-সম্পর্ভ 🕥 -শ্রীপাঁচকড়ি দে-সম্পাদিত

গোবিন্দ্রাম '

क्जान्टीः डिटिक्टिङ शाविन्तत्राय त्वन मञ्जरत কার্যোদ্ধার করিতেছেন, তাঁহার কার্যাকলাপে বিশ্বিত হইবেন: মমুব্য-চরিত্রের উপর অর্থণ্ড প্রভাব, মুধ দেখিয়া তিনি পুস্তক-পাঠের স্তার সমুদর কথাই বলিতে পারেন, কারণও দেখাইয়া দেন। মূল্য ১৯/• মাতা।

> ভীষণ প্রতিশোধ ১॥১০ ভীষণ প্রতিহিংসা ১৫ রঘু ডাকাত ১ ১-শোণিত-তৰ্পণ ১৮০

রহস্ত-বিপ্লব ১॥• হত্যা-রহন্ত ১১٠ বিষম বৈস্থচন ১া৽ জয়-পরাজয় ১১

প্রতিজ্ঞা-পালন

অবিতীর ডিটেকটিভ উপস্থাসিক এীয়ক্ত পাঁচকডি দে মহাশরের লিখিত উপক্রাসগুলি বঙ্গসাহিত্যে কি বিপুল প্রভাব বিস্তার করিয়াছে, তাহা কাহারও অবিদিউ নাই। লেখক ক্ষমতাশালী, প্রতিভাষান ; স্বতরাং विकालन्तर आएवर निव्यक्ताबन। मृत्रा भारत

भाग बाहार्म, १ नः भिवकुक है। (जन, क्षाण् मारको, (भाः वर्षवाकात, क्रिकाक पार्थका ३०९ कर्बकालिय होते अक्रमां माहे द्वती।

প্রতিজ্ঞা-পালন উপন্যাস

Julie O, mercy! mercy!

Save him, restore him, father! • • • •

Art thou not Richelieu?

Rich Yesterday I was!

To day, a very weak old man!—To-morrow,
I know not what!

Julie Do you conceive his meaning?,
Alas! I cannot. But methinks, my senses

Are duller than they were!

E. Bulwer Lytton—Richelieu, Act IV Scene II,

[দ্বিতীয় সংস্করণ]



Published by H. P. Dey for PAUL BROTHERS & C. 7, Shibkrishna Daw's Lane, Jorasanko, Calcutta.

Printed by F. C. Dass. Indian Patriot Press.
70, Baranashi Ghose's Street, Calcutta.

Rights Strictly Reserved.

1914.

উৎসূর্গ।

পুরম পূজনীয় পিতৃদেব

তেকদারনাথ দে মহাশয়ের

শ্রীচরণকমলোদেশে;—

বাবা!

আপনি জন্মের মত এই হতভাগ্য সম্ভানকে ছাড়িয়া গিয়াছেন। এই বংসর আমার পক্ষে বড়ই ছুর্বৎসর— ২৪শে ভাদ্রে মা ইহলোক পরিত্যাগ করিলেন, তাহার পর ২৯শে আখিন আপনিও সেই পথ অবলম্বন করিলেন, এই আঘাতের উপরে আঘাত পাইয়া হৃদয় শতধা হইয়াছে। এ জালাযন্ত্রণাময়, শোকতাপপূর্ণ সংসার ত্যাগ করিয়া আপনারা এখন স্বর্গাসীন। সেথান হইতেও যে এই হুর্বল হৃদয়, শোককাতর সম্ভানের প্রতি আপনাদের আশির্বাদ ককণা ও সেহধারা অবিশ্রাম্ভভাবে ব্যিত হইবে, তাহা নিশ্চিত। আজ বর্ষশেবে আপনাদের শ্রীচরণোদ্দেশে আমার এই প্রতিজ্ঞা পালন" নামক অকিঞ্জিৎকর উপস্থাস গ্রন্থ ভক্তিসহকারে উৎসর্গ করিয়া ধন্ত হইলাম।

দ্ৰ ১৩১৩ সাল ২৮শে চৈত্ৰ।

দেবক শ্রীপাঁচকড়ি দে।

প্রতিজ্ঞা-পালন।

5

আৰু কলিকাতার যে অবস্থা, ত্রিশ বংসর পূর্ব্বে সে অবস্থা ছিল না।
তথন কলিকাতার রাজপথের হই পার্ষে হর্গন্ধ, পঙ্কিল, গভীর নর্দমা
ছিল; সেই নর্দমায় কোটা কোটা মশক প্রতিপালিত হইত। এথন্কার
মত তথন সকল রাস্তায় সমূজ্জ্বল গ্যাসের আলোক ছিল না, যে সময়ের কথা
বলা হইতেছে, সে সময়ে গ্যাস কেবল কলিকাতায় নূতন আসিয়াছে;
অধিকাংশ রাস্তায় কেরোসিন তৈলের আলোক, তাহাতে পথিকের বড়
স্থবিধা হইত না।

এখন যেখানে প্রকাপ্ত অট্টালিকা শোভা পাইতেছে, তথন সেখানটা হয় উচ্চান, কি একটা জঙ্গল অধিকার করিয়াছিল। হাতী-বাগান, জোড়াবাগান, বাহুড়বাগান, সিংহের বাগান, বিবির বাগান সভা-সভাই বাগান ছিল। সেই সময়ে একদিন আবাঢ় মাসের গভীর রাত্রে হাতীবাগানের পথিমধ্যে ছুইজন পাহারাওয়ালা কথোপকথন করিতেছিল। রাত্রি নিস্তন্ধ, তাহাতে একটু পূর্কেই খুব এক পশলা রৃষ্টি হইয়া গিয়াছে। পথিমধ্যে স্থানে স্থানে জল জমিয়াছে—পার্মস্থ নর্জমা দিয়া কল্কল্ রবে জলস্রোতঃ ছুটিয়াছে।

এত অন্ধকার যে; কোন দিকে কিছুই দেখা যায় না। পথিপার্শস্থ আলোক-স্তন্তের আলোঞ্চলির অধিকাংশই প্রবল ঝটিকারেগে নিভিন্ন গিয়াছে। কেবল দ্রে দ্রে ছই-একটা আলো স্তিমিতভাবে জ্বলিতেছিল—
তাহাতে আলো না হইয়া চারিদিকে অন্ধলার আরও ঘনীভূত হইয়াছে।
তবে মধ্যে মধ্যে বিহাৎ চমকিত হইতেছে—তাহাতে পথ কথঞ্চিৎ দেখা
যাইতেছে—সে চকিত বিহাতের আলোকে রাস্তার জল চক্মক্ করিয়া
উঠিতেছে। পথে জনমানব নাই—কুকুর শৃগাল পর্যান্ত এই হুর্যোগে যে
যেখানে পাইয়াছে, আশ্রয় গ্রহণ করিয়াছে; এ হুর্যোগে এত রাত্রে কে
এ সময়ে বাহির হইবে ? কেবল হুইজন পাহারাওয়ালা একটা আলোকভ্রম্ভের নিকট দাঁডাইয়াছিল।

হিহানা হইজনে ছইদিক হইতে পাহারা দিতে দিতে আসিয়া এই স্থানে মিলিত হইয়াছিল। একাকী নির্জ্জন পথে ঘোর অন্ধকারে, বিশেষতঃ এই হুর্যোগে ঘুরিয়া বেড়াইতে ক্লেশ অন্থভব করিয়াই ইহারা পরম্পর সক্ষুথীন হইয়া দাঁড়াইয়া কথোপকথন করিতেছিল।

উভরেরই মস্তকে বৃহৎ তালপাতার ছাতা ছিল, হাতে পুলিসের লঠন ছিল—তথনও টিপ্ টিপ্ করিরা বৃষ্টি পড়িতেছিল, স্থতরাং ছাতা মাধার দিরা উভরে দাঁড়াইরাছিল। কিন্তু এত প্রবলবেগে বায়ু বহিতে ছিল বে, তাহারা অভি সবলে ছাতি ধরিরাছিল, তবুও ছাতি হাত হইতে মধ্যে মধ্যে উল্টাইরা পড়িরা যাইতেছিল।

একজন বলিল, "দেশে আরের সংস্থান থাকিলে, কে এ চাকরী করিতে আসে? এমন হুর্য্যোগ—এমন রাত্তি ভাই, আর কথনও দেখিরাছ?"

অপরে বলিল, "অন্তের সংস্থান থাকিলে স্ত্রী-পরিবার ছাড়িয়া কে এই সহরে বিখোরে মরিতে আসে—পেটের দারে সব করিতে হয়।"

"এই ত প্রায় একটা বাজে—একটা কাক-পক্ষী দেখিলাম না— মান্তবের কথা ত দূরে থাক্।" ত্রত ছর্ব্যোগে —এই রাত্রে কাহার মরণ হইয়াছে যে, বাছির হইবে ?
আমরা আছি পেটের দারে।"

এই সময়ে অপরে তাহার হাত টিপিল। কিছু একটা হইয়াছে ভাবিয়া, সে কথাবদ্ধ করিল। তথন উভয়ে উৎকর্ণ হইয়া ভানতে লাগিল। তাহারা উভয়েই স্বস্পষ্ট কাহার পদশন্ধ শুনিতে পাইল। তাহারা ব্বিল, একব্যক্তি ক্রভপদে সেইদিকে আসিতেছে। এত রাত্রে, এই ছর্ম্যোগে কে আসে দেখিবার জন্ত তাহারা কৌতুহলাক্রান্ত হইল; যেদিক্ হইতে পদশন্ধ আসিতেছিল, সেইদিকে উভয়ে নিজ নিজ প্রতিনর আলো নিক্রেপ করিল।

ক্রমে পদশব্দ নিকটবর্ত্তী হইল। ক্রমে পদশব্দকারী তাহাদের প্রার সম্মুখীন হইল। সেই সময়ে তাহারা দেখিল, একটা ভদ্রলোক সম্বরপদে চলিয়াছেন; তাঁহার মাথায় ছাতা, গায়ে রেশমী চাদর, বেশ, পরিপাটী—দেখিলেই ভদ্রলোক বলিয়া বুঝিতে পারা খায়। বৃষ্টির ঝাপ্টা হইতে কোন রকমে মাথাটা বাঁচাইবার জন্ম তিনি ছাতা এত নীচু করিয়া চলিতেছেন যে, পাহারাওয়ালাদয় তাঁহার মুখ দেখিতে পাইল না। তাঁহার চলনে, পরিচছদে, তাবে কোন সন্দেহের কারণ নাই দেখিয়া পাহারাওয়ালাদয় তাঁহাকে কিছু বলিল না—তাঁহাকে চলিয়া যাইতে দিল। অনর্থক ভদ্রলোককে তাঁহারা কি বলিয়া ধরিরে গ

একজন বলিল, "বাবু আমোদ করিতেছিলেন—এথানেই কাছে কোনথানে বোধ হয়, বাবুর বিবি সাহেলের আস্তানা ।"

অপরে প্রতিবন্ধক দিয়া বলিল, "চুপ্, আর একজন কে এইদিকে আসিতেছে।"

. বথার্থ ই সেই নির্জ্জন নিশীথে আর একব্যক্তির পদশব্দ তাহারা স্কুস্পাষ্ট শুনিতে পাইল। বে ভদ্রগোকটী পূর্ব্বে আসিয়াছিলেন, তিনি সম্বরপদে দৃষ্টির বহিভূবি হইয়া গেলেন; তৎপরেই অন্ত ব্যক্তি পাহারাওয়ালাদিগের নিকটবর্ত্তী হইল। তাহারা দেখিল, তাহার বেশ সাধারণ মুটে-মজুরের ক্রায়।
গায়ে কোন বস্ত্র নাই—পায়ে জুতাও নাই। সে একটা বড় টীনের বাক্স
নাথায় করিয়া চলিয়াছে। বাক্ষটী যে খুব ভারী, তাহা তাহার ভাব
দেখি।লই স্পষ্ট ব্রিতে পারা যায়।

এত রাত্রে এই লোককে এইরূপ একটা প্রকাণ্ড বাক্স একাকী লইয়া যাইতে দেখিয়া, পাহারাওয়ালাদ্বরের সন্দেহ হইল। একজন অপরকে বলিন, "এ বেটা দেখিতেছি, বাক্সটা কাহারও বাড়ী হইতে 'না বলিয়া' ংগ্রহ করিয়াছে। ভাবিয়াছে, এত রাত্রে—এই হুর্যোগে আমরা নাক ভাবাইয়া মুমাইতেছি।"

অপরে বলিল, "দেখা যাক্, কি বলে।"

উভরে রাস্তার মধ্যস্থলে গিয়া দেই লোকটার সম্মুখে দাঁড়াইল। একজন তাহার মুখের উপর লগুনের আলো ফেলিয়া বলিল, "কি ছে ৰাপু, তোমার বাক্সটী কোথায় লইয়া যাইতেছ ?"

লোকটা দাড়াইল। বিশ্বিতভাবে পাহারাওয়ালাদ্বরের দিকে চাহিল।
কিন্তু কোন কথা কহিল না।

একজন পাহারাওয়ানা তাহাকে ধাকা দিয়া বলিল, "বাপু, তোমার এ বাজে কি আছে ?"

অপর পাহারাওয়ালা বলিল, "কাপড়— গিলীর পোষাক—ভাহা হইলে রাপু ভোমার গিলীর পোষাকগুলি লোহার তয়েরী। এ বাঞ্চী যদি দেড় মুন ভারি না হয়, তাহা হইলে আমার নাম সদানন্দ পাড়ে নয়।"

মুটেটা ইহাতেও কোন কথা কহিল না; উভয়ের দিকে ফ্যাল্ ফ্যাল্ ফরিয়া চাহিয়া রহিল। ধে ব্যক্তি অত্যে গিয়ছিল, সে নিশ্চরই পাহারাওয়ালাদিগের কথা-বার্ত্তা শুনিতে পাইয়াছিল। যাহাই হউক, তাহাকে আর দেখিতে পাওয়া গেল না। পাহারাওয়ালা হইটাও এই ব্যক্তিকে লইয়া মহা বাস্ত হইয়া পড়িয়াছিল। তথন তাহাদের তাহার বিষয় ভাবিবার সময় ছিল না।

মূটে কোন কথা কছে না দেখিয়া পাহারাওয়ালা বলিনা, 'বটে, বদ্জাতি—কথা কহিবে না ? আচ্ছা থাক্—থানায় গেলে তুমি না কথা ক'ও, তোমার বাবা কথা কহিবে।"

এই বলিয়া তাহারা হুইজনে তাহার হুই হাত ধরিয়া, তাহাকে টানিয়া গানার দিকে লইয়া চলিল। মুখে তথনও কোন কথা তৃহিল না, নীরেৰে তাহাদের সঙ্গে চলিল।

এই সময়ে একটু দূরে একথানা গাড়ীর শব্দ হইল। বেশি ছইল, যেন একথানা গাড়ী প্রবলবেগে অপর্টিকে চলিয়া গেল।

থানা বহুদ্রে নহে। থানার আসির। পাহারাওয়ালাছয ভাহাসেব আসামীকে একটা ঘরের ভিতর বইষা আসিল; তথায় একজন দীর্নকার ব্যক্তি অর্দ্ধশায়িত ছিলেন। তিনি উঠিয়া বনিয়া বলিলেন, 'কি ব্যাপাব, সঙ্গে এ আবার কে রে ?"

একজন পাহারাওয়ালা বলিল, "এই নোকটা হাজীবাগানের রান্তার এই রাত্রে এই বাক্সটা লইয়া যাইতেছিল; নিশ্চয়ই কোনখান থেকে বাক্সটা চুরি করিয়াছে।"

স্থূলকায় ব্যক্তি সেই থানার দারোগা। দারোগা বলিলেন, "ও কিবলে ?" ·

"কিছুই বলে না—জিজ্ঞাসা করিলেও কথা কহে না।" "বটে, দেখি কথা কছে কি না।" এই বলিয়া দারোগা সাহেব উঠিয়া দাঁড়াইলেন। রোষক্ষায়িত-লোচনে বলিলেন, "বাপু হে, এটা খণ্ডর বাড়ী নর, এখানে চালাকী চলিবে না। বল দেখি বাপু, বাক্ষটী কোথায় পাইয়াছ ?"

ি লোকটা কোন কথা না কহিয়া কেবল কপালে ছই হাত দিল। ইতিপূর্ব্বে সেই বাক্সটা পাহারাওয়ালাম্বয় ধরাধরি করিয়া তাহার মস্তক হইতে গৃহতলে নামাইয়া রাথিয়াছিল।

দারোগা বলিলেন, "বাপু, তুমি বলিতে চাও—তুমি কালা ও হাবা। বিশ বৎসর পুলিসে আছি—অনেক দেখিয়াছি, অনেক শুনিয়াছি। বাও বেটাকে গারদে রাখ; কাল সকালে দেখা বাইবে।"

. মুটে ইহাতেও কোন কথা কহিল না। পাহারাওয়ালাছয় বিরক্ত হইরা সবলে তাহাকে ধাকা মারিতে মারিতে গারদ ঘরে লইরা চলিল।

তথন দারোগা, আর মাহারা গৃহমধ্যে ছিল, তাহাদের বলিলেন, "বাক্ষটা খুলিয়া ফেল দেখি—শালা কি চুরি করিয়াছে, দেখা যাক্।" বাটালী ও হাতুড়ী দিয়া শীঘুই বাক্ষটা খুলিয়া ফেলা হইল।

তৎপরে স্বন্ধং দারোগা সাহেব ডালাটা তুলিয়া ধরিলেন। এবং প্রেচ্ছালিত বাতিটা সম্মুখে লইয়া বাক্সের ভিতরটা দেখিলেন। দেখিয়াই ভয় ও বিশ্বয়ে একরকম হইয়া বলিয়া উঠিলেন, "কি ভয়ানক!"

বাল্লের ভিতরে একটা বিলসিতযৌবনা নবীনার মৃতদেহ!

٤.

দারোগা সাহেবের নিজের মুখেই প্রকাশ যে, তিনি বিশ বংসর পুলিসে চাকরী করিতেছেন; স্থতরাং এমন ভয়ানক দৃশ্য তিনি অনেকবারই দেখিয়াছেন, তবুও তাঁহার মুখ পাংশুবর্ণ হইয়া গেল। বাক্সের ভিতর কি আছে, দেখিবার জন্ম সকলে ব্যগ্রভাবে বাক্সের নিকট আসিল।

দারোগা বলিলেন, "আমি আগে ভাবিরাছিলাম, বেটা চোর—তাহা নর, খুনী।"

কেহই মৃতদেহ স্পর্শ করিতে সাহস করিল না, হাঁ করিয়া বিশিত-ভাবে মৃতদেহের দিকে চাহিয়া রহিল।

মৃতদেহটী একটা পরমরূপবতী যুবতীর। বরস অষ্টাদশ বৎসরের অধিক হইবে না। একথানি স্থলর ফিরোজা রঙের রেশমী কাপড়ে তাহার ক্ষীণ কটিদেশ বেষ্টিত। হাতে হইগাছা সোণার বালা, গলার এক ছড়া নেক্লেস। যুবতী অর্দ্ধনিমীলিত নয়নে চাহিয়া আছে— যেন সে সেই বাজের চতুপার্যস্থ লোকদিগকে দেখিতেছে। মুখখানি এত স্থলর, তথনও যেন তাহার নধর অধরে মুহুমল হাসিটী ফুটিয়া রহিয়াছে।

একজন বলিল, "কে বলিবে মরিয়াছে— যেন ঘুমাইতেছে"।" আর একজন বলিল, "হাঁ চিরজীবনের মত।"

এমন কোমলালী পরমরপেলাবণ্যসম্পন্না জ্বীলোককে কে নৃশংস খুন করিল, ভাবিরা সেই পুলিস-প্রহরিগণও হৃদরে অত্যন্ত বেদনা অন্নভব করিল।

দারোগা ধীরে ধীরে বলিলেন, "ছোরাখানা এখনও বুকে রহিরাছে।" বথার্থ ই স্বন্ধরীর পরিহিত রেশনী বন্ধাভ্যস্তরে বুকের উপর একখানি

ছোরার বাঁট দেখা যাইতেছে—ছোরার বাঁটটী হস্তিদস্তনির্দ্মিত। ছোরা-থানিও ছোট, ঠিক বুকের মাঝখানে বিদ্ধ হইয়াছে—তাহাই রমনীর মৃত্যু মুহুর্ত্তের মধ্যে হইয়াছে। বোধ হয়, সে কট্ট অন্তভব করিবার সময়ও পায় নাই—এথনও মুখখানিতে হাসিটী লাগিয়া রহিয়াছে।

ছোরাথানি এখনও বিদ্ধ থাকায় শরীরস্থ রক্তও অধিক নিঃস্থত হইতে পারে নাই— বস্ত্রে নামমাত্র রক্ত লাগিয়াছে।

দারোগ। সাহেব গন্তীরভাবে বলিলেন, "এখন বুঝিতেছি, বেটা কেন কোন কথা কহে নাই; কাল কথা 'কহিতে হইবে। মৃতদেহ দেখিলে 'কি বলে দেখা যাক্ – দেরী করা কর্ত্তব্য নয়।"

এই সমরে একজনকে মৃতদেহ স্পর্শ করিতে উন্নত দেখিয়া, দারোগা বিলিয়া উঠিলেন, "উ—হ'—না—হাত দিয়ো না হে—গুরুতর ব্যাপার। ইন্স্পেক্টর সাহেবকে না বলিয়া আমি কিছুই করিতে পারি না—বাক্স যেমন আছে, তেমনই থাক্—কেহ হাত দিও না। আমাদের পরম সৌভাগ্য যে খুনীকে আমরা লাসগুদ্ধ ধরিতে পারিয়াছি।"

ইন্স্পেক্টর সাহেবকে সংবাদ পাঠাইয়া দারোগা বলিলেন, "আমাদের পরম সৌভাগা যে, গারদ ঘরে আর কেহ নাই; না হইলে কে জানিত যে, লোকটা কাহাকে দিয়া কাল বাহিরে সংবাদ পাঠাইত। তবুও একজন 'যাও, দেখিয়া এস, সে কি করিতেছে—পাহারায় যে আছে, তাহাকেও ইহার উপর বিশেষ নজর রাখিতে বলিবে।"

কিয়ৎক্ষণ পরে সেই লোক ফিরিয়া আসিয়া বলিল, "দারোগা সাহেব, লোকটা কি করিতেছে, আপনি মনে করেন ?"

"কেন, কি হইয়াছে ?" "নাক ডাকাইয়া ঘুমাইতেছে।" "সব বদ্মাইসী।" "না, তা্হা নর—যথার্থই ঘুমাইতেছে। আমি ধাকা মারিরা দেখিরাছি।"

"তাই ত—হয় ত— না— নিশ্চয়ই অনেক দ্র হইতে বালটা আনিয়াছে, তাই ক্লান্ত হইয়া পড়িয়াছে।"

"এ রকম প্রায় দেখা বায় না—খুন করিয়া থানায় আসিয়া এর রকম ঘুম——"

"যা হোক, তুমি মধ্যে মধ্যে গারদে গিয়া দেখিবে, এ কি করে।"

ছকুম মত দশ মিনিট অস্তর এক-একজন গিয়া তাহাকে দেখিতে.

শাগিল; কিন্তু দেখিল, সে যথার্থই নিশ্চিস্ত মনে নিদ্রা যাইতেছে।

কিয়ৎক্ষণ পরে ইন্স্পেক্টর সাহেব আসিলেন। দারোগার নিকটে সকল শুনিয়া বলিলেন, "যেমন বাঝটা আছে, তেমনই থাক্—এ সব শুক্তর বিষয়। ডিপুটি কমিশনার সাহেবকে এখনই সংবাদ দিতেছি।"

অতি প্রাত্যায়েই কমিশনার সাজেব সরকারী ডাক্তারকে সঙ্গে লইয়া থানায় উপস্থিত হইলেন। তিনি সমস্ত শুনিয়া বলিলেন, "লোকটা লাস দেখিয়াছে ?"

ইন্ম্পেক্টর বলিলেন, "না, আপনার অপেক্ষায় কিছুই করি নাই।" "ভালই করিয়াছেন। এ সব গুরুতর বিষয়ে বিশেষ সাবধানতা আবশ্রক। দেখি, বাক্সটা।"

্ ছইজন বাক্সটা টানিয়া আনিয়া সাহেবের সন্মুখে রাখিল।

তিনি বলিলেন, "এখান হইতে কথা কহিলে আসামী গারদে কিছু ভনিতে পাইবে বলিয়া, বোধ হয় 🔊

"না, কিছুই শুনিতে পাইবে না।"

"ভাল, তাহার কালা হইবার বিষয় আমি বিশ্বাস করি না।" বলিয়া তিনি টানের বাক্সটি বিশেষরূপে পরীক্ষা করিয়া দেখিতে লাগিলেন। বাক্সটি, বিশেষরূপে পরীক্ষা করিয়া দেখিলেন, "এ বাক্সটি কেবল বে স্থানর তাহা নহে—ইহা মূল্যবান, অনেক টাকা দাম, বিলাতী; পরে দেখা যাইবে, কাহারা এরূপ বাক্স বিক্রেয় করে।" তৎপরে ডাক্তারের দিকে ফিরিয়া বলিলেন, "এবার মৃতদেহটা আপনি দেখুন— এখন বিশেষ কিছু দেখিবার আবশ্রক নাই—ব্যবচ্ছেদের সময় ভাল করিয়া দেখিবেন। আমি ইহা যেমন আছে, বাক্সপ্তম্ব তেমনি পাঠাইয়া দিতেছি।"

ডাক্তার মৃতদেহ পরীক্ষা করিয়া বলিলেন, "বেশ বুঝিতে পারা ষাইতেছে, কেহ ইহাকে হঠাৎ ছোরা মারিয়াছিল; এত জোরে মারিয়াছিল, যে, প্রার বাঁট পর্যান্ত বসিয়া গিয়াছে। এ কি ! ছোরাটা একথানা তাস ভেদ করিয়া গিয়াছে যে ! তাসথানা ইহার বুকে এখনও সংলগ্ধ রহিয়াছে, সেইজন্ম বেশী রক্ত পড়ে নাই।"

সাহেব বলিলেন, "কি তাস !"
ডাক্তার বলিলেন, "ইস্কাবনের টেকা।"

9

এই অত্যাশ্চর্য্য কথা শুনিরা সকলে বিশ্বিত হইরা বাল্লের নিকটস্থ ও কৌভূহলাক্রান্ত হইরা মৃতদেহের দিকে চাহিতে লাগিল।

খুনী খুন করিবার সময় প্রায়ই কোন নিদর্শন রাখিয়া ষায় না।
ইহা সূত্য হইলেও প্রক্লুতই মৃতদেহের বুকে একথানি ইয়াবনের টেকা
রহিয়াছে। ছোরা সেই তাসথানা ভেদ করিয়া রমণীর বুকে আমৃল
বিদ্ধ হইয়াছে।

ভাসখানি পুরু চক্চকে—পশ্চাদ্ভাগ ও চতুপ্রাপ্ত স্থবর্ণরঞ্জিত; দেখি লেই বৃথিতে পারা যার যে, ইহা দামী তাসের একথানা—সাধারণতঃ বড় লোক ব্যতীত কেহ এরূপ তাস ব্যবহার,করে না।

সকলেই বিশ্বিত হইয়া ভাবিলেন, "এ তাসের অর্থ কি ?"

তেপ্টি-কমিসনার সাহেব তাসখানি দেখিয়া বলিলেন, "যথার্থ ই একথানা তাস রহিয়াছে বটে। দিন দিন কতই দেখিতে হয়—একদিন আগে এ কথা কেহ আমাকে ব্লিলে, আমি হাসিয়া উড়াইয়া দিতাম। ডাক্তার বাবু, আপনি এ সম্বন্ধে কি মনে করেন ?"

ডাক্তার বলিলেন, "ডাক্তারী হিসাবে বলিতে হয় যে, স্ত্রীলোকটি নিদ্রিত অবস্থার খুন হইরাছে। এ নিশ্চরই ঘুমাইরাছিল, সেই,সমরে খুনী ইহার বুকে তাসখানি রাখিরা তাহার উপরে ছোরা মারিরাছিল।"

সাহেব বলিলেন, "ইহাও হইতে পারে যে, খুনী প্রথমে ছোরা তাসথানা বিদ্ধ করিরা লইরাছিল, রক্ত চারিদিকে ফিন্কী দিয়া না পড়ে, তাহার জন্মই হয় ত এরপ করিয়াছিল।"

"হাঁ, ইহাও সম্ভব।"

"সম্ভবের আলোচনা ক্রমে করা যাইবে। এটা সাধারণ খুন নহে, স্বতরাং বিশেষ সতর্কতার সহিত ইহার সন্ধান করিতে হুইবে; এই তাসকে প্রথমে স্ত্র হিসাবে ধরিয়া অনেক সন্ধান পাওয়া যাইতে পারে।"

"হয় ত ভূলপথ ধরাইবার জন্ম খুনী ইচ্ছা,করিরা ইহার বুকে তাস-খানা রাখিয়াছিল।"

"ইহাও হইতে পারে। যাহা হউক, আমি প্রথমে সেই মুটেটাকে জিজ্ঞাসা করিব; আমার বিশ্বাস সে মুটেই হইবে। যাও, এখন সেই ' লোকটাকে এইখানে লইরা এস।" তাহার পর তিনি ডাজ্ঞারের দিকে ফিরিয়া বলিলেন, "একটু পরেই মৃতদেহ পরীকার জ্ঞা পাঠাইব।" ডাক্তার বলিলেন, "পরীক্ষায় নৃতন কিছু যে প্রকাশ পাইবে বলিয়া বোধ হয় না; এখন আপনার অনুসদ্ধানের উপরেই সকল নির্ভর করিতেছে।"

কিয়ৎক্ষণ পরে সেই লাস-বাহককে সাহেবের সন্মুখে উপস্থিত করা হইল। সে এত গাঢ় নিজায় নিময় হইয়াছিল যে, তাহাকে জাগ্রত করা সহজ হয় নাই। সে চক্ষু মুছিতে মুছিতে আসিয়া সাহেবের সন্মুখে দাঁড়াইল। সাহেব প্রথমে তাহার আপাদমস্তক তীক্ষদৃষ্টিপাতে বিশেষরূপে লক্ষ্য করিতে লাগিলেন; কিন্তু সে অবিচলিতভাবে দাঁড়াইয়া রহিল— কেবল মুখে ঈষৎ বিরক্তভাব প্রকাশ করিল।

তাহাকে বিশেষরূপে লক্ষ্য করিয়া সাহেব বলিলেন, "এ লোকটা খুন করে নাই—ইহার হাত মুটেব মত, মাথায় যে সর্বাদা মোট বহে, তাহাও স্পষ্ট দেখা যাইতেছে। সে যে এরপ স্থলরী স্ত্রীলোককে খুন করিবে, তাহা সম্ভবপর নহে। বিশেষতঃ এই তাস—ইহার মাথায় এ সকল কলী আসিতে পারে না। তবে এটা স্থিব, যে খুন করিয়াছে, তাহাকে এ জানে, নিশ্চয়ই তাহাকে ধরাইয়া দিবে।"

তিনি আবার কিয়ংকণ তাহার দিকে চাহিয়া থাকিয়া বলিলেন, "এই বান্ধের ভিত্তর কি আছে, তুমি জান ?"

তিনি ভাবিয়াছিলেন, হঠাৎ তাহাকে জিজ্ঞাসা কবিলে সে-ও একটা কিছু বলিয়া ফেলিবে; কিছু সে কোন কথা কহিল না, তাঁহার মুথের দিকে কেবল চাহিয়া বহিল।

সাহেব বিরক্ত হইয়া বলিলেন, "তোমার মৎলব চুপ করিয়া থাকা। হাঁ, মৎলব বড় মন্দ নহে—তবে তোমাকে এ চালাকী ছাড়িতে হইবে। কিছুদিন জেলে থাকিলে তোমার দিব্য জ্ঞানলাভ হইবে। সত্যকথা ধুলিয়া বলাই তোমার পক্ষে এখন সংপ্রামর্শ। আমার বিশাস, তুমি নির্দোষ—কেবল ঘটনাচক্রে এই বিপদে পড়িয়াছ। কে তোমাকে এই বাক্সটা লইয়া যাইতে দিয়াছিল, বলিলেই আমি তোমাকে এখনই ছাড়িয়া দিব।"

লোকটা কোন উত্তর দিল না। বিষগ্নভাবে নিজের মুখে ও কাপে হাত দিল।

সাহেব বলিলেন, "তুমি বলিতে চাও, তুমি হাবা আর কালা। আচ্ছা, দেখা যাক্।"

তথন তিনি হাত মুখ নাড়িয়া বার্ক্স দেখাইয়া নানারূপ সঙ্কেতে তাহাকে. বুঝাইতে চেষ্টা পাইলেন; কিন্তু তাহাতেও সে কোন ভাব প্রাকাশ করিল না।

সাহেব বলিসেন, "তুমি যতদূর হাবা ও কালা, তাহা ব্ঝিয়াছি।"
এই বলিয়া তিনি নিয়লিখিত ছুইটি লাইন অপরের দারা বাঙ্গালায়
লিখাইয়া তাহার সমূথে ধরিলেন ;—

"তুমি কথা না কহিলে নিজেকে দোষী স্বীকার করিতেছ—ইহাতে তোমার ফাঁদী অবধারিত হইবে।"

মুটে কাগজের দিকে চাহিল, তৎপরে আবার বিষয়ভাবে ঘাড় নাড়িল। সাহেব হতাশ হইলেন। একব্যক্তিকে ডাকিয়া কাণে কাণে কি বলিলেন। তৎপরে মুটের দিকে চাহিয়া বলিলেন, "না, এ লোকটা নির্দ্ধোয—ইহাকে ছাড়িয়া দাও।"

ত্বজন কনেষ্টবল ইহার ত্বই পার্স্বে দাঁড়াইয়াছিল, তাহারা ইঞ্চিত পাইবামাত্র সরিয়া দাঁড়াইল। কিন্তু মুটে তথাপি নড়িল না।

সাহেব বলিলেন, "তোমায় ছাড়িয়া দিলাম, তুমি এখন ্যাইতে পার।"

তবুও সে নজিল না।

তথন সাহেব দ্রস্থ এক ব্যক্তিকে কি ইঙ্গিত করিলেন। সে তৎ-ক্ষণাৎ মুটের পশ্চাতে গিয়া পিস্তলে একটা ফ'াকা আওয়াজ করিল।

এরপ নিকটে সহসা বন্দুকের শব্দ হইলে এমন লোক কেহ নাই বে, চমকিয়া না উঠে; কিন্তু সে লোকটা ইহাতেও চমকিত হইল না, কেবল বারুদের ধ্ম নাসিকায় প্রবেশ করায়, কোথা হইতে ধ্ম আসিল দেখিবার জন্ত ে; একবার সেইদিকে মুথ ফিরাইল মাত্র।

সাহেব বলিলেন, "এ যথার্থ ই হাবা ও কালা। দেখিতেছি, লোকটা অনেক ভোগাইবে।" তৎপরে তিনি তুকুম দিলেন, "ইহাকে সাবধানে গারদে রাখ। মৃতদেহটা পরীক্ষার জন্ম পাঠাইয়া দাও। এ লোকটাকে ডিটেক্টিভদের হাতে দিতে হইল। তবে একবার আমি গোবিন্দরামের সহিত পরামর্শ ক্ষিব। যদি কেহ এ রহস্তভেদ ক্রিতে পারেন ত তিনিই পারিবেন। তাঁহার উপর আমার খুব বিশাস আছে।"

8

পোবিন্দরামের এখন বরস হইরাছে। তিনি এখন র্ছ। ডিটেক্টিভ কার্য্যে বৈশ ছই প্রমা উপার্জ্জন করিয়া এখন মাণিকতলার নিকটে স্থন্দর বাগান-বাটীতে নির্জ্জনে বাস করেন। আর ডিটেক্টিভের কান্ত করেন না; লোকজনের গঙ্গে মিশামিশি—দেখা-সাক্ষাৎ পর্যান্ত ছাড়িয়া দিয়াছেন।

তাঁহার স্ত্রী বহুকাল স্বর্গারোহণ করিরাছেন। তাঁহার কেবলমাত্র এক পুত্র ছিল; এইটিই তাঁহার সংসারের একমাত্র বন্ধন। পুত্র উকীল হুইরাছেন, দেখিতে সুপুক্ষর, অরু বয়স—স্মাটাশ বংসরের বেশী হুইবে না; এখনও বিবাহ করেন নাই বটে, কিন্তু বিবাহ স্থির হইরা, গিরাছে— হই মাস পরে শুভদিনে শুভলয়ে তাঁহার বিবাহ হইবে। গোবিন্দরামের পুত্রের নাম স্থরেক্তনাথ।

তাঁহার ওকাশতীর স্থবিধা হইবে বলিয়া গোবিন্দরাম পুত্রকে নিজের কাছে রাথেন নাই। এখন পুত্রের সমস্ত ব্যয়ভার তিনি নিজে বহন করিতেছেন। স্থরেক্সনাথ বছবাজারে একটি ক্ষুদ্র বাটী স্থসজ্জিত করিয়া তথায় বাস করিতেছেন। দিন দিন তাঁহার পসারও বৃদ্ধি পাইতেছে।

প্রত্যহই তিনি অন্ততঃ একবার পিতার সহিত দেখা ক্রিতেন। রবিবার রাত্রে পিতার সহিত একত্রে আহার করিতেন।

বেদিন রাত্রে বাক্সের মধ্যে মৃতদেই পাওরা গিরাছিল, সেইদিন মুরেক্সনাথ পিতার সহিত সাক্ষাৎ করিতে আসিরাছিলেন।

আজ তাঁহাকে বিমর্থ ও মুথ বিশুদ্ধ দেখিয়া গোবিন্দরাম জিজ্ঞাসা করিলেন, "স্থরেন, আজ তোমার মুখ শুক্ন কেন ?"

এ প্রশ্নে স্থরেন্দ্রনাথ যেন একটু কিংকওঁবাবিমৃঢ় হইলেন। বলিলেন, "কই না. কিছু হয় নাই —তবে সর্দ্দি লাগিয়াছে।"

"তাহা হইলে আজ এইখানেই থাক—ডাক্তার বাবুকে ডাকাইরা পাঠাই। একটা ফ্যানেলের জামা গায়ে দাও।"

"না বাবা, আমার সামান্ত সর্দ্দি লাগিয়াছে মাত।"

এই সমরে ভৃত্য আসিরা গোবিন্দরামের হাতে এক টুক্রা কাগল দিল। তিনি সেটা দেখিয়া দাঁড়াইয়া উঠিলেন। উঠিয়া পুত্রকে বলিলেন, "একটি ভালুলোক দেখা করিতে আসিয়াছেন; তুমি এইখানেই খবরের কাগল পড়, আমি এখনই আসিতেছি।"

এই বলিয়া গোবিন্দরাম অন্ত গৃহে প্রস্থান করিলেন। **শাল্যকশন** (Jaykrishna Public **Maray**

পুলিস-সাহেব স্বরং তাঁহার নিকট আসিয়াছেন, বছদিন পুলিসের প্রতিত তাঁহার কোন সম্বন্ধ ছিল না; সাহেবকে সমাদরে বসাইয়া গোবিন্দরাম বলিলেন, "কি জন্ম এ অনুগ্রহ করিয়াছেন। কিছু নৃতন ব্যাপার ঘটয়াছে ?"

সাহেব বলিলেন, "হাঁ, একেবারেই নৃতন। তাহাই আপনার সঙ্গে প্রামর্শ করিতে আসিলাম।"

"আপনারা আমাকে যথেষ্ঠ অনুগ্রহ করেন ?"

সাহেব থুন সম্বন্ধে সমস্ত কথা পুঙ্খানুপুঙ্খরূপে গোবিদ্যামকে বলিলেন, কিছুই গোপন করিলেন না।

্গোবিলরাম শুনিয়া বলিলেন, "আর কিছু নাই ?"

"না, লোকটা এখন হাজতে আছে; কোন কথাই কহে না। মৃত-দেহ ব্যবচ্ছেদ করিয়াও কিছু জানিতে পারা যায় নাই; কেবল এই মাত্র—আহারের পর হুই ঘণ্টার মধ্যে তাহার মৃত্যু হুইয়াছে।"

"বিশেষ রহস্তপূর্ণ ব্যাপার মন্দেহ নাই।"

"আপনিই কেবল এ রহস্তভেদ করিতে পারিবেন।"

"কিরূপে বলিব—যেরূপ শুনিলাম, তাহাতে একটীমাত্র স্ত্র কেবল দেখিতেছি।"

"এই ইস্বাবনের টেকা ?"

"হাঁ, ইহা কতকটা হইলেও হইতে পারে, আবার না হইলেও হইতে পারে। হয় ত খুনা ইহার দারা কেবল আমাদের চোথে ধাঁধাঁ দিতে চায়; যথন স্ত্রীলোকটা কে জানিতে পারা যাইবে, তথন এ তাসথানা কাজে,আসিতে পারে।"

শ্র্রা, স্ত্রীলোকটা যে কে, এইটা জানাই প্রথম প্রয়োজন। এথনও কিছুই জানিতে পারা যায় নাই; তবে ফটোগ্রাফ তোলা হইয়াছে— ধানার থানায় দরজায় ঐ ফটোগ্রাফ টাঙাইয়া দেওয়া হইছে। তাহা হইলে কেহ-না-কেহ ইহাকে চিনিতে পারিবে।"

"আমি হইলে ঠিক এরপ করিতাম না।"

"কেন ?"

"এত তাড়াতাড়ি ফটো বাহির করিতাম না; আবিশ্রক হইলে পরে করিতাম।"

"তাহা হইলে আপনি কিরূপে অনুসন্ধান আরম্ভ করিতেন ?"

"আমার বিশ্বাস, লোকটা যথার্থই হাবা ও কালা; সে কেবল বাক্সটা বহিন্না লইয়া বাইতেছিল। খুব সম্ভব, এ জানে না, বাক্সে কি ছিল।"

"আমারও কৃতকটা ঐ রকন মত; তবে এ যে খুনের বিষয় একেবারেই জানিত না, তাহা আনি বিখাদ করি না।"

"সে খুনীর লোক হইতে পারে—তবে খুন সম্বন্ধে কিছু না জানিতেও পারে; দেখা যাক্—আলোচনা করিয়া। রাত্রি একটার সময়ে একজন লোক জতপদে হাতী-বাগানের রাস্তা দিয়া যায়; তাহার একটু পরেই এই লোকটা বাক্স মাধায় করিয়া সেইখানে আসে; পাহারাওয়ালায়া তাহাকে ধরে, অপর ব্যক্তি সম্বর্গদে চলিয়া যায়; ইহাতে বেশ ব্বিতে পারা যায়, নিকটে তাহার জন্ম একখানা গাড়ী অপেক্ষা করিভ্জিছিল। সে সেই গাড়ীতে চলিয়া যায়। পাহারাএয়ালাদের উচিত ছিল, সেহ লোকটাকে আগে ধরা।"

"হাঁ, তাহা ঠিক—তবে এথন গতালুশোচনা বৃথা।"

"না, পাহারা ওয়ালাদের অপরাধ নাই, তাহারা কেমন করিয়া জানিবে বে, বাক্সের ভিতর এমন একটা মৃতদেহ আছে। এই ভাল বে, তাহারা এ লোকটাকেও চলিয়া যাইতে দেয় নাই; তাহা হইলে ত্জনেই লাসটা লইয়া সরিয়া পড়িত।"

"এই তাসের অর্থ কি ?"

"আপনাদের চক্ষে ধূলি দিবার চেষ্টা।"

"নিশ্চরই খুন্টা নিক্টস্থ কোন বাড়ীতে হইয়াছে ; গাড়াথানা বাড়ীর দরজার না আনিয়া, একটা মুটের মাথায় মৃতদেহ চাপাইয়া লইয়া যাওয়া কি খুনী নিরাপদ মনে করিয়াছিল ?"

"নিশ্চর, মুটেটা কালা ও হাবা। সে ধরা পড়িলে, সে এই খুন সম্বন্ধে কিছুই বলিতে পারিবে না; প্রকৃতপক্ষে ঘটনাটা তাহাই হইয়াছে।"

"হাঁ..ঠিক তাহাই ঘটিয়াছে।"

"পুনটা বে কারণেই হউক, আমরা তাহার উদ্দেশ্যের বিষয় এখন কিছুই জানি না। আমার অনুমান, খুনী রাত্রে এই স্ত্রীলোকের বাড়ীতে আসে, হাবাকে বাহিরের দরকার রাখিয়া যায়; স্ত্রীলোকটী ঘুমাইতেছিল, তাহাকে খুন করিয়া তাহারই বাজ্সের মধ্যে তাহাকে বন্ধ করে। তাহার পর বাক্সটা আনিয়া দরজায় হাবাকে দেয়। হাবা বাক্সটা লইয়া চলিতে খাকে—আগে আগে খুনী যায়। নিকটেই গাড়ী ছিল, হাবা ধরা না পড়িলে সেই বাক্সটা গাড়ীতে তুলিত; তাহার পর সহরের বাহিরে ক্রোনখনে গিয়া লাসটা ফেলিয়া আসিত।"

"কতক এই রকমই বোধ হইতেছে। কিন্তু এখন কোন্ স্ত্র ধরিয়া কাল করিলে খুনী ধরা পড়িবে, তাহাই কথা হইতেছে।"

"স্ত্র ত আপ্নাদের হাতেই আছে।"

"কিসে—কি স্থত্ত আমরা পাইয়াছি 🕍

"কেন ? হাবা।"

"সে কথা কহিতে পারে না, তাহার নিকট কিছুই স্থানিবার স্ভাবনা নাই।" "আছে, এই হাবা আকাশ হইতে একেবারে কলিকাতীর পড়ে নাই—সে কোনস্থানে নিশ্চরই বাস করিত। সে কোথার থাকিত, সন্ধান পাইলেই জানা যাইবে, সে কে—কাছার নিকট থাকিত; স্নতরাং এই হাবা যে কে, ইহাই প্রথমে জানা আবশ্রক।"

"ইহা সহজ নয়।"

"কঠিনও নয়—এই হাবার নিকট কি পাওয়া গিয়াছে ?"

"ইহার টাঁ্যাকে তিনটা সিকী, একটা হয়ানী আর একখানা বড় ক্রনা পাওয়া গিয়াছে।"

গোবিন্দরাম ধীরে ধীরে বলিলেন, "কয়লা! ইা, কয়লাটা পরে

• আমালের অনেক কাজে লাগিবে। এখন আমার পরামর্শ যে, যত শীদ্ধ পারেন, ইহাকে ছাড়িয়া দিন্।"

সাহেব বিশ্বিতভাবে বলিলেন, "ছাড়িয়া দিব! বলেন কি ?"

গোবিন্দরাম মৃত্হাভ করিয়া বলিলেন, "ইহাতে বিশ্বরের কথা কি দেখিতেছেন ?"

"ইহাকে ছাড়িয়া দিব কি বলিয়া ?"

"ছাড়িয়া দিতে বলিতেছি—সঙ্গে সজে ইহার উপর নজর রাখিতেও বলিতেছি।"

"হাঁ, এখন আপনার মতলব বুরিয়াছি, তাহা হইলে তাহার অনুসূরণ করিলে সে কোথায় থাকে, জানিতে পারিব।"

"নিশ্চয়ই।"

"তবে এ না কানিতে পারে বে_শইহার সঙ্গে লোক আছে।"

"তাই। ত নিশ্চয়—এ রকম লোক আপনার নিকট আনেক আছে। ছন্মবেশ ধরা আবিগুক, এক স্ময়ে আমি এমন ছন্মবেশ ধরিয়াছি যে, আমার স্ত্রীও আমাকে চিনিতে পারে নাই।"

"তাহা আমরা সকলেই জানি।"

"আচ্ছা, তবে দেখা যাক্, এখন আমাদের কি করা আবশুক; একমাত্র ভয় যে, লোকটা আপনার লোকের চোথে ধূলি দিয়া না সরিয়া যায়। তবে পুলিসের যে লোক এরপ গাধা হইবে, তাহাকে তথনই কর্মচ্যুত করা আবশুক। আরও দেখুন, এই হাবা যদি চালাক হয়, তাহা হইলে ভাবিবে যে, পুলিস তাহার সঙ্গ লইয়াছে; এরপ হইলে এক কথনই বরাবর বাড়ী যাইবে না, অনেক স্থানে ঘুরিবে; ধৈয়্য থাকিলে অবশেষে ইহার ঠিকানা নিশ্চয়ই জানিতে পারা যাইবে। যাহা হউক, এ লোকটা সম্বন্ধে বোধ হয়, এত গোলযোগ ভোগ করিতে হইবে না—এ হাবা ও কালা, খুব সম্ভব এ বাজে কি আছে জানে না, অতরাং ইহাকে ছাড়িয়া দিলে এ বরাবর নিজের বাড়ীতেই যাইবে। একবার ছাড়া পাইলে এ কোন-না-কোন স্থানে যাইবে—কোথায় য়য় দেখুন। তবে আমার বিশ্বাস, এ কলিকাতায় থাকে না।"

"তাহা যদি হয়, এ রেলে কোনখানে যাইতে পারে না—ইহার নিকট টাকা নাই।"

"হা, তবে হাঁটীয়া যাইতে পারে—বেখানেই যাক্, আপনার লোক যেন ইহার স্কু না ছাড়ে। এখন এই পর্যান্ত পরামর্শ দিতে পারি; পরে কি ঘটে দেখিয়া কর্ত্তব্য স্থির করিতে হইবে।"

গোবিন্দরাম উঠিয়া দাঁড়াইলেন। সাহেবও উঠিলেন।
গোবিন্দরাম বশিলেন, "আমার ছেলে আমার জন্ত অপেক্ষা করি-ভেছে। অসুমৃতি দিন্, তাহার নিকটে ধাই।" সাহেব বলিলেন, "হাঁ, আর আপনার সময় নষ্ট করিব না; ভবে আর একটা কথা বলিতে চাই।"

"वनून।"

"এ বিষয়টার ভার আপনি লইলে ভাল হয়; গভর্ণমেণ্ট এজপ্ত আপনার উপযুক্ত পারিশ্রমিক দিবেন।"

"না, অমুগ্রহ করিয়া মাপ করুন। এ কাজ ছাড়িয়া দিয়াছি, আব করিবার ইচ্ছা নাই। তবে আমার কুদ্র বৃদ্ধিতে যেটুকু আসে, আমি সর্বানাই সেটুকু সরকারী কার্য্যে দিতে প্রস্তুত আছি। এ বয়সে শারীরিক পরিশ্রম আর চলে না; স্থতরাং আর আমাকে এ কার্য্যে নিষ্কু ইইতে বলিবেন না। আপনার প্রিদে অনেক স্থদক্ষ লোক আছেন।"

"আপনার মত কেঁহ নাই।"

"অন্ত্রাহ করিয়া প্রশংসা করেন মাত্র। আমি একজনের নাম করিছে পারি, তিনিও স্থদক্ষ লোক।"

"কাহার কথা বলিতেছেন ?"

"কুতাস্তকুমার।"

. "হাঁ, তিনি স্থদক্ষ বটে—আনেক বড় বড় মোকদ্দমার কিনারা করিয়াছেন। তবে——"

• "তবে কি বলুন ? শুনিয়াছি, ডিটেক্টিভ কাজে তিনি খুব স্থাদক।"

"হাঁ, এ কথা সত্য; তবে তাঁহার উপর আমাদের তত বিখাস বা
আহা নাই; কারণ তাঁহার প্রকৃত পরিচয় আমরা জানি না; তিনি
ঠিক বাঙ্গালী কি না, সন্দেহ আছে। তিনি বলেন, তাঁহাঁর পিতা মাতা
,পঞ্জাবে ছিলেন।"

"তাঁহার জন্মের সহিত আমাদের সম্পর্ক কি ? তিনি কাজের লোক—ু আমরা ইহাই চাই।" "কাজের লোক স্বীকার করি।"

"তাহা হইলে **তাঁহার উপরেই ভার দিন্।**"

"হাঁ, বিবেচনা করিয়া দেখিব'; উপস্থিত আপনার পরামর্শ মত কাজ করা যাক।"

"হাঁ, এখনই হাবাকে ছাড়িয়া দিন্।"

"তাহাই হইবে।"

সাহেব প্রস্থান করিলেন। গোবিন্দরাম সত্তর আসিয়া পুত্রের সহিত মিলিত হইলেন।

এদিকে সাহেব থানার কিরিরা আসিরাই রামকান্ত শ্রামকান্ত নামক ছুইজন পুলিস-কর্মচারীকে ডাকিরা তাহাদের কি করিতে হইবে, বিশেষ-রূপে বুঝাইরা দিলেন। বলিলেন, "যদি কোন গতিকে এ পলাইরা বার, তাহা হইলে তোমাদের চাকরী থাকিবে না।"

উভরেই বলিল, "হন্তুর, আমাদের বিশেব কিছু বলিতে হইবে না।"
সাহেব ইহাদের ছইজনকে বিশেব বিশাস করিতেন, এইজস্তই
এই শুক্তর ভার ইহাদের উপর ক্রন্ত করিলেন। ইহারাও ছইজনে
এক্লপ কার্য্যভার পাইরা মনে মনে বড়ই সম্ভই হইল। মনে মনে একটু
গর্জ্ব হইল। এই রামকাস্ত ও শ্রামকাস্তের কাজ—বড় বড় ডিটেক্টিভ
দিগকে সর্বতীভাবে সাহায্য করা; এবং তাঁহাদের উপদেশ অনুসারে
কাজ করা; ছোট্থাট কাজ ইহাদের বারা সবই হইরা থাকে। যাহা
হউক, স্নাহেব এই ছই ব্যক্তিকে সঙ্গে লইরা হাজতে আসিলেন। হাবাকে
বাহির করিরা আনা হইল। সাহেব বলিলেন, "ভোমাকে ভুলক্রমে

ভাষার পর ভাষাকে ভাষার সেই তিনিটা সিকী, ছরানী ও করলাখণ্ড দেওবা হইল। সে কোন কথা কহিল না, হতভবের স্থার চারিছিকে চাহিতে লাঞ্জিল। একজন পুলিস-কর্ম্মচারী তাহাকে ধাকা দিয়া জেল ছইতে রাজপঁথে ঠেলিয়া বাহির করিয়া দিল।

সে পথে দাঁড়াইরা এদিকে ওদিকে চাহিতে লাগিল। সে কোখার আসিরাছে, বোধ হরঁ, তাহা ব্রিতে পারিল না। কিরৎক্ষণ দাঁড়াইরা থাকিরা সে গাঁরে ধীরে প্র্যুথ চলিল। কিরদ্ধুর গিয়া আবার দাঁড়াই ইল; তৎপরে পথিপার্যস্থ একটা বাড়ীর দারদেশে হতাশভাবে বসির্গুপড়িল।

প্রায় অর্জঘণ্টা সেইখানে বসিয়া রঁহিল। তৎপরে উঠিয়া পর্নিন্দিকে চলিল। কিছুদ্র গিয়া আবার দাঁড়াইল, ব্যাকুলভাবে চারিদিকে চাহিতে লাগিল, আবার ফিরিল। সে ধীরে ধীরে ফিরিয়া আসিয়া জেলের বারে দাঁড়াইল। সে তথা হইতে আর নড়ে না চ

রামকাস্ত ছুটিয়া গিয়া সাহেৰকে সংবাদ দিল, "হারা আবার এথানে ফিরিয়া আসিরাছে।"

সাহেব বিশ্বিত হইলেন। মনে মনে ভাবিলেন, গোবিন্দরামের মতলব আৰু খাটিল না। তিনি প্রকাশ্তে বর্ণিলেন, "যাও, আমি এখনই যাইতেছি।"

সাহেব গাড়ীতে উঠিতেছিলেন, এমন সময়ে দেখিলেন, গোবিন্দরাম একটি যুবকের সহিত যাইতেছেন। তিনি তৎক্ষণাৎ তাঁহাকে আহ্বান করিলেন। গোবিন্দরাম পুত্রকে অপেক্ষা করিতে বলিয়া সাইইবর নিকট আসিলেন। সাহেব বলিলেন, "আপনার মতলব খাটিল না ?" "কেন, কি হইয়াছে ?"

"হাবাকে ছাড়িয়া দিলে সে এদিক্-ওদিক্ খুরিয়া আবার জেলের দরজায় আসিয়াছে।"

"হাঁ, আমিও তাহাই ভাবিতেছিলাম।"

"কি ভাবিতেছিলেন।"

"এ লোকটা কলিকাতার রাস্তা চিনে না। কোথায় কোন পর্যে যাইবে স্থির করিতে না পারিয়া, আবার যথাস্থানে ফিরিয়া আসিয়াছে।"

"এখন উপায় ?"

"উপায় আছে। নিশ্চয়ই লোকটাকে গাড়ী করিয়া এখানে আনা হইয়াছিল।"

"হাঁ, গাড়ীতে।"

"কাজেই সে পথ কিছুই দেখিতে পায় নাই। ইহার অনুসরণ করিতে কাহাকে নিযুক্ত করিয়াছেন ?"

"রামকান্ত ও খ্রামকান্ত।"

উভাল, ছইজনেই স্কদক্ষ লোক। এই লোকটাকে হাতী-বাগানের পথে যেথানে গ্রেপ্তার করিয়াছিল, সেইখানে ইহাকে ছাড়িয়া দিন্— সেথানে খুব সম্ভব, লোকটা পথ চিনিতে পারিবে।"

"ইহাতে সন্দেহ করিয়া আরও বদুমাইসী করিতে পারে।"

"যদি এ যথার্থ দোষী হয়, তাহা হইলে নিশ্চয়ই এ অবস্থায় ইহার নিকট কিছু অবগত হওয়া অসম্ভব; তবে আমার বিশ্বাস, এ খুনের বিষয় কিছু জানে না, স্থতরাং আপনার লোকদের কোন স্থানে না কোন স্থানে লইয়া মাইবে; অন্ততঃ চেষ্টা করিয়া দেখা উচিত। আমি যাইতে পারি গ আমার ছেলে অপেকা করিতেছে।"

"আছে। আস্থন, আমরা ইহাও একবার পরীকা করিয়া দেখিব।*

গোবিন্দরাম চলিয়া গেলেন। সাহেবও এই পরামর্শ ক্রার্য্যে পরিণত করিবার জন্ম তৎপর হইলেন।

হাবাকে হাতী-বাগানের থানায় লইয়া গিয়া যে ছইজন পাহারাওরালা তাহাকে ধরিয়াছিল, তাহাদের দিয়া তাহাকে হাতী-বাগানের রাস্তায় পাঠাইয়া দেওয়া হইল।

রামকান্ত ও খ্রামকান্ত ছন্মবেশে—একজন মুটে আর একজন ফিরিওয়ালা সাজিয়া পূর্ব্ব হইতে তথায় উপস্থিত ছিল।

পাহারাওয়ালাদ্র হাবাকে ছার্ডিয়া দিয়া বলিল, "বাপু,-আর ষেশ আমাদের হাতে পড়িয়ো না—এখন বিদায় হও।"

'এই বলিয়া তাহারা তাহাকে বেখানে গ্রেপ্তার করিয়াছিল, ঠিক সেইখানে ছাড়িয়া দিয়া পানার দিকে চলিয়া গেল।

হাবা কিরৎক্ষণ পাহারাওয়ালাঘয়ের দিকে চাহিয়া রহিল। তাহারা দৃষ্টির বহিভূতি হইলে, হাবা এদিক্-ওদিক্ চাহিতে লাগিল, কিন্তু নড়িল না। সে বহুক্ষণ তথায় দাঁড়াইয়া রহিল। রামকান্ত ও শ্রামকান্ত ভাবিল যে, হাবা বোধ হয়, সেথান হইতে আর ইহ জীবনে নড়িবে না।

অবশেষে হাবা উত্তর দিকে চলিল, একটা বাড়ীর প্রাচীরে কি দেখিল, তৎপরে সেই পথ ধরিয়া ক্রতপদে চলিল।

রামকান্ত ও শ্রামকান্ত ক্রতপদে তাহার অমুসরণ করিল।

রামকান্ত প্রাচীরটা দেখিয়া মনে মনে বলিলেন, "ও ছরি! এই জ্বন্থে ব্যাটা টাঁয়াকে একখানা কয়লা রাখিয়াছিল—পথ চিনিবার জ্বন্ত বাড়ীর গায়ে দাগ দিয়াছিল—এখন সে চিনিয়া ঠিক স্বস্থানে যাইতে পারিবে।"

হাবা নানা পথ অতিক্রম করিয়া চলিল। অনেক ঘুরিয়া-ফিরিয়া অবশেষে বাগবান্ধারে আদিয়া উপস্থিত হইল। এইস্থানে সে কিরৎক্ষণ দাঁড়াইরা নিকটস্থ একশানা বাড়ীর প্রাচীর বিশেষ লক্ষ্য করিয়া দেখিতে লাগিল; তাহার পর আবার অগ্রসর হইরা চলিল।

. অবশেষে কলিকাতার প্রান্তভাগে আসিরা সে একটা প্রাচীর বেষ্টিত বাড়ীর বাহর স্মাসিরা দাঁড়াইল। রামকান্ত আনন্দে উৎফুল হইরা বলিরা উঠিলেন, "একক্ষীণে ভারা আমার বথাস্থানে আসিয়াছে।"

পূর্ব্ব বন্দৌবস্ত মত রামকান্ত অগ্রবর্তী হইরা কিরদ্ধুরে গিরা দাড়াইল, আমকান্ত অপরদিকে রহিল।

প্লিসের সাহেবও ইহাদের ছুইজনকে হাবার সঙ্গে দিয়া নিশ্চিপ্ত থাকিতে পারেন নাই। স্থবিধ্যাত ডিটেক্টিভ-ইন্স্পেক্টর অক্ষর-কুমার্রকেও ইহার অহসরণে পাঠাইরাছিলেন। অক্ষরকুমার গাড়ী করিয়া হাবার সঙ্গে আসিরাছিলেন।

हुन होंग। বে বাড়ীর ধারে আসিরা দাঁড়াইল, তাহার ধার ভিতর হইতে ক্ষ ছিল; সে কড়া নাড়িল। কিছ কেহ দরজা খুলিতে আসিল না। তখন সে আরও জোরে ঘন ঘন কড়া নাড়িতে লাগিল; তবুও কেহ জৈছা দিল না।

পার্ষে একটা ছোট মুদীর দোকান ছিল। দোকানী মুথ বাড়াইরা মৃত্যুরে বঁলিল, "থা্ঝী উড়ে গেছে—কড়া নেড়ে আর হবে কি, বাপু ?"

অক্সরকুমার গাড়ী হইতে নামিরা মূদীর নিকটস্থ হইরা বলিলেন, "এ বাডীটার কি কেহ নাই ?"

মূলী বলিল, "বোধ হয়, কালরাত্রে এ বাড়ীতে বারা ছিল, উঠে গেছে—কই, বি-মাগীটাকেও আজ সকাল হইতে দেখিতেছি না।"

ি ^পভাহা হইলে লোকটাকে এ কথা বলা ভাল। বেচারা **মিহামিছি** কড়া নাড়িতেছে।^প "ও নিজেই জানিতে পারিবে। আর আমিও ঠিক জানি না, তাহারা গিয়াছে কি না; ঝি-মাগী বলেছিল বটে যে, তাহার মনিব দেশে যাইবে।"

"যে কড়া নাড়িতেছে, ও লোকটাকে তুমি কি চেন না ?"

"না, কই কথনই দেখি নাই।" তাহার পর বিরক্তভাবে বলিল, "বাপু, এত কথায় তোমার দরকারটা কি ?"

"বোধ হয়, লোকটা বাড়ী ভুল করিয়াছে।" বলিয়া অক্ষয়কুমার হাবার নিকট আসিলেন। তথঁনও হাবা কড়া নাড়িতেছিল। অক্ষয়-কুমার পশ্চাৎ হইতে তাহার স্বন্ধে হস্তার্পণ করিলেন। তথ্ম হার্মা চমকিত হইয়া ফিরিল।

অকরকুমার তৎক্ষণাৎ তাহার হাত ধরিয়া টানিয়া তাহাকে গাড়ী নিকটে আনিলেন—একরপ ঠেলিয়া দিয়া তাহাকে গাড়ীতে তুলিলেন। তাহার পর রামকান্ত ও শ্রামকান্তকে নিকটে আদিতে ইক্লিত করিকের। শ্রামকান্তকে বলিলেন, "গাড়ীতে ইহার পাশে ব'স—দেখিয়ো বেন পলায় না।" তাহার পর রামকান্তকৈ বলিলেন, "তুমি এই বাড়ীর দরজায় পাহারা থাক। আমি একাকী এই বাড়ীর ভিতরে ঘাইব , যদি দরজা বন্ধ থাকে, ভাঙ্গিতে হইবে। যতক্ষণ তুমি আমার বাঁশীর শব্দ না শুনিভে পাও, ততক্ষণ ভিতরে ঘাইয়ো না—এক পা এখান হইতে নড়িয়ো না।" তৎপরে তিনি মুদীর দিকে ক্লইনেত্তে চাহিয়া শাসাইয়া কহিলেন, "একটী কথা যদি কাহাকে বল, মজা টের পাইবে—আমরা পুলিসের লোক।"

পুলিসের নাম শুনিরা মুদীর মুথ একেবারে এতটুকু হইরা ,গেল। সে ব্যাশার কি দেখিবার জন্ম দোকান ছাড়িয়া রাস্তায় আসিয়াছিল, সম্বর

তিনি সহজেই প্রাচীর উল্লক্ত্মন করিয়া বাড়ীর ভিতরের উন্তানে জাসিলেন। খুনের রাত্রে বৃষ্টি হইয়াছিল, এখন কর্দম শুকাইয়া গিয়াছে; কিন্তু কতকগুলি পায়ের দাগ স্পষ্ট দেখিতে পাইলেন।

তন্মধ্যে কতকগুলি বড় বড় থালি পাঁষের দাগ, ও কতকগুলি ভাল ছুতার দাগ। এই বড় পা ও ছোট জুতার দাগ পাশাপাশি রহিয়াছে; দব দাগেরই মুথ বাড়ীর দিকে—বাহিরের দরজা হইতে বাড়ীর দরজা শ্র্যাস্ত গিয়াছে; তাহাতেই বেশ বুঝিতে পারা যায় যে, ছইবার এই ফ্ইজন লোক বাহিরের দরজা হইতে বাড়ীর ভিতরে গিয়াছে; কিন্তু দাশ্চর্য্যের বিষয় একবারও ইহাদের বাড়ী হইতে ফিরিয়া দরজায় যাইবার গাগ নাই।

অক্ষরকুমার ইহা লক্ষ্য করিয়া বলিলেন, "এটা আশ্চর্যাজনক সন্দেহ ।ইং! ইহাতে বোধ হইতেছে, এই বাড়ীর পশ্চাতে একটা অতিরিক্ত রক্ষা আছে, তাহা দিয়া বাহির হইয়া লোক হইটা আবার সদর দরজা দিয়া প্রবেশ করিয়াছিক। বড় পারের দাগ যে হাবার, তাহাতে কোন ক্লেহ নাই, আর একজন— জ্তাওয়ালা—সেই নিশ্চর খুনী। এই কল পারের দাগের ছাঁচ লওয়া আবশুক হইবে। দেখা যাইতেছে, ধন খুনী হাবার সহিত এই বাড়ীতে প্রবেশ করিয়াছিল, তথন দরজা ধালা ছিল-; কেহ তাহাদের দরজা খুলিয়া দিতে আসে নাই। আর্সিলে গাহারও পারের দাগ থাকিত। এখন দেখা যাউক, বাড়ীর দরজা বন্ধ না ধালা।" যাহাতে পায়ের দাগগুলি নষ্ট না হয়, এরপ সতর্কতার সহিত তিনি
বাড়ীর দরজার আদিলেন। দেখিলেন, দরজা বন্ধ নহে—একটা দরজ
আর্দ্ধান্মক রহিয়াছে। তিনি গৃহ মধ্যে প্রবেশ করিলেন, প্রথমে একট
বারান্দা; তাহার পর একটী বড় ঘর—বেশ স্থ-সজ্জিত; বোধ হয়, রমণীর
এটা বসিবার ঘর ছিল। পার্শে একটা অপেকারত ছোট ঘর, এ ঘরটা
বেশ স্থসজ্জিত; একপার্শে একথানি স্থন্দর পালক্ষ রহিয়াছে—দেখিলো
ব্বিতে পারা যায় যে, এটা রমণীর শয়নগৃহ ছিল। এই ঘরে ক্রেকট
বাক্স রহিয়াছে। অক্সয়কুমার দেখিলেন, যেরপ বাক্সে রমণীর দেয়
পাওয়া গিয়াছে, ঠিক সেইরূপ আরও একটা বাক্স এখানে রহিয়াছে। তিনি
মনে মনে ব্রিলেন, এই বাক্স দেখিয়াই জানা যাইতেছে, মৃত রমণী
এই বাড়ীতেই খুন হইয়াছে।

যে ঘরে তিনি প্রবেশ করিয়াছিলেন, সে ঘরটা মধ্যবর্তী বড় ঘরের দক্ষিণ দিকে স্থাপিত। এথন তিনি বামদিক্কার ঘরে প্রবেশ করিলেন দেখিলেন, সে ঘরটাও বেশ সাজান।. নীচে একথানি স্থলের কার্পেট পাতা; সেই কার্পেটের উপরে কতকগুলি তাস পড়িয়া আছে। অক্ষয়কুমার বলিলেন, "দেখি, এই তাসের ভিতর ইস্কাবনের ক্রাছে কি না।"

তিনি তাসগুলি কুড়াইয়া লইয়া এই কক্ষের পরবর্ত্তী কক্ষে প্রবৈশ্বী কক্ষে প্রবৈশ্বী কক্ষে প্রবিশ্বী কক্ষে প্রবিশ্বী কক্ষে প্রবিশ্বী কক্ষে প্রবিশ্বী কক্ষে প্রবিশ্বী কর্মান হই-লেন। দেখিলেন, ভাঙা গেলাস, ডিকেণ্টার গৃহতলে চারিদিকে বিক্ষিপ্তা; একপার্শ্বে একথানা কোচ ছিল, তাহা উণ্টাইয়া পড়িয়াছে; দেখিলেই বোধ হয়, ছই বা তদধিক ব্যক্তির এইখানে একটা ঘোরতর বুদ্ধ হুইয়া গিয়াছে। অক্ষয়কুমার আপন মনে বলিলেন, "আমি ভাবিতেছিলাম, রমণী নিজ্ঞ শয়ন-গৃহে প্রক্রুগছে। না, তাহা নহে, বেক্সপ

খিতেছি, তাঁহাতে বেশ বুঝিতে পারা যার, এথানে হত হইয়াছে। বে তাহার মৃতদেহ দেখিয়া বোধ হয় না যে, সে মৃত্যুকালে আত্মরক্ষা রিবার জন্ত এত চেষ্টা পাইয়াছিল; অথচ এখানে যে একটা বেশী রকমের রামারি ঠেলাঠেলি হইয়াছে, তাহাতে সন্দেহ নাই। এই ত রক্তের গও রহিয়াছে—ক্ষিত্ব ছোরা তাহার বুকে বসাইলে এত রক্ত পড়িবার ছাবনা নাই—অথচ এখানে এইদিকে বরাবর রক্তের দাগ রহিয়াছে; হা হইলে রমণী খুনীর হাত হইতে রক্ষা পাইবার জন্ত এইদিকে ছুটিয়া গাইয়াছিল। দেখি, এই দরজা দিয়া কোথায় যাওয়া বায়, রক্ত দরজা গিত্ত রহিয়াছে।"

এই বিশিয় তিনি সেই দরজা খুলিলেন, তৎপরে বিশিতভাবে করেক দ পশ্চাতে হটিলেন। বলিলেন, "একি! এখানে যে আরও একটা!" ছারের পর রন্ধনগৃহে যাইবার পথ, সেই পথের মধ্যে একটা মৃতদেহ পুড় হইয়া পড়িয়া আছে—তাহার সর্বাঙ্গ বক্তাপ্লত।

টা একটা পুরুষের মৃতদেহ—বর্ষ বোধ হর পঞ্চাশ বংসর হইবে—
বল—লীর্য—হাইপুই। প্ররিধানে শান্তিপুরের ভাল কালাপেড়ে ধুভি।
ব্লে একটা ভাল সার্ট, তাহার উপর একটা আল্পাকার কোট;
চাটের পকেট হইতে একটা মোটা সোণার চেন ঝুলিভেছে। চেনেও
ক লাগিরাছে। তাহার কোঁচা খুলিয়া গিরাছে, কোটেরও ছই এক্সানট্ডিয়া গিরাছে। তাহার কপাল ও মন্তক ফাটিয়া গিরাছে—ক্ষতমূশে
ক্লেমিয়া কাল হইয়া রহিয়াছে।

অক্ষরকুমার বলিলেন, "লোকটাকে দেখিতেছি, কেই সমুথ হইতে খুব জোরে লাঠা মারিয়াছে, তাহাতেই মাথাটা ফাটিরা গিরাছে। বরের বেমন অবস্থা দেখিতেছি, তাহাতে হুইজনে যে খুব একটা মারামার্মি হুইয়াছিল, বেশ বুঝিতে পারা যাইতেছে। লোকটা জীলোকের মৃত দেহটা সরাইয়া পরে এই মৃত দেহটাও সরাইবে মনে করিয়াছিল—হাবা ধরা পড়াই সকল গোল হইয়া গিয়াছিল। কিন্তু একটা বিষয়ে আমি বঢ় আশ্রুমানিত হুইতেছি যে, জীলোকটাকে যেমন তাহার অজ্ঞাতসারে খুন করিয়াছিল, ইহাকে তাহা করে নাই কেন ? ইহাকে খুন করিতে রীতিমত দালা করিতে হুইয়াছে। এরপ অবস্থায় এ লোকটা খুন না হুইয়া সে নিজেই খুন হুইতে পারিত।"

মৃতদেহটা ভাল করিয়া দেখিয়া অক্ষয়কুমার বলিলেন, "লোকটা যে পয়সাওয়ালা লোক, তাহা স্পষ্টই দেখা যাইতেছে। বোধ হয়, কোন পল্লিগ্রামের জমীদার; স্মৃতরাং এ লোকটাকে জানিতে অধিক কট পাইতে হইবে না। ইহাকে চিনিতে পারিলে স্ত্রীলোকটারও সদ্ধান হইবে। একটা বিষয় নিশ্চিত যে, পয়সার লোভে এ খুন হয় নাই। ইহার পকেটে এখনও সোণার চেন ঝুলিতেছে—এই বাড়ী হুইডেই যে, কোন দ্রব্য কেহ লইয়াছে, তাহাও বোধ হয় না। তাহা হুইলে স্পষ্ট বুঝিতে পারা যাইতেছে, সাধারণ চোল-ডাকাতের কাজ নয়।"

তিনি চিন্তিতমনে ধীরে ধীরে বাহিরের দিকে আসিলেন। ভাবি-লেন, "এ বাড়ীতে বে ছই-ছইটা খুন হইরাছে, তাহা কেহই জানে না। আমরা বে এথানে আসিরাছি, তাহা কেবল মুদী জানে। তাহার মুখ বন্ধ রাখা কঠিন হইবে না। বে খুন করিরাছে, বে জীলোকের লাম অইরা চলিয়া গিরাছিল, আর ফিরিয়া আসিতে পাল্পে নাই। বিদি গোলবোগ না, করা বার, সে ভাবিতে পারে, আমরা এ বারির এখনও দন্ধীন পাই নাই; স্থতরাং আজ রাত্রে এই লাসটা সরাইবার জন্ম সে আসিতে পারে। অন্ততঃ একটু অপেক্ষা করিয়া দেখিতে ক্ষতি কি ? এক রাত্রে আর কি অনিষ্ঠ হইবে ? আমি আজ রাত্রে নিজেই এ বাড়ীতে পাহারায় থাকিব।"

মনে মনে এইরূপ স্থির করিয়া তিনি বাহিরে আসিলেন। শ্রাম-কাস্তকে বলিলেন, "তুমি হাবাকে লইয়া থানায় চলিয়া যাও, তাহাকে সাবধানে রাখিতে বলিয়া যত শীঘ্র প্লার, আর ছুইজন লোককে লইয়। এখানে আসিবে—কার্য্যক্ষম লোক আনিবে।"

শ্রামাঝান্ত গাড়ীতে উঠিয়া গাড়ী হাকাইয়া দিল। রামকান্ত বলিল, "আমায় কি করিতে বলেন ?"

অক্ষরকুমার বলিলেন, "তুমি দ্র হইতে প্রচ্ছন্নভাবে এই দরজান্ন পাহারা থাক।"

"আর উহারা আসিলে ?"

"নিকটেই সকলকে পাহারা থাকিতে বলিবে।"

"আপনি ?"

"আমি ভিতরে থাকিব। যদি কেহ বাড়ীতে প্রবেশ করে, ভাল— প্রতিবন্ধক দিয়ো না। তোমরা যে পাহারায় আছে, তাহা যেন কেছ জানিতে না পারে।"

ঁ "সে কথা বলিতে হইবে না।"

"বেশ, আমি না ডাকিলে বা বংশীধ্বনি না করিলে বাড়ীর ভিতরে যাইয়ো না।"

😘 "বুঝিয়াছি, ইন্দুর ধরিবার কল পাতিতেছেন।"

"কতকটা—দেখি কতদূর কি *হ*র।"

় "এখন সবে সন্ধ্যা– -কতরাত্তে আসিবে কে জানে।"

শ্বাসে ত বেশী রাত্রেই আসিবে। যদি কিছু আহার করিতে চাও, তাহারা আসিলে একজনকে দিয়া থাবার আনিয়া লইয়ো।"

"আর আপনি কি খাইবেন ?"

"আমার পক্ষে একরাত্রি আহার না করিলে কিছু আসে-যায় না," বলিয়া অক্ষরকুমার আবার গৃহমধ্যে প্রবেশ করিতেছিলেন—কি ভাবিয়া কিরিয়া দাঁড়াইলেন; বলিলেন, "দরজা থেকে নজর বেন এক মিনিটের জন্তও না যায়—খুব সাবধান! যে, আসিবে, সে স্ত্রীলোক হইলেও হইতে পারে।"

রামকান্ত বিশ্বিতভাবে বলিলেন, "স্ত্রীলোক !"

"হাঁ, একজন দাসী এ বাড়ীতে ছিল, সে-ও অন্তর্হিত হইরাছে। সে-ও আসিতে পাঁরে, তবে সম্ভব, সে আসিবে না। আসিবে এই হাবার মনিব। যে-ই আন্ত্রক, যাহা বলিলাম, তাহা করিয়ো—খুব সাবধান।"

"বলিতে হইবে না—খুব সাবধানে থাকিব।"

অক্ষরকুমার আর কোন কথা না বলিয়া গৃহমধ্যে প্রবেশ করিলেন। তথন অন্ধকারটা বেশ ঘনাইয়া আসিয়াছে।

কোপার পুকাইরা থাকিবেন, তাহাই তিনি ভাবিতে লাগিলেন। তথন অন্ধকার হইরাছিল, একটা আলো না হইলে নহে। তিনি দেখিলেন, শরন-গৃহে বাতীদানে একটা বাতী রহিয়াছে; তিনি প্রেট হইতে দিয়াশলাই বাহির করিয়া সেই বাতীটা আলিলেন।

বংশীধানি করিলে বাহিরে যাহাতে শব্দ যায়, সেইজ্বন্থ তিনি একটা জানালা একটু খুলিয়া রাখিলেন। ঘরের দরজাগুলিও খুলিয়া দিলেন। ইহাতে কেহ বাড়ীর ভিতর প্রবেশ করিলেই তিনি দেখিতে পাইবেন।

এখন তিনি কোথার সুকাইরা থাকিবেন, তাহারই সন্ধান লইতে সাগিলেন কেথিলেন, শুরুনগৃহের পার্যে কাঠের একটা ছোট শুরু আছে। অক্ষয়কুমার ভাবিলেন, "এই ঘরটাই লুকাইবার বেশ স্থান— এখানে লুকাইয়া থাকিলে আমি সবই দেখিতে পাইব; অথচ এখানে আমি যে লুকাইয়া আছি, তাহা কেহ সন্দেহ করিবে না।"

এখন ধৈষ্য ও সাহস বিশেষ আবশুক। কতক্ষণে কে আসিবে
কি না, তাহার কোন স্থিরতা নাই। দিতীয়তঃ—খুনীর সহিত দেখাসাক্ষাৎ করা ধ্য সাহসের কাজ নহে। যে লোকটা হই-ছইটা খুন করিয়াছে, সে যে আর একটা অনায়াসে করিবে, তাহার আর আশ্চর্য্য কি
বি কুদ্র গৃহে অক্ষয়কুমার নীরবে বসিয়া রহিলেন। ঘণ্টার পর ঘণ্টা
কাটিয়া যাইতে লাগিল। ক্রমে কলিকাতা সহর নিস্তন্ধতার ক্রোড়ে
আল্লাম লইল—এখনও কেহ আসিল না।

বোধ হয়, রাত্রি বারটার সময়ে কাহার পদশব্দ আক্ষয়কুমারের কর্ণে প্রবেশ করিল। এতক্ষণে তাঁহার পরিশ্রম সার্থক হইল ভাবিয়া, তিনি সোৎসাহে উৎকর্ণ হইয়া রহিলেন।

ষণার্থ ই একব্যক্তি অতি স্বিধানে গৃহমধ্যে প্রবেশ করিতেছে। অতি সাবধানে বড়-ঘরে আসিতেছে—ঘর অন্ধকার দেখিয়া সে ধীরে ধীরে বলিল, "বিনোদ—বিনোদ—তুমি কোন্ ঘরে ?"

অক্ষরকুমার ব্ঝিলেন, এই 'বিনোদ' বিনোদবিহারী নয়—বিনোদিনী।
তিনি কটে নিঃখাস পর্যন্ত বন্ধ করিয়াছিলেন, পাছে কোন শব্দ হয়;
ক্ষিত্র আগন্তক কোন সন্দেহ করে নাই। কেহ বে লুকাইয়া আছে,
ক্ষাহা তাহার মনে হয় নাই।

লোকটা ধীরে ধীরে অতি সাবধানতার সহিত শরন-গৃহে আসিল। আবার বলিল, "বিনোদ, তুমি কি যুমাইয়াছ ?"

শয়ন গৃহের একপার্যে বাতীটা অলিডেছিল, তাহাতে সমস্ত গৃহটী ভুমন আলোকিত হর নাই। অক্ষয়কুমার আগতককে সেখিতে পার নাই—কেবল তাহার পদশব্দ ও কণ্ঠবর শুনিয়াছিলেন। এবার সে লোকটী পালক্ষের দিকে গেল; মশারি সরাইয়া দেখিতে উল্পত হইল।

অক্ষয়কুমার ভাবিলেন, "এখন কি করা উচিত,—ইহাকে ধরা উচিত, না এ কি করে দেখা উচিত ? এ বে খুনী, তাহাতে সন্দেহ নাই। ছংথের বিষয়, এখান হইতে ইহার মুখ দেখিতে পাইতেছি না। এ লোকটা বিনা উদ্দেশ্যে এ বাড়ী আসে নাই। ভাবিয়াছে, আমরা এ বাড়ীর কোন সন্ধান পাই নাই, তাহাই এ লাসটাকে সরাইয়া ফেলিতে আসিয়াছে; আমি এখনই ইহাকে ধরিতে পারি—বাঁশী বাজাইলেই রামকাস্থ প্রভৃতি আসিয়া পড়িবে—দেখা যাক্, লোকটা কি করে। এই সময়ে লোকটা শয্যা হইতে মশারি তুলিয়া ফেলিয়া দেখিল; বলিল, "কি মুদ্ধিল! এক রাত্রে আবার কোথার গেল? বাড়ীতে কেহ নাই বলিয়াই বোধ হয়। আবার দরজাও খোলা—এ বাতীটাই বা এখানে কে রাখিল ?"

এই সময়ে ছ্র্ভাগ্যবশতঃ অক্ষয়কুমারের নাকে কি একটা পোকা প্রবেশ করিল। তিনি বহু চেষ্টাসন্তেও হাঁচি বন্ধ করিতে পারিলেন না-মহাশব্দে হাঁচিয়া ফেলিলেন।

তিনি প্রকৃতিস্থ হইবার পুর্ন্থেই সেই লোকটা সেই কাঠের ঘরের ঘারের কাছে আসিল; এবং নিমেষমধ্যে বাহির হইতে শিকল লাগাইয়া দিল, পরক্ষণে ক্রতপদে গৃহ হইতে পলায়ন করিল।

অক্ষরকুমার বন্দী হইলেন। তিনি দার অনেক ঠেলাঠেলি করিলেন, কিন্তু কিছুতেই খুলিতে পারিলেন না; স্থতরাং সেই লোকটার অমুসরণ করিতে পারিলেন না।

বে ঘরে অক্ষরকুমার বন্দী হইলেন, সে ঘরটী অপরিসর, কোন জানালা ছিল না, তিনি বংশীধানি করিলে সে শব্দ যে বাহিরে রামকান্ত শ্রেন্থতি শুনিতে পাইবে, সে সম্ভাবনা অন্নই ছিল। এক চীৎকার ক্রা— তাহা তিনি প্রথমে সাহস করিলেন না। ভাবিলেন, "নিশ্চরই লোকটার নিকট ছোরা বা পিন্তল আছে, সে আমাকে খুন করিতে দিধা করিবে না। দেখা যাক্—অপেক্ষা করিয়া। সেই নিশ্চরই শীঘ্র বাড়ী হইতে বাহির হইবে, তথন রামকান্ত প্রভৃতি নিশ্চরই তাহাকে ছাড়িবে না।" এইরূপে মনকে প্রবোধ দিয়া অক্ষরকুমার সেই হুর্গন্ধমর ক্ষুদ্র ঘরটীতে বলী রহি-লেন। ঘণ্টার পর ঘণ্টা কাটিয়া গেল, তব্ও কেহ তাঁহার উদ্ধারের জন্ম আসিল না।

তথন তিনি উচ্চৈঃস্বরে রামকান্তকে ডাকিতে লাগিলেন; বোধ হয়, এই কুদ্র গৃহ হইতে তাঁহার স্বর বাহিরে পৌছিল না; তাঁহার উদ্ধারের ক্ষেত্র আদিল না।

অক্ষরকুমারের কটের বর্ণনা নিপ্রাজন, শারীরিক কট অপেকা। তাঁহার মানসিক কটটা শতগুণ হইরাছে; তাঁহার এ অবস্থা হইরাছে, ভানিলে লোকে কি বলিবে পূর্ব ভাঁহার মুখ দেখাইবার উপার থাকিবে না; একটা বদ্মাইস খুনীতে তাঁহাকে এরপ বোকা বানাইল! যাহা হউক, উপায় নাই। ক্রমে প্রাতঃকাল হইল। ক্র্দ্র গ্রহে আলো প্রবেশ করার অক্ষয়কুমার বলিলেন, ভোর হইরাছে। এই সময়ে তিনি ভানিলেন, বাহির হইতে কে ডাকিতেছে, "ইন্স্পেক্টর বাবু, আপনিকোথায় প্র

অক্ষয়কুমার সেইখান হইতে চীৎকার করিয়া উঠিলেন। রামকাস্ত লক্ষ্ণ দিয়া গৃহের ঘারে আসিয়া বিশ্বিত হইয়া বলিল, "আপনি ইহার ভিতরে।"

অক্ষর্মার মহাকুত্ব হইয়া বলিলেন, "হাঁ, শীঘ্র শিকল খুল।"
নামকাস্ত তৎক্ষণাৎ শিকল খুলিয়া দিল। অক্ষরকুমার বাহির হইয়া
ভালিলেন। তিনি প্রথমেই জিজ্ঞাসা করিলেন, "তাহাকে ধরিয়াছ ত ?"

রামকান্ত বিশ্বিত হইয়া বলিল, "কাহাকে ?"

"কাহাকে! যে এই বাড়ীতে রাত্রে আসিয়াছিল।"

"কেহ ত আসে নাই, বড় সাহেব কেবল একজনকে আপনার কাছে পাঠাইয়াছিলেন, সে আপনার সহিত দেখা করিতে আসিয়াছিল।"

"গাধা—পাগল—" অক্ষরকুমার আরও কি বলিতে যাইতেছিলেন।

(বাধা দিয়া) "হুইয়ের একটাও নয়। সত্যই বলিতেছি, **আন্দান্ত** রাত্রি বারটার সময়ে কেবল একজন ল্যোক বাড়ীর ভিতরে চুকিয়াছিল।"

"তুমি তাহাকে ধরিলে না কেন ?"

"আপনি বলিয়াছিলেন যে, কাহাকে বাড়ী ঢুকিতে দেখিলে. তাহাকে যেন বাধা দেওয়া না হয়; হকুম শুনিব—না কি করিব ?"

"হাঁ, তাহা বলিয়াছিলাম বটে ; কিন্তু যঁথন সে বাহির হইল, তথন তাহাকে ধরিলে না কেন ?"

"বাহির হইলে কি করিতে হইবে, তাহা আপনি বলেন নাই; কেবল বিলিয়াছিলেন, বাঁশী বাজাইলে বাড়ীর ভিত্তর আদিয়ো—ভব্ও আমি লোকটাকে জিজ্ঞানা করিয়াছিলাম, সে কে? তাহাতে সে বলিল, ভিটেকটিভ ডিগার্টমেন্টের লোক।"

এবার অক্ষরকুমারের জোধ দীমাতিজ্ঞম করিয়া উঠিল ৷ বৃণুলেন, "আর তুমি গাধার মত তাহাই বিশ্বাস করিলে ?"

"কেবল কথায় বিশ্বাস করি নাই—সে কার্ড দেখাইয়াছিল।" "কার্ড দেখাইল ? কিসের কার্ড ?"

"ডিটেক্টিভ ডিপার্টমেণ্টের। সে বলিল, সাহেব তাহাকে, বিশেষ একটা জন্মরী কথা বলিবার জন্ম পাঠাইয়াছেন।"

"তোমার মাধা—দে-ই আমাকে আট্কাইরা রাধিরা গিরাছিল।" অক্ষরকুমার জারও ক্রোধায়িত হইরা উঠিলেন। বলিলেন, "ইহাকে গাধা বলে না ত আর কি বলে ? তুমি বিলক্ষণ জান বৈ, আমর্রী বে এখানে আসিয়াছি, সাহেব তাহার কিছুই জানেন না—এই বাড়ীতে বে খুন হইয়াছে, তাহাও তিনি অবগত নহেন।"

রামকাস্ত বলিল, "আমি ভাবিয়াছিলাম যে, শ্রামকাস্ত হাবাকে লইয়া যাওয়ায় সাক্রেব সকলই জানিতে পারিয়াছেন।"

"তোমার মত পণ্ডিত হইলেই এইরূপ মনে করে—তুমি খুনীকে হাতে পাইরাও ছাড়িয়া দিলে।"

রামকাস্ত বিশ্বিত হইরা বলিরা উঠিল, "বলেন কি—খুনী !"

b

আক্ষরকুমার রাগভভাবে বলিলেন, "ইা, খুনী। ভোমার বুদ্ধির দোবে সে আজ হাতে পড়িয়াও পলাইল। ভোমার চাকরীর দফারফা হইরা গিরাছে—এমন মূর্থের পুলিসে থাকা উচিত নয়। এই লোকটা কিনা অনারাসে ভোমার চোখে খুলা দিয়া চলিয়া গেল—লজ্জার কথা— লজ্জার কথা।"

রামকান্ত লজ্জার মুখ অবনত করিল। তৎপরে বলিল, "ইা, আমারই দোব হইরাছে—আমি সাত বৎসর পুলিসে কাল করিতেছি, আর আমার চোখে ধ্লা দিরা গেল ? আমাকে দ্র করিয়া দিন্—সত্যই আমি পুলিসে কাল করিবার উপযুক্ত নই।"

জ্বসকুমার বলিলেন, "কার্ডথানার নম্বরটা দেখিলে না কেন্দ্রে এখন বল, জন্ত মনে হয় নাই।"

শ্ৰু এ কথাও ঠিক—এ কথাও আমার তথ্যস্থান ইর নাই 🤼

"চতুষ্পদ বলে আর কাহাকে 🕍

"বাহা হইবার তাহা হইয়া গিয়াছে—তবে ইহাও আপনি জানিবেন, আমি প্রতিজ্ঞা করিতেছি, যতক্ষণ তাহাকে ধরিতে না পারিব, ততক্ষণ আমি নিশ্চিম্ভ হইব না। তাহাকে যদি ফাঁসী দিতে না পারি, তাহা হইলে আমার নাম রামকাস্ত নয়।"

"তাহাকে তুমি পুনরায় দেখিলে চিনিতে পারিবে ?"

ভাঁ, তাহার চোথ দেখিয়া চিনিতে পারিব। হাঁ, চোথ বেশ ভাল করিয়া দেখিয়াছিলাম, তাহার জোঁড়া জ ছিল—তা' ছাড়া তার গলায় একটা লাল কম্ফটার জড়ান ছিল।'

"এ সহরে হাজার হাজার লোকে লাল কক্ষ**র্টার** ব্যবহার করে।"

"সে কথা সত্য, তবে এ কথাও বলি, বদি আমি তাহাকে ধরিতে না পারি, তবে আমার নাম রামকাস্তই নর।"

"তোমার নাম রামকাস্ত হ'ক্, আর নাই হ'ক্, তাহাতে সরকারের বিশেষ ক্ষতিবৃদ্ধি নাই। যাক্, তোমার এই প্রথম ভূল হইরাছে—আমি এবার আর তোমার নামে রিপোর্ট করিব না।"

রামকাস্ত এ কথা ভনিয়া আনন্দিত হইয়া বলিল, "তাহা হইলে এবার আমায় মাপ করিলেন ?"

"হাঁ, তবে হটা কথা আছে ?"

. "বলুন, যাহা বলিবেন, তাহাই করিব।⁵

"প্রথমতঃ—এ কথা আর দ্বিতীর ব্যক্তিকে বর্টিবে না।"

"আমার মুথ দিয়া একটা কথাও বাহির হইবে না।"

"দিতীয়তঃ—বেদ্ধপে হয়, তুমি এই লোকটীকে খুঁজিয়া বাহিয় করিবে।"

্রিশ্চিত থাকুন, আমি ইহাকে খুঁজিয়া বাহির করিব।"

"বান্ধে কথা কহিয়ো না, আমি কাজ চাই। আর সকলে কোথার ?"

• "যেথানে যেথানে ভাহাদের পাহারায় রাথিয়াছি, সেইথানেই ভাহারা
আছে।"

"বেশ যাও, এখানকার থানার ইন্স্পেক্টরকে এইখানে নিয়ে এস—
এখানে আর একটা লাস আছে।"

"লাস! কোথায় ?"

"এই বাড়ীতে রাশ্লাঘরের পাশে। এবার স্ত্রীলোকের নয়—একটা পুরুষের মৃতদেহ পড়িয়া আছে।"

রামকান্ত বলিল, "তাহা হইলে হু'টা খুন; কি সর্বনাশ! তাহা হইলে লোকটা হু'জনকে খুন করিয়াছে ?"

অক্ষয়কুমার বলিলেন, "হাঁ করিয়া থাকিয়া সময় নষ্ট করিয়ো না। থানায় গিয়া ইন্স্পেক্টরকে পাঠাইয়া দিয়া ক্বতান্ত বাবুর সন্ধানে যাইবে; তাঁহাকেও এথানে চাই।"

"ভাহা হইলে ক্বতাম্ভ বাব্ও এই তদম্ভে থাকিবেন ?"

"তোমার এত কথায় কাজ कि ? যা' বলিলাম, কর।"

় "কাহার সঙ্গে কাজ করিতে হইবে জানা উচিত—সকলের অনু-সন্ধানের ধারা এক রকম নয়।"

"তোমাকে ব্রুঅস্ত বাবুর সহিত কাজ করিতে হইবে।"

রামকাস্ত দীর্ঘনিঃখাস ত্যাগ করিয়া বলিল, "সরকারের মাহিনা খাই— আপনি ধাহার সঙ্গে বলিবেন, তাহার সঙ্গেই আমি কাজ করিব। তবে গোবিন্দরামের——"

"তিনি এ কাজ ছাড়িয়া দিয়াছেন।"

"কানি, তাঁহার সঙ্গে অনেক দিন কাজ করিয়াছিলাম--তাঁহার মত লোক আর হয় না।" তাহা আমরা সকলেই জানি, তোমাকে আর কট্ট করিরা বলিতে হইবে না; এখন বাজে বাক্যব্যয় না করিয়া বাহা বলিলাম, সেই কাজে শীঘ্র বাও।"

"এখনই চলিলাম." বলিয়া রামকান্ত সত্তর থানার দিকে চলিল।

রামকাস্ত চলিয়া গেলে অক্ষয়কুমার বৈঠকখানার গৃহে আসিয়া বসিলেন। তিনি জানিতেন, যখন খুনী কিছা তাহার লোক সন্দেহ করিয়া
তাঁহাকে আটকাইয়া গিয়াছে, তখন সে আর এ বাড়ীর দিকে আসিতেছে
না। সম্ভবতঃ কাল রাত্রে সে কলিকাতা হইতে পলাইয়াছে।. অক্ষয়কুমার আপন মনে বলিলেন, "হাতে পাইয়াও তাহাকে ধরিতে পারিলাম
না, গাধা রামকাস্তের দোষেই এইটা হইল—এখন গতামুশোচনা র্থা—
ভবিদ্যতে এরপ আর না হয়, সেজ্যু আমাকে বিশেষ সাবধান ইইতে
হইবে। রামকাস্ত বলিল, তাহাকে চিনিতে পারিবে—আর চিনিয়াছে!
কি মুস্কিল! আমি কাল তাহার মুখটা একবারও দেখিতে পাইলাম না।"

অক্ষরকুমার বসিয়া বসিয়া খুনীর কথা ভাবিতেছিলেন। এই সময়ে একথানা গাড়ী আসিয়া দরজায় লাগিল। তিনি উঠিয়া জানালায় গিয়া দেখিলেন, খ্রামবাজার থানার ইন্স্পেক্টর আসিয়াছেন। তিনি সক্ষর বাহিরে গিয়া তাঁহাকে সঙ্গে করিয়া আনিলেন। প্রথমেই তাঁহাকে মৃত্তদেহ বে স্থানে পড়িয়াছিল, সেইথানে লইয়া গেলেন। তিনি মৃতদেহ দেখিবামাত্র বলিয়া উঠিলেন, "এই যে তিনি! কি সর্কানাশ, এমন অবস্থা!"

অক্ষরকুমার বিশ্বিতভাবে বলিলেন, "আপনি কি ইহাকে চিনেন ?"

ইন্সেক্টর বলিলেন, "ভাল রকমে চিনি, ইনি শ্রামবাজারে থাকেন—গঙ্গারামপুরের জমিদার, এই দিন হইল, বাড়ী ফিরেন নাই— ইহার ছেলে আমাকে ইহার নিকুদ্দেশের সংবাদ দেন। আমি ইহারই সন্ধান করিডেছিলাম।"

[°]এই মৃতদেহ যে তাঁহার, এ বিষয়ে আপনার কোন সন্দেহ নাই ?"

্র্যদিও ইহার সর্বাঙ্গ ফুলিয়াছে, তব্ও ইহার মুখের চেহারার ত বড় পরিবর্ত্তন হয় নাই। ইহার সহিত আমার বেশ আলাপ-পরিচয় ছিল; ইহাকে শ্রামবাজারের সকলেই চিনে।"

"খুব বড়লোক ?"

"হাঁ, ভনিয়াছি, লাখটাকার উপর জমিদারীর আয়।"

"নাম কি ?"

"সুধামাধব রার।"

"ইহার কর্মট ছেলে ?"

"হুটী ছেলে—বড়টীর বয়দ প্রায় বাইশ বৎসর। যাহা হ'ক্, আমি
মনে করিতেছিলাম, ইঁহার সন্ধানের জন্ম আমাকে অনেক কট পাইতে
হুইবে—একটা কাজ হুইল।"

"আপনার কাজ হইল বটে, আমাদের এখনও কিছুই হয় নাই; তবেঁ খুন য়েখানে হইয়াছে, যখন সে বাড়ীটা জানা গিয়াছে, তখন খুনীকে ধরা বড় কঠিন হইবে না। দেখা যাক্, কুতাস্তবাবু কি বলেন, তাঁহাকে ডাকাইয়া পাঠাইয়াছি।"

"কুতাস্তবাবু—বিনি সম্প্রতি ডিটেক্টিভ-ইন্স্পেক্টর হই**রাছেন** ?"

"হাঁ, লোকটা ক্ষমতাপন্ন। যৃতক্ষণ কৃতাস্তবাবুনা আদেন, ততক্ষণ আমরা কতকটা কাজ করি। আমরা জানিলাম, এই মৃতলোকটি গঙ্গারাম-পুরের জমিদার, নাম স্থামাধব রায়। ইঁহার চরিত্র কিরূপ ছিল ?"

"সাধারণতঃ বড়লোকের যেরূপ হয়।"

"বুঝিয়াছি, এই বাড়ীতে তাঁহার রক্ষিতাটি ছিল—তাহার নাম কি, আপনার জানা উচিত।"

ঠিক নাম জানি না, তবে একটা যুবতী দ্বীলোক মাস-ছ্রেক হইতে এই বাজীতে আছে জানিতাম।"

"কখনও ইহাকে দেখিয়াছিলেন ?"

"বোধ হয়, দেখিয়া থাকিব—হাঁ, মনে পড়িয়াছে, ঐ পাশে একজন
মূলী আছে—দে আমার কাছে নালিশ করিয়াছিল বে, এই বাড়ীতে
ইহারা আসা পর্যান্ত পাড়ায় বড় গোলমাল হইতেছে। তাহাই আমি
অমুসন্ধানে আসিয়াছিলাম, এই স্ত্রীলোকের সঙ্গে দেখাও করিয়াছিলাম।
অমুসন্ধানে জানিলাম, থালি-বাড়ী পাইয়া মূলী তাহার অনেক দ্রব্যাদি
রাখিত, ইহারা আসিয়া ঐ সকল বাহির করিয়া দেওয়ায়, রাগে থানায়
গিয়া নালিশ করিয়াছিল। আমি মুলীকে ধম্কাইয়া দিয়াছিলাম।"

"সেই স্ত্রীলোকটিকে দেখিলেই চিনিতে পারিবেন ?"

"বোধ হয় না—অনেক দিন আগে দেখিয়াছিলাম।"

"এই স্ত্রীলোকেরই মৃতদেহ বাক্সের মধ্যে পাওঁরা গিয়াছে।"

"বলেন কি !"

"হাঁ, আপনি ভাহার ফটোগ্রাফ দেখিলে ভাহাকে হর ত চিনিছে পারিবেন।"

"আপনার কাছে আছে না কি ?"

"না, ঝাপনাকে আফিসে ডাকাইয়া পাঠাইব। এই মুদীও ইহাকে চিনিতে পারে।"

"নিশ্চর পারিবে—আমি কেবল তাহাকে একবার মাত্র দেখিয়া-ছিলাম—মুদীটা নিশ্চরই অনেকবার দেখিয়াছে।"

"এ বাড়ীট! কাহার 🤊

"তাহা ঠিক জানি না—অমুসন্ধান করিব।"

"বাড়ীওয়ালাও ইহাদের বিষয় নিশ্চয় অনেক সন্ধান দিতে পারিবে।"

"খুব সম্ভব।"

"এখন কথা হইতেছে বে, কে ইহাকে খুন করিল—যেই কর্মক, অর্থলোভে করে নাই—দামী ঘড়ী, ঘড়ীর চেন এখনও ইহার পকেটে রহিয়াছে। আমি একটা সিদ্ধান্তে আসিয়াছি, তবুও দেখা যাক্, ক্লতান্ত বাবু আসিয়া কি বলেন।"

"বোধ হয়, তিনিই এই গাড়ীতে আসিতেছেন।"

গাড়ীর শব্দ শুনিয়া উভয়ে জানালার নিকটে আসিলেন। দেখিলেন, রামকাস্ত ও ক্লতাস্ত বাবু গাড়ী হইতে নামিতেছেন।

রাষকান্ত নামিল, কিন্ত ক্বতান্তকুমার নামিলেন না। বোধ হর, রাষকান্ত পুন: পুন: বলার তিনি গাড়ী হইতে বাহির হইলেন। এক-ধানা মোটা চাদর মুড়ী দিয়া তিনি নামিলেন; তাহার পর সম্বরপদে বাটীমধ্যে প্রবেশ করিলেন।

অক্ষরকুমার হাসিয়া বলিলেন, "দেখিলেন, ক্বতাস্ত বাব্র বেশ একটা নুতন ধাঁচা আছে—বড় সতর্ক।" রামকাস্ত গাড়ী বিদার দিয়া দাঁড়াইল। ক্বতাস্তকুমার বৈঠকখানার দিকে চলিলেন। তাঁহার চলিবার ভাব দেখিরা অক্ষরকুমার, ইন্স্পেক্টরকে বলিলেন, "দেখিতেছেন, পাছে লোক ছইটার পারের দাগ নই হয় বলিয়া ক্বতাস্ত বাবুকেমন সাবধানে আসিতেছেন—ইঁহার ডিটেক্টিভগিরির বেশ একটা স্বাভাবিক গুণ আছে।"

ইন্স্পেক্টর হাসিয়া বলিলেন, "বরং বেশী সাবধান—বোধ হইতেছে, ঘেন কাঁটার উপর দিয়া চলিয়াছেন—অস্ততঃ ইহার পায়ের দাগ কিছুতেই পড়িবে না।"

"কৃতান্ত বাবুর এত সাবধান হইবার কোন আবশুকতা ছিল না— এখন মাটি শুকাইয়া শক্ত হইয়া গিয়াছে। বাহা হউক, তিনি নিকটস্থ হইলে অক্ষয়কুমার বলিলেন, "আহ্ন এইদিকে—আগে সকল শুফুন।"

তিনি এতক্ষণ মুথ ঢাকিয়াছিলেন, এখন মাথা হইতে চাদরখানা নামাইলেন। তিনি থক্কিয়—তত স্থপুক্ষ নহেন—গোঁপ দাড়ী নাই—চক্ষু ত্ইটি গোল—যেন জ্বলিতেছে। তাঁহাতক দেখিলেই সহজে ব্ঝিতে পারা যার, যেন প্রকৃতি দেবী তাঁহাকে নানা বেশ ধারণ করিবার জ্বাই স্ষ্টি করিয়াছেন।

কৃতান্তকুমার অক্ষরকুমারের দিকে চাহিয়া বলিলেন, "ব্যাপার কি ?" অক্ষয়কুমার বলিলেন, "তাহা কি বলিতে হইবে ?"

"কতক বুঝিয়াছি——"

"আপনি গাড়ী হইতে নামিতে এত ইতস্তত্তঃ করিতেছিলেন কেন 🕍

"আপনার রামকাস্কটি প্রকাণ্ড গর্দদভ বলিয়া। সে একেবারে আনাকে এই বাড়ীর দরজায় আনিয়াছে; এখন অবধি কতবার এই বাড়ীতে আসিতে হইবে, তাহার ঠিকানা নাই—এখন আমাকে যদি সকলে দেখিতে পায়, চিনিয়া ফেলে, তাহা হইলে——"

হাঁ, বুঝিয়াছি—আপনি শুনিয়াছেন, সেই বাক্সের ভিতরকার মৃত-দেহের বিষয়?"

"হাঁ, শুনিয়াছি—কতক।"

"সাহেব এ তদন্তে আপনাকে সঙ্গে লইতে বলিয়াছেন।"

"এরূপ গুরুতর কাজ গোবিন্দরামকে দিলেই ভাল হইত।"

"তিনি অনেক দিন এ সমস্ত কাজ ত্যাগ করিয়াছেন; তিনিই আগনাকে এ মোকদমায় নিযুঁক করিতে সাহেবকে বিশেষ অন্ধরোধ করিয়াছেন।"

তাঁহাকে ধন্থবাদ। এখন জিজ্ঞাসা করিতে চাই, আপনারা এ সহজে কতদ্ব কি করিয়াছেন ?"

"সংক্ষেপে আপনাকে সকলই বলিভেছি। বে স্ত্রীলোকের মৃতদেহ বাব্দ্রের মধ্যে পাওরা গিরাছে, সে কে তাহা জানিতে পারা যার নাই। কোথা হইতে হাবা তাহার মৃতদেহ লইয়া গিরাছিল, তাহা জানিবার জ্ঞা ভাহাকে ছাড়িরা দৈওরা হয়, সে এই বাড়ীতে আসিয়াছিল।"

শ্ৰামি স্বাধীনভাবে কাজ করিতে পাইব ত ?"

"নিশ্চয়।"

"আমি স্বাধীনভাবে আমার মনের মত কান্ধ করিতে চাই।"

"ইহাতে আমার বাধা দিবার কোন কারণ নাই—আমাদের সকলেরই উদ্দেশ্য এক।"

^শআপনি কতদিনে এই খুনীকে ধরিতে পারিবেন, মনে করেন ?[®]

"সম্ভবত: একমাসে।"

অক্ষরকুমার, আর কোন কথা কহিলেন না। ক্বতান্তকুমারকে লাস ও বাড়ীটা দেখাইবার জন্ত চলিলেন।

তাঁহার কথার অক্ষরকুমার যে বিশেষ সম্ভষ্ট হইরাছিলেন, তাহা বিলিয়া বোধ হর না। তিনি নিজে বিচক্ষণ স্থদক ডিটেক্টিভ—তাঁহার বিশেষ স্থাতি ছিল; আর এই কৃতান্তকুমার নৃতন লোক—ইহার যে অনন্তস্থাভ ক্ষমতা আছে, তাহা অক্ষরকুমার স্বীকার করেন; ভবে উভয়ের পরস্পর সভাব ছিল না।

সহসা মৃতদেহটা দেখিরা ক্বতাস্তকুমার যেন শিহরিরা উঠিলেন। অক্ষর-কুমারের তীক্ষ্ণৃষ্টি তাহা দেখিল। তিনি মৃহহাস্ত করিয়া বলিলেন, "কি কৃতান্ত বাবু, আপনার স্তান্ত লোকেও যে লাস দেখিরা শিহরিরা উঠে ?"

কৃতাস্তকুমার হাসিয়া বলিলেন, "ওঃ! সেজগু নহে—এ বিষ্মটা পূর্বে শুনি নাই—এখন দেখিতেছি, সন্ধান সহজেই হইবে। স্ত্রীলোকের মৃত দেহটা কাহার স্থির করা কঠিন বটে, কিন্তু এটি কে জানা কঠিন হৈইবে না।"

"হাঁ, এ কথা ঠিক—ইনি গঙ্গারামপুরের জমিদার—এই বাড়ীতে. ইহার একটী রক্ষিতা স্ত্রীলোক ছিল।"

"ইহার নাম কি জানিতে পারিয়াছেন ?"

"হাঁ, স্থামাধব রায়।"

"কিরপে জানিলেন ?"

"ইনি ভামবাজার থানার ইন্স্পেক্টর—ইনি ইহাকে চিনিতেন।"

ক্বতাস্তক্ষার মৃতদেহটি বিশেষ লক্ষ্য করিয়া বলিলেন, "ঘড়ী আর চেনছড়াটা এখনও রহিয়াছে—স্থতরাং অর্থলোভে খুন নয়। ইহার পকেট অমুসন্ধান করা হইয়াছে ?" "হাঁ, পকেটে এই মনিব্যাগটি ছিল—ইহাতে ছ'খানা দশ টাকার নোট, আর সাতটা টাকা ছিল।"

"আর কিছু ছিল ?"

"হাঁ, এই চিঠীখানা।"

কতান্তকুমার পত্রথানি হাতে লইয়া পড়িলেন ;—

"আজ রাত্রি দশটার সময়ে আমার বাড়ীর দরজা থোলা থাকিবে— আসা চাই—বিনোদিনী।"

ক্তান্তকুমার বলিলেন, "তাহা হইলে জানা যাইতেছে, এই স্ত্রী-লোকের নাম বিনোদিনী।"

পুক্ষরকুমার বলিলেন, "তাহা আমি আগেই জানিয়াছিলাম—কেবল ইহাই নহে, আমি খুনীকেও দেখিয়াছি।"

ক্বতাস্তকুমার বিশ্বিতভাবে বলিয়া উঠিলেন, "কোথায়—কথন ?" অক্ষরকুমার বলিলেন, "এইথানে—এই বাড়ীতে—কাল রাত্রে।"

তাহার পর যাহা যাহা ঘটিয়াছিল, তিনি সমস্তই ক্বতাস্তক্মারকে বলিলেন। ক্বতাস্তক্মার বিশেষ মনোযোগের সহিত সকল শুনিয়া বলি-লেন, "তাহা হইলে আপনি মনে করেন যে, এই লোকটাই এই ছুইটা খুন করিয়াছে ?"

"হাঁ, আমার ইহাই বিশ্বাস।"

"কিন্তু এ লোকটা ছুইটা খুন করিতে এক পথ অবলম্বন করে নাই; একজনের বুকে ছোরা মারিয়াছে—অপরের মাথায় লাঠী মারিয়াছে।"

অক্ষরকুমার বলিলেন, "আমার অফুমান, খুনী এই বিনোদিনীর সঙ্গে পরামপু করিয়া এই জমিদারকে খুন করিবার ষড়্যন্ত করিয়াছিল—এই লোকটা বথন আহারাদি করিতেছিল, তথন খুনী হঠাৎ আসিয়া আক্রমণ ফেরে, পরে ছইজনে খুব মারামারি হয়, শেব ইহার মাধার লাঠী মারাদ্ধ মৃত্যু হয়। পরে খুনী, পাছে বিনোদিনী সকল কথা প্রকাশ করিয়া কেলে এই ভয়ে বিনোদিনীকেও খুন করে—যথন বিনোদিনী স্মাইতেছিল, তথন তাহার বুকে ছোরা মারিয়াছিল। তাহার পর খুনীর ইচ্ছা ছিল যে, লাস ছইটা সরাইবে, তাহাই হাবাটাকে আনিয়া তাহার মাধার লাস-সহ বারুটা দিয়াছিল; ভাবিয়াছিল, স্ত্রীলোকের লাসটা সরাইয়া পরে এই লোকটার লাস সরাইবে।"

"তাহা হইলে পুলিস হাবাকে না ধরিলে সে এই লাসটা লইতে আসিত।"

"নিশ্চয়ই।"

"সম্ভব, কিন্তু কথা হইতেছে যে, খুনী নিশ্চয়ই জানিত ,যে, স্ত্রীলোকটী বাঁচিয়া নাই, তবে সে কাল রাত্রে এখানে আসিয়া ভাহাকে ডাকিবে কেন ?"

"হয় ত সে স্ত্রীলোকটির নাম বিনোদিনী, সে হয় ত দাসী।" "সে এই ভদ্রলোকটিকে পত্র লিখিবে কেন ?"

"হয় ত কোন কারণে কর্ত্রী নিজের হাতে পত্র লেখে নাই।"

ক্বতাস্তকুমার আর কোন কথা কহিলেন না। বাহিরের দরে আসিন্না তিনি বলিলেন, "এথানে আর কিছু দেখিবার নাই, চলুন।"

অক্ষয়কুমার বলিলেন, "তাহা হইলে আপনি এখন কি করিতে চাহেন ?"

"এই পর্যান্ত, এখন আপনার লোকদের বলিয়া দিন্ যে, আমি আর . এ বাড়ীতে আসিব না।"

"তাহাই হইবে, আপনি যাহাকে ইচ্ছা সঙ্গে লইতে পারেন।" "ঐ রামকান্ত আর শ্রামকান্তই থাক।"

ু ্ৰীজাহাই হইবে—আপনি হাবাকে দেখিতে চাহেন ?"

"না, এখন নয়, সময়ে তাহার সহিত দেখা করিব। তাহার ভারা আমি যাহা করিতে চাই, আমাকে এখন যদি সে দেখে, তবে সে কাজ পণ্ড হইবে।"

তথন লাস পাঠাইশ্বা দিশ্বা সকলে সে বাড়ী পরিত্যাগ করিলেন। চারিজন পাহারাওয়ালা সেই বাড়ীর পাহারায় নিযুক্ত রহিল।

33

ক্কতাস্তকুমার এই খুন সম্বন্ধে বিশেষ কিছু যে করিতেছেন, বলিয়া বোধ ছইল না। তিনি এই ঘটনার পর অধিকাংশ সময়ই বাড়ীতে বসিয়া কাটাইতেন। তাঁহার বাক্স নানা কাগজে পূর্ণ। তিনি একদিন অপরাষ্ট্রে তাঁহার বাক্স হইতে কতকগুলি কাগজ-পত্র বাহির করিয়া বিশেষরূপে লক্ষ্য করিয়া দেখিতেছিলেন।

এই কাগজ-পত্রগুলি দেখিয়া তিনি, মনে মনে বলিলেন, "হাঁ, এতদিনে সমস্ত কাগজ-পত্র ঠিক হইয়াছে; নরেক্রভ্ষণ রায়ের পুত্রকতা ছিল না, তাহার কেবল চারিটি ভর্পিনী ছিল। নরেক্রভ্ষণ পঞ্জাবে গিয়া আনেক টাকা উপার্জন করে—প্রায় সাত লক্ষ টাকা রাখিয়া গিয়াছে; এখন স্থানে-আসলে অন্ততঃ দশ-এগার লক্ষ টাকা জমিয়াছে। এই সমস্ত টাকাই পঞ্জাব গবর্ণমেণ্টের হাতে রহিয়াছে। ওয়ারিসান না পাওয়ায় টাকা কেহই পায় নাই। নরেক্রভ্ষণ যখন দেশ হইতে বিদেশে অর্থোগার্জন করিতে যায়, তখন দেশে তাহার চারিটী ভগিনী ছিল। সে সমরে নরেক্রভ্যণের অবস্থা দরিত্র, প্রায় তাহার চলিত না। নরেক্রভ্যণের চারি ভগিনীর মধ্যে ছই জনের কলিকাতায় বিবাহ হয়, জপর ছই জনের সেই দেশেই বিবাহ হয়।" অমুসন্ধানে জানিয়াষ্ট্রিংক,

এই চারি ভগিনীর চারিজন ওয়ারিসান আছে—তিনজন স্ত্রীলোক একজন পুরুষ। তাহাদের কেহই এই সম্পত্তির বিষয় অবগত মছে। কারণ এ পর্যান্ত কেহই এ সম্পত্তি পাইবার জন্ম চেষ্টা পার নাই। এ অবস্থায় এ চারিজনেই সমভাগে সম্পত্তি পাইবে. কিন্তু যদি हेशांकत मर्था जिनकन मतिया यात्र, जांश हहेरन क्यानिष्ठ भिय रय, জীবিত থাকিবে, সে-ই সমস্ত বিষয় পাইবে। এখন এই কলিকাভায় প্রথমে যে ছই ভগিনীর বিবাহ হইয়াছিল, তাহারই বিষয় দেখা যাউক। নরেক্রভৃষণের প্রথমা ভগিনী নয়নতারার পুত্র হরেক্রকুমার, ডাহার কলা জাহুৰী-এই জাহুৰীর স্থহাসিনী নামে এক কলা আছে। সন্ধানে জানা গিয়াছে, এই কক্তা ফীবিতা আছে, তাহার সন্ধানও পাইয়াছি। তাহার পিতা এই সহরে অনেক টাকা উপার্জন করিয়া কালগ্রাসে পতিত হইয়াছে—দে তাহার মায়ের সহিত বরাহ-নগরে একটা বাগান-বাটীতে থাকে। ইহার মহিত একবার দেখা করিতে হুইবে। নরেক্রভূষণের দিতীয়া ভগিনী জীবনতারা—তাহার কলা কাতাায়না; এই কাত্যায়নীর ক্সার সহিত গোপালের বিবাহ হয়—গোপালের এখ নাবালিকা কন্তা আছে। শুনিয়াছি, গোপাল এখন চলন-নগরের ছেলনে কাৰ করে, তাহার সন্ধানেও বাইতে হইবে। রামকান্তের আসিবার কথা আছে, প্রথমে তাহার সহিত কাজ মিটাইয়া অন্ত ব্যবস্থা দেখা যাইবেঁ।

এইরপ স্থির করিয়া কৃতাস্তকুমার কাঁগজ-পত্র শুটাইরা রাথির। উঠিলেন। এই সমরে রামকাস্তের আসিবার কথা ছিল। তিনি পোষাক করিয়া ভাহার অপেক্ষায় বাহিরে আসিলেন। দেখিলেন, রামকাস্ক সাসিতেক্ষেম ।

রামকান্ত নিকটন্থ ক্লুকুলে ক্লতান্তকুমার বলিলেন, "ন্তন বিদ্ধু সংবাদ আল্লেন্যু কি ?" ্ৰাৰ্ক্তৰত বলিল, "না, বাড়ীটা থানাতলাসী করিয়া আঁই নৃতন কিছুই জানিতে পারা যায় নাই।"

"কোন কাগজ-পত্ৰ পাওয়া যায় নাই ?"

"ৰা, তবে একথানা থাম পাওয়া গিয়াছে, তাহাতে লেখা এমতী বিনোদিনী দাসী।"

"দেটা কোথায় ?"

"অক্ষয় বাবুর কাছে—তিনি ;আপনাকে দেখাইবেন বলিয়া নিজে রাখিয়াছেন।"

"বাড়ীটা কাহার জানা গিয়াছে ?"

"হাঁ, বহুবাজারের একটি ভদ্রলোকের।"

"মুদীর কাছে কিছু জানিতে পারিয়াছ ?"

প্রে বলে স্থামাধব বাবু স্ত্রীলোকটিকে রাথিয়াছিলেন; তাহা সে দাসীর নিকটে শুনিয়াছিল।"

"আর কাহাকেও এ বাড়ীতে আসিতে দেখিয়াছে <u>?</u>"

^{*}হাঁ, আর একটি যুবককে মাঝে মাঝে আসিতে দেখিয়াছে।"

"কে সে ?"

"তাহা বলিতে পারে না।"

"আর কেই আসিত ?"

"হাঁ, আর একজন, কয়দিন আগে আসিয়ছিল।"

ফুতান্তকুমার গন্তীরমুথে বলিলেন, "এই লোকটাই খুনী।"

রামকান্তও সোৎসাহে বলিল, "এই লোকটাই পুলিসের ল্যোক বলিয়া পরিচয় দিয়া আমার চোথে ধুলি দিয়াছিল।"

"হাঁ, এই লোকটাকেই খুঁজিয়া বাহির করিতে হইবে। চারিদিকে

सক্তর রাথ, কথনও চোথে পড়িতে পারে।"

"ধরিতে পারিলে হাজার টাকা পুরস্কার আছে—তাহার **জন্ত** নহে; ইহার জন্ত আমার চাকরী গিরাছিল, দেইজন্তই ইহাকে ধরিব।"

"তুমি এই জমিদারের সন্ধান লইয়াছিলে ?"

"হাঁ, সকলেই তাঁহাকে বড় ভাল লোক বলিয়া জানিত। তাঁহার আগ্রীয়-স্বজন বন্ধুবান্ধব কেহই জানিত না যে, তাঁহার বাগবাজারে সেই বাড়ীতে এই রক্ষিতা স্ত্রীলোকটী ছিল।"

"ইহাতে বোঝা যাইতেছে যে, লোকটা অনেক রাত্রে এই স্ত্রীলোকের বাড়ীতে একাকী আসিত। যাক্, আজ এই পর্যান্ত, আমি এখন একটু ব্যস্ত আছি।"

"তাহা হইলৈ আমার উপর কি ছকুম ?"

"না, আপাততঃ বেশী কিছু বলিবার নাই, সেই লোকটাকে ধরিবার চেষ্টা কর, আর আর যাহা করিতে হয়, আমি করিব। অক্ষয়কুমারকে বলিয়ো, আমি একটা—একটা কেন, ছইটা স্থত্ত পাইয়াছি; শীঘ্রই উ:হার সঙ্গে দেখা করিব।"

রামকাস্ত বিদায় হইতেছিল, সহসা দাঁড়াঁইয়া বলিল, "আমি আপনাকে একটা কথা বলিতে ভূলিয়াছি, অক্ষয় বাবু হাবাকে কথা কহিতে শ্ৰীইতেছেন।"

ক্কতাস্তকুমারও গমনে উন্থত হইয়াছিলেন, "কি !" বিলয়া ফিরিয়া দাঁড়াইলেন।

রামকাস্ত বলিল, "একটি লোককে দিয়া তিঁনি হাবাকে ইসারার কথা কহিত্তত শিথাইতেছেন।"

কৃতান্তকুমার মৃহহান্ত করিলেন; হাসিয়া বলিলেন, "কত বৃৎসরে এ কাজ হইবে ?"

"বোধ হয়, অধিক দিন লাগিবে না—হাবা বেশ শিথিতেছে।"

"মন্দ নর, কিন্তু তাহার কথা কহিবার ঢের পূর্ব্বেই আমরা কাজ 'উন্ধার করিতে পারিব।"

এই বলিয়া তিনি অগ্রসর হইরা গাড়ী ডাকিলেন। গাড়ী নিকটস্থ হইলে তন্মধ্যে উঠিয়া বদিয়া বলিলেন, "বরাহ-নগর।"

গাড়োয়ান বলিল, "বাবু, ভাড়া ?"

কৃতান্তকুমার বলিলেন, "ভন্ন নাই, সন্তষ্ট করিব।" কৃতান্তকুমার ব্যয়কুণ্ঠ ছিলেন না, গাড়োনানেরা প্রায় সকলেই তাঁহাকে চিনিত। গাড়োরান আর কিছু না বলিরা গাড়ী হাঁকাইল।

বথাসমরে গাড়ী বরাহ-নগরে আসিয়া একটা স্থলর উন্থানের সন্মুখে দীড়াইল। ঐ উন্থানের মধ্যে একটি স্থলর অট্টালিকা, ছবির মন্ত বাগানটি ও বাড়ীটি—হুই-ই হাসিতেছে।

ক্কতান্তকুমার গাড়ী হইতে নামিলেন; গাড়োয়ানকে অপেকা করিতে বলিরা উন্সান মধ্যে গ্রবিষ্ট হইলেন।

ৰাগানের যার অবধি স্থলর রাজা বাড়ীর দরজা পর্যন্ত গিয়াছে।
এই পথের ছই পার্বে নানা রকষ ফুলের গাছ; অনেক গাছে ফুল্
টুটিরাছে। ক্লভান্তকুমার ভাবিলেন, *হিহাদের অনেক টাকা, তবুও দেখা
যাক্, নরেক্রভ্যপের সম্পত্তি সম্বন্ধে কি বলে ? টাকা এমনই জিনিষ—
হাজার থাকিলেও লোকে আরও চায়।*

ভিনি বাড়ীর দরজায় আসিলে একজন ভৃত্য তাঁহার নিকটস্থ হইল। ভিনি ভাহাকে বলিলেন, "আমি কর্ত্রী ঠাকুরাণীর সঙ্গে দেখা করিতে আমসিরাছি; শীঘ্র সংবাদ দাও—বল যে, তাঁহার কন্সার সম্বন্ধে বিশেষ কোন কথা আছে।"

"বস্থন, সংবাদ দিতেছি," বলিরা ভৃত্য তাঁহাকে একটি স্থসজ্জিত প্রাকোঠে দইরা বসাইল। কিন্ধংক্ষণ পরে পার্শ্ববর্ত্তী দার খুলিয়া গেল। ক্কতান্তকুমুার বিশ্বিত হইয়া দেখিলেন, এক স্থপুক্ষ, বলিষ্ঠ যুবক দেই দার পথে তথার আগমন করিলেন। তিনি নিকটস্থ হইয়া বলিলেন, "মহাশয় কি কর্ত্তী ঠাকুরাণীর সঙ্গে দেখা করিতে আসিয়াছেন ?"

"হাঁ, একটু বিশেষ প্রয়োজনীয় কথা আছে ?"

"তিনি আমাকে আপনার নিকট পাঠাইলেন—কি বলিবার আছে, বলুন।"

"আপনি কে, অনুগ্রহ করিয়া বলিবেন কি ?"

"আমার নামে বোধ হয়, আপনার কোন প্রয়োজন নাই—তবে এই পর্যান্ত জাতুন যে, শীঘ্রই আমি তাঁহার জামাতা হইব।"

52

ক্বতাস্তকুমার সমন্ত্রমে মন্তক অবনত করিলেন; মনে মনে বলিলেন, কি আপদ্! ইহারই মধ্যে জামাই ঠিক হইয়া গিয়াছে—তৎপর না হইলে সমস্ত পণ্ড হইবে, দেখিতেছি।"

যুবক বলিলেন, "এখন শুনিলেন যে, আমার সহিত এই বাড়ীর কর্ত্তী ঠাকুরাণীর কি সম্বন্ধ; তাহাই বলিতেছি, আপনার কি কথা আছৈ, তাহা আপনি আমাকে অমুগ্রহ করিয়া বলিতে পারেন।"

ক্বতান্তকুমার কোন কথা না কহিন্না যুবকের আপাদমন্তক পর্যাবেক্ষণ করিতেছিলেন। তিনি যে ভাবে চাহিতেছিলেন, তাহা যে নিভান্ত অসভ্যতা, বোধ হয়, তাহা তিনি নিজেই বুঝিতেছিলেন।

তাঁহার ভাবে বিরক্ত হইরা যুবক আবার বলিলেন, "মহাশর, আপনি যে অবাকৃ হইরা গাঁড়াইয়া রহিলেন, আপনি কি এথানে আমার চেহারা দেখিতে আসিয়াছেন ? তবে ইহাও জানিয়া রাখুন, আমি ক্লীসভাতা প্রোয়ই মাণ করি,না।"

ক্কতাস্তকুমার নিতান্ত বিনীতভাবে বলিলেন, "আমি যদি কিছু অস্তান্ন করিয়া থাকি, আমাকে মাপ করিবেন; আমি যে এরপভাবে আপনার দিকে চাহিতেছিলাম, তাহার কারণ আছে; আমার বোধ হইতেছিল যে, আমি আপনাকে যেন পূর্ব্বে কোথায় দেখিয়াছি। আপনাকে কোথায় দেখিয়াছি, তাহাই ভাবিতে ভাবিতে অস্তমনা হইয়াছিলাম, বলিয়াই আপনার কথার উত্তর দিতে বিলম্ব:হুইয়াছে—ক্ষমা করিবেন।"

'যুবক বলিলেন, "আমার মনে হয় না যে, আপনার সঙ্গে আমার আর দেখা হইয়াছিল। আমার নাম স্থরেক্সনাথ—আমি ওকালতি করি; গোবিন্দরাম বাবুর নাম শুনিয়া থাকিবেন—তিনি আমার পিতা।"

কুতাস্তকুমার বলিলেন, "এখন দেখিতেছি, আমার ভুল হইয়াছে, আপনার সহিত পূর্ব্বে আমার কখনও পরিচয় হয় নাই; হয় ত আপনার চেহারার মত আর কাহাকেও দেখিয়া থাকিব। কর্ত্রী ঠাকুরাণীর সহিতই আমার কথা ছিল, যখন তাঁহার নিকট বলিতে পারিতেছি না, তখন খাক—অনর্থক আপনাকে কন্ত দিলাম, কিছু মনে করিবেন না।"

এই বলিয়া ক্বতাস্তকুমার বাডী হইতে বাহির হইয়া গাড়ীর দিকে
চলিলেন'। স্থারেন্দ্রনাথ তাঁহাকে প্রতিবন্ধক দিলেন না। তবে তাঁহার
ভাব দেখিয়া বিশ্বিত হইলেন।

ক্বতান্তকুমার গাড়ীতে উঠিয়া কোচ্ম্যানকে বলিলেন, "একদম্ হাবড়া ষ্টেশনে যাও।"

कार्गान् गाड़ी शैकारेश मिन।

গাড়ীতে বসিয়া কৃতাস্তকুমার মনে মনে বলিলেন, "কি বিষম গোলযোগের ভিতরেই গিয়া পড়িতেছি। এ দেখিতেছি, সামাদের গোবিন্দর্মামেরই ছেলে। আর এ বিবাহ করিতে যাইতেছে, নরেক্রভ্যণের একজন উত্তরাধিকারিণীকে? আর এই স্থরেক্রনাথকে আমি নিশ্চরই পূর্বের্ব কোথার দেখিয়াছি, কোথায়—গোবিন্দরামের বাড়ী ? সেখানে ত জীবনে আমি কখনও যাই নাই; তবে কোথায় ? এখন মনে হইতেছে না. এ বিষয়টাও সন্ধান লইতে হইতেছে।"

তাহার পর তিনি আবার ভাবিলেন, "যাহাই হউক, নরেক্রভ্যণের এই ওয়ারিসানের সহিত কথাবার্তা- কহিবার উপায় কি ? আজ ত দেখা করিল না, তথনও কি করিবে ? যদি আমি এই ছইটি জীলোক— মাতা ও কন্তার কাছে কোন প্রস্তাব করি, তাহা হইলে ইহারা এই স্থরেক্রকে বলিবে—স্থরেক্র গিয়া তাঁহার পিতা গোবিলরামকে বলিবে—তাহা হইলে সেই বুড়ো-ময়না সকলই বুঝিতে পারিবে। না, আমাকে অন্ত উপায় দেখিতে হইবে। আজ থাক, আর একদিন আদিয়া ইহাদের বাড়ীটা ভাল করিয়া দেখিতে হইবে—এখন আর বিলম্ব করিলে চলিবে না। এখন আর এক ওয়ারিসানকে দেখা যাক্, তাহার মা নাই—বাপ আছে। সন্ধান পাইয়াছি, তাহার বয়স অধিক নয়। দেখা যাক্, ইহার বাপকে প্রথমে—সেই সম্পত্তির কথা সে কিছু জানে কি না ?"

অক্ষরকুমার কি পুলিসের সাহেব যদি ক্লতাস্তকুমারের এই সকল কথা গুনিতে পাইতেন, তাহা হইলে তাঁহারা নিশ্চর্যই বিশ্বিত হইতেন; কারণ তাঁহারা তাঁহার উপর খুনের তদস্তের ভার দিয়াছিলেন, তিনিও শীকার করিয়া, বলিয়াছিলেন যে, এক মাসের মধ্যে খুনীকে ধরিয়া দিবেন; অথচ দেখা যাইতেছে যে, ক্লভাস্তকুমার অহ্য বিষয় লইয়াই মহাব্যস্ত আছেন—খুনের বিষয় একবারও ভাবিতেছেন না। খুন সম্বন্ধে রামকাস্তের সহিত কথা কহা ব্যতীত আর কিছুই করিতেছেন না। ভবে ক্বতান্তকুমারের উপর তাঁহাদের খুবই বিশাস আছে। গোরেন্দা-গিরিতে তাঁহার অত্যভূত ক্ষমতা যে আছে, তাহা তাঁহারা বেশ জানেন; অপরাধীকে ধৃত করা সম্বন্ধেও তাঁহার প্রথা নৃতন, স্বভরাং তাঁহারা নিশ্চিন্ত ছিলেন। বিশাস ছিল, ক্বতান্তকুমার যাহা বলিয়াছেন, তাহা করিবেন, এক মাসের মধ্যে খুনীকে অবশ্রুই ধরিয়া আনিবেন।

গাড়ী হাবড়া ষ্টেশনে আসিলে ক্বতান্তকুমার চন্দননগরের একথানা টিকিট কিনিয়া ট্রেণে উঠিলেন। যথা সময়ে ট্রেণ চন্দননগর ষ্টেশনে উপস্থিত হইল; ক্বতান্তকুমার গাড়ী হইতে নামিয়া প্ল্যাটফর্ম্মে দাঁড়াইলেন।

গাড়ী ষ্টেশন ছাড়িয়া চলিয়া গেলে এবং অস্তান্ত যাত্রিগণ ষ্টেশন হাঁইন্ডে বাহির হইয়া গেলে, তিনি একজন রেলের জ্মাদারকে জিজ্ঞাসা করিলেন, "এখানে গোপাল বলিয়া কোন লোক কাজ করে ?"

সে বলিল, "গোপাল! কোন্ গোপাল ?"

"এই রেলে—এই ষ্টেশনে সে কাজ করে।"

"এক গোপাল পরেণ্টম্যান আছে।"

"হাঁ, হাঁ--সেই-ই।"

"ঐ ডিষ্ট্যাণ্ট সিগ্নাল গুম্টীতে সে থাকে।"

"রুটে, এই লাইনের উপর দিয়া যাইব ?"

"পাশ দিয়া যান্। গোপালকে আপনার কি দরকার ?"

"সে আমাদের দেশের লোক।"

জ্বনাদার আর কোন কথা না কহিয়া অন্ত কাজে চলিয়া গেল।
 কৃতান্তকুমার লাইনের উপর দিয়া দুর গুম্টার দিকে চলিলেন।

কিয়দূর আসিয়া ক্বতাস্তকুমার দেখিলেন, একটি বাদশবর্ষীয়া বালিকা হাতে করিয়া কি লইয়া গুম্টীর দিকে যাইতেছে। ক্বতাস্তকুমার মনে মনে মুদিলেন, "এইটী-ই দে-ই—বাবার জন্ম কিছু খাবার লইয়া যাইডেছে। কে ভাবিবে যে, পয়েণ্টম্যানের মেয়েটি প্রায় পাঁচ লাথ টাকার মালিক ? কেন, পাঁচ লাথ টাকা কেন ? বদি বরাহ-নগরের মেয়েট হঠাৎ মরিয়া যায়, তাহা হইলে এই মেয়েট সমস্ত সম্পত্তি পাইবে; তবে ইহার বাপ গোপাল নিশ্চয়ই এ বিষয়ের কিছুই জানে না—জানে কি না জানে, তাহা প্রথমে দেখা আবশ্যক।"

এই বলিয়া তিনি ক্রতপদে চলিলেন। তাঁহার ইচ্ছা যে, ভিনি বালিকাকে গিয়া ধরিবেন; কিন্ধু বালিকাও ক্রতপদে চলিতেছিল, বিশেষতঃ লাইনের উপর দিয়া সে সর্ব্বদাই গমনাগমন করিত, স্থত্রাং এ কার্য্যে সে বিশেষ অভ্যন্ত হইয়াছিল, এইজন্ম ক্রতান্তকুমারের সাধ্যানাই, তাহাকে ধরিতে পারেন। মেয়েটি প্রথমেই শুম্টী ঘরের ছারে পৌছিল। গোপাল তাহাকে দেখিয়া ঘর হইতে বাহির হইয়া আসিল। কন্সার হাত হইতে থাবার নামাইয়া লইয়া, তাহাকে ক্রোড়ে তুলিয়া বারংবার তাহার মুখচুম্বন করিল। সংসারে গোপালের এই মেয়েটি বাতীত আর কেহ ছিল না, এই মেয়েটি তাহার সংসারের একমাত্র বন্ধন—ভালবাসার একমাত্র আধার এবং তাহার নয়নের তারা ছিল।

সহসা গোপালের দৃষ্টি ক্বতাস্তকুমারের প্রতি পড়িল। এতদুরে এই শুম্টিতে কোন ভদ্রলোক আসিত না; ক্বতাস্তকুমারের বেশভ্যা বড়লোকের স্থার, গোপাল বিস্মিত হইল, ক্স্পাকে তথায় রাথিয়া করেক পদ তাঁহার দিকে অগ্রসর হইল।

ক্কতাস্তকুমার গোপালের নিকটবর্ত্তী হইয়া বলিলেন, "ভোমার নাম গোপাল—আর ঐটি বুঝি তোমার কন্তা ?"

গোপাল একটু বিশ্বিতভাবে বলিল, "হাঁ, আপনার কি আমার কাছে কিছু দরকার আছে ?"

্ "হাঁ, এই মেয়েটি ঠিক ইহার মা'র মন্ত দেখিতে হইরাছে।" 🐲 🗥

"ইহার মাকে কি আপনি চিনিতেন ?"

· "না, ছই-একবার দেখিয়াছিলাম মাত্র, তবে তোমার শাশুড়ীকে আমি চিনিতাম।"

"আপনাকে আমি কখনও দেখি নাই; আপনি কি জ্ঞা আদিয়াছেন ?"

"আমি ভাবিয়াছিলাম যে, তোমার কন্তা একটা সম্পত্তির ওয়ারিসান হইতে পারে।"

্রোপাল মানহাসি হাসিয়া বলিল, "আমাদের মন্ত গরীব আবার কবে কাহার ওয়ারিদান হয় ?"

"তোমার শাশুড়ীর মা'র নাম কি ছিল, তিনি কাহার কলা জান •়"

"আমার স্ত্রী যথন ছেলেমানুষ, তথন তিনি মরিষা গিয়াছিলেন— আমি তাঁহাদের বিষয় কিছু জানি না।"

"হাঁ, আমারই ভুল হইয়াছে, আমি থাহার কথা ভাবিতেছিলাম, তবে সে অন্তলোক——"

এই সমরে দ্রে বংশীগবনি হইল। গোপাল বলিয়া উঠিল, "কলিকাতার গাড়ী আদিয়াছে, আমাকে পয়েণ্ট ঠিক করিতে হইবে— আমি চলিলাম," বলিয়া সে উর্দ্ধাসে ছুটিয়া গিয়া পয়েণ্ট সবলে চাপিয়া ধরিল; পয়েণ্টের উপরের লোহচক্রথানা ঘ্রিয়া ডিট্ট্যাণ্ট সিগ্তালের সাদা পাথা বাহির হইল।

গোপাল যেরপভাবে দাঁড়াইয়া পয়েণ্ট ধরিয়াছিল, তাহাতে তাহার পশ্চান্দিক্ ক্বতাস্তকুমারের দিকে পড়িয়াছিল, স্বতরাং গোপাল তাঁহাকে দেখিতে পাইতেছিল না।

্র কুতাঁস্তকুমারও ভাবিলেন যে, ইহার নিকটে আর কিছু জানিবার নাই--স্কুতরাং এখানে আর অপেকা করা রুথা। সেই সময়ে তিনি দেখিলেন, গোপালের কন্সা অনেক দ্রে—ষ্টেশনের দিকে, গিয়াছে। লাইনের ধারে অনেক বনফুল ফুটিয়াছে, বালিকা তাহাই আগ্রহের সহিত কুড়াইতেছিল। এই বালিকার নাম লীলা।

লীলাকে দেখিলে গরীব পয়েউম্যানের কন্তা বলিয়া বোধ হয় না— প্রকৃতই সে দেখিতে বড় স্থন্দর; তবে অষত্বে তাহার অপরূপ রূপ ভন্মাচ্ছাদিত অনলের ন্তায় শোভা পাইতেছিল। প্রস্থৃত কৃষ্ণকেশড়ার পৃষ্ঠ ও স্কন্ধ ঢাকিয়া বিসর্পিত!

কৃতাস্তকুমার লীলার রূপে ও সরলতায় মুগ্ধ হইয়াই হউক, আর যে কারণেই হউক, তাহার নিকটে আসিয়া দাঁড়াইলেন, পকেট হইতে মনিব্যাগ বাহির করিয়া একটা টাকা তাহাকে দিতে গেলেন;, লীলা মাথা নাড়িয়া সরিয়া দাঁড়াইল; সে গরীবের কন্তা বটে—ি ভিথারী নহে।

কৃতাস্তকুমার যেন ছঃখিত হইয়া, ব্যাগটী পকেটে রাখিলেন; কিন্ত ব্যাগটীর মুখ যে বন্ধ করেন নাই, তাহা বোধ হয়, জানিতে পারেন নাই; কতকগুলি টাকা লাইনের মধ্যে ছড়াইয়া পড়িয়া গেল। তিনি বোধ হয়, ইহাও জানিতে পারিলেন না। তিনি সম্বরপদে লাইনের উপর দিয়া প্রেশনের দিকে চলিলেন।

লীলা টাকা পড়িতে দেখিয়াছিল, তাহাই বলিয়া উঠিল, "বাবু — বাবু।" কিন্তু ক্বতাস্তকুমার তাহার কথাও বোধ হয়, ব্যস্ততাপ্রযুক্ত শুনিতে পাইলেন না। সেইরূপ ক্রতপদে ষ্টেশনের দিকে চলিতে লাগিলেন।

তথন লীলা সম্বর লাইনের উপরে আসিয়া টাকাগুলি কুড়াইতে লাগিল। টাকাগুলি কুড়াইয়া, ছুটিয়া গিয়া কুতাস্তকুমারকে দিবে ইহাই তাহার ইচ্ছা।

. 50

তথন পশ্চিম গগন-প্রান্তে রক্তবর্ণ স্থান নীরবে প্রশান্ত ধরণীবক্ষে স্বর্ণধারা বর্ষণ করিতেছিল। পশ্চাতে বৈ একথানা টেণ আসিতেছে, টাকা কুড়াইতে গিয়া লীলা তাহা ভূলিয়া গিয়াছিল; সে সর্বাদা পিতার নিকট শুম্টীতে থাকিত, স্থতরাং কথ্ন কোন্ গাড়ী কোন্ দিক্ হইতে আসিবে; তাহা সে সব জানিত। দ্রস্থ গ্রামের নিরীহ লোকেরা গাড়ীর সময় জানিতে হইলে তাহাকেই জিজ্ঞাসা করিত; স্থতরাং গাড়ী আসিবার সময় হইলে সে কথনও লাইনের উপর থাকিত না; কিন্তু আজ টাকা কুড়াইতে গিয়া সে গাড়ীর কথা একেবারে স্কুলিয়া গেল।

গাড়ী দূরে দেখা দিয়াছে, মহাশব্দে শন্ শন্ করিয়া ঝড়ের বেগে ছুটিয়া আসিতেছে; ডাকগাড়ী—চন্দননগরে থামিবে না—একেবারে কলিকাতায়। ডাইভারও কুদ্র লীলাকে দেখিতে পায় নাই, দূর হুইতে পয়েণ্টে খেত মার্কা দেখিয়াছে, স্কুতরাং রাস্তা পরিষ্কার আছে; তবুও নিশ্চিত হুইবার জন্ম সে ইঞ্জিন হুইতে মুখ বাড়াইয়া দেখিয়াছে যে, প্রেণ্টমাান ঠিক নিয়ম মত পরেণ্ট ধরিয়া আছে।

পরেণ্টম্যান আট-দশ টাকা মাসিক বেতন পায় বটে—কিন্ত তাহার উপর কত জনের যে প্রাণ নির্ভর করে, তাহা কয়জন ভাবিয়া দেখেন ? তাহার একটু ভ্রম হঁইলে সমস্ত ট্রেণথানি এক নিমেষে চুর্ণ-বিচূর্ণ হইতে পারে—শত শত লোক অকালে প্রাণ হারাইতে পারে।

গ্রোপাল বহু বৎসর রেলে পরেন্টম্যানের কাজ করিতেছে, এ পর্যাস্ত ভাহার কথনও ভূল হয় নাই; যথন সে পরেন্ট ধন্নিত, তথন সে জগং-সংসার সব ভূলিয়া যাইত, এমন কি, তাহার প্রাণের লীলাকেও জুলিত; তাহার প্রাণ মন অন্তিত্ব সমস্ত যুগণৎ পদ্মেণ্ট ও গাড়ীতে সমস্ত সন্নিবিষ্ট ইইরা বাইত; এই ছুইটার মধ্যে সে নিজেকেও একেবারে হারাইরা ফেলিত—তাহার আর অন্ত জ্ঞান থাকিত না। গাড়ী নিরাপদে চলিরা গেলে সে নিঃখাস ছাড়িরা সর্বাদ ভুগুরাদের নাম করিত।

আজ পরেণ্ট ধরিয়া মুহুর্তের তাহার মন বিচলিত হইল।
তাহার মনে মুহর্তের জন্ম লীলার কথা উদয় হইল, সে কোথায়—
লাইনের উপর নাই ত ? গাড়ী আসিবার সময়ে সে কথনও লাইনের
উপর থাকিত না। গোপালের অপেক্ষা গাড়ীর সময় তাহার আরও
বেশা মুথস্থ ছিল; স্থতরাং গোপাল জানিত যে, লীলা কথনই
এখন লাইনের উপর নাই, তব্ও গোপালের মন কেন বিচুলিত
হইল, সে মুখ ঃ ফিরাইয়া দেখিল; ক্তান্তকুমার দ্রে ষ্টেশনের
দিকে যাইতেছেন—আর লীলা লাইনের উপর দিয়া তাঁহার পশ্চাতে
ছুটিতেছে— পশ্চাতে যে গাড়ী আসিতেছে, সে জ্ঞান তাহার নাই।

গোপালের হৃদয় হৃদয়ের মধ্যে বসিয়া গেল। শেষে বৃঝিল, আর এক মুহুর্ত্তে তাহার নয়নতারা হৃদয়ের আলোঁ লীলা গাড়ীর নীচে পড়িয়া পেষিত হইবে।

গোপালের নিকট হইতে গাড়ী আর একশত হাতও দূরে নাই—
আর অপর দিকে পরেণ্ট হইতে ছই শত হাত দূরে লীলা লাইনের উপদ্ব
দিয়া ছুটিতেছে—গাড়ীর কথা তাহার একেবারেই মনে নাই। সে
ছুটিতেছে, আর মধ্যে মধ্যে অবনত হইয়া লাইনের ভিতর হইতে কি
কুড়াইয়া লইতেছে। তাহার কেশদাম বায়ুভরে উড়িয়া মুথের উপর
পড়িতেছে। একহাতে কেশ সরাইয়া, কথন বা তাহা ধরিয়া হেঁট
হইয়া অপর হাতে টাকা ভুলিতেছে; বরাবর বহুদ্র পর্যান্ত এইয়প
টাকা ছড়াইয়া পড়িয়াছে।

মহাবেগে মহাশব্দে ধুম উনগীরণ করিতে করিতে ডাকগাড়ী মহাকার কুদ্ধ দৈত্যের মত ছুটিয়া আদিতেছে; অপর দিকে হাওয়া চলিতেছিল বলিয়া, গাড়ীর শব্দ লীলার কর্ণে প্রবিষ্ঠ হয় নাই।

আর তাহার রক্ষা পাইবার কোন আশা নাই। ডুাইভার তাহাকে দেখিল, কিন্তু গাড়ী থামাইবার তথন স্মার সময় নাই। কি সর্বনাশ!

একজন কেবল এ অবস্থায় লীলার প্রাণরক্ষা করিতে পারে—সে
তাহার পিতা—গোপাল। এখনও গাড়ী পরেন্টে আসে নাই; গোপাল
ইচ্ছা করিলে, পরেন্ট ছাড়িয়া দিলে গাড়ী অন্ত লাইনে চলিয়া যাইতে
পারে; যে লাইনের উপর লীলা আছে, তাহার উপর দিয়া যাইবে না।
তবে ইহাতে গাড়ী যে লাইনে যাইবে, তাহা বন্ধ থাকিতে পারে,
তাহাতে অন্ত গাড়ী আসিতে পারে, স্থতরাং এই প্রেল বেগবান্ গাড়ী
তাহার উপর গিয়া চূর্ণ-বিচূর্ণ হইবে—গাড়ীর সমস্ত আরোহী এক
নিমেষে মৃত্যমুথে নিক্ষিপ্ত হইবে। এক নিমেষের জন্ত গোপালের মনে
এ কথা উদিত হইল—অমনই সঙ্গে কে ব্যন বলিল, শেত সহস্রের
প্রোণ তোমার হাতে—এ হুর্ঘটনার দায়ী তুমি, তাহা হইলে নরকেও
তোমার স্থান হইবে না।"

গোপালের চোথের উপর ঝকিল, লোমহর্ষণ দৃশ্য—যেন তাহার প্রাণের লীলার উপর দিয়া গাড়ী চলিয়া যাইতেছে, লীলার দেহ পেষিত ছইয়া টুক্রা টুক্রা মাংসপিওে পরিণত হইয়াছে। কি ভয়ানক! গোপালের মাথার সমুদায় চুলগুলা রুপ্ট সজারুর কাঁটার ভায় সোজ। ছইয়া দাঁড়াইয়া উঠিল। তাহার চক্ষু হইতে তারাঘয় যেন ছিয় হইয়া বাহির হইছে চায়। সহসা বিহাতের ভায় চকিতে তাহার মনে একটা কথা উদিত হইল, যদি গাড়ী অপর লাইনে দিই—তাহা হইলে ষ্টেশন এখান হইতে অনেক দ্র,

নিশ্চয় তাহারা লাল দেথাইবে, গাড়ীও থামিবে, কোন ক্ষতি হইবে না, কেবল আমার চাকরী যাইবে, তাহা যাক্, আমার লীলা ত বাঁচিবে। তবে তাহাই করি।"

গোপাল পরেণ্ট ফিরাইতে বাইতেছিল, এমন সমরে ষ্টেশন হইতে বংশীধনিন হইল। সে ধানি তীক্ষ তীরের স্থায় গোপালের কর্ণে প্রবেশ করিল। তখন গোপাল বুঝিল, ষ্টেশন হইতে হুগলীর গাড়ী ছাড়িয়াছে। হায়, আর বুঝি রক্ষা হইল না। সে বে অপর লাইনে ডাকগাড়ী দিতেছিল, সেই লাইন দিয়াই হুগলীর গাড়ী আসিতেছে। পরেণ্ট একটু যুরাইলে হুই গাড়ীতে সংঘর্ষণ হুইবে, এক নিমেবে চুর্ণ-বিচুর্ণ হুইয়া যাইবে, সহত্র সহত্র লোক হঠাৎ মৃত্যুমুধে পতিত হুইবে।

এই সময়ে হুঁই দিক্ হইতে হুই গাড়ীর বালী বাজিয়া উঠিল; তথন গোপালের মাথায় ঘোরতর বিপ্লব উপস্থিত হুইল; সে পাযাণের মত হুইয়া গেল, সে সব ভূলিয়া গেল—এমন কি নিজেকেও। উভয় দিক্ হুইতে উভয় গাড়ীর তীত্র বংশীধ্বনি গোপালের কর্ণে যেন বিকটম্বরে বিলনু, "এই সকল নরনারী তোমার কি করিয়াছে যে, তুমি ইহাদের হুত্যা করিতে যাইতেছ? এ মহাপাপের প্রায়শ্চিত্ত নাই; গোপাল, সাবধান!"

"হা ভগবান্—না—না—এ কাজ আমি কিছুতেই গারিব না—
মরে, আমিও এইরূপে মরিব, সব ফুরাইয়া যাইবে। লীলা—
——" এই কথাগুলা গোপালের উন্মন্ত বিচঞ্চল মন্তিকে বারেক
চকিতে উদয় হইল মাত্র। তথন তাহার মন্তিকে প্রবল ঝটিকা বহিতেছে।
সে দৃঢ় হন্তে সবলে পয়েণ্ট চাপিয়া ধরিল, মহাবেগে কট্ট প্রকাণ্ড আর্মণ্য
জন্তর মত ডাকগাড়ী নিজের লাইন ধরিয়া তীরবেগে বাহির হইয়া গেল।
স্কাক বুঝি, কুল লীলার রক্তেই শত শত লোকের প্রাণককা হইল।

গোপাল তথন পরেণ্ট ছাড়িরা দিরা লীলা বথার ছিল, সেইদিকে উর্দ্ধানে ছটিল; লীলাকে রক্ষা করিবার কোন উপার ছিল না—তবে একবার শেব দেখা। গোপাল দেখিল, এই সমরে সহসা লীলা পশ্চাদিকে মুখ ফিরাইল। তাদাণ সে গাড়ীর আড়ালে পড়িল—লীলাকে গোপাল আর দেখিতে পাইল না।

ু এতক্ষণে নীলা গাড়ী দেখিল, কিন্তু গাড়ী তাহার উপর—কমণ-ক্লিকার উপর প্রকাণ্ড ক্লফ্ডহন্তীর পদক্ষেপের আর এক বিপল বিলম। লীলা-কাঁপিতে কাঁপিতে জামুভরে বসিয়া পড়িল।


্রেশিণাল জুলাত্তের মত চীৎকার করিয়া উঠিল, "লীলা শুরে— শুরে,পড়।" প্রতিকূল বায়্ও সে স্বর বিপরীত দিকে বহিয়া লইয়া গেল। শীলা কিছুই শুনিল না—হায় হায়! সর্বনাশ হইল! ব্রি সব ফুরাইল!

তাহার পর গোপাল আর কিছু দেখিতে পাইল না। কেবল দেখিল, ডাকগাড়ী প্রবলবেগে লীলার উপর দিয়া চলিয়া যাইতেছে— দুধুনই চলিয়া গেল।

ব্যাপাল ছুটিয়া সেইস্থানে আসিল, লীলা কি আছে—না পুষিত কিবাছে গোপালের নিঃখাস-প্রখাস পর্যান্ত রোধ হইয়া আসিয়া-ছিল। গোপাল দেখিল, লাইনের মধ্যস্থলে তাহার লীলা উপুড় হইয়া পড়িয়া আছে—তাহার হাত মাথার দিকে বিস্তৃত, তাহার মুখ মাটীর দিকে—সে নিশ্চল—নিশ্পন।

"হা ভগবন্! এই করিলে—শেষ অদ্ধের ষষ্টি কাড়িয়া লইলে।" গোপাল ব্যাকুলভাবে কাঁদিয়া উঠিল। কাঁদিতে কাঁদিতে লীলাকে কোলে তুলিয়া লইল।

তথন লীলা চকু মেলিল; সহাভবদনে—এ হাসি বোধ হয়, স্বর্গেও
নাই—বলিল, "বাবা কাঁদিতেছ কেন? আমার ত লাগে নাই, তবে



হথি হায়। স্ক্রিনাশ হউল। ব্কি সব কুপটিল। [প্তিজাপালন---১৮ পুসা

গাড়ীগুলা যথন উপর দিয়া যাইতেছিল, তথন কি ভয়ানঁক শক। এখনও বেন কাণে তালা ধরিয়া রহিয়াছে। কেন বাবা, তুমি ত কতবার বলিয়াছ, গাড়ী আসিয়া পড়িলে উপুড় হইয়া গুইয়া পড়িবে; আমি ঠিক তাহাই করিয়াছিলাম—আমার কিছুই লাগে নাই—এই দেথ, টাকাগুলাও ছড়াইয়া ফেলি নাই। বাবা, সেই ভদ্রলোকটি এখনও ষ্টেশনে আছেন, চল তাঁহাকে তাঁহার এই টাকাগুলি দিয়া আসি।"

গোপালের চকু দিয়া দরবিগলিতধারে আনন্দাশ্র বহিতেছিল। সে গলগদকণ্ঠে বলিল, "ভগবান্ আজ তোকে ফিরাইয়া দিয়াছেন, আমি তাঁহাকে দিন রাত ডাকি। আর সেই লোকটা—পরে তাহাকে দেখিব।"

ডাকগাড়ীর ড্রাইভার কিছুদ্রে গাড়ী থামাইয়ছিল; কিন্তু এক্ষণে সে
লীলাকে গোপালের ক্রোড়ে নিরাপদ দেখিয়া সহাস্তম্থে আবার গাড়ী জ্বোর
করিয়া চালাইয়া দিল। বংশীধ্বনি হওয়ায় গোপাল সেইদিকে ফিরিয়া
দেখিল, গাড়ী আবার তীরবেগে ছুটিয়াছে— ড্রাইভার ও গার্ড উভয়
সাহেবই তাহার দিকে টুপি খুলিয়া সবেগে নাড়িতেছে। তথনই
অপর লাইন দিয়া আর একথানা টেণ মহাবেগে চলিয়া গেল। এই
উভয় টেলের আরোহিবর্গের কেহই ব্ঝিল না, আজ তাহারা একটা
কি ভয়ানক সাংঘাতিক বিপদের হাত এড়াইয়া গেল!

\$8

প্রাপ্তক্ত ঘটনার পর দিবস সহরের সর্বতে পুলিস ছলিয়া দিয়াছে ;--

"একটা স্ত্রীলোকের মৃতদেহ একটা বাল্লের ভিতর পাওয়া গিয়াছে—
ইহার বড় ফটোগ্রাফ লওয়া হইয়াছে—আজ লালণীণীর খানে ঐ
কটোগ্রাফ টালাইয়া রাখা হইবে। সকলকেই সেখানে গিয়া ঐ ফটোগ্রাফ

শৈষিতে অমুরোধ করা যাইতেছে। এই দ্রীলোক কে, যে বলিবে, এবং ইহার সম্বন্ধে কোন স্ব্বান দিতে যে পারিবে, তাহাকে পঞ্চাশ টাকা পুরস্কার দেওরা যাইবে।"

আজ বৈকালে বহুলোক লালনীখীতে আসিয়া জমিয়াছে। নানা-লোকে নানাকথা কহিতেছে সত্য, কিন্তু এই স্ত্রীলোক যে কে, তাহা কেইই বলিতে পারিতেছে না। রামকান্ত ও শ্রামকান্ত উভরেই ছন্মবেশে এই ভিড়ের মধ্যে ছিল। রামকান্ত তাহার চকুর্দ মকে বিশেষ সতর্ক রাধিয়াছিল। একজমকে দেখিয়া তাহার বোধ হইল, যেন এই লোকটাকেই সে সেদিন রাজে বাগবাজারের বাড়ীতে দেখিয়াছিল; কিন্তু লোকটা একখানা ক্রমালে মুখের নীচের দিক্টা চাপা দিয়াছিল; সেইজক্ত রামকান্ত তাহার মুখ ভাল দেখিতে পাইল না। ভাবিল, "দেখা যাক, কতক্ষণ এ মুখে ক্রমাল দিয়া থাকে।"

তথন রামকান্ত, শ্রামকান্তকে লোকটার উপরে নজর রাথিতে ধলিল। তাহার সন্দেহ হইরাছিল মাত্র, নিশ্চিত হইতে পারে নাই; ভাবিল, "দেথিতেছি, এ ভতলোক—যদি ভূল করিয়া ইহাকে গ্রেপ্তার করি, তাহা হইলে কেবল যে হাস্থাম্পদ হইতে হইবে, এরূপ নহে—উপরওয়ালার কাছেও প্রচুর লাঞ্ছনা ভোগ করিতে হইবে—কাজেই হঠাৎ কিছু করা ভাল নহে।

ষথন রামকাস্ত এইরূপ গবেষণার নিযুক্ত ছিল, সেই সময়ে লোকটি ভাষার দৃষ্টির বহিভুতি হইয়া গেল—ভিড়ের মধ্যে সে কোন্ দিকে চলিয়া গেল।

রামকান্ত তাহার সন্ধানে ঘাইতেছিল, এমন সময়ে ভিড়ের বাহিরের দিকে একটা মন্ত গোল উঠিল। রামকান্ত বলিয়া উঠিল, "তাহাকেই কি গ্রেপ্তার করিল না কি—দেখা যাক্, বাাপার কি," বলিয়া রামুকান্ত সত্বপদে বেধানে গোলযোগ হইতেছিল, সেইধানে উপস্থিত হইল।
দেখিল, ছইজন পাহারাওয়ালার সহিত এক হিন্দুহানীর মহা বুদ্ধ
আরম্ভ হইরাছে; পাহারাওয়ালাছর সেই হিন্দুহানীটার হাত ছইটা
চাপিয়া ধরিয়াছে, আর শ্রামকাস্ত ভাহার গলা টিপিয়া ধরিয়াছে;
স্থতরাং রামকাস্ত আর বাকী থাকে কেন—ভাহাদের সহিত যোগদান
করিল। তথন হিন্দুহানীকে ভাহারই পাগড়ীর কাপড়ে বাঁধিয়া ফেলিতে
কাহাকেও অধিক ক্লেশ পাইতে হইল না।

শ্রামকান্ত হাঁপাইতে হাঁপাইতে রামকান্তকে বলিল, "বেটা একজনের পকেট মারিতেছিল হে!"

একজন পাহারাওয়ালা বলিল, "শীত্র থানার লইয়া চলুন—না হইলৈ লোকে ইহাকে মারিয়া ফেলিবে—বে পারিতেছে, দেই মারিতেছে।"

রামকান্ত বলিল, "ইহাকে আগে একথানা গাড়ীতে পুরিয়া ফেল।"

একজন পাহারাওয়ালা ছুটিয়া একথানা গাড়ী আনিল। তথক রামকান্ত ও ভামকান্ত সেই হিন্দুছানীটাকে লইয়া সেই গাড়ীতে উঠিল; গাহারাওয়ালায়য় গাড়ীর ছাদের উপর উঠিল। গাড়ীর মধ্যে রামকান্ত হিন্দুছানী লোকটার হস্তাদি থানাতল্লাসী করিল। তাহাতে বাছির হইল, একটা ঘড়ী ও চেন—তিনটা মনিব্যাগ—ক্ষমালে বাঁখা চারিটা টাকা—আর একথানা ছোট পকেট-বহি।"

রামকান্ত যেমন সেই পকেট-বহিধানা খুলিল, অমনি তন্মধ্য হইতে একখানি ফটোছবি গাড়ীর থোলের মধ্যে পড়িয়া গেল। রামকান্ত সম্বর স্থোনি তুলিয়া লইয়া দেখিল—ছবি, সেই হত স্ত্রীলোকের।

30

রামকান্ত বিশ্বিত ও আনন্দিত হইয়া ছবিথানি পুনঃ পুনঃ দেখিতে লাগিল—ছাঁ, এ বিষয়ে আর কোন সন্দেহ নাই—এ সেই স্ত্রী-ণোকেরই ফটোগ্রাফ; আরও আশ্চর্য্যের বিষয়, ছবিথানি ভোগা হইয়াছে, যথন এ রমনী তাস খেলিতেছে, বুকের উপর ইস্থাবনের টেড়াট লই ন' কি খেলিবে শ্বিতস্থে তাহাই ভাবিতেছে। সেই রপ— সেই সৌন্দর্যা—এমন কি সেই বেশ—সেই বেশই রমনীর দেহ বাক্সের মধ্যে পাওরা গিরাছিল। একি রহস্ত !

ভাগ্যক্রমে এই খুনের ব্যাপারের যে মহসা এমন একটা সন্ধান হাতে পাইবে, রামকান্ত তাহা ভাবে নাই; এখন সে আনন্দে একেবারে অষ্টধা হইরা পড়িল—সে রাত্রে যে লোক তাহার চোখে ধূলি দিয়াছিল, তাহার কথা একেবারে ভূলিরা গেল। ভাবিল, যখন হত জীলোকে ছবি এই লোকটার নিকট পাওরা গিয়াছে, তখন এ নিজে না খুন করিলেও কে খুন করিয়াছে, নিশ্চর বলিতে পারিবে; অন্ততঃ এ জীলোকের সকল সদ্ধান ইহার নিকটে পাওরা যাইবে। এ তাহাকে নিশ্চরই বিশেষরূপে চেনে, নতুবা তাহার ছবি ইহার নিকটে পাওরা যাইবে কেন ? বাহা হউজ, এই সকল বিষর অবগত হইবার এখনই স্থবিধা—খানার উপস্থিত হুইলে এ স্থবিধা আর থাকিবে না। তাহাই রামকান্ত হাত্তমুখে শ্রামনজ্র চোখের উপর সেই ছবিখানি ধরিল।

ভামকান্ত বিশ্বিত হইয়া বলিয়া উঠিল, "তাই ত হে !"
"চিনিতে পারিয়াছ ?"
"শষ্ট চেনা যায়।"

তাহা হইলে আর কি—এই ভারাকে থানিকক্ষণ ঝুলিতে হইবে— এইমাত্র।"

তাহার পর রামকান্ত হিন্দুস্থানীর দিকে ফিরিয়া গন্তীরভাবে বলিল, "বাপু হে, তুমি আমাদের চেয়েও ভাল বাঙ্গালা বুঝিতে পার, যাহা বিলিলাম, বুঝিলে ত? ভোমার অদৃষ্টে যাহা আছে, তাহাও বেশ বুঝিতে পারিতেছ; তুমি কেবল পকেটমারা লোক হইলে বছরখানেক জ্বেল খাটিয়াই বাঁচিয়া যাইতে; কিন্তু বাপু—বেশ ত জানিতেছ বে, কি করিয়াছ—কাঁসী ভিন্ন তোমার গতি নাই।"

হিন্দু হানীর মুখ একটু শুক হইল বটে, কিন্তু সে কোন কথা কছিল না। তখন রামকান্ত বলিল, "আমি ঠিক পুলিসের লোকের মত নছি— তোমাকে হই-একটা সহপদেশ দিতেছি, মন দিয়া শুন। তোমার রক্ষা পাবার একমাত্র উপায় আছে, সেটা তোমার বক্ষুভাবে বিনিয়া দিতেছি; যদি তুমি এ ব্যাপারে কে কে ছিল, সমস্ত কথাই পুনিয়া বল, তাহা হইলে তোমায় সরকারী সাক্ষী করিব, তুমি মাপ পাইবে—ফাঁসী হইতে এ বাত্রা বাঁচিয়া বাইবে।"

এবার হিন্দুসানী কথা কহিল; বলিল, "খুলিয়া কি বলিব ?"

"তাহা কি জান না, বাপু ? আমার কথাটা মন দিয়া শুন; এস, সব খুলে বল।"

"খুলে কি বলিব, আমি বাহা করিতেছিলাম, তাহাতেই ত তোমরা হাতে-নাতে আমাকে ধরিয়াছ—হাঁ, ঐ আমার ব্যবসা, আর খুলিয়া বলিব কি ? পকেট মারিলে কেহ ফাঁসী যায় না।"

"বৃদ্ধিমানের মত কাজ কর, বাপু! গাধা হইয়ো না; পকেট মারি বার কথা হইতেছে না," বলিয়া রামকান্ত হঠাৎ ছবিথানা হিন্দুসানীর সন্মুখে ধরিল; ভাবিয়াছিল, এই স্ত্রীলোকের ছবি দেখিয়া সে শিহরিয়া উঠিবে ; কৃন্ধ সে সেরূপ কোন ভাব দেখাইল না। কেবল যেন একটু বিশ্বিত হইল।

রামকাস্ত উৎফুলভাবে বলিল, "বাপু হে, ইহাকে চিনিতে পার ?"

হিন্দুস্থানী বলিল, "হাঁ, এরই ত ছবি লালদীঘীর মধ্যে তোমরা টাঙাইয়া রাখিয়াছ।"

"হাঁ, আর মহাশয় যাহাকে খুন করিয়াছিলেন—আর কেন স্বীকার করিয়া ফেল, ইহাতে ভোমার ভাল হইবে।"

হিন্দুয়ানী অতিশয় বিশ্বরে চক্ষ্ বিশ্বারিত করিয়া বলিল, "আমি— আমি ইহাকে খুন করিয়াছি! আমি ইহাকে জীবনে কথনও দেখি নাই।"

"ৰাপু হে, এ কথা কি জজে শুনে ? যদি ইহাকে না-ই চিনিবে, তবে ইহার ছবিথানি সঙ্গে সঙ্গে রাথিয়াছ কেন, বাপু ?"

"আমার কাছে এ ছবি ছিল না।"

"এই পকেট বইয়ে ছিল।"

"ও পকেট-বই আমার নয়।"

"তবে কা'র ?"

"একটু আগে একজনের পকেট হইতে এথানা লইয়াছিলাম— নিশ্চয়ই ডায়।"

রামকান্ত উচ্চহাস্ত করিয়া উঠিল। বলিল, "বৃদ্ধি আছে, স্বীকার করি—বেশ একটা ফলী খাটাইয়াছ বটে; বলিলেই ত হইবে না, কখন, কোথায়, কাহার পকেট হইতে এই পকেট-বই লইয়াছ, সব বলিতে হইবে।"

"এই একটু আগে এথানে সেই লোকটা ছিল, মুখে কমাল চাপা দিয়া সে সুরিতেছিল।" রামকান্ত সবিশ্বরে বলিয়া উঠিল, "কি !"

রামকান্তের মাথা ঘুরিয়া গেল, তবে ত এ সেই লোক—তবে তাহার ভূল হয় নাই; সে তাহাকে আজ এখানে দেখিয়াছিল, তাহারই পকেটে মৃত রমণীর ছবি ছিল, আর সে আজও তাহাকে ছাড়িয়া দিল; তাহার ভাষ প্রকাণ্ড গাধা আর নাই।

30

রামকাস্ত কিয়ৎক্ষণ নীরবে রহিল, প্রকৃতই সে হতবুদ্ধি হইরা গিরাছিল; ভাবিল, "এ চোরটা যাহা বলিতেছে, দেখিতেছি, ভাহাই ঠিক—আমি-ই গাধা বনিয়াছি—তব্ও ইহাকে আরও একটু নাড়া-চাড়া করিয়া দেখা কর্ত্তবা। বদ্যাইসী করিয়া আমার চোখে ধ্লা দিবার চেষ্টা করিতেও পারে।" প্রকাশ্যে বলিল, "বাপু হে, আমাকে নিতাস্ত বোকা ভাবিরো না।"

হিন্দু হানী বলিল, "মহাশয়, সত্যকথা বলিলাম, বিশ্বাস করিতে হয় করুন, না হয় না করুন; আমি সেই ভদ্রলোকের পকেট হইতে এ নোট-বইথানা তুলিয়া লইয়াছিলাম। ইহার ভিতর কি ছিল, দেখিতে সময় পাই নাই।'

সহসা রামকান্ত গাড়ী থামাইতে বলিল; গাড়ী থামিলে শ্রামকান্তকে বলিল, "নামিয়া এস, শ্রামকান্ত।" রামকান্তের ভাব বুঝিতে না পারিয়া সে বিশ্বিতভাবে নামিয়া পড়িল।

রামকাস্ত পাহারাওয়ালাদ্মকে বলিল, "নেমে এস, গাড়ীর ভিতরে গিরে বসো. নিয়ে যাও থানায়—আমরা পরে যাইব।" চোরসহ গাড়ী চলিয়া গেল। রামকান্ত বলিল, "ভারা কি সর্বনাশ ছইয়াছে জান ?"

"না বলিলে কিরূপে জানিব ?" ·

রামকান্ত বলিতে লাগিল, "খুনী হাতে আসিরা পলাইল, তোমাকে ভিড়ের ভিতর সেই লোকটারই উপরে নজর রাখিতে বলিয়াছিলাম। এ বেটা চোর, সত্যকথাই বলিয়াছে, এ সত্যসত্যই পকেট-বইখানা তাহার পকেট হইতে তুলিয়া লইয়াছে। ছই-ছইবার লোকটা আমার চোখে খুলা দিল। এবার বড় সাহেব, কি অক্ষর বাবু জানিতে পারিলে আর আমাকে কাজে রাখিবেন না—তাহা হইলে পাঁচটি কাচ্চাবাচ্ছা নিয়ে মারা য়াইব আর কি! আর কেন, আমি আয়হত্যা করিয়াই মরিব।"

শ্রামকান্ত বলিরা উঠিল, "পাগল আর কি ! যথন তাহাকেই খুনী বলিরা জানিতে পারা গিরাছে, তথন তাহাকে ধরা কঠিন হইবে না ; তাহার পকেট-বই আমরা পাইরাছি ; যে স্ত্রীলোক খুন হইরাছে, তাহার ফটোগ্রাফ পাইরাছি । ঐ ফটোগ্রাফ যে তুলিরাছিল, তাহার নাম নিশ্রুই ইহাতে আছে।"

"হাঁ আছে, আর্টই ডিও। তবে যে নিজের রক্ষিতার ফটোগ্রাফ তুলিতে যার, সে নিজের নাম ধাম বলে না—সম্ভবতঃ স্ত্রীলোকটির নাম ও তাহার বাড়ীর ঠিকানা দিয়াছিল, এ ছই বিষয় আমি জানি।"

"সম্ভব, কিন্তু যাহারা ফটো তুলিরাছিল, তাহারা এ লোকটাকে নিশ্চর দেখিরাছিল।"

"হইতে পারে, কিন্তু তাহাতে যে বিশেষ কিছু ফল হইবে, তাহা বলা ্ষায় না। যদি পকেট-বইথানায় লোকটার নাম-ধাম লেখা না থাকে, তবে আমাকে ভালয় ভালয় নিজে-নিজেই চাকরীতে ইস্তফা দিতে হইবে।" "তাহা হইলে আগে নাচিরা উঠিবার অপেক্ষা প্রথমে পকেট-বইখানা ভাল করিয়া দেখ।"

রামকান্ত পকেট-বইথানি খুলিল, ইহার ছইদিকে ছইটা মলাটের ভিতরে ছইটা পকেট, ইহার ভিতরে কয়খানা নোট রহিয়াছে।"

রামকান্ত বলিয়া উঠিল, "আর কি, এইবার আমার কাজ শেষ হইল।"

খ্রামকান্ত বিশ্বিতভাবে জিজ্ঞাসা করিল, "কেন হে ?"

"এখন এই নোট-বহি লইয়া এখনই আমাকে বড় সাহেবের কাছে যাইতে হইয়াছে, এখনই এ সম্বন্ধে সকল কথা খুলিয়া বলিতে হইবে— আর গোপন করিবার উপার নাই—লোকটা যে এবারও আমার চোখে খুলা দিয়া পলাইয়াছে, তাহাও স্বীকার করিতে হইবে; তাহা হইলে রামকান্তের চাকরীর দফা এই পর্যান্ত রহয়া গেল।"

"এত হতাশ হইতেছ কেন ? খুনী ধরা পড়িবে।"

রামকান্ত সে কথার কর্ণপাত না করিয়া নোটগুলি গুণিরা বলিল, "একশত টাকার পাঁচখানি নোট—এখনই আমাকে সাহেবের কাছে যাইতে হইল—এ নোট এক মিনিটও কাছে রাখা উচিত নয়—লোকে আমাকে গর্দাভ বলিরা জানিবে—তা' বরং ভাল, চোর বলিলে মারা যাইব।"

"তাহা হইলে চল—নোটগুলি সাহেবকে পৌছিয়া দেওয়া বাক্।"

"যদি ছইদিন সময় পাইতাম, তাহা হইলে নিশ্চয়ই ইহাকে ধরিতে পারিতাম—এখন এখনই সব সাহেবকে বলিতে হইবে।"

এইরপ বলিতে বলিতে রামকাস্ত নোট-বইথানির পাতা উণ্টাইতে ছিল, সহসা তাহার দৃষ্টি একস্থানে পড়িল; তৎক্ষণাৎ সে প্রায় লক্ষ দিয়া উঠিল। দেখিয়াই শ্রামকাস্ত বিস্মিত হইয়া বলিয়া উঠিল, "ব্যাপার কি!" রামকান্ত হর্বোৎফ্লস্বরে বলিল, "আর ভর নাই! আরু আর নোট ফেরৎ দিতেছি না—কাল সাহেব তাহার জ্বন্ত আমার খোস্নাম করিবেন," বলিয়া রামকান্ত সবলে শ্রামকান্তের হাত ধরিয়া হিড্ হিড্ করিয়া টানিয়া লইয়া চলিল।

শ্রামকান্ত ভাবিল, "ষথার্থই রামকান্তের মাথাটা হঠাৎ থারাপ হইয়া গিয়াছে।"

39

প্রাতে স্থরেজ্বনাথ বরাহ-নগরে স্থহাসিনীর সহিত দেখা করিতে গিয়াছিলেন। তিনি সময় পাইলেই যাইতেন। স্থহাসিনীর সহিত তাঁহার বিবাহ স্থির হইয়া গিয়াছে; কেবল তাঁহার পিতা অকালে দিবেন, না বলিয়াই যাহা বিলম্ব। তবে স্থহাসিনী বড় হইয়াছে; ভাহার জননীর অর্থের অভাব ছিল না, স্থহাসিনীর পিতা ব্যবসা করিয়া বিস্তর অর্থ রাখিয়া গিয়াছিলেন; অভ্য কোন আত্মীয়-ম্বন্ধন না থাকায় মাতা কভার বিবাহে তৎপর হ'ন্—তাঁহার একমার্ত্ত কভাঁ—তাঁহাকে ছাড়িয়া যাইবে, তিনি কাহাকে লইয়া থাকিবেন?

তাহার মনোমত পাত্র জ্টিতেছিল না, এইজন্ত প্রায় পঞ্চদশ বর্ষ বয়স হওয়াসত্ত্বও স্থহাসিনীর বিবাহ হয় নাই। ভাল ভাল শিক্ষয়িত্রী রাধিয়া মাতা কন্তাকে লেখাপড়া শিখাইক্ষছিলেন, সর্ব্বাগুণে গুণবতী করিয়াছিলেন। আর রূপবতী। বিধাতা বেন তাহাকে লাবণ্য-ধারায় স্বান করাইয়া দিয়াছিলেন। গোবিন্দরামের একমাত্র পুত্র স্থরেক্তনাথকে তিনি মনোনীত করিলেন।
একটা মোকন্দমা লইয়া তাঁহার সহিত প্রথম পরিচয়—সেই পর্য্যস্থ
স্থরেক্তনাথ তাঁহাদের বাড়ীর 'একজন হইয়া' গিয়াছিলেন।

এখনও বিবাহ হয় নাই বটে, কিন্তু স্থহাসিনীর মা স্থরেক্সনাথকে জামাই বলিয়া মনে করিতেন; সেইভাবে তাঁহাকে স্নেহ করিতেন। স্থহাসিনী ও স্থরেক্সনাথের মধ্যে বিশেষ প্রণয় জন্মিয়াছিল—উভরে উভয়কে বেশিক্ষণ না দেখিয়া থাকিতে পারিতেন না।

বেদিন রামকান্ত পকেট-বইখানা পার, সেইদিন প্রাতে স্থহাসিনীর জননী একখানি কাগজ পড়িতেছিলেন। গৃহের একপার্শে একখানা কৌচের উপর স্থরেক্তনাথ বসিয়াছিলেন, আর গৃহদারে বসিয়া স্থহাসিনী একখানা উপস্থাসের পাতা উন্টাইতেছিল। পুত্তকে মনঃসংযোগ ছঃসাধ্য।

সহসা স্থহাসিনীর মা বলিল, "এতদিনে ইহারা খুনীকে ধরিতে পারিবে, এইরূপ আশা পাইয়াছে।"

ञ्रशंत्रिनी विनन, "कान् थून मा ?"

মা বলিলেন, "কেন, সেই খুনের কথা গুমিস্ নাই ? একটা স্ত্রীন্লোকের মৃতদেহ একটা বান্দের মধ্যে পাওয়া যায়, আর যে লোক ইহাকে খুন করিয়াছিল, সে-ই স্থামাধ্য বলিয়া একজন জমিদারকেও খুন করিয়াছিল। কেন স্থহাস, তুই বৃঝি কাগজগুলো আজ-কাল একবারে পড়িস্ না ?"

হা অদৃষ্ট ! স্থাসিনী আগে কাগজ না পড়িয়া থাকিতে পারিত না ; আর এখন—এখন তাহার সময় কই ? যখন স্থরেন্দ্রনাথ থাকেন, তখন ত কথাই নাই ; যখন তিনি না থাকেন, তখন সে তাঁহারই কথা ভাবে। স্থহাসিনীর খুনের কথা ভাল লাগিল না, সে স্থরেন্দ্রনাথের মুখের দিক্ষে চাহিল। তাহার মা বলিলেন, "এ কথা তোমার ভাল লাগিল না—একটাআধটা নয়, ছই-ছইটা খুন হইল, আর খুনী এখনও ধরা পড়িল না।
আমরা ছইটি স্ত্রীলোকে এই বাগানে থাকি।

खशिमी विनन, "बाबाद्य उन्न कि माँ कि

স্থরেক্তনাথও বলিলেন, "আপনাদের ভয় কি ? আর খুনীও শীঘ্র ধরা পড়িবে।"

স্থাসিনীর মা মৃথ বিক্বত করিয়া বলিলেন, "তোমাদের পুলিস যে কোন কাজের নয়, এ কথাও ঠিক।"

স্থরেক্রনাথ মৃত্হাস্ত করিলেন। স্থহাসিনীর মা'র সহিত পুলিস সম্বন্ধে তর্কবিতর্ক করা নিপ্রয়োজন ভাবিয়া বলিলেন, "আপনিই ত বলিলেন যে, পুলিস খুনীর সন্ধান পাইয়াছে।"

"না, একেবারে ধরিতে পারে নাই—মৃতদেহ ছুইটা——" জননী আরও কি বলিতে যাইতেছিলেন, স্থাসিনী বাধা দিয়া বলিল, "মা, দোহাই তোমার—এ সব কথা আমার সমুখে বলিয়ো না—খুন! খুনের নামে আমার গা শিহরিয়া উঠে," বলিয়া সে স্থরেক্রের দিকে ফিরিয়া সহাস্থবদনে বলিল, "তোমার বড় ভোলা মন—আমার সে হার কই ?

"আজ কাজে বড় ব্যস্ত ছিলাম।"

"ওঁ সব বাঁজে কথা।"

"কাল দেখিবে—কাল আমার ভুল **ছ**ইবে না।"

এই সময়ে একজন ভৃত্য আসিয়া বলিল, "একজন লোক স্থরেন্দ্র বাব্র সহিত দেখা করিতে আসিয়াছে।"

স্বরেক্তনাথ বিশ্বিতভাবে বলিলেন, "লোক ! কি রকম লোক— কে লে !"

^{"কাপড়-চোপড়ে সামান্ত লোক বলিয়াই বোণ হয়।"}

"ভিথারী বোধ হয়----"

স্থাসিনী বাধা দিয়া বলিল, "বে-ই হউক, গিয়া দেখ—কোন লোক বিপদে পড়িয়া বোধ হয়, তোমার কাছে আসিয়াছে; নিশ্চয়ই তোমার বাড়ী গিয়াছিল। সেথানে শুনিয়া এথানে আসিয়াছে, যাও দেখ।"

ভূত্য বলিল, "সে ভিথারী নয়, বলে বিশেষ আবশুক আছে।"

স্থাসিনীর মা বলিলেন, "আর একদিন আমার সঙ্গে বে দেখা করিতে আসিয়াছিল, সে ত নয় ?"

ভূত্য বলিল, "না, সে নয়, এ আর একজন লোক।"

स्रशिनीत मा स्रतिकानाथरक विषयान, "তবে একবার যাও— দেখ।"

অগত্যা স্থরেক্সনাথ বাহিরের ঘরে আসিলেন। তাঁহার পশ্চাৎ পশ্চাৎ স্থহাসিনী যে আসিয়াছিল, তাহা তিনি জানিতে পারেন নাই। স্থহাসিনী ছারের পার্যে আসিয়া দাঁড়াইয়াছিল।

স্থরেন্দ্রনাথ আগন্তকের সমুখীন হইয়া বলিলেন, "কি চাও ?"

তাহার বেশ সামাস্ত ব্যক্তির স্থান্ন, হঠাৎ দেখিলে সরকার বলিয়া বোধ হয়। সে মস্তক কণ্ডুয়ন করিতে করিতে বলিল, "হাঁ, এই আমি একথানা পকেট-বই কুড়াইয়া পাইয়াছি। তাহাতে—এই—তাহাতে অনেক টাকা আছে।"

"তার পর।"

"আমি বড় লোক নই—দেখিতেছেন ত হাল; দেখিলাম, তাহাতে এই বাড়ীর ঠিকানা কোথা আছে—আর—আর—আপনারও নাম লেখা আছে।"

স্থুরেন্দ্রনাথ একটু টুভন্ততঃ করিয়া বলিলেন, "না, আমার কোন প্রেট-বই হারায় নাই——" "তবে—তবে—হয় ত এই বাড়ীর কর্ত্রী-ঠাকুরাণীর হইবে।"

এই সময়ে দরজার পার্ব হইতে স্থাসিনী শব্দ করিল। তাহার ইচ্ছা যে স্থরেক্সনাথকে ডাকে, কিন্তু স্থরেক্সনাথ তাহা শুনিরাও শুনিলেন না। তিনি বলিলের, "আমার কোন পকেট বই হারায় নাই; তুমি এখন বিদার হইতে পরি।"

আগন্তক নড়িল না; বলিল, "তা—তা—আপনার নাম লেখা আছে— অনেক টাকার নোট ইহাতে আছে——"

(বাধা দিয়া) "না, আমাদের পকেট বই নয়।"

স্থাসিনী স্বার স্বান্থসম্বরণ করিতে পারিল না—দে ধীরে ধীরে সেই গৃহমধ্যে প্রবেশ করিল। তাহাকে দেখিয়া স্থরেক্রনাথ বিরক্ত-ভাবে বলিলেন, "তুমি এখানে কেন ?"

স্থাসিনী তাথার বিরক্তভাব লক্ষ্য না করিয়া বলিল, "এখানে আর কেছ নাই—আমার বোধ হইতেছে; তোমাকে আমি যে নোট-বইখানা বিরাছিলাম—সেইখানাই ইনি পাইরাছেন।"

আগন্তক মন্তক কণ্ডুরন করিতে করিতে বলিল, "তাহাই নিশ্চর, পাঁচ শৃত টাকার পাঁচথানা নোট ছিল।"

সুহাসিনী স্থরেক্তনাথের দিকে ফিরিয়া বলিল, "হাঁ, এখন বুঝিয়াছি, কেন হার আন নাই—নোটওজ পকেট বইখানা রাস্তায় ফেলিয়া দিয়াছিলে; এই ভদ্রনোক না পাইলে টাকাগুলি সব যাইত—ইুঁহাকে গন্ধই কর।"

আগন্তক বলিল, "না—না—আমি কিছু চাই না—আপনাদের বিনিয় বে কেরৎ দিতে পারিলাম, ইহাই আমার পরম সৌভাগ্য; মনে রাধিবেন, এই পর্যান্ত। তবে লালদীদীতে খুনের ছবিথানি আমি দেখিতে সা গেলে—হয় ত আর কেহ এথানা পাইত।" কন্তা সেই পৃতে আসিরাছে দেখিরা এই সময়ে স্থাসিনীর মাতাও ভথার আসিলেন; বলিলেন, "খুনের ছবি কি ?"

"যে দ্বীলোকটি খুন হইয়াছে, খুলিস কাল লালদীঘীর ধারে তাহার ছবি লট্কাইয়া দিয়াছিল, যদি কেহ তাহাকে চিনিতে পারে। সেথানে ভারি ভিড় হইয়াছিল।"

ত্মহাসিনীর মা ত্মরেক্রনাথ্কে বলিলেন, "ভুমি সেখানে গিয়াছিলে না কি ?"

স্থরেক্সনাপ গুৰুকণ্ঠে বলিলেন, "হাঁ, সেইপথে যাইতেছিলাম— ভিড় দেখিয়া ব্যাপারটা কি, দেখিতে গিয়াছিলাম।"

আগন্তক বলিল, "হাঁ, দেইখানেই আমি এই বইখানা কুড়াইয়া পাৃই— এই লউন—এইখানা ত ?"

স্থরেন্দ্রনাথ বলিলেন, "এ স্বামারই পকেট-বই বটে—দাও।" "হাঁ, নোট কয়থানা গুণে দিই।"

"স্থার গুণিতে হইবে না—ঠিকই আছে," বলিয়া স্থরেক্সনাথ হাত পাতিলেন।

"তবু দেখে লওয়া ভাল---"

স্থরেক্রনাথ ব্যগ্রভাবে বলিলেন, "দাও—দাও—স্বার দেখতে হবে না, ও সব ঠিক আছে——"

শ্রী আছে, তবু গুণে দেওয়া ভাল," বলিয়া আগন্তক বই ও নোষ্ট দিতে "উন্থত হইয়া হাত টানিয়া লইল; বলিল, "আর একথানা—হাঁ, একথানা স্ত্রীলোকের ছবি ইহার ভিতর ছিল—নিশ্চয়ই সেথানা—সহসাস্থ্যাসনীর দিকে চাহিয়া বলিল, "ইহারই ছবি।"

এই বলিয়া আগন্তক ছবিধানি স্থাসিনীর সমূথে ধরিল।

36

ছবিখানার উপর দৃষ্টি পড়িবামাত্র স্থাসিনী দেখিয়াছিল বে, সে ছবি তাহার নহে—অন্ত এক স্ত্রীলোকের—পরম রূপবতী যুবতীর—দেখিবা-মাত্র সে মুখ ঘুরাইয়া লইল।

স্থারেক্তনাথ তাহার—তবে তাঁহার নিকটে অপর স্ত্রীলোকের ছবি কেন ? এ কে ? কাহার ছবি তিনি তাঁহার সঙ্গে রাথিয়াছিলেন ? ইহার কথা তিনি কথনও তাহাকে বলেন নাই—স্থাসিনীর হৃদয় ঈশার পূর্ণ হইয়া গেল, তাহার নিঃখাস সঘনে পড়িতে লাগিল—তাহার চক্ষ্ এক নিমেষে সজল হইয়া এক নিমেষে শুদ্ধ হইয়া গেল। কেহ তাহা দেখিবার অবসর পাইল না।

সহসা ছবিথানি তাহার সমুথে ধরায় স্থরেক্তনাথের বিশেষ তাব-বৈলক্ষণ্য ঘটিল; তাঁহার মুখ একেবারে শুকাইয়া নীল হইয়া গিয়াছিল ' এইবার তাঁহার কপালে বিন্দু বিন্দু ঘাম দেখা দিল।

আগন্তক তীক্ষণৃষ্টিতে তাহা পর্যাবেক্ষণ করিতেছিল। সে ধীরে ধীরে বলিল, "এখন দেখিতেছি, আমার ভুল হইয়াছে—এ ছবিখানা ইহার নয়।"

স্থরেক্রনাথ রুষ্ট, বিরক্ত ও শশব্যক্ত হইয়া বলিলেন, "নাও," আর তোমার এথানে অপেক্ষা করিবার উদ্দেশ্য কি ?"

্ষিছুই নয়—তবে—তবে এ ছবিথানা যথন ইহার নয়—তথন বোধ হয়, আপনারও নয়, স্কুতরাং এথানা আমার কাছে থাক, যাহার ছবি. তাহাকে পাইলে দিব।" "না, এখনই আমায় দাও," বলিয়া স্থরেক্সনাথ কিপ্ত ব্যাদ্রের স্থায় লক্ষ্ দিয়া তাহার হাত হইতে ছবিথানি ছিনাইয়া লইবার চেষ্ঠা করি-লেন। কিন্তু আগন্তক আগে হইতেই এজন্ম সাবধান ছিল; ক্ষিপ্রবেগে ছবিথানি পশ্চান্দিকে লইয়া সরিয়া দাঁড়াইল। তাহার পর ধীরে ধীরে বলিল, "এ ছবিথানা কাহাকে দেথাইতে আপনার এত ভর কেন? এ কাহার ছবি—দেখি," বলিয়া ছবিথানি দেথিয়াই দে বলিয়া উঠিল, "তাই ত—এ কি !"

স্থাসিনীর মা তাহাদের ভাব দেথিয়া ভীত ও বিশ্বিত হইয়াছিলেন; বলিলেন, "কি হইয়াছে, এ কাহার ছবি ?"

আগন্তক বলিল, "তাহাই ত ইহা কথনও মনে করি নাই—এ বে— এ—বে স্ত্রীলোক খুন হইরাছে, তাহারই ছবি।"

স্থাসিনীর মাথা ঘুরিয়া গেল, তাহার জননীও মহাবিশ্বয়ে বিক্ষারিত-নয়নে স্থরেক্তনাথের মুখের দিকে চাহিলেন।

স্থরেক্রনাথ সংরক্তনেত্রে গর্জিয়া বলিলেন, "যথেষ্ট স্পর্দ্ধা দেওয়া হইয়াছে, আর নয়—এখনই এ সব রাখিয়া এখান হইতে চলিয়া যাও— না হইলে——" বলিতে বলিতে হঠাৎ থামিয়া গেলেন।

আগন্তক ভয় না পাইয়া বলিল, "না হইলে কি, বলুন।"

স্থানেক্রনাথ দৃঢ়স্বরে বলিলেন, "গলা ধরিয়া বাহির করিয়া দিব।"

আগন্তক ধীরভাবে বলিলেন, "ইহা আপনার পক্ষে যুক্তিযুক্ত নর,
তাহা হইলে আমি বরাবর থানার গিয়া এ সকল জমা দিব। এথন
তাহাই আমার কর্ত্তব্য।"

ক্রোধে স্থরেক্রনাথের মুখখানা লাল হইয়া গেল। তিনি বলিলেন, "তাহাতে আমি ভয় করি না, তুমি নিশ্চয়ই এ পকেট-বই আমার পকেট হইতে চুরি করিয়াছিলে। চল, খানায় তোমাকে ধরাইয়া দিব।" আগত্মক গম্ভীরভাবে সংক্ষেপে কহিল, "দিতে পারেন।"

· স্থরেন্দ্রনাথ বলিলেন, "সামান্তের জন্ত পুলিস-হাঙ্গামা করিতে চাই না—যাও, উহাতে যে টাকা আছে, লইয়া যাও—পাঁচ শত টাকায় আমার কিছু আসে-যায় না।"

আগন্তক কহিল, "সত্য, কিন্তু আমি বিপদে পড়িতে পারি। এখন দেখিতেছি, এ সব পুলিসে পৌছাইয়া দেওয়াই আমার পক্ষে ভাল।"

স্থরেক্সনাথ সভয়ে কহিল, "তাহা হইলে পুলিসে যাইবে ?"

"হাঁ, তা' না গিয়া আর করি কি, আগে নিজেকে বাঁচাইতে হইবে, ভাহারা আপনার পকেট-বই নোট সবই ফেরৎ দিবে। বেরূপ দেখিতেছি, ভাহাতে আমার সঙ্গেই আপনার যাওয়া ভাল।"

স্থরেক্রনাথের মুথ আরও বিশুক্ষ হইল। তিনি কম্পিতকণ্ঠে বলিলেন, "আমি পুলিসে বাইব কেন ? আমার অনেক কাজ—এ সব হাঙ্গামা করিয়া সময় নষ্ট করিতে পারি না। তোমাকে ত বলিলাম, তুমি এ নোট কর্বথানা লইতে পার।"

আগন্তক বলিরা উঠিল, "না—না—এমন কথা মুখেও আনিবেন না; টাকার প্রত্যাশার এত কষ্ট করিয়া এথানা আপনাকে ক্ষেরৎ দিতে আদি নাই—আমি টাকার প্রভ্যাশী নই; গরীব লোক বটি, তবে অধর্মের পথে বাই না। আমার মতে আমার সঙ্গে আপনার থানায় যাওয়াই উচিত।"

"বৃথা—অনর্থক——" সুরেক্সনাথ আরও কি বলিতে যাইতেছিলেন। বাধা দিয়া আগস্তক কহিল, "যাহা ভাল বিবেচনা করেন। আমি চ্লিলাম।"

এই বলিরা আগন্তক বাইতে উন্ধত হইল। কয়েক পদ গিয়া ফিরিয়া বলিল, "তাই ত্র—ইহার ভিতর অনেক গোল আছে, ছবিথানার জন্মই যত গোল—পুলিস এই খুনের জন্ম আপনার বিষক্ষ আমাকে আনেক কথা জিজ্ঞাসা করিবে; আমি আপনার বিষয় কি জানি— আপনি এখন যাইতেছেন না—কিন্তু তাহারা নিশ্চরই আপনাকে ডাকিয়া পাঠাইবে।"

এ কথা শুনিয়া স্থারেক্রের মুখ একেবারে পাংশুবর্ণ হইয়া গেল; তিনি কি বলিতে গেলেন, মুখ দিয়া কথা বাহির হইল না।

আগন্তক ধীরে ধীরে বলিল, "এইজগুই বলিতেছিলাম বে, আমার সঙ্গে আপনার যাওয়াই ভাল।"

স্থাসিনীর মা এই সকল দেখিয়া-শুনিয়া নিতান্ত ব্যাকুল হুইয়া পড়িয়াছিলেন। তিনিও বলিলেন, "যাও স্থরেক্স বাব্, তুমি নিজেই • গিয়া গোলমাল মিটাইয়া এস।"

স্থরেক্রনাথ এবারও কথা কহিতে পারিলেন না। স্থহাসিনীর সা বলিলেন, "এখনই গাড়ী ঠিক করিতে বলিতেছি।"

আঈদ্ধক বলিল, "আমি একথানা ভাড়াটীয়া গাড়ীতে আসিয়াছি, ইনি তাহাতেই যাইতে পারেন; আপনাদের গাড়ী জুতিতে দেরি হইবে।"

স্থরেক্সনাথ এবার কথা কহিলেন; বলিলেন, "চল, আমি তোমার সক্ষে যাইতেছি।" স্থরেক্সনাথ কাতরভাবে সতৃষ্ণ নয়নে স্থাসিনীর দিকে চাহিলেন। দেখিলেন, তাহার বিশালায়ত চোথ ছটি অশ্রুসাত হইয়া ছল্ ছল্ করিতেছে। দেখিয়া হাদয়ে বড় বেদনা পাইলেন। ব্ঝিলেন যে, স্থাসিনীও হাদয়ে বড় বাধা পাইয়াছে।

তিনি আর কোন কথা না কঁছিরা আগস্তকের সহিত নীরবে গিরা গাড়ীতে উঠিলেন। তিনি নিজের মানসিক উত্তেজনার এতই পুীড়িত হইরা পড়িরাছিলেন বে, আগস্তক কোচ্ম্যান্কে কোথার যাইতে বলিল, তাহা তিনি শুনিতে পাইলেন না।

অন্ধর্মণ পরে তিনি বাহিরের দিকে চাহিয়া দেখিলেন; দেখিলেন যে, গাড়ীখানা একটা জঙ্গলের মধ্যবর্ত্তী পথ দিয়া যাইতেছে—সে পথে জন-মানব নাই।

আগস্তুক বলিল, "এ সব জায়গায় বিশ্বাস নাই—অনায়াসেই মারিয়া-ধরিয়া সর্বস্ব কাড়িয়া লইতে পারে।"

স্থরেক্সনাথ বলিলেন, "ভন্ন নাই, আমার পকেটে রিভল্বার আছে।"

"ভাল, ভাল—তবে ছইটি স্ত্রীলোক—একটি ভাবী স্ত্রী, অপরটি তাঁহারই জ্বননী—এ স্থলেও দেখা করিতে আসিতে হইলে পিস্তল সঙ্গে আনিতে হয়। ভাল, সাবধানের মা'র নাই; বোধ হয়, সর্ব্বদাই সঙ্গে অনেক টাকা-কড়ি থাকে, কাজেই এ রকম সাবধানে আসিতে হয়। আমাদের এক পয়সাও টেঁকে নাই—স্থতরাং আমাদের এ সব দরকারও হয় না; তবে আজ সঙ্গে পাঁচশত টাকা আছে, তা থাক্, সে টাকাগুলি আমার দয়। বাবা! পাঁচশত টাকা—এক সঙ্গে কথনও চোথে দেখি নাই।"

"সামার কথা শুনিলে তোমারই লাভ—তোমারই দব হইত। তোমার বয়স হইয়াছে, কথাটা বুঝিয়া দেখ।"

"আগেও যাহা বলিয়াছি –এখনও তাহাই। রামকাস্ত কর্ত্তব্য করিতে পরসার প্রত্যাশা করে না।"

স্থরেক্সনাথ বলিলেন, "রামকাস্ত, কর্ত্তব্য কি ? কিসের কর্ত্তব্য ?"

"আমার নাম ঐ-ই বটে--ঘরে অনেকগুলি ছেলে-মেয়ে—এক রকম ছঃথে-কষ্টে ভাহাদের খাওয়াইয়া বাঁচাইয়া রাখিয়াছি——"

(বাধা দিয়া) "সেইজন্মই ত আমি বলিতেছি, একথানা নোট তুমি লইয়ো, না হয়, তুইথানাই লও—আমাঝু, টাকার অভাব নাই।"

"ना-ना-व्यमन कथा मूर्यं व्यानित्वन ना - भन्नीव वर्षे--"

"তবে থাক্," বলিয়া স্থরেন্দ্রনাথ বিরক্তভাবে অন্তদিকে মুথ ফিরাই-লেন; এ লোকটার সঙ্গে আর বকাবকি করিয়া অনর্থক মেজাজ থারাপ করিবেন না, ইহাই স্থির করিলেন।

কিন্তু রামকান্ত তাহা চাহে না, সে আপনা-আপনি বলিল, "এত টাকা হারাইলে আমি তথনই পুলিসে থবর দিতাম।"

স্থুরেন্দ্রনাথ কথা কহিলেন না।

রামকান্ত বলিল, "না, বোধ হয়, এ ছবিধানা থাকার জন্ম চুপ করিয়া।"
গিয়াছিলেন—হাঁ, পুলিসের কাণ্ড—বাঘে ছুলৈ আঠার ঘা।"

স্থরেক্তনাথ বলিলেন, "কেন, ছবি পকেটে রাখা কি বে-আইনী ?"

"না, তা নয়—তবে এই ছবিখানা সম্বন্ধে একটু গোলযোগ আছে; যে স্ত্রীলোকটি খুন হইয়াছে—যাহার বিষয় পুলিস কিছু তদন্ত করিতে পারিতেছে না, সেইজন্ত—এ ছবিখানা আপনার কাছে আছে জানিলে— বুঝিতেই ত পারিতেছেন ?"

স্থরেন্দ্রনাথ কোন কথা কহিলেন না।

রামকান্ত বলিল, "আপনাদের মত বড় লোকের এই সকল হালামায় পড়াই লজ্জার কথা; বিশেষতঃ শীঘ্রই আপনার বিবাহ হইবে, তাঁহারাও খুব বড় লোক।"

স্থরেক্রনাথ ভাবিলেন, "এ লোকটা আমাকে হাড়ে পাইয়া আমার দিকট হইতে কিছু বেশি আদার করিবার চেষ্টা পাইতেছে—দেখা যাক্, কি বলে।" প্রকাশ্রে বলিলেন, "হাঁ, তুমি যাহা বলিয়াছ, তাহা ঠিক—এসব গোলযোগের মধ্যে যাইবার আমার ইচ্ছা নাই; এইজ্রুই তোমাকে প্রনিসে যাইতে বারণ করিতেছিলাম; হয় ত আমার বিবাহেও গোল হইতে পারে—ভাহাই তোমাকে বলিতেছিলাম যে, পকেট-বইথানাতে যাহা আছে, তাহা সব তুমিই লঙা।"

"অবশ্ৰ ছবিখানা নয় ?"

"হাঁ, ছবিথানা তোমার কোন উপকারে আসিবে না। আমি
নিজে গরীব লোক নই, তাহার পর বিবাহ করিলে আমি আরও অনেক
টাকা পাইব; স্থতরাং আমার টাকার অভাব নাই; তুমি ছেলে-পিলে
লাইয়া কষ্ট পাইতেছ—আছো, উহাতে যাহা আছে, তাহার তিন গুণ
তোমাকে দিতে প্রস্তুত আছি।"

তাহা হইলে দেড় হাজার টাকা-একদম বড লোক।"

"হা, টাকা এখন আমার কাছে নাই, আমি ঠিকানা দিয়া যাইতেছি, কাল ছবিথানা লইয়া গেলেই টাকা দিব।"

"তাহা হইলে আপনি কাল আর হাজার টাকা মাত্র আমাকে দিবেন; কারণ পাঁচশত টাকা ত এথানেই পাইতেছি।"

"তুমি কি তবে প্রাপ্রি হুই হাজারই চাও ?"

"তাই ত—ছই হাজার টাকা—ওঃ! মাথার ভিতর গোলমাল হইয়া গেল যে—আছা মশাই, আমাকে ভাবিতে একটু সময় দিন্।"

রামকান্ত বছক্ষণ কথা কছে না দেখিয়া স্থরেক্সনাথ বলিলেন, "তাহা হইলে রাজী হইলে, গাড়ী আর পুলিসে লইয়া যাইবার আবশ্রক নাই—-আমার বাড়ীতে চল। তুমি বাড়ী দেখিয়া যাইবে, কাল আমি 'সেই টাকা দিব'

"হাঁ, এ কথা সবই ঠিক; তবে কথা হইতেছে, ছবিখানার জন্ত আমি বিপদে পড়িব।"

"কেন তুমি যদি বল ত তোমার সন্মুখেই ছবিখানা ছিঁ ড়িয়া পুড়াইয়া ফোল—ও ছবিখানা আমার কোন দরকার নাই।"

শনা, ভাবিয়া দেখিলাম, এই ছবিখানা বে পকেট-বইরে ছিল, তাহা যুখন অনেকে জানিয়াছে, তখন ইহা লইয়া আমি পুলিস হালামার পড়িব। ছংথিত হইলাম। আপনার এমন স্থবিধান্ধনক প্রস্তাবেও সন্মত হইতে পারিলাম না।"

সহসা রামকান্তের কপালের উপর এক পিন্তল ধৃত হইল—স্থরেক্স-মাথ পিন্তল ধরিয়াছেন; বজ্রবেে বলিলেন, "ছবিথানা এথনই দাও— মা হইলে এথনই গুলি করিয়া মারিব।"

রামকান্ত অবিচলিতভাবে বলিলেন, "বাপু হে! নিজেরই কাজটা নিজেই মাটী করিতেছ। কথাটা আগে শোন, তারপর আবশুক হয়, আমার মাথার খুলিটা উড়াইয়া দিয়া মজা দেখিয়ো। পিততল ছুড়িলে উপকার কিছুই হইবে না—পিততলের শব্দ হইবামাত্র কোচ্ম্যান গাড়ী থামাইবে—চারিদিক্ হইতে লোক জমিবে—আপনি পলাইতে পারিবেন মা। পুলিস আমাকে চেনে—মৃত স্ত্রীলোকের ছবি পাইলে এই হুইবে যে, তুইটা খুনের অপরাধ আপনার কাঁধে চাপিবে। আর যদিই পিততেল আমার মাথার খুলিটা উড়িয়া যায়, তাহা হইলে আর একটা খুন অধিকন্ত চাপিবে – বুঝিলেন, মশাই ?"

স্থরেক্রনাথ আর কোন কথা কঁছিলেন না। গাড়ীখানা লালবাজারের প্রিসে আসিয়া থামিল।

রামকাস্ত বলিল, "এইবার গাত্রোত্থান করুন।"

. 79

চারিদিকে পুলিস, পাহারাওয়ালা, সার্জ্জন, ইন্স্পেক্টর দেখিয়া তথন স্থারেক্সনাথের চৈতজোদয় হইল। তথন তিনি ব্বিলেন যে, ছবিখানি জাঁহার নিকটে থাকায় তাঁহাকে খুনী বলিয়া ইহারা ধরিয়া আনিয়াছে। মনে করিলেন, পলাইতে হইবে; গাড়ীর অপর দার দিয়া পলাইবেন, মনে করিয়া সেইদিকে সরিয়া বসিলেন; কিন্তু দেখিলেন, দরজা জুড়িয়া এক স্থাকায় জ্মাদার 'মুর্ভিমান ব্যোমের' মত দাঁড়াইয়া রহিয়াছে।

ন্মমকান্ত বলিল, "আহ্বন, না—ধরিয়া নামাইতে হইবে ?"

স্থরেক্রনাথ দেখিলেন, পলাইবার আর কোন উপায় নাই—তথন তিনি স্পন্দিতহৃদয়ে কম্পিতপদে গাড়ী হইতে নামিলেন। এবং পকেটের মধ্যে হাত পুরিয়া দিলেন।

রামকাস্ত বলিল, "ব্যক্ত হইবেন না, আপনার রিভল্বারটি আপনার পকেটে আর নাই—আমি সংগ্রহ ক্রিয়া রাথিয়াছি; আমি বুঝিয়াছিলাম, ঐ কুদ্র যন্ত্রটি দিয়া আপনি নিজের অনিষ্ঠ করিতে পারেন, সেইজন্ম সরাইয়া রাথিয়াছি। ভাল করি নাই কি ?"

স্থারেন্দ্রনাথ কোন কথা কহিলেন না, হতবৃদ্ধি হইয়া গিয়াছিলেন। ক্লণপরে বলিলেন. "আমাকে কোথায় লইয়া যাইতেছ ?"

"বড় সাহেবের কাছে।"

"তাহা হইলে তুমি——"

"ভিটেক্টিভ দারোগা—রামকাস্ত।"

স্থলেক্সনাথ তাহাকে আক্রমণ করিতে উন্থত হইলেন; রামকান্ত সরিয়া দাঁড়াইয়া বলিল, "বাপু হে, গোল করিলে তোমারই অনিষ্ট; আমরা আপনার যথেষ্ট সম্ভ্রম রক্ষা করিতেছি—এখন ভাল ছামুষের মত বড সাহেবের কাছে গেলে ভাল হয়।"

গোলযোগ করা বৃথা ভাবিয়া স্থরেক্সনাথ হতাশচিত্তে রামকান্তেব সঙ্গে সঙ্গে পুলিসের বড় সাহেবের নিকটে চলিলেন। পাছে, তিনি পলাইবার চেষ্টা করেন বলিয়া ছুইজন জমাদার তাঁহার পশ্চাতে চলিল। জমাদারের নিকটে তাঁহাকে রাথিয়া রামকান্ত সাহেবের ঘরে প্রবেশ করিল।

সাহেব বলিলেন, "নৃতন কিছু আছে ?" "হজুর, অনেক।"

"শীঘ বল, আমি এখন বড় ব্যস্ত আছি।" রামকাস্ত পকেট-বই বাহির করিয়া সাহেবের সম্মুথে ধরিল। সাহেব বলিলেন, "এ কি ?"

"হজুর, দেখুন।"

সাহেব বলিয়া উঠিলেন, "সেই মৃত স্ত্রীলোকের ছবি—কোথার পাইলে ?"

"এই পকেট-বুকে—একজন কাল এই পকেট-বইথানা চুরি করিয়া-ছিল, সে তথনই ধরা পড়ে।"

বাধা দিয়া সাহেব কঠিনকণ্ঠে বলিলেন, "আর এখন তুমি সৈই কথা বলিতে আসিয়াছ ? তখনই তাহাকে আমার কাছে আনা উচিত ছিল।" "ছিল, কিন্তু পকেট-বই যাহার. তাহার সন্ধানে গিয়াছিলাম।"

"তুমি এবারেও তাহাকে পলাইতে দিয়াছ; তোমার বিষয় আমি অক্ষয় বাব্র কাছে দব শুনিয়াছি; তোমার মত রাঙ্কেলের প্রুলিদে চাকরী করা চলিবে না। যত দিন যাইতেছে, তুমি যেন তত ছেলে মামুষ বনিয়া যাইতেছে।"

"হজুর, তাহার নাম ঠিকানা আমি পকেট-বইয়ে পাইয়া তাহার সন্ধানে গিয়াছিলাম।"

"তাহা ত গুনিয়াছি—তাহার বাড়ীতে পাহারা রহিয়াছে কি না ?"

"পাহারার দরকার নাই, তাহাকে সঙ্গে করিয়া আনিয়াছি।"

"এই স্থরেক্সনাথকে ?"

"হাঁ, হজুর।"

"তবে ত ভালই হইয়াছে, তুমি একা এ সকল করিয়াছ ?"

্ঁহাঁ, ছজুর, ক্নতান্ত বাবু এ সম্বন্ধে কিছুই করেন নাই—তিনি এ সকলের কিছুই জানেন না।"

হাঁ, এ কাজে তোমার প্রশংসা আছে, সন্দেহ নাই। ইহাকে কিরূপে গ্রেপ্তার করিলে, আমায় সব বল।"

হিহাকে বরাহ-নগরে একটা বাগান-বাড়ীতে পাইলাম; এই বাড়ীব ঠিকানা এই পকেট-বইথানিতে ছিল। সেথানে স্থাসিনী নামে একটি মেয়ে আছে, তাঁহার সৃহিত ইহার বিবাহ হইবার কথা স্থির হইরা গিয়াছে। সেথানে গিয়া ইহার সহিত দেখা করি, তাহার পর অনেকে কৌশলে ইহাকে সঙ্গে আনিয়ছি।"

"লোকটা যদি দোষী হইত, তাহা হইলে সহজে আসিত না।"

দাষী, এ বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নাই—এই লোক যে বাগ্-বান্ধারের সেই খুনের বাড়ীতে আমার চোখে ধূলি দিয়া পলাইয়াছিল, তাহাতে কোন সন্দেহ নাই। ইহার চেহারা আমার খুব মনে আছে।"

"তাহা:হইলে তোমাকে দেখিয়া নিশ্চয়ই চিনিতে পারিত।"

শ্লা, আমাকে চিনিতে পারে নাই। আমি সেদিন ছল্মবেশ ধারণ ক্রিয়াছিলাম।"

"আচ্ছা, তাহাকে এইথানে **ল**ইয়া এস।"

20

রামকান্ত গমনে উন্নত হইলে সাহেব বলিলেন, "তুমি ইহার জন্ত পুরস্কার পাইবে।"

রামকান্ত বলিল, "ছজুর, এ সব আমাদের কর্ত্তব্য কাজ, আপনি সম্ভষ্ট হইলেই আমাদের যথেষ্ঠ হইল।"

"এ লোকটার বয়স কত ?"

"বাইশ-তেইশ বৎসর হইবে।"

"এত টাকার নোট যাহার সঙ্গে থাকে, সে নিশ্চরই বড় লোক; স্থতরাং বড় বড় উকীল কোন্সিলী দিয়া নিজের পক্ষ-সমর্থন করিবে। ক্যতাস্ত বাবু কাজের লোক—সে এ বিষয়ের অনেক সন্ধান করিতে পারিবে। সম্ভবতঃ সে দোষ স্বীকার করিবে—দেখা যাক।"

"আমি কি এখানে উপস্থিত থাকিব ?"

"না, আমি একা তাহাকে জিজ্ঞাসা করিতে চাই।"

"হুজুর, অমুমতি করিলে তিনটা বিষয় বলিতে পারি।"

"বল, তোমার সকল কথা আমি আগে শুনিতে চাই।"

"প্রথম—সে আমাকে ছই হান্ধার টাকা ঘুস্ দিতে চাহিয়াছিল ৷"

"কি জন্ম ?"

"তাহাকে ছাড়িয়া দিলে আর ছবিথানা ফেরৎ দিলে।"

"বটে, হাঁ বুঝা যাইতেছে।"

"তাহার পর সে আমায় গুলি করিবার চেষ্টা করিয়াছিল; তথন তাহাকে উত্তমরূপে বুঝাইয়া দিলাম যে, ইহাতে তাহার উপকার হইরে মা; তাহাই নিরস্ত হইয়াছিল।" "তাহা হইলে এই লোকটাই খুনী।"

"তাহার পর এথানে গাড়ী হইতে নামিয়া পকেটে পিন্তল খুঁজিতে-ছিল—খুব সন্তব, আত্মহত্যা করিত।"

"পিস্তল ইহার কে লইল ?"

"আমি ভাব বুঝিয়া আগেই ইহার পকেট হইতে পিন্তল তুলিয়া লইয়াছিলাম।"

সাহেব হাসিয়া বলিলেন, "তোমার এত বুদ্ধি আছে, তাহা আগে জানিতাম না।"

রামকান্ত পিন্তলটি সাহেবের টেবিলের উপর রাখিলেন। সাহেব বলিলেন, "আমি তোমার উপর বিশেষ সম্ভষ্ট হইয়াছি। যাও, তাহাকে এইখানে লইয়া এস।"

পরক্ষণেই স্থরেক্তনাথ সাহেবের কাছে নীত হইলেন। রামকান্ত তাঁহাকে সাহেবের সন্মুখে রাখিয়া বাহিরে গেল। সাহেব কিয়ৎক্ষণ স্থরেক্তনাথকে নিরীক্ষণ করিলেন; তৎপরে সন্মুখন্ত একথানি চেয়ার দেখাইয়া দিয়া বলিলেন. "বস্থন।"

স্থ্যেক্সনাথ কোন কথা না কহিয়া বসিলেন। সাহেব কিয়ৎক্ষণ তাঁহাকে কোন কথা জিজ্ঞাসা করিলেননা; একদৃষ্টে তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগিলেন। অনেকক্ষণ পরে তিনি ধীরে ধীরে জিজ্ঞাসা করিলেন, "আমার একজন কর্মচারী কেন আপনাকে আমার কাছে আনিয়াছে, তাহা কি আঁপনি জানেন ?"

স্থরেক্তনাথ বলিলেন, "হা মহাশর, আশ্চর্য্যের বিষয়, এইরূপ সামান্ত প্রমাণে—কেবল সন্দেহের উপর নির্ভর করিয়া আপনার কর্মচারী একজন ভদ্রনোককে গ্রেপ্তার করিয়াছে।"

मारहर रिलालन, "आनि खिशांत्र इहेशाहन, मरन कतिरवन ना,

তবে বিষয়টি অত্যন্ত গুরুতর, আপনার কাছে একটি হত-দ্রীলোকের ছবি পাওয়া গিয়াছে—এ ছবিথানি কোণায় পাইয়াছিলেন, এথানি আপনার কাছে কেন আছে, কতদিন আছে, এ সকল বুঝাইয়া দিলেই আপনি স্বাছনেক চলিয়া যাইতে পারিবেন।"

স্থরেক্রনাথ অবিচলিতভাব রক্ষা করিবার জন্ম বিশেষ চেষ্টা পাইয়া বলিলেন, "আপনি যে এ ভাবে কথা কহিতেছেন, ইহাতে আমি বিশেষ স্থাী হইলাম।"

"আপনি বোধ হয়, শুনিয়াছেন যে, একটি স্ত্রীলোকের- মৃতদেহ পাওয়া গিয়াছে; কেহ তাহার বুকে ছোরা মারিয়া তাহাকে খুন করিয়াছে। এই স্ত্রীলোকটি সম্বন্ধে আমরা কোন কথা জানিতে পারি নাই। এই হত স্ত্রীলোকের ছবি আপনার পকেট-বইয়ে পাওয়া গিয়াছে; স্থতরাং আপনি এই ছবি কোথায় পাইলেন, কিরুপে পাইলেন, এ সকল কথা আমরা যে আপনাকে জিজ্ঞাসা করিব, ইহা আশ্চর্য্য নয়। যদি আপনি ছবিখানি কাহার নিকটে পাইয়া থাকেন, তাহা হইলে তাহার সম্বন্ধে আপনি যাহা জানেন, আমাকে বলিলে আমি বিশেষ বাধিত হইব।"

"আপনার ভূল হইতেছে—আমি এই স্ত্রীলোককে চিনি না।"

"আশা করি, একটু বিবেচনা করিয়া কথা বলিবেন। আপনি যাহাকে আদৌ চিনেন না, তাহার ছবি আপনার নিকটে কেন আদিবে? তবে হইতে পারে, আপনার কোর্ন বন্ধু এই ছবিখানি আপনাকে দিয়াছিলেন; তাহা হইলে সেই বন্ধুর নাম আমাদের বলিয়া দিলেই সমস্ত গোল চুকিয়া যায়।"

"কেহ আমাকে এ ছবি দেয় নাই।" "তাহা হইলে কেমন করিয়া——" "ক্ষমা করিবেন, আপনার লোক নিশ্চয়ই আপনাকে বলিয়াছেন, ভাহারা কিরুপে এই পকেট-বইখানি পাইয়াছে।"

"ৰলিয়াছে। একজন চোর আপনার পকেট হইতে বইথানি তুলিয়া লইয়াছিল—সে ধরা পড়িয়াছে।"

"হাঁ, তাহাই ঠিক—এই চোরই এই ছবি আমার পকেট-বইয়ে রাথিয়াছিল। আমার পকেট-বইয়ে এ ছবি ছিল না।"

"হাঁ, আপনি যাহা বলিতেছেন, তাহা সম্ভব কি না, তাহা আপনি ভাবিয়া দেখুন। ইহা কি সম্ভব যে, চোর ছবিথানি আপনার পকেট-বইন্দ্রে রাখিবে? তাহার পর আপনার পকেট হইতে এই বইথানি ভুলিয়া লইবার পরেই সে ধরা পড়ে? স্থতরাং ইহার ভিতরে ছবিথানি রাখিবার সে আদৌ সময় পায় নাই।"

"এ বিষয়ে তবে আর আমি কি বলিব ?"

"ছবিথানি ভাল করিয়া দেখিয়াছেন ?"

"না, ভাল করিয়া দেখি নাই।"

"দেখুন দেখি, ইহার নীচে কি লেখা আছে।"

স্থরেক্তনাথ দেখিলেন, ছবিথানির নীচে স্ত্রীলোকের হস্তাক্ষরে লিখিত ব্লহিয়াছে, "ভূল না আমার।"

66

মুহুর্ত্তের জন্ম স্থরেক্সনাথের মুখ শুকাইয়া এতটুকু হইয়া গেল, তাহা সাহেব লক্ষ্য করিলেন।

সাহেব তাঁহার প্রতি তীক্ষদৃষ্টি করিয়া বলিলেন, "আপনি কি তবে বলিতে চাহেন, যে স্ত্রীলোকটা খুন হইয়াছে, তাহার স্থায় স্থলরী যুবতী একটা কুৎসিত হিল্পুখানী চোরের প্রেমে পড়িয়া এই ছবিখানি তাহাকে দিয়াছিল ? তাহার পর স্বহস্তে লিখিয়াছে, 'ভুলোনা আমার'; বরং কোন্টা সম্ভব যে, আপনার স্থায় স্থপুরুষ স্থশিক্ষিত যুবককে এই ছবি-খানি দিবে?"

"ইহা কি কেবল অনুমান নহে? এ ছবি আজ আমি প্রথম দেখিয়াছি।"

"সম্ভব, আপনি যাহা বলিতেছেন, তাহা ভাল বিবেচনা করিয়াই বলিতেছেন। আপনি নিশ্চয়ই কেবল কোতৃহলের বশবর্তী হইয়া মৃত স্ত্রীলোকের ছবি লালদীবীতে দেখিতৈ গিয়াছিলেন।"

"ভিড় দেখিয়া ব্যাপার কি দেখিতে গিয়াছিলাম।"

"ভিড় দেখিলেই কি আপনি ভিড়ের মধ্যে যাইয়া থাকেন ?"

"তাহা ঠিক নয়।"

"পাঁচ শত টাকার নোট পকেটে করিয়া ভিড়ের ভিতরে গেলেন ?"

"আমি একছড়া হার কিনিতে যাইতেছিলাম।"

"কোন দোকানে ?"

"রাধাবাজারে।"

"আপনি থাকেন কোথায় ?"

4 - 9

"বহু'বাজারে।"

"তবে রাধাবাজার ছাড়াইয়া লালদীঘীতে আসিয়াছিলেন কেন ?"

স্থরেক্তনাথ এই প্রশ্নে একটু অপ্রস্তুত হইলেন; বলিলেন, "হাঁ, মনে পড়িয়াছে—জেনারেল পোষ্ট-অফিসে একথানা জরুরী চিঠী ফেলিতে গিয়াছিলাম।"

"তথন এক্কপ পোষাক আপনার ছিল না।"

স্থুরেন্দ্রনাথ এবার প্রক্কুতই কিংকর্ত্তব্যবিমৃত্ হইলেন; কি বলিবেন— ইতস্ততঃ করিতে লাগিলেন।

সাহেব বলিলেন, "অস্বীকার করিবেন না, আমার দারোগা আপনাকে লক্ষ্য করিয়াছিল; আপনি একজন গরীব লোকের ন্তায় মলিনবেশে সেথানে গিয়াছিলেন।"

"হা, তাড়াতাড়ি বাড়ী হইতে বাহির হইয়াছিলাম, কাপড় ছাড়িতে ভূলিয়া বাই।"

"পাঁচ শত টাকা দামের হার কিনিতে যাইতেছেন, আর কাপড় ছাড়িতে ভুলিয়া গেলেন ?"

স্থরেক্রনাথ কোন উত্তর করিলেন না। কি উত্তর করিবেন ? তিনি উকীল — ব্ঝিলেন, এ অবস্থায় যাহা তিনি বলিবেন, তাহা তাঁহারই বিরুদ্ধে যাইবে।

সাহেব আবার কিয়ৎক্ষণ তাঁহাকে তীক্ষ্ণৃষ্টিতে দেখিতে লাগিলেন।
পরে ধীরে বলিলেন, "মহাশয়, আপনি যে পথ অবলম্বন
করিয়াছেন, তাহা যুক্তিসঙ্গত নয়। তবে আপনি যে কোন কথা
স্বীকার করিতেছেন না, তাহার কারণও আমি বেশ বুঝিতে
পারিতেছি—আপনি ভদ্রলোক—পুলিস হাঙ্গামায় মিশিতে ইচ্ছা নাই।
তবে ইহাও কি স্থাশিক্ষিত ভদ্রলোকের কর্ত্তব্য নয় যে, যাহাতে অপরাধী

ধরা পড়িয়া উপযুক্ত দণ্ড পায়, সেজক্ত একটুকু চেষ্টা করাণু স্থতবাং আমি আশা করি, সত্যকথা আর গোপন করিবেন না, সমস্ত আমাকে খুলিয়া বলিবেন।"

স্থুরেন্দ্রনাথ কোন উত্তব দিলেন না;

সাহেব বলিলেন, "আপনি স্ত্যকথা না বলিলে বা গোপন করি**লে** আপনাকেই আমরা খুনী বলিয়া বিবেচনা করিব।"

এবার স্থরেন্দ্রনাথ কথা কহিলেন; বলিলেন, "আপনাকে আমার আর কিছু বলিবার নাই। আমি নির্দোধী—আগনার যাহা অভিক্রচি করিতে পারেন।"

সাহেব স্থারেক্তনাথের এই দৃঢ়তা দেখিয়া কিয়ৎক্ষণ আবার,নীরবে রহিলেন। অবশেষে ধীরে ধীরে জিজ্ঞাসা করিলেন, "আপনার নাম কি ?"

"স্থরেন্দ্রনাথ বস্থ ;"

"আপনি কি করেন ?"

"ওকালতী করি।"

"ওঃ উকীল! কোথায় ওকালতী করেন ?"

"হাইকোর্টে।"

"আপনি নৃতন উকীল হইয়াছেন, দেখিতেছি।"

"হা. এই এক বৎসরমাত্র হইয়াছি।"

"কোথায় আপনি থাকেন ?"

"আমি বহুবাজারে থাকি।"

সাহেব ঘণ্টায় আঘাত করিলেন। অমনি রামকান্ত ছুটিয়া আসিল। সাহেব বলিলেন, "অক্ষয়বাবু আছেন ?

"হাঁ, তিনি আছেন।"

"আসিতে বল।"

তৎক্ষণাৎ অক্ষয়কুমার আদিলেন। ঘটনা যাহা ঘটিয়াছে, সাহেব তাঁহাকে সব বুঝাইয়া দিয়া বলিলেন, "ইঁহাকে সঙ্গে করিয়া লইয়া ইহার বাড়ী খানা-তন্ত্রাদী করুন।"

স্বরেন্দ্রনাথ বলিলেন, "তাহা হইলে আমি এই খুনের জন্ম গ্রেপ্তার ইয়াছি ?"

সাহেব বলিলেন, "না, এখনও হয়েন নাই—তবে আপনি সমস্ত কথা খুলিয়া না বলিলে আমি আপনাকে গ্রেপ্তার করিতে বাধ্য হইব।"

অক্ষয়কুমার স্থরেক্সনাথকে লইয়া গমনে উত্তত হইলে, সাহেব বলিলেন, "আপনি স্থামাধব রায় নামে কোন জমিদারকে চিনেন ?"

স্থরেক্তনাথ বলিলেন, "না, এ নামের কোন লোককে আমি চিনি না।" স্থ্যেক্তনাথ অক্ষয়কুমারের সহিত প্রস্থান করিলেন।

বাহিরে আসিয়া অক্ষয়কুমার একথানা গাড়ী ভাড়া করিলেন। সেই গাড়ীতে উভয়ে উঠিলে অক্ষয়কুমার রামকাস্তকে বলিলেন, "ভূমিও সঙ্গে এস।"

রামকান্তও গাড়ীতে উঠিব।

তাঁহারা সকলে বহুবাজারে স্মাঁসিলেন। গাড়ী আসিরা স্থরেক্সনাথের বাড়ীর ধারে থামিল।

স্থরেক্সনাথের বাড়ীথানি ছোট হইলেও বেশ স্থসজ্জিত। নীচে স্থরেক্সবাবুর আফিস বর—ভাল টেবিল চেয়ার, ছবি, বড়ীতে সজ্জিত— তুইটী ভাল আলারীতে স্বর্ণাক্ষর-রঞ্জিত আইন পুস্তকাবলী।

নীচের সমস্ত ঘর দেখিয়া অক্ষয়কুমার, রামকান্ত ও স্থরেক্তনাথকে লইয়া উপরে আসিলেন। উপরেপ্ত সমস্ত গৃহ তল্প তল্প করিয়া দেখা কুইল। তথন স্থরেক্তনাথ বলিলেন, "আপনান্ত সমস্ত দেখা শেষ হইয়াছে ?"

* অক্ষয়কুনার বলিলেন, "হাঁ, আর কিছু দেখিবার নাই।"

তিনি ফিরিতেছিলেন, এই সময়ে রামকান্ত তাঁহার পা টিপিল অক্ষয়কুমার দাঁড়াইলেন। রামকান্ত একটা কুদ্র দার দেথাইয়া দিল।

অক্ষরকুমার বলিলেন; "এই দ্বারের পশ্চাতে একটা দ্বর আছে বলিয়া বোধ হয়।"

স্থরেক্রনাথ যেন একটু কিংকর্ত্তবাবিমৃঢ় হইলেন; বলিলেন, "একটা ছোট ঘর আছে—বাজে জিনিষ-পত্র ওথানে আছে- পড়োঘর বলিলেও চলে।"

"দেখিতে ক্ষতি কি, ইহার দারে চাবি দিয়া রাথিয়াছেন কেন ?"

"এ ঘবে বিশেষ কোন দরকারী জিনিষ নাই বলিয়া চাবি দিয়া বাথিয়াছি।"

"বটে, অ-দরকারী বাজে জিনিষের জন্ম লোকে চাবী দিয়া থাকে! কই, চাবীটা একবার দেখি।"

স্বেক্তনাথ কম্পিতহন্তে চাবীটা দিলেন, তাহা অক্ষয়কুমার লক্ষ্য করিলেন; রামকান্তও দেখিল—মনে মনে বলিল, "এখানে এবার তিন নম্বর লাগ না বাহির হয় !"

অক্ষয়কুমার চাবী খুলিলেন; রামকাস্ত দার ঠেলিয়া খুলিয়া ফেলিল। তাঁহারা গৃহমধ্যে গিয়া দেখিলেন, মোটেই অব্যবহার্য্য দ্রব্য সেথানে নাই গৃহটী স্থন্দর, স্থদজ্জিত – মধ্যস্থলে একথানি টেবিল, ঐ টেবিলের ছুইপানি স্থন্দর চেয়ার — টেবিলের উপর কতকগুলি তাস—দেখিলেই বোধ হয়, ছই ব্যক্তি নির্জ্জনে এই গৃহমধ্যে তাস খেলিতেছিল।

অক্ষয়কুমার ও রামকাস্ত এই সকল দেখিয়া বিশেষ বিশ্বিত হইলেন।
কিন্তংক্ষণ উভয়ে নীরবে দাঁড়াইরা রহিলেন। তৎপরে অক্ষয়কুমার
তাসগুলি তুলিরা লইয়া এক-একখানি করিয়া দেখিতে লাগিলেন।
সবগুলি দেখা হইলে দেখিলেন, ভার্মধ্যে ইস্কাবনের টেক্কাখানিই নাই।

. 22

রামকান্ত ইহা দেখিয়া আনন্দোজ্জলদৃষ্টিতে অক্ষয়কুমারের দিকে চাহিল। অক্ষয়কুমার ক্রকুটি করিলেন। তৎপরে তিনি গৃহ হইতে বাহির হইয়া স্থারেক্তনাথকে বলিলেন, "এই কি আপনার বাজে জিনিষ-পত্তের ঘর ? চলুন।"

স্থরেন্দ্রনাথ বলিলেন, "আপনারা কি আমাকে এই খুনের জন্ত গ্রেপ্তার করিলেন ?"

অক্ষয়কুমার বলিলেন, "সাহেবের নিকট চলুন, সকলই জানিতে পারিবেন।"

"আমার বাড়ীতে কি পাহারা রাখিবেন 🥍

"নিশ্চয়। আপনি উকীল লোক, আপনাকে সকল কথা বুঝাইয়া বলতে হইবে না।"

অগতা স্থরেক্তনাথ বাধ্য হইয়া অক্ষয়কুমারের সহিত আবার লাল-বান্ধারে আনিলেন। প্রথমে অক্ষয়কুমার সাহেবের নিকটে গেলেন, পরক্ষণে স্থরেক্তনাথের ডাক হইল।

তিনি উপস্থিত হইলে সাহেব বলিলেন, "এখন কি আপনি দোষ স্বীকার করিতে প্রস্তুত আছেন ?"

स्रुत्तव्यमाथं कथा कंश्तिन ना।

সাছেব বলিলেন, "আপনি রুথা আমাদিগকে কণ্ট দিতেছেন।"

স্থরেন্দ্রনাথ বলিলেন, "আপনারা সম্পূর্ণ ভুল বুঝিতেছেন; কষ্ট স্মামিই পাইতেছি। এই স্ত্রীলোককে আমি জানি না, কথনও চোথে দেখি নাই সাপনারা র্থা সামায় ধৃত করিতেছেন।" "এ সকল বিচারালয়ে বলিবেন।"

"তাহা হইলে আপনারা কি আমাকে ধৃত করিলেন ?"

"হাঁ, উপায় নাই।"

"জামীন দিবেন না ?"

"খুনী মোকদ্দমায় কি জামীন হয় ? আপনি উকীল, ইহা অবগত আছেন।"

"তাহা হইলে আমার পিতাকে সংবাদ দিতেও কি অহুমতি দিবেন না ?"

"হাঁ, ইহা অবশুই দিব—বলুন, আপনার পিতার নাম কি ? কোথায় তিনি থাকেন ?"

"তাঁহার নাম গোবিন্দরাম বস্থু, মাণিকতলায় থাকেন।"

"আপনার পিতার নাম কি বলিলেন ?"

"গোবিন্দরাম বস্থ।"

সাহেব বিশ্বিতভাবে বলিয়া উঠিলেন, "মাণিকতলায় থাকেন, গোবিন্দরাম – যিনি পুলিসে পুর্ব্বে কাজ করিতেন ?"

"হা, তিনিই আমার পিতা।"

সাহেব অক্ষয়কুমারের দিকে চাহিলেন। রামকাস্ত বিক্ষারিতনয়নে উভয়ের দিকে চাহিয়া রহিল।
• •

সাহেব কিয়ৎক্ষণ পরে ধীরে ধীরে বলিলেন, "আপনার পিতাকে আমরা সকলেই বিশেষ সমান করিয়া থাকি—স্বতরাং আপনার এ অবস্থা ঘটায় আমরা সকলেই বিশেষ হুঃথিত হইলাম; তাঁহার বৃদ্ধ বয়সে যে মনঃকন্ত হইল, ইহাতে আমরা সকলেই বিশেষ হুঃথিত—কি করিব উপায় নাই। আমি এখনই তাঁহাকে সংবাদ দিব।"

স্থরেক্তনাথ হাজতে প্রেরিত হইলেন। অক্ষরকুমার ও রামকান্ত

বাহির হইয়া আসিলেন। রামকাস্ত দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করিয়া ছঃথিত-ভাবে বলিল, "এমন জানিলে কে এ কাজে হাত দিত ? গোবিন্দরাম আমাকে মানুষ করিয়াছিলেন—আর আমিই তাঁহার ছেলেকে ফাঁসী-কাঠে ঝুলাইতে ধরিয়া আনিলাম—ইহা অপেক্ষা আমার মৃত্যু হইল না কেন ?"

সেইদিন সন্ধার প্রাক্কালে একথানি গাড়ী আসিয়া গোবিন্দরামের বাড়ীর দ্বারে লাগিল। ছইটি স্ত্রীলোক গাড়ী হইতে নামিয়া ক্রতপদে বাটীমধ্যে প্রবেশ করিলেন। তাঁহাদের দেখিয়া গোবিন্দরাম অগ্রসর হইলেন।

আসিয়াছিলেন—স্থাসিনী ও স্থাসিনীর মা। স্থাসিনীর মা ব্যাকুল-ভাবে বলিলেন, "স্থারেক্তনাথ এখানে আছে ?"

তাঁহার ভাব দেখিয়া গোবিন্দরাম বলিলেন, "কেন, সে নিশ্চয়ই আদালত হইতে বাসায় এতকণে ফিরিয়াছে।"

"তবেই সর্বনাশ হইয়াছে।"

"কেন, কি হইয়াছে ?"

"বাসায় সে নাই।"

"তবে কোন কাজে বাহির হইয়া গিয়াছে—এখনই ফিরিবে।"

"না, সকালে সে আমাদের বাড়ী গিয়াছিল, তাহার পর আর বাসার শীর নাই।"

"(क विनन ?"

"লোক পাঠাইয়াছিলাম।"

"তা' হয় ত অন্ত কোন বন্ধুর বাড়ী নিমন্ত্রণ ছিল, সেখান হইতে আদালতে গিয়াছে—আপনি এত ব্যাকুল হইতেছেন কেন ১*

"ব্যাকুল হইতেছি কেন? সর্ব্ধনাশ হইয়াছে!"

"কি হইয়াছে, সকল বলুন i"

স্থাসিনীর জননী প্রাতে যাহা যাহা ঘটিয়াছিল, সমস্ত গোবিন্দ-রামকে বলিলেন। শুনিয়া গোবিন্দবাম বলিলেন, "তাহার সহিত স্থ্যেক্সনাথের যাওয়া উচিত হয় নাই। সে লোকটার চেহারা কেমন ?"

"এই সাধারণ লোকের মত।"

"পুলিসের লোক নয় ত ?"

"কেমন করিয়া বলিব ?"

এই সময়ে ভূত্য আসিয়া একথানা কাগজ গোবিন্দরামের হাতে দিল। গোবিন্দরাম কাগজখানি দেখিয়া বলিলেন, "হাঁ, আপনারা অপেক্ষা করুন, বোধ হয়, এখনই তাহার সংবাদ পাইব। পুলিসের একটি লোক আমার সহিত দেখা করিতে আসিয়াছেন।"

এই বলিয়া গোবিন্দবাম তাড়াতাড়ি বাহিরের ঘরে আসিলেন। দেখিলেন, অক্ষয়কুমার আসিয়াছেন। তিনি উাহার দিকে চাহিয়া বলিলেন, "তাহা হইলে সত্যসত্যই আমার ছেলে গ্রেপ্তার হইয়াছে ?"

অক্ষয়কুমার বলিলেন, "তাহা হইলে আপনি ভনিয়াছেন ?"

"অনুমান মাত্র—কেন ধৃত হইয়াছে, জানি না।"

অক্ষয়কুমার কি বলিবেন, স্থির করিতে না পারিয়া ইতস্ততঃ করিতে লাগিলেন।

গোবিন্দরাম বলিলেন, "বলনা—দেথিতেছ না, আমি কত কষ্ট পাইতেছি ? সে আমার একমাত্র পুত্র—জীবনের অবলম্বন—কি অপরাধে তোমরা তাহাকে ধৃত করিয়াছ ?"

অক্ষরকুমার, গোবিন্দরামের প্রাণে আঘাত লাগিবার ভরে কিছুই বলিতে পারিলেন না। গোবিন্দরাম বলিলেন, "তবে কি তুমি অক্ষয়, আমাকে রুথা কষ্ট দিতে আসিয়াছ ?" অক্ষয়কুঝার বলিলেন, "আপনি বাগবাজারের সেই খুনের কথা শুনিয়াছেন ?"

গোবিন্দরাম বলিলেন, "হাঁ, কি হইয়াছে ?"

অক্ষয়কুমার বলিলেন, "সেই খুনের জন্ম আপনার পুত্র গ্রেপ্তার হইয়াছেন।"

গোবিন্দরাম কয়েক মুহূর্ত্ত কোন কথা কহিলেন না। অক্ষয়কুমার বুঝিলেন, তিনি প্রাণে নিদারুণ আঘাত পাইয়াছেন।

কিয়ৎক্ষণ নীরব থাকিয়া গোবিন্দরাম ধীরে ধীরে বলিলেন, "তোমরা তাহার বিক্তমে নিশ্চয় প্রমাণ পাইয়াছ।"

"হাঁ, তিনি ছন্মবেশে লালদীঘীতে সেই মৃত স্ত্রীলোকের ছবি দেখিতে গিয়াছিলেন। সেইখানে একটা চোর তাঁহার পকেট হইতে তাঁহার পকেট বই তুলিয়া লয়; সেই পকেট-বহির ভিতরে এই মৃত স্ত্রীলোকের ছবি পাওয়া গিয়াছে; তাঁহাকেই আমরা বাগবাজারের বাড়ীতে রাত্রে দেখিয়াছিলাম—আমাকে ছোট ঘরে বন্ধ করিয়া পলাইয়া যান—তাহার পর রামকাস্তকে পুলিসের লোক বলিয়া নিজের পরিচয় দিয়া চলিয়া যান, রামকাস্ত তাহাকে চিনিয়াছে।"

"আমার পুত্র সব স্বীকার করিয়াছে ?"

"নাঁ, তিনি সব অস্বীকার করেন ; বলেন, ছবি তাঁহার পকেট-বইয়ে ছিল না—সেই চোরটা তাহা রাথিয়াছিল।"

"এইমাত্র ?"

"না, একথানা চিঠার খাম বাগবাজারের বাড়ীতে আমরা পাইয়া-ছিলাম, সেথানা তাঁহার হাতে লেখা।"

"ইহাও অমুমান।"

"না, অনায়াসেই তাহা স্প্রমাণ হইবে। তাহার পর ডাঁহার বাসা

থানা-তল্লাসী করায় একটা ঘরে কতকগুলি তাস পাওয়া গিয়াছে—তাহার ভিতরে ইস্কাবনের টেক্কাথানি নাই।"

"ইহাও প্রকৃষ্ট প্রমাণ নহে।"

"আরও আছে, তিনি রামকাস্তকে ছবিথানির জন্ম গুই হাজার টাকা ঘুদ দিতে চাহিয়াছিলেন; তাহার পর ছবিথানি পাইবার জন্ম তাহাকে গুলি করিতেও উন্মত হইয়াছিলেন, শেষ নিজেও আত্মহত্যা করিতে চেষ্টা করেন।"

গোবিন্দরাম কোনও উত্তর না দিয়া কিয়ৎক্ষণ নীরকে দাঁড়াইয়া রহিলেন। অবশেষে ধীরে ধীরে বলিলেন, "এরূপ অবস্থায় তাহাকে ধৃত করিয়া যে আপনারা অন্তায় করিয়াছেন, এ কথা আমি বলিতে পারি না; তবে ইহাও বলি, সে নির্দোষী—স্থরেক্সনাথ কথনই এরূপ ভয়ানক কাজ করিতে পারে না; এ কথা আমি জোর করিয়া বলিতেছি—আর ইহা আমি সপ্রমাণ করিব।"

"ভগবান্ করুন, তাহাই হউক—আমরা এ ব্যাপারে **সকলেই** ছঃথিত হইয়াছি।"

"কে তাহাকে গ্রেপ্তার করিয়ীছে ?"

"রাঘকার _{।"}

"ওঃ! সে অনেক দিন আমার দঙ্গে কাজ করিয়াছে, আর্মি তাহার সহিত দেখা করিয়া দকল শুনিব। কবে বিচার আরম্ভ হইবে ?"

"কাল ম্যাজিষ্ট্রেটের সম্মুখে হাজির হইবেন।" ំ

"কাল কলিকাতাণ্ডদ্ধ লোক জানিবে, আমার ছেলে খুনী; তাহার বিরুদ্ধে প্রমাণ ষথেষ্ট হইয়াছে, স্বীকার করি; তবুও আমি বলিতেছি, দে নির্দোষী।"

"ভগবান্ তাহাই করুন। আমরা সকলে তাহাই চাই।"

"আমি" জানি, তোমরা সকলেই আমাকে সম্মান কর। এখন এই হাবাই কেবল বলিতে পারে, খুনী কে ? মামি সাহেবকে যেরপ যুক্তি দিয়াছিলাম, তাহাতেই বেশ বুঝিতে পারা গিয়াছে, এই হাবা এ সহরের লোক নয়। এ হাবা কোথাকার লোক, তাহাই আমাকে প্রথমে অমুসন্ধান করিতে হইবে।"

"আমরা সে চেষ্টার আছি।"

"কৃতাস্তকুমার আমার ছেলের ধৃত হওয়া সম্বন্ধে কিছু করিয়াছে ?"

্রনা, কিছু নয় —বরং তিনি এ কথা শুনিয়া বিশেষ হঃথিত ও বিশ্বিত হইমাছেন।"

"এই পর্যান্ত—এখন আমি তাহাকে নির্দোষী প্রমাণ করিব—আমি জানি, সে কথনই এরূপ ভয়ানক কাজ করিতে পারে না।"

অক্ষয়কুমার প্রস্থান করিলেন। গোবিন্দরাম প্রত্যাবর্ত্তন করিয়া স্থহাসিনীর জননীকে বলিলেন, "ভূলক্রমে স্থরেনকে প্র্লিসে ধরিয়াছে, কোন ভয় নাই—সে শীঘ্রই মুক্তি পাইবে।"

তাঁহারা কিছু আশ্বন্ত হইয়া গৃহে ফিরিলেন।

20

স্থরেক্সনাথ, গোবিন্দরামের একমাত্র পুত্র। অতি শৈশবে মাতৃহীন হওরার পিতাই তাঁহাকে মান্থ্য করিয়াছেন। তাঁহার এইরূপ বিপদে পিতা হৃদরে যে গুরুতর আঘাত পাইলেন, তাহা বর্ণনাতীত; তবে গোবিন্দরাম নিজ্ক মনোভাব প্রকাশ করিবার লোক ছিলেন না—তাঁহার হৃদরের বন্ধণা বাহিরে কেহই জানিতে পারিল না। স্থরেক্সনাথকে প্লিস যে ভ্রমক্রমে ধৃত করিয়াছে, ইহা তাঁহার দৃঢ়বিখাস, স্থরেক্স কথনও এরপ ভ্রাবহ কাজ করিতে পারে না; তিনি
প্লিসের এ ভ্রম দূর করিবেন। প্রথমে তিনি পুত্রের সহিত দেখা করিবার ইচ্ছা করিলেন। ভাবিলেন, "সে প্লিসের কাছে কোন কথা না
বলুক, আমার কাছে কিছুই গোপন করিবে না। তাহার মুখে সকল
ভূনিলেই সব বুঝিতে পারিব—গোলযোগও তথনই মিটিয়া যাইবে।"

তিনি পরদিবস প্রাতেই পুলিস-কমিশনার সাহেবের সহিত দেখা করিতে চলিলেন। পুলিসে আফিসে আসিয়া প্রথমেই তিনি ঝ্লামকান্তকে দেখিতে পাইলেন।

তাঁহাকে দেখিয়া রামকাস্ত বড় লজ্জিত হইল। এক সম্ব্নে সে গোবিন্দরামকে শুরু বলিয়া কত সম্মান করিয়াছে, আর সে-ই আজ তাঁহার একমাত্র পুত্রকে খুনের দায়ে ধৃত করিল। সে কিরুপে গোবিন্দ-রামকে মুথ দেখাইবে ?

রামকান্তের মনের অবস্থা বুঝিরা গোবিন্দরাম তাহাকে আখস্ত করি-বার জন্ত বলিলেন, "কাল আমার ছেলেকে ধরিয়াছ বলিয়া লজ্জিত হইতেছ? ইহাতে আমি তোমার উপর অসস্তুষ্ট হই নাই; না ধরিলে তোমার কর্ত্তব্য কার্য্যে অবহেলা করিতে। তবে এটাও স্থির, তুমি ভূল বুঝিয়াছ, তাহাতেও তোমার দোষ নাই—তোমার উপরওয়ালারাও তোমারই মত ভূল বুঝিয়াছেন।"

রামকান্ত বলিল, "আমি আপনাকে কি বলিয়া মুখ দেখাইব, তাহাই ভাবিতেছিলাম——"

"না—না—ইহাতে লজ্জার বিষয় কি আছে? আমি আমার ছেলেক্ক সঙ্গে এখনই দেখা করিব; তাহার পর সকল গোলই মিটিয়া যাইবে। সাহেব কোথায় ?" "সাংহ'ব আপনার ছেলেকে ম্যাজিট্রেটের নিকট লইয়া গিয়াছেন; এখনই ফিরিবেন।"

"এত তাড়াতাড়ি কেন <u>?</u>"

"চব্বিশ ঘণ্টার অধিক ম্যাজিস্টেটের সম্মুথে না লইয়া গিয়া আসামী কিরূপে রাখিবেন ?"

"হা, সে কথাও ঠিক।"

"এই যে সাহেব আসিয়াছেন।"

্গোবিন্দরান সাহেবের সমুখীন হইলে সাহেব সমাদরে তাঁহার কর-মর্দন করিয়া বলিলেন, "আপনার এ বিপদে আমরা সকলেই বিশেষ ছঃথিত হইয়াছি।"

গোবিন্দরাম বলিলেন, "দকল গোলঘোগই মিটিয়া ঘাইবে — আমার ছেলে এরূপ ভয়ানক কাজ করিতে পারে না—কথন করেও না।"

"আমরা ইহাতে সকণেই বিশেষ সম্ভষ্ট হইব। তবে প্রমাণ বড় কঠিন——"

"ম্যাজিপ্টেটের কাছে কি বলিল ?"

"সেই এক কথা — চোর তাহার পর্কেট-বইয়ে ছবিখানা রাখিয়াছিল।" "তাহাই সম্ভব।"

"না, সম্পূর্ণ অসম্ভব, চোর পকেট-বইথানা তুলিয়া লইবার একটু গরেই ধরা পড়ে—স্থতরাং সে ছবি কথন পকেট বইয়ে রাখিবে ? সে-ও বলে যে, সে ছবিথানা দেথে নাই—পকেট-বইয়ে ছিল, তাহাও জানে না।"

শ্বানার ছেলে বলিতেছে যে, মৃত স্ত্রীলোকটিকে সে একেবারেই চিনে না।"

' "হাঁ, কিন্তু কাজটা ভাল হইতেছে না, কিছু না বলা—চুপ করিয়া থাকা মানেই একরপ দোষ স্বীকার করা।" "ইহার কোন মানে নাই।"

"অক্ষয়কুমার বাগবাজারের বাড়ীতে রাত্রে লুকাইয়া ছিলেন। সেই বাড়ীতে রাত্রি বারটার সময়ে একটা লোক আসে; সে বিনোদিনী নামে এই হত স্ত্রীলোককে ডাকিয়াছিল। কাজেই অক্ষয়কুমার তাঁহার মূথ যদিও তথন দেখিতে পান নাই, তাঁহার কণ্ঠস্বর শুনিয়াছিলেন। তিনি বলেন যে, সেই লোকটার কণ্ঠস্বর ও আপনার ছেলের কণ্ঠস্বর এক; কেবল ইহাই নহে—রামকান্ত ইহার সহিত কথা কহিয়াছিল; সে-ও বলে যে, আপনার ছেলেই সে লোক। তাহার পর এই ছবি—স্ত্রীলোকের বাড়ীতে যে একথানা থাম পাওয়া গিয়াছে, তাহাও আপনার ছেলের হাতের লেখা; স্কৃতরাং এমন প্রমাণসত্ত্বেও ইনি বলিতেছেন যে, স্ত্রীলোকটিকে আদৌ চিনেন না—জানেন না। ইহা কি মুক্তিসঙ্গত ? সেইখানে একজন মুদী আছে, সে-ও বলিতেছে যে, স্থ্রেক্রবাবুকে সেছই-একবার এই বাড়ীতে আসিতে দেখিয়াছে।"

"আমি কি একবার তাহার সহিত দেখা করিতে পাইব ?"

"হা, তাহা আপনি অবশ্রই পাইবেন, তবে----

"বুঝিয়াছি আপনি উপস্থিত থাকিবেন; তবে একটা অমুরোধ, আপনি পার্শ্বের একটা ঘরে থাকিয়া আমাদের কথাবার্তা ভুনিবেন, কারণ প্রকাশ্রভাবে আপনারা কেহ উপস্থিত থাকিলে হয় ত সে কোন কথা বলিবে না।"

"গোবিন্দরাম বাবু, আপনি যাহা করিতে ইচ্ছা করিতেছেন, তাহাতে গুরুতর আশকার সম্ভাবনা আছে, তাহা অবগ্রুই আপনি বুঝিতেছেন।"

"হাঁ, তাহা আমি জানি। যদি সে আমার নিকটে দোষ স্বীকার করে—আর আপনি তাহা শুনিতে পান, তাহা হইলে তাহার রক্ষা পাইবার আর কোনই উপায়ই থাকিবে না; তথাপি জানিয়া-শুনিয়াই আমি এ কাজ করিতেছি, কারণ আমার স্থির বিশাস, আমার পুত্র ধুন করে নাই।"

"এরপ অবস্থায় আমি আর কি বলিব 🥍

"তাঁহার বিরুদ্ধে প্রমাণ কতক কতক সংগ্রহ হইয়াছে, স্বীকার করি —তবে তাহার স্বপক্ষে স্থবিধাজনক কি কি প্রমাণ আছে, যদি আপনার আপত্তি না থাকে, জানাইলে বিশেষ বাধিত হইব।"

"তাঁহার পক্ষে বেশী কিছু আমি দেখিতেছি না; তবে সে লোকটা রাম্কাস্তকে একথানা পুলিসের কার্ড দেখাইয়াছিল—আপনার ছেলের নিকটে বা তাঁহার বাড়ীতে এরপ কোন কার্ড পাওয়া যায় নাই।"

"হা. এই একটা।"

"তাহার পর এই হাবা, যদি সে তাঁহাকে চিনিতে না পারে, তাহা হইলে অনেকটা তাঁহার পক্ষে স্থবিধা হইবে; আর যদি চিনিতে পারে, তাহা হইলে বুঝিতেই পারিতেছেন।"

"হাবা ইহাকে চিনিতে পারিবে না—আমার ধ্রুব বিশ্বাস। এখনও আপনারা সেই হাবাকে তাহার সন্মুখে আনেন নাই কেন ?"

"আজ বা কাল আনিব। কথা হইতৈছে, জেলে ছইজনকে সম্মুখীন করাইব না। এখানে না আদালতে, কি হাকিমের সম্মুখে—কোথায় দেখা করান যুক্তিনঙ্গত, এ বিষয়ে আমি ক্বতাস্তকুমারের সহিত পরামর্শ করিব, মনে করিয়াছি।"

"কৃতাস্তকুমার! তিনি কি এ মোকদ্দমায় আছেন ?"
"হাঁ, আপনিই ত তাঁহার কথা বলিয়াছিলেন।"
"হাঁ, মনে পড়িয়াছে—তাঁহার সঙ্গে একবার দেখা হয় না ?"
"তিনি এখনই এখানে আসিবেন। বেলা হইতেছে, চলুন।"
তথন গোবিন্দরান সাহেবের সহিত হাজতের দিকে চলিলেন।

. 38

গোবিন্দরামকে একটি পূঁছমধ্যে রাথিয়া সাহেব অগ্রসর হইলেন।

স্থরেক্সনাথকে একটি স্বতন্ত্র ঘরে আনা হইল; সেথানে আর যাহারা ছিল, সাহেব দকলকে সরাইয়া দিলেন। তাহার পরে গোবিন্দরামকে সেই ঘরে পাঠাইয়া দিয়া নিজে পার্ম্ববর্ত্তী একটা ঘরে উপস্থিত রহিলেন। তিনি যেথানে দাঁড়াইলেন, সেথান হইতে পিতা পুত্রের সমস্ত কথা বেশ ম্পষ্ট শুনিতে পাওয়া যাইবে।

গোবিন্দরাম পুত্রের অবস্থা দেখিয়া নিতান্ত বিচলিত হইয়া পড়িলেন; কিন্তু অতি কণ্টে হৃদয়ের ভাব উপশমিত করিলেন।

পিতাকে দেখিয়া স্থরেক্সনাথের মুখ লজ্জায় ও হঃখে আরক্তিম হইল। তিনি অবনতমন্তকে নীরবে বিদিয়া রহিলেন। মন্তক তুলিয়া পিতার দিকে চাহিয়া দেখেন, এমন সাহস তাঁহার ছিল না।

গোবিলরাম ধীরে ধীরে বলিলেন, "স্থরেন, এখন তুমি পুলিসের লোকের সন্মুখে বা হাকিমের সন্মুখে নও—আমাকে সব খুলিয়া বল; আমার কাছে কোন কথা গোপন করিয়ো না—আমি ব্ঝিয়াছি, ইহারা ভুল করিয়া তোমাকে এই খুনের মোকদ্মায় জড়াইতেছে।"

পুত্রের মুধ পাংশুবর্ণ হইরা গেল। পুত্র ধীরে জড়িতকঠে বি-লেন, "বাবা, আমার কিছুই বলিবার নাই—যাহা বলিবার ছিল, ইহাদের বলিরাছি; নিশ্চরই আপনি তাহা শুনিরাছেন।"

গোবিন্দরাম পুত্রের মুখে এ কথা শুনিবার আশা করেন নাই। তিনি বিন্দিত ও অভিতভাবে পুত্রের নিকট হইতে হই পদ সরিয়া দাড়াইলেন; ক্লণপরে বলিলেন, "খুনী বলিয়া তুমি ধরা পড়িয়াছ—তোমায় বাচপর কাছেও 'তোমার এ অবস্থায় কিছু বলিবার নাই? 'এ কথা মিথ্যা-কথা – ঘোর মিথাাকথা! নিজের নির্দোষতা প্রমাণ করিবার কি চেষ্টা করা কর্ত্তব্য নয় ?"

"যথেষ্ট চেষ্টা করিয়াছি; ইহারা কোন কথাই জ্ঞানে না।"

"অবশুই শুনিবে, তুমি বাগবাজারের সেই বাড়ীটায় কথনও গিয়াছ ?" স্থরেক্রনাথ নীরবে রহিলেন।

গোবিন্দরাম ব্যাকুলভাবে বলিলেন, "এ বয়সে আমাকে কন্ট দেওয়াই কি তোমার ইচ্ছা ?"

স্থরেক্সনাথের চকু জলে পূর্ণ হইয়া আসিল। তিনি বাষ্পসংরুদ্ধ-কঠে বলিলেন, "বাবা, আমাকে কি করিতে বলেন ? আমায় যাহা কিছু বলিবার ছিল, বলিয়াছি।"

"তাহা হইলে তুমি বলিতে চাও বে, ছবিথানা সেই চোর তোমার পকেট-বইরে রাথিয়াছিল ?"

·"割"

"ছন্মবেশে তুমি সেই মৃত স্ত্রীলোকের ছবি দেখিতে গিয়াছিলে কি জন্ম ?"

"ভিড় দেখিয়া গিয়াছিলাম।"

"তোমার বাদায় যে তাসগুলি পাওয়া গিয়াছে, তন্মধ্যে এক**খানা** নাই—ইস্কাবনের টেকাখানাই নাই।"

"হারাইয়া গিয়াছিল—দেইজন্ত কি আমি খুনী ?"

"যে থাম ইহারা পাইয়াছে, তাহাতে তোমার হস্তাক্ষর।"

' ''ইহারা ভুল করিতেছে, আমার লেখা নহে; আমার মত বটে।"

"ইহাদের একজন ইন্স্পেক্টর সেই বাড়ীতে তোমার কণ্ঠস্বর শুনিয়া-ছিল, একজন দারোগা তোমাকে দেখিয়াছিল।" "ইহারা ভুল করিয়াছে, আমি সে লোক নহি।"

গোবিন্দরাম কিরৎক্ষণ নীরবে থাকিয়া বলিলেন, "তোমাকে সন্দেহত করিবার অনেক প্রমাণ পাইয়াছে, স্বীকার করি; কিন্তু আমি ভোমাকে রক্ষা করিব—১ এই খুনের রহস্ত ভেদ করিব। আমি জানি, আমার স্থরেন কথনও এরূপ কাজ করিতে পারে না; তুমি বোধ হয়, জান না যে, আমি এক সময়ে——"

"জানি।"

"কিরূপে জানিলে ? আমি তোমায় কথনও বলি নাই।"

"না, আপনার কাগজ-পত্রের ভিতরে একথানা পুলিসের কার্ড পাইয়াছিলাম।"

20

সহসা সন্মুথে বিনামেদে বজ্ঞাঘাত হইলেও গোবিন্দরাম বোধ হয়, এতটা বিশ্বিত হইতেন না। প্রকৃতই ক্রিনি পুত্রের মুথে কার্ডের কথা শুনিয়া যেন বজ্ঞাহত হইলেন। তবে—তবে স্থরেক্সনাথ আগা-গোড়াই মিথাা-কথা বলিতেছে—তাহা হইলে সে এই কার্ডই সেদিন রামকাস্তকে দেথাইয়াছিল—কি ভয়ানক!

কিয়ৎক্ষণ গোবিন্দরাম কথা কহিতে পারিলেন না। তৎপরে প্রায় ক্লদ্ধকঠে বলিলেন, "সে কার্ড কি করিয়াছ ?"

"সেইখানেই পুড়াইয়া ফেলিয়াছিলাম।"

গোবিন্দরাম সবলে নিঃশাস ফেলিলেন। তৎপরে ধীরে ধীরে বলি-লেন, "বোধ হয়, তুমি শুনিয়াছ, স্ত্রীলোকটীর মৃতদেহ যে বাক্সের ভিতরে পাওরা গিয়াছে, ঐ বাক্সটা একটা হাবালোক মাথায় করিয়া লইরা খাইতেছিল: এই হাবা নিশ্চয়ই খুনীকে চেনে।"

"এই হাবাকে আমার সমুখে আনিলেই ত হয়; আমি কোন হাবাকে চিনি না।"

"আমি এ কথা নিশ্চিত জানি, তোমাকে না চিনিতে পারিলে কাজ অতি সহজ হইয়া আসিবে। যাহাতে আজই হাবাকে তোমার কাছে আনা হয়, তাহা আমি করিব। আমি জানি, আমার ছেলে কথনই এ রকম ভয়াবহ কাজ করিতে পারে না। ভয় নাই, তুমি শীঘ্রই মুক্তি পাইবে। স্থহাসিনী ও তাহার মা ব্যাকৃল হইয়া আমার কাছে কাল ছুটিয়া আসিয়াছিলেন—আমি তাঁহাদেরও আশস্ত করিব।"

স্থুরেন্দ্রনাথ কোন কথা কহিলেন না।

গোবিন্দরাম বাহির হইয়া আসিলেন। সাহেবও বাহির হইলেন। গোবিন্দরাম বলিলেন, "সকল ভানিতে পাইয়াছেন ?"

"হাঁ, কিন্তু ইহাতে আপনার ছেলে যে নির্দ্দোষী, তাহা প্রমাণ হইতেছে না; বরং তিনি একটা শুরুতর বিষয় স্বীকার করিলেন।"

"বৃঝিয়াছি, কার্ডের বিষয়। কার্ড পুড়াইয়া ফেলিয়াছিল।"

"হাঁ, ইহা স্বীকার করি, এখন হাবার উপরই অনেকটা নির্ভর করিতেছে : হাবা যদি স্করেক্সকে চিনিতে না পারে——"

"বা চিনিতে পারিল না বলিয়া ভাগ করে, তাহা হইলে কতকটা ভাহার স্বপক্ষে ঘাইবে, ইহাতে কোন সন্দেহ নাই।"

"তাহা হইলে আজই এই কাজটা করুন।"

"হাঁ, তাহাই করিব—এই বে ক্বতাস্ক বাবুও আসিয়াছেন।"

ক্বতাস্তকুমার, গোবিন্দরামকে সসন্মান-সম্ভাষণ করিয়া বলিলেন, "আপনার পুরের বিপদের কথা শুনিয়া যার-পর-নাই ছঃখিত হইয়াছি।

যাহাতে কর্ন্তব্যে কোন ব্যাঘাত না হয়, এরপভাবে আপনার পুত্রকে। নিরপরাধ সপ্রমাণ করিতে আমি প্রাণপণে চেষ্টা করিব।"

গোবিন্দরাম ক্বতান্তের সোজতো বিশেষ মুগ্ধ হইয়া বলিলেন, "আমি জানি, আপনারা সকলেই আমাকে বিশেষ অনুগ্রহ করেন।"

সাহেব ক্বতান্তকুমারের দিকে চাহিয়া বলিলেন, "আমি হাবাকে সুরেন্দ্রনাথের সমূথে আজই লইতে চাহি; তবে কথা হইতেছে বে, তাহাদের হুইজনকে এথানে আনিব—না জেলে দেখা করাইব—না আদালতে লইয়া যাইব ?"

ক্বতান্তকুমার বলিলেন, "যথন অমুগ্রহ করিয়া আমাকে এ কথা জিজ্ঞাসা করিতেছেন, তথন আমি ছই-একটি বিষয় বিবেচনা করিয়া দেখিতে বলি। শুনিয়াছি, এই হাবা খুব চালাক—আমি ইচ্ছা করিয়াই এতদিন ইহার সম্পুথে যাই নাই। প্রথমে এ হাবা ধদি আমাকে পুলিসের লোক বলিয়া চিনিতে পারে, তাহা হইলে সাবধান হইয়া যাইবে; ইহাকে দিয়া আর কোন কাজ পাইব না।"

সাহেব বলিলেন, "হাঁ, আপনার প্রস্তাব কি শুনি।"

ক্কতাস্তকুমার বলিলেন, "আমি["] প্রস্তাব করি বে, স্থরেক্ত বাবুর সঙ্গে তাঁহার বাসায় এই হাবার দেখা করাই ঠিক।"

গোবিন্দরাম জিজ্ঞাসা করিলেন, "কেন, উদ্দেশ্য কি ?"

ক্বতান্তকুমার বলিলেন, "সে যদি ব্ঝিতে পারে যে, তাহার স্থায় তাহার মনিব স্থরেজ্র বাব্ও পুলিসে ধরা পড়িয়াছেন, তথন সে আর কিছুই বলিবে না; আরও হাবা হইয় যাইবে। আর যদি হাবা ব্ঝিতে পারে যে, পুলিস এবার তাহাকে ছাড়িয়া দিয়াছে, তাহা হইলে সে অনায়াসে আমার সঙ্গে স্থরেজ্র বাব্র বাড়ী যাইবে। এদিকে আপনারা স্থরেজ্রবারুকে তাঁহার বাড়ী লইয়া যাইবেন; সেখানে

্তাঁহাকে একা দেখিতে পাইলে হাবা আর বজ্জাতি করিবে না। যদি স্থরেক্ত বাবুকে সে যথার্থ ই চিনে, তাহা চইলে ধরা পড়িবে; আর যদি না চিনে, তাহাও আমরা বেশ জানিতে পারিব; তথন স্থরেক্তবাবু যে নির্দোষী, তাহাতে আর কোন সন্দেহ থাকিবে না'।"

সাহেব চিস্তিতভাবে বলিলেন, "হাঁ, আপনি যাহা বলিতেছেন, ভাহা ঠিক। গোবিন্দরাম বাবু কি বলেন ?"

গোবিন্দরাম বলিলেন, "ক্বতান্তবাবুর প্রস্তাব মন্দ নয়—এ বিষয়ে আর বিলম্ব করা কর্ত্তব্য নয়।"

সাহেব বলিলেন, "দেখিতেছেন যে, যদি কোনরূপে হাবা প্রকাশ করে যে, দে আপনার ছেলেকে চিনে, তাহা হইলে তাহার সমূহ বিপদ।"

গোবিন্দরাম বলিলেন, "তাহা জানি, তবে আমি স্থরেন্দ্রের নির্দ্দোষতা সম্বন্ধে এতই নিশ্চিত আছি যে, আমি ইহাতে ভীত হইতেছি না।"

সাহেব ক্বতান্তবাব্র দিকে চাহিয়া বলিলেন, "আপনি কিরূপ বন্দো-বস্তু করিতে চাহেন ?"

"আজ বৈকালে আপনি স্থরেক্ত বাবুকে, তাঁহার বাড়ীতে লইয়া যাইবেন; অক্ষরবাবুও থাকিবেন—গোবিন্দরাম বাবুও সেইখানে থাকিবেন।"

"বেশ, আর হাবা সম্বন্ধে ?"

"আমি দূরে একখানা গাড়ীতে থাকিব। হাবাকে জেল হইতে এমনভাবে ছাড়িয়া দিবেন যে, দে যেন ব্নিতে পারে, যথার্থ ই তাহাকে ছাড়িয়া দেওয়া হইয়াছে; তথন আমি তাহাকে নিকটে আসিতে সঙ্কেত করিব; সে নিশ্চয় কে তাহাকে ডাকিতেছে, তাহা দেখিতে আসিবে; আমি তথন তাহাকে ব্রাইতে চেষ্ঠা করিব যে, আমি তাহার

মনিবের লোক; তাহার পর তাহাকে গাড়ীতে তুলিয়া লইয়া স্বরেক্ত বাবুর বাড়ীতে আনিব।"

"জেল হইতে ছাড়িয়া দিলে সে না পালায়।"

"না, পালাইবে কিরপে ? হাজতের সমূথে রামকান্ত ও শ্রামকান্ত হাজির থাকিবে; যতক্ষণ না সে আমার গাড়ীতে উঠে, ততক্ষণ তাহারা তাহার উপর দৃষ্টি রাখিবে।"

"ইহা ভাল বন্দোবস্ত; তবে তাহাদের না চিনিতে পারে।"

"তাহারা ছন্মবেশে থাকিবে।"

"আচ্ছা, এই বন্দোবস্তই ঠিক থাকিল; আমি আর অক্ষরবার্
স্থারেক্সবার্কে লইয়া তাঁহার বাড়ীতে যাইব। গোবিন্দরাম বার্, আগেনিও
সেখানে অবশ্র থাবিবেন।"

গোবিন্দরাম এতক্ষণ চুপ্ করিয়াছিলেন; বলিলেন, "নিশ্চয়ই থাকিব।" সাহেব বলিলেন, "আমি এখনই সব বন্দোবন্ত ঠিক করিবার জন্ত হুকুম দিতেছি।"

তথন গোবিলরাম অনেকটা আশস্তচিত্তে গৃহে ফিরিলেন।

20

সন্ধ্যার প্রাক্কালে হাজতের দার হইতে প্রায় ছই শত হস্ত দ্রে একথানা গাড়ী দাঁড়াইয়া রহিয়াছে। ঠিক দারের সমূথে পথের অপর পার্শে ছইব্যক্তি দাঁড়াইয়া ছিল। তাহারা আর কেহই নহে, পূর্ব্বপরিচিত রামকান্ত ও স্থামকান্ত। রামফাস্ক বলিল, "এই হাবাটা আমাদের একটা অপঘাত মৃত্যু না ঘটাইয়া ছাড়িবে না, দেখিতেছি। আর আমাদের উপরওয়ালাদেরও মাথা একদম থারাপ হইয়া গিয়াছে, ক্রমাগত হাবাকে জেলে প্রিতেছে— আর ছাড়িয়া দিতেছে—হাবাই না জানি, কি মনে ভাবিতেছে।"

"কি আর বেশি ভাবিবে ? যদি সে খুনের বিষয় কিছু জানে, তবে মনে মনে বুঝিতেছে যে, খুনেরই তদস্ত হইতেছে।"

"কর্ত্তা ত গাড়ীতে আসিয়া বসিয়া আছেন দেখিতেছি। যাহাই বল, উহার সঙ্গে কাজ করিতে আমার মোটেই ইচ্ছা করে না।"

"তুমি ত ক্বতাস্তবাবুর উপর মোটেই সদয় নও।"

"এই বে আবার এইদিকেই মহাপ্রভু আসিতেছেন।"

সতাসতাই ক্বতাস্তকুমার তাহাদের দিকে আসিতেছিলেন। তিনি
নিকটে আসিরা বলিলেন, "গাড়ী লইয়া এমনভাবে দাঁড়াইয়া থাকা
ভাল নয়। সাহেব আসামী লইয়া এইয়ার তাহার বাড়ীতে গিয়াছেন।
হাবা এখনই বাহির হইয়া আসিবে—তোমরা খুব সাবধানে থাক;
আমি গাড়ীপানা ঘুরাইয়া এখনই আনিতেছি—কোচ্মানকে বেশ করিয়া
চিনিয়া রাধ।"

এই বলিরা সম্বরপদে চলিরা গেলেন। এই সমরে একব্যক্তি আসিরা রামকাস্তকে জিজ্ঞাসা করিল, "ঐ বাবৃটি কে, মহাশর ?"

রামকান্ত মুথথানা ভয়ানক বিক্বত করিয়া বিরক্তভাবে বলিলেন, "তোমার বাপু সে কথায় কাজ কি ?"

"ব্যাগ করিবেন না, ঐ বাব্টি—ঐ রক্ষ একটি বাবু একদিন আমার ক্ষাছে গিয়াছিলেন।"

"আৰু হে বাপু তুমি ? কোথার থাক ?" "আমি চলননগর ষ্টেশনে কাজ করি। আমার নাম, প্রোপাক্তীয়া।" "আছে। বাপু গোপালচক্র, এখন এখান থেকে স'রে পড় দেখি— আমাদের এখন অন্ত কাজ আছে।"

গোপাল অগত্যা সেস্থান পরিত্যাগ করিল। তথন প্রায় সন্ধ্যা হইয়া-ছিল; তথনও রাস্তায়•আলো জালা হয় হয় নাই; স্থতরাং অন্ধকারটা বেশ ঘনায়মান হইয়া উঠিতেছিল, সহসা লোকের মুথ চিনিতে পারা যাইতে ছিল না।

রামকাস্ত বিরক্ত হইয়া বলিল, "বেটারা করে কি ! হাবাটাকে এখনও বাহির করে না কেন ?"

শ্রামকান্ত বৰিল, "ক্বতান্তবাবুর গাড়ী কই ?"
"ঘুরাইয়া আনিবে বলিল, ওর কাণ্ডই স্বতন্ত্র।"
"এই যে গাড়ী আদিয়াছে।"
এই সময়ে একথানা গাড়ী আদিয়া পূর্বস্থানে দাঁড়াইল।
রামকান্ত বলিল, "সেই গাড়ী ত হে ?"

শ্রামকান্ত বলিল, "তাহা না হইবেল আর কাহার গাড়ী ওথানে দাঁড়াইবে ?"

এই সময়ে একজন পাহারাওয়ালা হাবাকে আনিয়া বাহিরে ছাড়িয়া
দিল। হাবা রাস্তায় দাঁড়াইয়া চারিদিকে চাহিতে লাগিল; বোধ হইল,
কোথায় কোন্দিকে যাইবে, তাহাই সে ভাবিতেছে। সহসা নিকটে
একটা বংশিধ্বনি হইল, ইহাতে রামকাস্ত ও শ্রামকাস্ত উভয়েই চমকিত
হইয়া চারিদিকে চাইতে লাগিল, কোন্ দিক্ হইতে শব্দ হইল, ব্বিতে
পারিল না।

হাবা বরাবর গাড়ীর দিকে যাইতে লাগিল; তৎপরে সে পাড়ীর সন্মুখে গিরা হঠাৎ থমকিয়া দাঁড়াইয়া পড়িল। বোধ হয়, ভিতরেম্ম লোক তাহাকে ক্লি, সক্ষেত করিল, হাবা তৎক্ষণাৎ গাড়ীতে উঠিয়া বসিল। রামকান্ত বলিল, "এত সহজে যে এ ক্বতান্ত বাব্র গাড়ীতে উঠিবে, তাহা মনে করি নাই। ওদিকে দেখ, ওখানে কতকণ্ডলা গাড়ী জমিয়াছে।"

যথার্থ ই এই সময়ে তিন-চারিথানা গাড়ী সেশানে জমিয়া গিয়াছিল। রামকাস্ত বলিল, "ঠিক সেই গাড়ীতে উঠিয়াছে ত ?"

শ্রামকান্ত বলিল, "হাঁ, আগে একথানা গাড়ীই দাঁড়াইয়াছিল— এগুলো ত এই এখন এল।"

একথানা গাড়ী এই সময়ে সবেগে চলিয়া গেল, এবং গাড়ীর ভিতর হইতে কে তাহাদের দিকে হাত নাড়িল। দেখিয়া শ্রামকান্ত বলিল, "আমাদের ছুটি হইয়াছে—এ দেখ ক্বতান্ত বাবু হাত নাড়িলেন।"

"তবে আর কি চল—তামাক খাইয়া বাঁচা যাক্।"

"কি সৰ্বনাশ !"

রামকান্ত বিশ্বিতভাবে বলিল, "ব্যাপার কি !" খ্রামকান্ত দ্রস্থ একথানা গাড়ী দেথাইয়া দিলু। যেরূপ গাড়ীতে হাবা উঠিয়াছিল, ঠিক সেইরূপ একথানা পাড়ী তথায় দাঁড়াইয়া আছে। তবে কোন্ গাড়ীতে হাবা গেল ?

রামকান্ত ও শ্রামকান্ত উভদ্নেরই মুথ শুকাইয়া গেল। তাহারা বুঝিল, তাহাদের চোথে ধূলি দিয়া হাবা পলাইয়াছে — তবুও যে গাড়ী দাঁড়াইয়া আছে — সে গাড়ী যথার্থ ক্কতান্ত বাবুর কি না, ইহা দেথিবার জন্ম তাহারা গাড়ীর সম্মুখবর্জী হইল। গাড়ীর ভিতরে স্বয়ং ক্কতান্তকুমার।

তাহাদের দেখিয়া ক্বতাস্তকুমার বিরক্ত হইয়া বলিয়া উঠিলেন, "তোমাদের হাজতের দরজায় থাকিতে বলিয়াছি; তবে এখানে আবার কি করিতে আসিয়াছ? কেরৎ যাও, এখনই হাবা বাহির হইবে।"

রামকান্ত রুদ্ধকণ্ঠে বলিল, "হাবা—হাবা—দে চলিয়া গিয়াছে—"

ক্বতাস্তকুমার মহা কুদ্ধ হইয়া বলিলেন, "চলিয়া গিয়াছে! তোমার মাথা থারাপ হইয়া গিয়াছে—যাও, পাহারায় যাও।"

রামাকাস্ত বলিল, "এইমাত্র সে একখানা গাড়ীতে উঠিয়া চলিয়া গিয়াচে।"

●

ক্তান্তকুমার লক্ষ দিয়া গাড়ী হইতে অবতীর্ণ হইলেন। কিপ্ত ব্যান্তের স্থায় রামকান্তের গলা টিপিয়া বলিলেন, "পাজি, তুই তাহাকে পলাইতে দিয়াছিন।"

রামকান্তও রাগত হইয়াছিল, সে ক্নতান্তের হাত সরাইয়া দিয়া বলিল, "মশাই, অত গ্রম ভাল নয়, হাবা যদি পলাইয়া থাকে, তবে সে আমাদের দোষে নয়--আপনার দোষে।"

ক্কতাস্তকুমারের মুখ জোধে লাল হইয়া গেল। তিনি কাঁপিতে কাঁপিতে বলিলেন, "আবার এই কথা বলিতে সাহস করিতেছ ?"

রামকান্ত বলিল, "হাঁ, কাজেই, আপনাকে ওথান হইতে গাড়ী লইয়া যাইতে বলিয়াছিল কে? আপনার গাড়ী থাকিলে আর অন্ত গাড়ী আসিতে পারিত না—আমাদেরও ভুল হইত না।"

ক্তান্তকুমার বলিলেন, "আমার গাড়ীর কোচম্যানকে ভাল করিয়া দেখিয়া রাখিতে বলিয়াছিলাম যে।"

খ্যামকাস্ত বলিল, "সে ত ঠিক, একে সন্ধ্যা হইর্রাছে, তাহাতে সে গাড়ীথানাও আপনার এই গাড়ীর মত ঠিক এক রকম দেখিতে।"

ক্কৃতান্তকুমার বলিলেন, "ব্ঝিয়াছি, কত টাকা পাইয়া তোমরা এ কাজ করিয়াছ ?"

রামকান্ত এতই রাগত হইয়া উঠিল যে, কথা কহিতে পারিল না।
ক্বতান্তকুমার সক্রোধে বলিলেন, "গোবিন্দরাম তোমাদের কত টাকা
দিয়াছে-?"

এবার 'রামকাস্ত কথা কহিল; বলিল, "গোবিন্দরাম আমাদের টাকা দিবেন কেন?"

ক্বতাস্তকুমার বলিলেন, "কেন ? ছেলেটিকে বাঁচাইবার জন্ত। সে জানিত যে, হাবা তাহার ছেলেকে দেখিলেই চিনিকে—তথন আর তাহার রক্ষা পাইবার উপায় নাই—তাহাই সে হাবাকে সরাইয়াছে। বাপু, এই ক্বতান্ত নামধারী লোকটা সহজে সব বুঝিতে পারে।"

রামকান্ত ক্রোধে কাঁপিতেছিল; বলিল, "যদি ইহার মধ্যে কোন বদ্মাইসী থাকে, তবে সে বদ্মাইসী হয় আপনি করিয়াছেন, না হয় আমরা করিয়াছি—সাহেব তাহার বিচার করিবেন। চলুন, তাঁহার কাছে।"

"আমিও তোমাদের ছাড়িতেছি না—এখনই এই গাড়ীতে উঠ।" রামকাস্ত কোন কথা না কহিয়া গাড়ীতে উঠিল। শ্রামকাস্তও তাহার অফুসরণ করিল। ক্বতাস্তকুমার হুইজনকে সাহেবের কাছে অইয়া চলিলেন।

29

এদিকে গোবিন্দরাম সন্ধ্যার কিছু পূর্ব্বে পুত্রের গৃহসান্নিখ্যে আসিয়া উপস্থিত হইলেন; ন্বারে পাহারা ছিল। "হকুম নাই," বলিয়া তাহারা তাঁহাকে বাড়ীতে প্রবেশ করিতে দিল না। তিনি বলিলেন, "ভালই হইল, যদি হাবা স্থরেক্তনাথকে চিনিতে পারে—চোথের উপর সে দৃশ্য দেখিয়া হয় ত সন্থ করিতে পারিব না; ভাহা অপেক্ষা সব চুকিরা বাক্, পরে সাহেবের কাছে সব শুনিব।"

এইরূপ ভাবিয়া তিনি এক বৃক্ষতলে দাঁড়াইলেন, সেধান হইতে স্বরেন্দ্রনাথের গৃহদ্বার বেশ দেখিতে পাওয়া যায়।

তিনি দেখিলেন, সন্ধার প্রাকালে সাহেব ও অক্ষয়কুমার স্থারেন্দ্র-নাথকে লইয়া আসিট্রলন। তাঁহারা তিনজনে বাড়ীর ভিতরে প্রবেশ ক'রলেন।

সন্ধার সময়ে সবেগে আর একথানা গাড়ী আসিল। তন্মধ্য হইতে করেকজন নামিরা বাড়ীর ভিতরে চলিরা গেল; তথন অন্ধকার হইয়াছিল, তিনি সেথান হইতে তাহাদের চিনিতে পারিলেন না। কিয়ৎক্ষণ পরেই আবার বাড়ীর ভিতর হইতে জনকয়েক আসিয়া গাড়ীতে উঠিল; একথানা গাড়ী চলিয়া গেল।

তাহার পর গোবিন্দরাম দেখিলেন—পোষাক ও টুপী দেখিয়া চিনিলেন যে, এবার সাহেব বাহির হইয়া আসিয়াছেন; তাহা হইলে কাজ হইয়া গিয়াছে; কি হইয়াছে, জানিবার জন্ম তিনি ছুটিয়া সাহেবের নিকটে আসিলেন। ব্যগ্রভাবে জিজ্ঞাসা করিলেন, "কি হইল ?"

সাহেব ক্রকুটি করিয়া মাথা নাড়িয়া বলিলেন, "আপনি কি তাহা অমুমান করিতে পারেন নাই ?" ু

সাহেবের কঠোরস্বরে একান্ত বিশ্বিত হইয়া গোবিন্দরাম বলিলেন, "না, কেমন করিয়া জানিব ? দিতীয় গাড়ীথানাতে ক্বতান্তবাব্ নিশ্চয়ই হাবাকে আনিয়াছিলেন।"

সাহেব বলিলেন, "হাবা আসে নাই। যে পলাইয়াছে—কি কেছ তাহাকে চুরি করিয়া লইয়া গিয়াছে।"

"নে কি! কে তাহাকে লইয়া গিয়াছে ?"

" রাপনি সে কথাটা বলিলে আমরা বাধিত হইব।"

"আমি! আমি কিরূপে বলিব ?"

"তবে রানকাস্ত বলিবে।"

" "সে কখনও জানিয়া-ভূনিয়া তাহাকে পলাইতে দিবে না।"

"মহাশয়, আপনার নিকটে গোপন করিব না—আপনাকেই আমরা সন্দেহ করিয়াছি।"

"আমাকে! কেন ?"

"হাবার সহিত আপনার ছেলের দেখা হইবার সমস্ত বন্দোবস্ত স্থির হুইয়া গিয়াছে—এমন সময়ে হাবা পলাইল, ইহাতে কি মনে হর ? কাহার স্বার্থে হাবাকে সরাইয়া দেওয়া ? আপনি ও আপনার গুণবান্ পুত্র জানিতেন যে, হাবা তাহাকে দেখিলেই চিনিতে পারিবে, সেজ্ঞ হাবাকে সরাইয়া দেওয়া হইয়াছে। এখন আপনি কি বলিতে চাহেন ?"

"আপনি কি বলিতেছেন, আমি কিছুই বুঝিতে পারিতেছি না। ইহাই যদি হইবে, তবে আমি হাবাকে তাহার কাঙ্গে আনিবার জন্ত আপনাকে এত জেদ করিব কেন ?"

"সেটা আপনি ভাল জানেন।"

"ভাহা হইলে আপনি আমাকে এ বিষয়ে দোষী মনে করিতেছেন ?"

"আমি কাহাকেও দোষী মনে করিনা; আমি এতদিন আপনাকে বন্ধুতাবে দেখিয়াছি—সে সম্বন্ধ আজ হইতে বিনপ্ত হইল—যান্," বলিয়া সাহেব গাডীক্তে গিয়া উঠিলেন। গাড়ী চলিয়া গেল।

গোবিলরাম কিয়ৎক্ষণ কিংকর্ত্তবাবিমূঢ় হইয়া অবাস্থাথে তথায় নীরবে দাঁড়াইয়া রহিলৈন। জীবনে তাঁহার কথনও এ অবস্থা হয় নাই; তাঁহার বোধ হইল, যেন এ বৃদ্ধ বয়সে এতকাল পরে তাঁহার পদতল হইতে পৃথিবী সরিয়া যাইতেছে।

গোবিন্দরাম গৃঁহে ফিরিলেন। কি করিবেন, সমস্ত রাত্রি তাহাই চিস্তা করিলেন; ভাবিলেন. "ইহার ভিতরে স্পষ্টতই একটা গুরুতর

রহস্ত আছে—আমার প্রাণ থাকিতে আমি বিশ্বাস করিতে প্রারিব না ে, স্থরেন্দ্র এই ভয়াবহ কাজ করিয়াছে। অসম্ভব—অসম্ভব! তবে কে এরূপে হাবাকে সরাইল ? যদি হাবা স্থরেক্সনাথকে চিনিতে না পারিত. তাহা ইইলে পুলিদ ত্বাহাকে ছাড়িয়া দিতে বাধ্য হইত; তথন হাবা কোথাকার, কাহার লোক পুলিস তাহারই সন্ধান করিত—এইজন্মই হাবাকে সরাইয়াছে। হয় ত স্থরেক্ত ফাঁসী যাক্, এই ইচ্ছায় ইহাকে লুকাইয়া ফেলিয়াছে। এত রহস্ত ভেদ করিলাম, আর এ রহস্ত ভেদ করিতে পারিব না ? বয়স হইয়াছে—বুদ্ধ হইয়াছি, ডিটেক্টিভগিরি বহুকাল ছাড়িয়া দিয়াছি, তবুও এথনও অকর্মণা হই নাই। স্থারেক্তের জন্ম আমাকে এ কাজে অবার নামিতে হইল। দেখি, কতদূর কি করিতে পারি: এখন ত কিছুই ভাবিয়া স্থির করিতে পারিতেছি না। তবে স্থরেন্দ্র যে এ কাজ করে নাই—ইহা নিশ্চয়; কিন্তু সে কোন কথা খুলিয়া বলিতেছে না—যত গোলযোগ ওইখানে। তাহার বিরুদ্ধে পুলিদে যে যে প্রমাণ পাইয়াছে, দে দম্বন্ধেও কিছু বলিতেছে না। কেনই বা সে এরপ করিতেছে ?" সমস্ত রাত্রি গোবিন্দরাম এ বিষয় লইয়া আলোচনা করিলেন, কিন্তু কিছুই ভাবিয়া স্থির করিতে পারিলেন না; যে লোক কত শত জটিল রহস্তের উদ্ভেদ করিয়াছেন, তিনি আজ কি উপায়ে নিজের পুত্রকে রক্ষা করিবেন, তাহা স্থির করিতে পারিলেন না— আপনার লোক বিপন্ন হইলে স্থবিজ্ঞ ব্যক্তিও হতবৃদ্ধি হয়।

সকাল হইয়া গিয়াছে। গোবিন্দরাম সমস্ত রাত্রি জাগরণে ক্লাস্ত পরিশ্রান্ত হইয়া পড়িয়াছেন; তাঁহার মস্তিক হইতে যেন অগ্নিশিখা নির্গত হইতেছে—তিনি মস্তিক স্থশীতল করিবার জন্ম বাড়ীর বাহিরে আসিয়া পদচারণ করিতে লাগিলেন। এই সময়ে একব্যক্তি ক্যাসিয়া তাঁহাকে প্রণাম করিল।

গোবিন্দরাম দাঁড়াইলেন। সে আবার প্রণাম করিল; তথন গোবিন্দরাম তাহার দিকে চাহিয়া বলিলেন, "কে—রামকান্ত ?"

রামকান্তকে দেখিলে চিনিতে পারা যায় না, তাহার পরিধানে অত্যন্ত মলিন বসন, মাথার চুলগুলিও অত্যন্ত অপরিষ্ঠার, তাহার মুথ অত্যন্ত বিশুক—তাহাকে দেখিয়া গোবিন্দরাম বিশ্বিত হইলেন। রামকান্ত কথা কহে না দেখিয়া গোবিন্দরাম বলিলেন, "রামকান্ত, ব্যাপার কি— কি হইয়াছে ?"

রামকান্ত বলিল, "আর কি ছইবে। এইবার পাঁচটা ছেলে-পুলে নিয়ে অনাহারে মরিতে ছইবে।"

"কেন, কি হইয়াছে ?"

"আমাকে তাড়াইয়া দিয়াছে—এতদিনের চাকরী হইতে ডিস্মিদ্
হইলাম —পেন্সনও গেল। এখন আপনিই আমার ভরসা; আপনার
ছেলেকে গ্রেপ্তার করিয়াছিলাম বলিয়া, আপনি আমার উপরে রাগ
করিয়াছেন।"

"রাগ করিব কেন? তোমার কর্ত্তব্য তুমি করিয়াছিলে।"

"আমি যাহা করিয়াছি, কোন রকমে কি আমার দারা সে অপরাধের মোচন হয় না ?"

"হাঁ, হয় I"

"বলুন—বলুন—আমি এখনই তাহা করিব।"

"সুরেক্স যে নির্দোধী তাহা সপ্রমাণ করিতে পারিলে—ভূমি যাহা করিয়াছ, সে ত্রুটির সংশোধন হয়।"

"নিশ্চর করিব। আমি এখন বেশ বুঝিরাছি বে, তিনি কথনও এই ভরানক কাজ কর্মেন নাই; অক্ত কেহ করিরাছে, সেই আমাদের চোথে ধুলি দিয়া হাবাকে লইয়া গিরাছে।"

"হাঁ, আমারও তাহাই দন্দেহ; তাহা হইলে তুমি আমার দক্ষে কাজ করিতে প্রস্তুত আছ ? তুমি পুলিদে যাহা পাইতে তাহার ডবল মাহিনা আমার কাছে পাইবে।"

"এ কথা আবার আনোকে জিজ্ঞাসা করিতেছেন! ভগবান্ আমাকে আপনার কাছে পাঠাইয়াছিলেন, তাহাই আশ্রয় পাইলাম।"

"ভাল, তাহা হইলে আজ হইতে তুমি কাজে বাহাল হইলে। আমার ছেলের সম্বন্ধে পুলিসে কি কি প্রমাণ পাইয়াছে, শুনিতে চাই।"

"গ্রামকাস্তের কাছে যাহা শুনিয়াছি, তাহাই বলিতেছি।" "গ্রামকাস্ত তাহা হইলে ডিসমিস হয় নাই ?"

"না. তাহার একমাসের মাহিনা জ্রিমানা হইয়াছে মাত্র।"

"কি কি প্রমাণ পাইয়াছ, ভনি।"

"স্থরেক্স বাব্র বাড়ীতে একটা লাঠা পাওয়া গিয়াছে; সেই লাঠীতে রক্তের দাগ আছে; স্বতরাং এই লাঠীতে তিনি জমিদারকে খুন করিয়া-ছিলেন; তাহার পর তাঁহার হাতে লেখা একখানা চিঠীও পাওয়া গিয়াছে—স্ত্রীলোকটিকে স্থরেক্স বাবু শাসাইয়া পত্র লিখিয়াছিলেন।"

গোবিন্দরাম এ কথায় কোন উত্তর না দিয়া বলিলেন, "যথন হাবাকে লইয়া যায়, তথন তোমরা উপস্থিত ছিলে; জানই ত যে, আমি তাহাকে সরাই নাই। কাহার প্রতি তোমার সন্দেহ হয় ?"

"কাহার উপরে বে আমার সন্দেহ হয়, তাহা আমি ঠিক বলিতে পারি না। সাহেব আমার কথা ত একেবারেই শুনিলেন নাঁ—তিনি ক্বতান্তকে মাথায় তুলিয়াছেন। আশ্চর্য্যের বিষয় যে, এ রক্মভাবে ক্বতান্ত গাণা হইল—তাহার উপর——"

"থাক্—এ সকল কথা, এখন আমার সঙ্গে একত্রে কাজ করিছে সম্মত হইলে ?" "
ইা, আগেও ত বলিয়াছি, আপনি মরিতে বলিলেও মরিব।"

"তাহা হইলে প্রথমে আমার সঙ্গে তোমাকে ঘাইতে হইবে।"

"অনেক দিনের জন্ম ?"

এখন বলিতে পারি না।"

"কোথায় যাইবেন ?"

"কোন কথা জিজ্ঞাসা করিয়ো না, কোন কথা জিজ্ঞাসা করিতে পারিবে না, এই কড়ারে যদি সম্মত হও, তবে——"

মধ্যপথে বাধা দিয়া রামকান্ত ব্যগ্রভাবে বলিল, "আপনি যাহা বলি-বেন, তাহাই করিব—কোন কথা কহিব না।"

গোবিন্দরাম গন্তীরভাবে বলিলেন, "কোথায় যাইব, এখন বলিতে পারি না; তবে স্থরেক্তকে নির্দোষী সপ্রমাণ করিবার জন্ম যাহা করা প্রয়োজন, তাহাই করিতে হইবে। তুমি যে আমার সহিত একত্রে কাজ করিতেছ, ইহা যেন কেহ জানিতে না পারে—সাবধান! অনেক রাত্রে গোপনে আমার সঙ্গে দেখা করিবে।"

রামকান্ত সেইরূপই কার্যা করিবে বলিয়া বিদায় হইল।

২৮

ছইমাদ অতীত হইরা গিরাছে। গোবিন্দরাম আর কলিকাতার নাই— কোথার গিয়াছেন, তাহা কেহ জানে না। ক্বতাস্তকুমার বলিয়াছেন যে, তিনি হাবাকে লইয়া গিরা তাহারই কাছে আছেন। পাছে, পুলিদে তাহার কোন সন্ধান পার, এই ভরে নিজেই তাহার কাছে আছেন। প্রলিদের সাহেব কতকটা এইরূপই বিশ্বাস করিয়াছেন। গোবিন্দরামের সন্ধানে চারিদিকে স্কুক্ষ গোরেন্দা পাঠাইয়াছেন, কিন্তু তাহারা এ পর্যান্ত তাঁহার কোন সন্ধান পায় নাই। তবে সকলেই ইহাতে বিশ্বিত ইইয়াছেন; গোবিন্দরাম যে পুত্রকে বিপদে ফেলিয়া বিদেশে গিয়া নিশ্চিস্তভাবে বর্দিয়া থাকিবেন, ইহা কখনই সম্ভবপর নহে। তিনি যে একটা কিছু করিতেছেন, তাহাতে•কাহারও কোন সন্দেহ নাই।

স্থাসিনীর মাকে তাঁহার কথা জিজ্ঞাসা করা হইয়াছিল; তিনি বলিয়াছিলেন যে, তিনি কিছুই জানেন না; গোবিন্দরাম কোথায় গিয়াছেন, তাহা তাঁহাকে কিছুই বলিয়া যানু নাই।

হুই মাস অতীত হইল, গোবিন্দরাম নিরুদ্দেশ হইয়াছেন। সুরেক্সনাথ দায়রায় প্রেরিত হইয়াছেন, তাঁহার বিচার আরম্ভ হইয়াছে।

ছই মাস জেলে থাকিয়া স্থরেক্রনাথের সে আক্রতি আর নাই—তিনি শীর্ণকায় হইয়া গিয়াছেন। ছই মাসের মধ্যে পিতার কোন সংবাদ না পাইয়া তিনি আরও খ্রিয়মাণ হইয়া পড়িয়াছেন।

একজন বিখ্যাত কৌন্সিল তাঁহার সহিত জেলে দেখা করিন্নাছিলেন। তাঁহার নিকট স্থরেন্দ্রনাথ গুনিলেন যে, তিনি তাঁহার পক্ষসমর্থন করিবেন। কে তাঁহাকে নিযুক্ত করিয়াছেন, তাহা তিনি
কিছুতেই প্রকাশ করিলেন নাণ। স্থরেক্রনাথ পিতার কথা তাঁহাকে
জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন যে, তাঁহার কোন সংবাদই তিনি
রাথেন না।

আদালতে লোকে-লোকারণ্য হইয়াছে। স্থরেক্তনাথ স্লানমুথে কাঠগড়ার মধ্যে দাড়াইয়া রহিয়াছেন। জুরিগণ নিজ বিজ স্থানে উপবিষ্ট হইয়াছেন—লাল পোষাক পরিধান করিয়া জজ গস্তীরভাবে চারিদিকে চাহিয়া দেখিতেছেন।

ক্ষণপরে উকীল উঠিয়া মোকদ্দমা আরম্ভ করিলেন। তিনি বলিলেন, "হুইমাদ পুর্বে একদিন রাত্রি একটার দময়ে ছুইঞ্জন

পাহারাওয়াধা হাতী-বাগানের রাস্তায় একব্যক্তিকে ধৃত করে, সে একটা টীনের বাক্স মাথায় করিয়া লইয়া যাইতেছিল। তাহাকে থানায় আনিয়া এই বাক্স খুলিলে ত্রাধ্যে একটা স্থলরী যুবতী স্ত্রীলোকের মতদেহ দেখিতে পাওয়া যায়। ঐ মৃতদেহের বঁক্ষে একখানা ছোরা আমূলবিদ্ধ রহিয়াছে। ঐ ছোরার নিমে একথানা তাস— ইস্কাবনের টেকা ছিল। যে লোকটা ধরা পড়িয়াছিল, পরে জানা গেল যে. সে হাবা ও কালা—তাহার নিকটে কিছুই জানিবার সম্ভাবনা নাই। তবুও পুলিস কৌশল করিয়া তাহাকে ছাড়িয়া দিলে ্সে, বাগবাজারে একটা বাড়ীতে আদিল, তখন জানিতে পারা গেল যে, স্ত্রীলোকটি এই বাড়ীতে বাস করিত; আরও জানিতে পারা গেল যে, এ বাড়ীতে আরও একটা খুন হইয়াছে—তাহার মৃত-দেহ বাডীতেই পড়িয়া আছে। অনুসন্ধানে জানা গিয়াছে, মৃত-পুরুষটি একজন জমিদার—নাম স্থণামাধব রায়; স্ত্রীলোকটি তাহারই বক্ষিতা ছিল—নাম বিনোদিনী। বাড়ী হইতে কোন দ্রব্যাদি অপ্রত হয় নাই, স্থতরাং বোঝা যাইতেছে যে, অর্থলোভে কেহ এই ছুইজনকে খুন করে নাই—রাগ, ঈর্ঘা, প্রতিহিংসাই এই খুনের কারণ। আদামী নিজে উকীল-শিক্ষিত ভদ্ৰবংশজাত-শীঘ্ৰই একজন ধনীর ক্স্তাকে বিবাহ করিবেন—তিনি একরূপ দৈবসাহায্যেই গত হইয়াছেন. বলিলে অত্যক্তি হয় না। তাঁহার বিরুদ্ধে যথেষ্ট প্রমাণ পাওয়া গিয়াছে: - প্রথমতঃ, তাহার পকেট হইতে একথানা পকেট বই একজন চোর তুলিয়া লয়, তাহাতে এই বিনোদিনীর একথানা ফটো ছবি ছিল: ছবিতে স্ত্রীলোকের হ**ন্তাক্ষরে** লিখিত আছে, "ভূলো না আমায়।" ম্বতরাং বুঝা ষাইতেছে যে, এই বিনোদিনীর সহিত আসামীর প্রাণয় ছিল। তাহার পর মৃতদেহে যে তাদ পাওয়া গিয়াছে, ঠিক

সেইরপ তাস আসামীর বাড়ীতে পাওয়া গিয়াছে; তাহার ভিতরেও একথানা তাস নাই; যেখানা নাই—সেইথানাই ইস্কাবনের টেক্কা। আসামী খুনের পর দিবস রাত্রে বাগবাজারের সেই বাড়ীতে আসিয়া-ছিলেন. ডিটেক্টিভ অক্ষরবাবু ও রামকাস্ত ইহাকে দেখিয়া চিনিয়া-ছিলেন। ছুঃখের বিষয়, আমরা রামকাস্তকে দিয়া সাক্ষ্য দিতে পারিব না. কারণ রামকান্ত পুলিদ হইতে ডিদ্মিদ্ হইয়া যে কোথায় গিয়াছে, তাহার কোন সন্ধান পাওয়া যায় নাই। আসামীর বাড়ীতে একটা মোটা লাঠী পাওয়া গিয়াছে, উহাতে রক্তচিক্ত আছে। ডাুক্তার পরীক্ষা করিয়া বলিয়াছেন যে, এইরূপ লাঠীব আঘাতেই সুধামাধব রায়ের মৃত্যু হইয়াছে। বাগবাজারের এই বাড়ীতে একখানা চিঠার খাম পাওয়া গিয়াছে—তাহা আসামীর হাতের লেখা বলিয়া বুঝিতে পারা যাইতেছে; ইহাতেও আরও সপ্রমাণ হইতেছে যে, এই বিনোদিনীর সহিত আসামীর প্রণয় ছিল; স্থতরাং আসামীর বিরুদ্ধে যথেষ্ট প্রমাণ পাওয়া যাইতেছে; কিন্তু আদামী কোন কথাই বলিতেছেন না, কেবল বলিতেছেন, তিনি নির্দোধী। এ অবস্থায় জুরিগণ বিবেচনা করিবেন रय. जात्राभी ताथी ना निर्द्धारी। এथन जायि একে একে ताकी दिगरक ডাকিব, আর অধিক আমার কিছু বলিবার নাই।"

সাক্ষীর জবানবন্দী হইল; উভয় পক্ষের কৌন্সিলি দীর্ঘ বক্তৃতা করিলেন, জজও তাঁহার মতামত প্রকাশ করিলেন। তৎণরে জুরিগণ পরামর্শ করিবার জন্ম উঠিয়া গেলেন।

সকলেই বুঝিরাছিলেন বে, আসামীর রক্ষা পাইবার আর উপায় নাই। একজন মুসলমান ভদ্রলোক বরাবর অতি মনোযোগের সহিত এই মোকদ্দমা শুনিতেছিলেন। জুরিগণ উঠিয়া গেলে তিনি পার্যস্থ এক ব্যক্তিকে জিজ্ঞাসা করিলেন, "আপনি কিরূপ বুঝিতেছেন ?"

তিনি বলিলেন, "আর বুঝিবার কি আছে—নিশ্চরই লোকটার ফাঁসী হইবে।"

"আমার বোধ হয়, এ খুন করে নাই।"

"আর করে নাই! প্রমাণ ত শুনিলেন—লোকটা কিছু না বলাতেই ইহার ফাঁাসী হইবে; সব খুলিয়া বলিলে হয় ত দ্বীপাস্তর হইত।"

এই সময়ে জুরিগণ প্রত্যাগমন করায় সকলে ব্যগ্রভাবে তাঁহাদের দিকে চাহিল। সকলে তাঁহাদের মত জানিবার জন্ম ব্যাকুল হইল। চারিদিকে নীরব— নিস্তব্ধ।

জজ, জুরিগণের মতামত জানিবার ইচ্ছা প্রকাশ করায় তাঁহাদের মধ্যে একজন উঠিয়া বলিলেন, "আমরা সকলে একমত হইয়াছি।"

জজ জিজাসা করিলেন, "বলুন, আসামী দোষী – না নির্দোষী ?" "দোষী।"

মুহুর্ত্তের অন্থ আসামীর মুখ বিবর্ণ হইয়া গেল; কিন্তু তিনি অবিচলিত-ভাবে সেইরূপ দাঁড়াইয়া রহিলেন।

জন্ধ ব্লিলেন, "আসামী, ভোমার কিছু বলিবার আছে ?"
স্থানেক্রনাথ দৃঢ়স্বরে বলিলেন, "না, আমার কিছুই বলিবার নাই।"
জ্জ ফাঁদীর হুকুম প্রদান করিলেন। প্রহরীরা আসামীকে জেলের
দিকে লইয়া চলিল। স্থানেক্রনাথ যাইতেছিলেন, সেই সময়ে কে যেন ভাঁহার পার্শ্বে বলিলেন, "ভয় নাই, আমি ভোমাকে বাঁচাইব।"

স্থরেক্সনাথ চমকিত হইয়া ফিরিলেন; দেখিলেন, একজন মুসলমান ভদ্রলোক তাহার পার্শ্বে দাঁড়াইয়া রহিয়াছেন। তিনিই কি এই কথা তাঁহাকে বলিলেন? কিন্তু তাঁহার মুখের দিকে চাহিয়া বোধ হইল না বে, তিনি কোন কথা কহিয়াছেন। স্থরেক্সনাথ কিছু স্থির করিতে গারিলেন না; প্রহরীদিগের সহিত জেলে,প্রস্থান করিলেন।

23

স্থরেক্তনাথের ফাঁসীর হকুম হওয়ার পুলিসে রুতান্তকুমারের মান অতিশয় বাড়িয়া গিয়াছে। তিনি যে এ মোকদ্দমা সম্বন্ধে অধিক কিছু করিয়াছিলেন, বলিয়া বোধ হয় না; তবুও স্থরেক্তনাথ দোষী প্রমাণিত হওয়ায় সকলেই তাঁহার প্রশংসা করিতে লাগিল।

পরদিবস মুসলমান ভদ্রলোকটি অমুসন্ধান করিয়া ক্বতান্তকুমারের সহিত দেখা করিলেন। তাঁহাকে দেখিয়া ক্বতান্তকুমার বিশ্বিত হইলেন; বলিলেন, "আপনাকে স্থরেক্সনাথের মোকদমার আদালতে দেখিয়া-ছিলাম না ?"

তিনি বলিলেন, "হাঁ, সেইজন্ত আপনার নিকটে আসিরাছি।" "কেন. স্বরেক্সনাথকে কি আপনি চিনিতেন ?"

"না, আপনি এ খুনের তদন্ত করিয়াছিলেন, ইহাতেই বুঝিরাছি, আপনি স্থদক্ষ লোক—আমার একটু অনুসন্ধানের কাজ আছে—তবে প্রথমে নিজের পরিচয় দেওয়া আবশ্রক।"

"বলুন, কি কাজ আছে ?"

"বলিতেছি, আমার নাম জাকর আলি বাঁ, অবোধ্যায় বাড়ী, কিছু জমিদারীও আছে, তাহাই লোকে আমাকে নবাব বলে। একটি লোকের সন্ধানে আমি কলিকাতার আসিয়াছি; আপনি স্থদক লোক—
আপনি তাঁহার সন্ধান করিয়া দিতে পারিবেন; অবশু ইহার জন্ম আপনি বাহা চাহিবেন, তাহাই দিব।"

"বলুন, কে সে লোক ?"

"তাঁহার নাম নরেক্তভূষণ, বহুকাল আগে তিনি অযোধ্যায় ছিলেন।"

"হাঁ, তিনি সেইখানে মারা যান্।"

ি বিশ্বিতভাবে জাফর আলি বলিলেন, "আপনি তাঁহাকে চিনেন ?" কৃতাস্তকুমার বলিলেন, "আপনি ইহাতে বিশ্বিত হইতেছেন কেন ?" জাদর আলি বলিলেন, "হাঁ, হইবারই কথা।" ।

ক্কতান্তকুমার বলিলেন, "আমি ইহার সম্বন্ধে একটু সন্ধান রাখি— ইনি অনেক টাকা রাখিয়া গিয়াছেন।"

"তবে তিনি অনেক টাকা রাথিয়া গিয়াছেন ?"

"হাঁ, তাঁহার উত্তরাধিকারীরা কোথায় আছে, তাহা কেহ জানে না ?" "তবে তাঁহারা বড়লোক ?"

ক্তান্তকুমার কহিলেন, "কিরপে বলিব ? তাঁহারা কে কোথার আছে, এ পর্যান্ত সে সন্ধান হয় নাই। নরেক্রভ্ষণ বাবুর সন্তানাদি ছিল না, চারি ভগিনী ছিল—তাহাদের নিশ্চয়ই সন্তানাদি হইয়াছে; কিন্তু ইহারা যে কে কোথার আছে, তাহার সন্ধান হয় নাই। কয়েকবার সরকার হইতে ইহাদের সন্ধান হইয়াছে; আমার উপরেও ইহাদের সন্ধানের ভার পড়িয়াছিল, আমার তত সময় না থাকায় আমি আর একজনের উপর সন্ধানের ভার দিয়াছি; -কিন্তু আপনি এ সন্ধান করিতে-ছেন কেন ?"

নবাব বলিলেন, "তিনি এক সময়ে আমার পিতার প্রাণরক্ষা করিয়া-ছিলেন। তাঁহার জীবিতকালে আমরা ক্বতজ্ঞতা দেখাইতে পারি নাই, তাহাই ভাবিয়াছি, তাঁহার ওয়ারিসানদের কিছু টাকা দিয়া উপকার করিব—আমারও সস্তানাদি নাই।"

মূহর্তের জন্ম ক্বতাপ্তকুমারের মুখ যেন হর্ষে উৎফুল ইইল। তিনি মনোভাব গোপন করিয়া বলিলেন, "যদি আপনি নরেক্রভূষণ বাব্র ওয়ারিসানদের যথার্থই অফুসন্ধান করিতে চাহেন, তাহা হইলে আমি বে লোককে এই অনুসন্ধানের ভার দিয়াছি, আপনার কাছে সেই °লোকটিকে পাঠাইয়া দিতে পারি।"

নবাব জাফর ব্যগ্রভাবে বলিলেন, "তাহা হইলে বড় উপকার করা হয়; আমি জানিতাম, আপনার দারা কাজ হইবে।"

"এ অতি সামান্ত কাজ, তবে যে লোকটার কথা বলিতেছি, তাহার পারিশ্রমিক দিতে হইবে।"

"টাকার আমার অভাব নাই, তিনি যাহা চাহিবেন, তাহাই দিব।"

"তাহা হইলে কালই তাঁহাকে আপনার কাছে পাঠাইরা দ্বি— এথানে আপনি কোথায় আছেন ?"

"কলুটোলায় বাড়ী ভাড়া লইয়াছি।"

"বেশ, কাল সে লোক আপনার কাছে যাইবে।"

"দেখিবেন—ভূলিবেন না, মোকন্দমায় বুঝিয়াছিলাম, আপনি স্থদক্ষ লোক, আপনার ধারাই আমার কার্য্যোদ্ধার হইবে।"

"এ ত সামান্ত কাজ; আপনি বিদেশী লোক—আপনার সাহায্য করা ত আমাদের কর্ত্তব্য।"

"তাহা হইলে আর আপনার সময় ন<u>ই</u> করিব না।"

নবাব বিদায় লইয়া উঠিলেন। বাহিরে তাঁহার গাড়ী ছিল, সঙ্গে আর্দালী গাড়ীর দরজা খুলিয়া দিল, নবাব ধীরপাদবিক্ষেপে গাড়ীতে উঠিলেন। তিনি পুনঃপুনঃ ক্কতান্তবাবুকে সেলাম করিয়া চলিয়া গেলেন।

বোধ হয়, আমাদের বলিতে হইবে না যে, এ নবাব আর কেহ নহেন, স্বর্ষ গোবিন্দরাম; আর তাঁহার আর্দালী—সেই রামকাস্ত।

গোবিন্দরাম ছন্মবেশে সিদ্ধহস্ত ছিলেন। তিনি নিজ চেহারার এতই পরিবর্তন করিয়া নবাব জাফর আলি থাঁ হইয়াছিলেন যে, কেহই তাঁহাকে 'চিনিতে পারে নাই। এমন কি তাঁহার পুত্র স্থরেন্দ্রনাথও আদালতে তাঁহাকে চিনিতে পারেন নাই। রামকাস্তও পূরা আর্দালী হইয়াছিল। গোবিন্দরামের কায়দাকরণে তাহার ছল্মবেশ বড় চমৎকার হইয়াছিল; এমন কি, তীক্ষ্ণৃষ্টি ক্বতাস্তক্মারও ভাহাকে চিনিতে পারি-লেন না।

উভরে বাসার ফিরিয়া আসিলে রামকাস্ত বলিলেন, "গুরুদেব, তাহা হইলে আমাদের এই ক্বতাস্তকুমারের উপরেই আপাততঃ নজর রাথিতে হইতেছে।"

গোবিন্দরাম বলিলেন, "হাঁ, তবে এখনও আমি এ বিষয়ে নিশ্চিত হইতে. পারি নাই—ইহার সঙ্গে একটু মেশামেশি করিতে হইবে। আমা-দের ছন্মবেশ ধরিতে পারে নাই।"

"আজ পারে নাই—পরে ধরিলেও ধরিতে পারে।"

"সম্ভব কম। আমার বিধাস, এই নরেক্রভ্রণের টাকার সহিত ক্ষতান্ত জড়িত আছে। আমার কাছে একটা লোক পাঠাইবে বলিরাছে। দেখা যাক্, কতদ্র কি হয়। প্রথমে এই নরেক্রভ্রণের ওয়ারিসানদের সন্ধান লইতে হইবে। এখন স্থরেক্রনাথের থবর কি পাইলে ?"

"বেশী কিছুই না। তিনি ছোটলাট সাহেবের নিকটে দর্থান্ত করিয়াছেন; স্থতরাং একমাসের মধ্যে তাঁহার ফাঁসী হইবে না।"

"তাহা হইলে আমাদের আরও একমাস সময় আছে।"

"হাঁ, একমাদে যে আমরা কি করিতে পারিব, তাহা ত ব্নিতেছি না।"

"ভগবানু আমাদের সহায়।"

"বাগবাজারের বাড়ীতে আর একজন লোকও যে যাওয়া-আসা

করিত, তাহা মূদী বলিয়াছে; এই লোকটাকে খুঁজিয়া বহির করিতে পারিলে কতক কাজ হইতে পারে।"

"ইহাকে পাইবার ভরসা খুব কম।"

"তাহা হইলে উপায় ?"

"ক্নতান্তকুমারের উপর আমার সন্দেহ হইয়াছে। এ যে খুন করিয়াছে, এ কথা আমি বলি না; তবে যে হাবাকে ইচ্ছা করিয়া পলাইতে দিয়া-ছিল, ইহা ঠিক।"

"আমারও সেই সন্দেহ।"

"তাহার পর এ নরেক্রভ্ষণের ওয়ারিসানদের সন্ধান করিবার জন্ত ব্যস্ত; হয় ত সে তাহাদের কাহারও কাহারও সন্ধান পাইয়াছে। ,দেখি, ক্বতাস্ত যে লোকটাকে পাঠাইবে বলিয়াছে, সে কি বলে।"

"আমাকে এখন কি করিতে বলেন ?"

"উপস্থিত কিছুই নর, এ লোকটা আসিলে তাহার উপর তোমাকে বিশেষ নজর রাখিতে হইবে।"

"যাহা হকুম করিবেন, তাহাই করিব।"

"এখনও একমাস সময় আছে।"

"ভগবান্ করুন, এই এক মাসের মধ্যেই আমরা যেন প্রক্রত খুনীকে ধরিতে পারি।"

"দেখি, কতদুর কি হয়।"

90

পরদিবস প্রাত্তে একটি বৃদ্ধলোক নবাবের ক্রহিত সাক্ষাৎ করিতে আ্রাসিলেন। নবাবের ছন্মবেশে গোবিন্দরাম তাঁহার প্রতীক্ষা করিতেছিলেন।

তিনি আসিয়া বলিলেন, "ক্কতান্ত বাবু আপনার কাছে আমাকে পাঠাইলেন, আমার নাম শ্রীঘনশ্রাম দত্ত।"

নবাব বলিলেন, "আস্থন- বস্থন।"

ঘুনখ্যাম বসিরা বলিলেন, "ক্কতান্ত বাব্ আমাকে দকল কথা বলিরাছেন, বছদিন হইতে এ কাজ করিরা আমি এ বিষয়ে পাকা হইরা গিরাছি; তাহাতেই আশা করি, শীঘ্ই নরেক্সভূষণ বাবুর ওয়ারিসানগণকে শুঁজিয়া বাহির করিতে পারিব।"

"ক্বতান্ত বাব্ আপনার কথা আমাকে বলিয়াছেন।"
শিষ্ঠা, তবে কাজের কথাটা সর্ব্বপ্রথমেই হওয়া ভাল।"
শিষ্ঠা, বলুন কি চাহেন ?"

"এ অনুসন্ধানের জন্ম যে খরচ-পত্র হইবে, তাহা আপনাকে দিতে হইবে।" •

"তাহা ত নিশ্চয়ই—এই এক শত টাকা এখন লউন, পরে যখন ঘেমন প্রয়োজন হইবে, লইবেন।"

নবাব দশধানি নোট ঘনখামের হাতে দিলেন। ঘনখাম অতি সাবধানে নোটগুলি গণিয়া পকেটে প্রিলেন; পরে ধীরে ধীরে বলিলেন, একটা কথা মিটিল; এখন দ্বিতীয় কথা—আমার পারিশ্রমিক।"

"বলুন, কি চান্ ?"

"গাঁচ শত টাকা আমাকে দিতে হইবে। আর সন্ধান করিয়া যদি তাহাদের বাহির করিতে পারি, তাহা হইলে আমাকে হাজার টাকৃ। পুরস্কার দিতে হইবে।"

"তাহাই দিব—আভার টাকার অভাব নাই —আমি মনে করিয়াছিলাম, আপনি আরও অধিক চাহিবেন।"

"আমি দে প্রকৃতির লোক নই। অন্তায় কথা আমি কথনও বলিনা।"

"তাহা দেখিতেছি, ইহাতে আপনার প্রতি বিশেষ সম্ভট্ট হুইলাম। কতদিনে আপনার নিকটে সন্ধান পাইব, মনে করেন ?"

"তাহা ঠিক বলিতে পারি না; তবে শীঘ্রই কোন-না-কোন সন্ধান পাইবেন—একটা কথা——"

নবাব সত্বর উঠিয়া বলিলেন, "বস্থন, এখনই আসিতেছি।"

তিনি বাহিরে আসিয়া আরদালীবেশী রামকাস্তকে ইঙ্গিত করিলেন। রামকাস্ত ছুটিয়া নিকটস্থ ২ইলে গোবিন্দরাম বলিলেন, "কে আসিয়াছে, মনে কর ?"

"কেন - কে ? কৃতান্তবাবু ইংাকে পাঠাইয়াছেন।"

"হা, পাঠাইয়াছেন বটে— স্বয়ংই আসিয়াছেন।"

রামকান্ত নিতান্ত বিশ্বিত হইয়া বলিল, "বলেন কি! এ যে বেজায় বুড়ো লোক।"

"বুংড়া সাজিয়াছে—ক্কতান্ত ছল্মবেশে সিদ্ধহন্ত—তংব গোবিন্দরামের চোথে ধৃলি দেওয়া বড় সহজ নয়। আমি দেখিয়াই চিনিয়াছি—অপর কাহারও সাধ্য নাই যে, ইহাকে চিনে।"

"আমাদের চিনিতে পারে নাই ত ?"

"না, তুমি বেশ বদ্লাইয়া ফেল, ততক্ষণ আমি ইহাকে কথায় কথায়

বসাইয়া রীথিব, তাহার পর শুগুভাবে ইহার সঙ্গে সঙ্গে যাও—দেখ এ কোথায় যায়। খুব সম্ভব বাড়ী যাইবে না, অন্ত কোনখানে যাইবে।"

"আছা, দেখা যাক্," বলিয়া রামকান্ত বেশ পরিবর্ত্তন করিতে গেল। গোবিন্দরামও বুদ্ধের কাছে ফিরিয়া আসিলেন; ৰলিলেন, "আপনি কি বলিতে যাইভেছিলেন ?"

বৃদ্ধ বলিলেন, "কৃতান্ত বাবুর কাছে আপনার মহৎ উদ্দেশ্যের বিষয় সকলই শুনিয়াছি। এখন একটা কথা হইতেছে যে, নরেক্রভূষণের অনেক ওয়ারিসান থাকিতে পারেন; তাঁহারা তাঁহার সমস্ত টাকাই পাইবেন—এ সত্ত্বেও আপনি কি তাঁহাদের সকলকে টাকা দিতে চাহেন?"

"হাঁ, আমি আমার কৃতজ্ঞতা দেখাইতে চাই।"

"থুব মহৎ উদ্দেশ্য। আবার হয় ত নরেক্রভূষণ বাবুর কেবল এক-মাত্র ওয়ারিসানই এখন জীবিত আছেন।"

"তাহা হইলে কেবল তাঁহাকেই সমস্ত দিব।"

ত্র পূব মহৎ উদ্দেশ্য। এখন আমি সকল ব্ঝিয়া লইলাম, আর কিছু।
ক্রিজ্ঞাসার নাই। এখন বিদায় হইতে পারি ?"

"হাঁ, কতদিনে সংবাদ পাইব ?"

"যত শীর্ষ পারি, সংবাদ দিব।"

ঘনশ্রাম বিদায় হইলেন। দুরে থাকিয়া রামকান্ত তাঁহার অনুসরণ করিল।

গোবিন্দরাম যাহা ভাবিয়াছিলেন, ঠিক তাহাই ঘটিল। ঘনখ্ঠাম বাড়ীর দিকে না গিয়া বরাবর বড়বাজারের দিকে চলিলেন। মেছুয়া-বাঞ্চারে আসিয়া তিনি একখানা ভাড়াটীয়া গাড়ী ডাকিলেন। তিনি গাড়ীতে উঠিয়া বসিবামাত্র গাড়োয়ান গাড়ী হাঁকাইয়া দিল।

রামকাস্ত বলিয়া উঠিল, "কি বিপদ্! কাছে আর একথানাও যে গাড়ী নাই—গুরুদেব বলিবেন কি? চোথে ধূলা দিয়ে পালাল ষে দেখিতেছি—যা থাকে কপালে, গাড়ীর সঙ্গ ছাড়া হইবে না—ছুটিতেই হইল।"

কিন্তু রাজ-পথে গাড়ীর পশ্চাতে ছুটিলে লোকে ভাবিবে কি ? হয় ত চোর বলিয়া তাহারা আমাকে ধরিয়া ফেলিবে—পায়ে ছুটিয়া গাড়ীর সঙ্গে সঙ্গে থাকাও সহজ নহে। তবুও রামকান্ত হতাশ হইল না।

দে প্রাণপণে গাড়ীর পশ্চাতে ছুটিতে লাগিল।

25

ঘনশ্রামের গাড়ী চিৎপুর দিয়া বরাবর উত্তর দিকে যাইতেছিল—বিডন্-উন্থান পার হইয়া গেল; সৌভাগ্যক্রমে এইথানে রামকান্ত **অকথানা** গাড়ী পাইল। গাড়ীতে উঠিয়া কোচম্যানের কাণে কাণে কি বলিল— কোচ্ম্যান তৎক্ষণাৎ গাড়ী হাঁকাইয়া দিল।

তথন এক গাড়ীর পশ্চাতে, আর এক গাড়ী সমভাবে ছুটিতে লাগিল; গাড়ী ছুইথানা ক্রমে শোভাবাজার আদিল। রামকাস্ত ভাবিল, "বেটা কি বাগবাজারের সেই বাড়ীতে যাইতেছে নাকি ? দেখা যাক্, কোথার যায়।"

গাড়ী কলিকাতা ছাড়াইয়া দমদমা ষ্টেশনের দিকে চলিল। এমন সময়ে রামকাস্তের কোচ্ম্যান বলিল, "আগেকার গাড়ী ষ্টেশনে যাইতেছে।"

রামকাস্ত বলিল, "তবে এথানে গাড়ী থামাও, আমি এথান হইছে , হাঁটিয়া যাইব—আমার জ্ব্য এইথানে অপেক্ষা কর ।" রামকান্ত গাড়ী হইতে নামিয়া দেখিল যে, ঘনশ্রাম ষ্টেশনে প্রবেশ করিল—সে-ও দত্তর তাঁহার পশ্চাতে চলিল।

এইবার সে আর একজনকে ষ্টেশনে দেখিয়া বিশ্মিত হইল; দেখিগ, বাগবাজারের সেই মুদী বাক্ম-পেটরা লইয়া দাঁড়োইয়া আছে। মুদী তাহাকে চিনিতে পারিল না।

রামকান্ত মুদীর পাশ দিয়া যাইতেছিল, সহসা মুদী একরূপ বিস্ময়স্থচক শব্দ করিয়া উঠিল; রামকান্ত তাহার দিকে চাহিল।

মুদী আপনা-আপনি বলিয়া উঠিল, "এই যে, সেই ঝি-মাগী! এ কোগায় যাইতেছে —এত গয়না-গাঁটী কোথায় পাইল ?"

রামকান্ত এই কথা শুনিয়া দাড়াইল; দেখিল যথার্থ ই একটি স্ত্রীলোক শগাড়ীতে উঠিবার জন্ম প্লাটফরমের দিকে যাইতেছে, ঘনশ্রাম তাহার পশ্চাতে যাইতেছেন।

ইতিমধ্যে গাড়ী আদিয়া পৌছিয়াছিল। রামকান্ত টিকিট ঘরে গিয়া ব্যগ্রভাবে বলিল, "একথানা টিকিট ?"

টিকিট-বাবু বিরক্তভাবে বলিলেন, "বাপু, এতক্ষণ কি ঘুমাইতেছিলে ? ' কোথায়—কোনু ক্লাস ?"

রামকাস্ত কিংকর্ত্তব্যবিমৃঢ় হইল, বলিল, "যে ক্লাস হউক।" "থারে কোথাকার টিকিট. তাই বল ন।।"

তাড়াভাড়িতে রামকান্তের মাথা থারাপ হইয়া গিয়াছিল; বলিল, প্রযে—বে লোকটি এইমাত্র টিকিট লইলেন, তিনি যেথানে যাইবেন।"

টিকিট-বাবু রোষভরে টিকিট ঘরের দার বন্ধ করিয়া দিলেন।

রামকাস্ত উন্মন্তের স্থায় দারে আঘাত করায় তিনি ভিতর হইতে বলিয়া উঠিলেন, "বেশী চালাকী করিয়ো না, এখনই পুলিসের জিন্মা করিয়া দিব।" এই সময়ে গাড়ী ছাড়িয়া দিল। এত কট্ট করিয়া এতদুর ঘনভানের পশ্চাতে পশ্চাতে আসিয়া তাহাকে হারাইতে হইল! তাহার
চোথের উপরে সে রেলে উঠিয়া চলিয়া গেল—কোথায় গেল, তাহা
সে কিছুই জানিতে প্রারিল না; গোবিন্দরাম শুনিলে কি বলিবেন!
আর উপায় নাই—ঘনশ্রাম কোথাকার টিকিট লইয়াছিল, তাহা জানিবার
কোন উপায় নাই—টিকিট-বাবু তাড়াতাড়ি টিকিট দিয়াছেন, কে কোন্থানা লইল, কিরপে জানিবেন! তবে রামকান্ত অনুসন্ধানে জানিল যে,
এ গাড়ী নৈহাটী পর্যান্ত যাইবে, স্কতরাং ঘনশ্রাম নৈহাটীর অধিক যাইতে
গারিবে না।

এইবার সেই মুদীর কথা তাহার মনে হইল; তবে ঘনশ্রাম এই
স্ত্রীণোকের সহিত মিলিত হইরা একত্রে কোন স্থানে গেল। ভাবিল,
"সেই ঝী—তাহা হইলে নিশ্চরই সেই মৃত স্ত্রীলোকের দাসী—খুনের
দিন হইতে সে নিফদেশ, স্বতরাং সে নিশ্চরই জানে কে খুন করিয়াছে;
সম্ভবতঃ সে এই খুনের সহায়তা ক্রিয়াছিল, তাহাই পলাইয়াছে। আমি
কি গাধা—তুইজনকে হাতে পাইয়াও পলাইতে দিলাম! এখন উপার ?"

রামকান্ত এই সকল ভাবিয়া থেন নিজেরই গাড়ীর চাকায় নিজেই চাপা পড়িবার মত হইয়া নিজের উপরে নিতান্ত কুদ্ধ ও কুদ্ধ হইল।

রামকান্ত তথন মুদীর সন্ধানে গেল। সে দেখিয়াছিল যে, মুদী গাড়ীতে উঠে নাই—বোধ হয়, পরের গাড়ীর অপেক্ষায় বসিয়া আছে; নৈহাটী হইতে সে আরও দূরে যাইবে। যথার্থ তাহাই, মুদী দেশে যাইতেছিল, তাহার গাড়ী আদিবার দেরি আছে বলিয়া সে তাহার মাল-পত্র লইয়া একধারে বসিয়াছিল।

রামকাস্ত ভাহার নিকটে আসিএা বদিল; বলিল, "ভূমি কতদ্র ষাইবে হে ?" "কুষ্ঠিগ্না যাইব।"

"তোমায় যেন কোথায় দেখিয়াছি বলিয়া বোধ হয়, কলিকাতায় থাক ?"

"হাঁ, বাগবাজারে আমার একথানা মুদীর দোক্ধন আছে।"

· "বাগবাজারে! যেখানে খুন হয়েছিল ^১"

"হা, আমার দোকানের সমুথেই খুন হইয়াছিল। সেই মাগীটা এইমাত্র গাড়ীতে গেল।"

"কোনু মাগী ?"

"তুমি সেই খুনের বিষয় কিছু জান না ?"

"না, বিশেষ কিছু না; কেবল শুনিয়াছিলাম, বাগবাজারে ছুইটা খুন হুইয়াছে।"

"হাঁ, একটি মেয়েমামূষ সেই বাড়ীটায় থাকিত—তাহার একজন ঝীছিল, মেয়ে মামূষটি খুন হইলে সেইদিন থেকে সেই ঝীটাও কোথায় পালিয়ে যায়—আজ তাহাকে ষ্টেশনে দেখিলাম।"

"হয় ত তোমার ভুল হইয়াছে।"

"ভূল হইবে কেন? তাহাকে কতবার সেই বাড়ীতে দেখিয়াছি, তবে ইহার অবস্থা ফিরিয়াছে বলিয়া বোধ হয়—অনেক গহনা গায়ে দিয়াছে——

"তাহা হইলে এই ঝীটা জানে, কে খুন করিয়াছে ?"

"তাহা ত আদালতে ঠিক হইয়া গিয়াছে, যে খুন করিয়াছিল, তাহার ফাঁসীর হুকুম হইয়া গিয়াছে।"

"হাঁ, ভাল কথা মনে পড়িয়াছে—তোমার সঙ্গে আলাপ হইয়া ভালই হইল।"

"(कन १

"যে লোকটির ফাঁসীর তুকুম হইয়াছে, তাহার বাপের কীছে আমি কাজ করিতাম। তিনি বলেন যে, তাঁহার ছেলে খুন করেন নাই—অন্ত লোক খুন করিয়াছে।"

"এই যে তুমি বলিলে, খুনের বিষয় কিছু জান না।"

"সব জানিতাম না, তিনি সব আমাকে এখন বলেনও নাই। তবে ছুই পয়সা রোজগার করিবার একটা উপায় আছে।"

"কি রকমে ?"

"তুমি অনায়াসে কিছু পাইতে পার।"

"কেমন ক'রে ?"

"তিনি এই ঝীটাকে খুঁজিতেছেন; তুমি ইহাকে চেন—আজও তাহাকে দেখিয়াছ—সে নিশ্চয়ই আবার কলিকাতা ফিরিবে, তুমি ইছা করিলে ইহাকে ধরাইয়া দিতে পার। ইহার জন্ম তুমি বাহা চাও, তাহাই তিনি দিতে পারেন। কেবল ইহাই নহে, যদি তুমি এই স্ত্রীলোকের সন্ধান করিয়া দিতে পার, তাহা হইলে তিনি তোমায় হাজার টাকা পুরস্কার দিবেন।"

"হা—জা—র—টা—কা ?" °

"হাঁ—গো—হাঁ, তিনি খুব বড়লোক।"

"তাই ত কি করিব ভাবিতেছি।"

. "এমন স্থবিধা কি কেহ কথনও ছাড়ে ?"

"দেশে রওয়ানা হইয়াছি।"

"গুই মাস পরে দেশে গেলেই বা ক্ষতি কি ?"

"শত্যদত্য দিবে ত ়"

"নিশ্চর, বল ত আমি এখনই তোমাকে তাঁহার কাছে লইরা যাইত্তে পারি।" মুদী কৈান কথা না কহিয়া ভাবিতে লাগিল। টাকার লোভ বড় লোভ – সে কি করিবে সহসা স্থির করিয়া উঠিতে পারিল না। রাম-কাস্ত বলিল, "কি বল, আমার সঙ্গে যাইবে? এমন স্থবিধা ছাড়িয়ো না। হাতের লক্ষ্মী পা দিয়া ঠেলিতে নাই।"

্ মুদী চিস্তিতমনে বলিল, "হা তোমার মতেই মত—তবে বাড়ী রওনা হইয়াছি, আমার বাড়ী কুষ্ঠিয়া—আমি তিন দিনের মধ্যেই ফিরিয়া আসিব, তিন দিনে আর কোন গোল হইবে না।"

তিন দিন কি, তিন ঘণ্টাও এখন নষ্ট করা উচিত নয়; তবে যদি এ লোকটা নিতান্ত রাজী না হয়, তাহার উপায় কি ? অধিক পীড়াপীড়ি করিলে পাছে সে ভয় পাইয়া বিগ্ড়াইয়া যায়, এই ভয়ে রামকান্ত তাহার কথায়ই সন্মত হইতে বাধ্য হইল; বলিল, "একান্ত যদি যাইতে চাও— কিন্তু তিন দিনের বেশী দেরী করিলে এ কাজ ফস্কাইয়া যাইবে, বাপু।"

মুনী বলিল, "আমি কথা দিয়া যাইতেছি, নিশ্চয়ই আসিব। তিন দিনের একদিনও বেশী দেরি করিব না।"

"তবে তাহাই, এই কথা থাকিল।"

"হাঁ, কোথায় তোমার সঙ্গে দেখা করি ३ ?"

"আমি তোমার দোকানে যাইব, আমার থাকিবার কোন স্থিরতা নাই।"

"আমার গাড়ীর আর দেরী নাই।"

"যাও, ভুলো না।"

"না, ভূলিব কেন ? আমার হুই পয়সা হইবে।"

. মূলা টিকিট কিনিতে চলিল। অগত্যা রামকান্ত ষ্টেশনের বাহিরে। জাদিল।

92

রামকাস্ত বাহিরে আদিলে একটা লোকের উপরে তাহার দৃষ্টি পড়িল, সেই লোকটা চিন্তিতমনে কলিকাতার দিকে চলিয়াছে। ইহাকে দেখিয়াই রামকান্তের মনে হইল যে, ইহাকে সৈ কোপায় দেখিয়াছে; প্রথমে মনে করিতে পাবিল না। ক্ষণপরে সহসা ইহার কথা মনে পড়িল; যেদিন সে শ্রামকান্তকে লইয়া হাবার প্রতীক্ষায় জেলেব দাবে পাহাবায় ছিল, যেদিন হাবা তাহার চাকরীব দকারকা কবিয়াপলাইয়া যায়, সেইদিন ক্লতান্তকে দেখিয়া এই লোকটা তাহাকে তাঁহার কথা জিজ্ঞাসা করিয়াছিল। তথন রামকান্ত ইহাকে তাড়াইয়া দিয়াছিল। তথন তাহাব ক্লতান্তর উপরে কোন সন্দেহ ছিল না—কাজেই ইহার অনধিকার চর্চায় বিরক্ত হইয়াছিল।

এক্ষণে ক্তান্ত সম্বন্ধে দামান্ত বিষয়ও তাঁহাদের লক্ষ্য করা প্রয়োজন হইয়াছে, তাহাই এ লোকটা কেন যে ক্তান্তের কথা জিজ্ঞাদা করিয়াছিল, তাহা জানিবার জন্ত রামবান্ত উৎস্কুক হইল। যদি ঘনগ্রাম যথার্থই ক্তান্ত হয়, তাহা হইলে হয় ত এই লোকটা তাহাও জানিতে পারে। রামকান্ত দ্রুতপদে তাহার নিকটন্থ হইয়া বলিল, "তোমাকে কোথায় দেখিয়াছি বলিয়া বোধ হয়।"

লোকটি তাহার মুখের দিকে চাহিয়া বলিল, "কই, আমার ত মনে হয় না।"

রামকাস্ত বলিল, "হাঁ, আমার বেশ মনে পড়িতেছে, তুমি একদিন লালবান্ধারের কাছে আমাকে একটা লোকের কথা জিজ্ঞাসা করিয়াছিলে ?" লোকটি আবার তাহার মুখের দিকে চাহিয়া রহিল। তৎপরে ধীরে ধীরে বলিল, "যেন মনে হয়় একজনকে জিজ্ঞাসা করিয়াছিলাম— সে অনেক দিনের কথা।"

"হাঁ, অনেক দিন হইল—আমার কিন্তু সে কথা বেশ মনে আছে। আমারই একটি পরিচিত লোকের কথা তুমি জিজ্ঞাসা করিয়াছিলে।"

"হাঁ, মনে পড়িয়াছে—সেই লোকটি কে জানিবার আমার একটু দরকার ছিল।"

"তথন একটা কারণে মন বড়ই থারাপ ছিল, তাহাই তথন তোমার কথার কোন উত্তর দিতে পারি নাই। এই লোকটির সঙ্গে তোমার কি কোন কাজ আছে !"

"একটু আছে—বলিতে ক্ষতি নাই। আমি চন্দননগরে পরেণ্ট-ম্যানের কাজ করি—একদিন তিনি আমার সঙ্গে দেখা করিতে গিয়াছিলেন।"

"কেন, কোন কাজ ছিল ?"

"বলিলেন যে, তিনি কোথায় শুনিয়াছেন আমার, মেয়ে না কি কাহার অনেক টাকা পাইবে।"

"তাহার পর ?"

"শেষে তিনি বলিলেন, তাঁহার ভূল হইয়াছে—সে আমার মেয়ে নয়, এই সময়ে গাড়ী আসিয়া পড়ায় আমি ছুটিয়া পয়েণ্ট ধরিতে গেলাম।"

"এইজন্ম তৃমি কি তাঁহাকে খুঁজিতেছ ?"

"ঠিক এইজন্ত নম্ন; আমার বিশ্বাস যে, তিনি ইচ্ছা করিয়া রেল-লাইনের উপরে কতকগুলি টাকা ছড়াইয়া চলিয়া যান্; তিনি টাকা-গুলি ভূলিয়া ফেলিয়াছেন, ভাবিয়া আমার মেয়ে তাঁহাকে দিবে বলিয়া দে টাকাগুলি কুড়াইতে আরম্ভ করে—এই সময়ে একেবারে টেণ স্মাদিয়া পড়ে, সে গুইয়া পড়ে, তাহার উপর দিয়া গাড়ী চলিয়া য়ায়, কেবল ভগবান তাহাকে দেদিন রক্ষা করিয়াছিলেন।"

"এ তুমি কেবল অমুমান করিতেছ, হয় ত লোকটি ভুল করিয়াই টাকা ফেলিয়াছিল।"

"প্রথমে তাহাই মনে করিয়াছিলাম; কিন্তু পরে আমার স্ত্রীর কতক-শুলা কাগজ পাইয়াছি, তাহাতে জানিতে পারিলাম যে, আমার শাশুড়ী একজন বড় লোকের ভগিনীর কন্তা, তাহা হইলে আমার মেয়ে এই বড়লোকের টাকা পাইলেও পাইতে পারে; স্থতরাং সেই লোকটি শেষে বলিয়াছিলেন যে, তাঁহার ভূল হইয়াছে; এখন ব্ঝিতেছি, এ কথা মিথাা বলিয়াছিলেন।"

"তুমি এই বড় লোকের কথা জানিতে না ?"

"না, তিনি বিদেশে গিয়া বড়লোক হইয়াছিলেন। তাঁহার ভগিনীদের সব গরীব লোকের সঙ্গে বিবাহ হইয়াছিল।"

"এই বড়লোকের নাম জানিতে পারিয়াছ ?"

"হাঁ, তাঁহার নাম নরেক্তভূষণ, তিনি পশ্চিমে গিয়া বড়লোক ইইয়াছিলেন।"

নরেক্রভ্যণের নাম শুনিরা রামকাস্ত প্রকৃতই বিশেষ বিশ্বিত হইল।
কিন্তু নিজ মনোভাব গোপন করিয়া বলিল, "তোমার সঙ্গে কথা
কহিয়া দেখিতেছি, ভালই হইল; আমি একজন লোককে জানি,
তাঁহার কাজই এই রকম নষ্ট সম্পত্তির উদ্ধার করা—তাঁহার নাম
নরহরি বাব্—প্রাচীনলোক, তুমি তাঁহার কাছে গিরা একটা
বন্দোবস্ত করিলে তোমার মেয়েকে তিনি এই টাকা পাওয়াইয়া দিতে
পারেন।"

"তিনি কোথায় থাকেন ?"

"ক্লিকাতায়—সিমলায়—দেখানে তাঁহার কথা জিজ্ঞাসা করিলেই স্কলে তাঁহার বাড়ী দেখাইয়া দিবে।"

"যে লোকটি আমার কাছে গিয়াছিলেন, তিনি কে? তাঁহার নাম কি জান?"

"হাঁ, জানি, তাঁহার নাম ক্কতান্ত বাব্, তিনি কি করেন জানি না ; এক সময়ে একটা দোকানে আলাপ হইয়াছিল।"

"আমার বোধ হয়, লোকটা ইচ্ছা করিয়া লাইনের উপরে টাকা ছড়াইয়া আমার মেয়েকে মারিতে চেষ্টা পাইয়াছিল।"

"না—না—এ কখনও হইতে পারে না, তোমার মেয়েকে মারিবার ইহার উদ্দেশ্য কি ? তোমার মেয়ে কত বড় ?"

"মেয়েকে এখানে একটা বন্ধুর বাড়ী আনিয়াছি। একদিনের ছুটি লইয়া আসিয়াছি— এই বে এইখানেই বন্ধুর বাড়ী—তামাক খাবে ?"

"কতি কি ?"

গৃহদ্বারে পিতাকে দেখিয়া লীলা ছুটিয়া বাহিরে আসিল। গোপাল বলিল, "যাও লীলা, খেলা করগে।"

লীলা বলিল, "বাবা, ঐথান থেকে ফ্ল তুলিয়া আনিব ?"

"যাও, কিন্তু বেশীদূরে যাইরো না, মা।"

"না, ঐত্যে—ওথান থেকে আনিব।"

লীলা ছুটিয়া ফুল ভুলিতে গেল। গোপাল তামাক সাজিতে আরম্ভ করিল।

রামকাস্ত বলিল, "তোমার মেয়েটি ত বেশ—একে দেখিলেই সকলেই বলিবে, এ বড় ঘরের মেয়ে।"

গোপাল সনিঃখাদে বলিল, "আমরা চিরকালই গরীবলোক—থেটে-শুটে থাই।" "এখন বোধ হয়, <mark>আ</mark>র গ**ীব থাকিবে না।**"

"এই নরেক্রভূষণ বাবু যদি কিছু রাথিয়া গিয়া থাকেন, তাহা হইলেও তাহার কিছুই আমি জানি না।"

"সেইজন্মই ত নরইরি বাবুর কাছে তোমাকে যাইতে বলিতেছি।" "হাঁ, যথন কাগজগুলা পাইয়াছি, তথন লীলার জন্মও আমার একটু সন্ধান লওয়া উচিত।"

"নিশ্চরই—নরহরি বাবুর ছাতে কাগজগুলি দিলেই তোমার সব কাজ তিনি নিজে ঠিক করিয়া দিবেন। তিনি আগে এক পয়সাও চাহেন না—তোমার মেয়ে সম্পত্তি পাইলে, তথন তিনি তাঁহার পারিশ্রমিক চাহিবেন।"

"আমি ছই-একদিনের মধ্যেই একদিন ছুটি লইয়া তাঁহার সঙ্গে দেখা করিব।"

"কোন্ দিন, কথন্ যাইবে বলিলে আমি ঠিক সেই সময়ে তাঁহার বাড়ীতে যাইতে পারি, তাঁহার সঙ্গে আমার বিশেষ আলাপ-পরিচয় আছে।"

"তাহা হইলে ত ভালই হয়—পরখঃ সকালে যাইব।"

"বেশ, আমিও আদিব—তবে ইহাও তোমায় বলি, মেয়েটিকে খুব সাবধানে রাখিয়ো।"

"কেন—কেন? তাহার ভয় কি ?"

"আছে, ভাল লোক, মন্দ লোক এ সংসারে সব রকমেরই লোক আছে।"

"কেন, তাহারা কি করিবে ?"

"এই নরেক্রভূষণ বাবুর অনেক ওয়ারিসান্ থাকিতে পারে – তাহা ছইলে তাঁহার সম্পত্তি ইহাদের সকলের মধ্যে সমভাবে ভাগ হইবে; কাজেই ইহাদের মধ্যে যদি কোন বদ্লোক থাকে, তাহা হইলে এ লোক নিজে বেশী টাকা পাইবার লোভে অপর ওয়ারিসানদের সরাইবার চেষ্টা করিতে পারে।"

"বল কি !"

. "হাঁ, এ সংসারে সবই সম্ভব।"

"তাহা হইলে আমি ত ঠিক ভাবিয়াছি ষে, তবে এ লোকটা ইচ্ছা করিয়াই আমার মেয়ের সমুখে টাকা ছড়াইয়াছিল।"

্"তাহা যাহাই হউক, সেইজন্মই বলিতেছি, তোমার মেয়েটিকে একটু সাবধানে রাখিয়ো; এখন মেয়েটি কোথায় গেল, দেখিতে পাইতেছি না।"

গোপাল লক্ষ্ণিয়া উঠিয়া দাঁড়াইল—যথার্থই লীলা আর সেথানে নাই; সে নিকটেই ফুল কুড়াইতেছিল—কিন্তু এখন সে আর সেখানে নাই। গোপাল তাহার সন্ধানে উন্মত্তের স্থায় ছুটিল। রামকান্তও তাহার সঙ্গে চলিল।

তাহারা কিমংক্ষণ এদিকে সেদিকে সন্ধান করিয়াও কোথাও জাহাকে দেখিতে পাইল না; তথন গোপাল পাগলের মত চীৎকার করিয়া ডাকিতে লাগিল, "লীলা—লীলা—"

এই সমরে লীলা একটি ছোট গলির ভিতর হইতে ছুটিয়া বাহির হইয়া আসিল। গোপাল ছুটিয়া গিয়া তাহাকে কোলে করিয়া তাহার মুথচুম্বন করিল। গোপাল বলিল, "মা, এতক্ষণ কোথায় গিয়াছিলে? আমি ভেবে মরি।"

লীলা বলিল, "এক মাগী এসে বলিল বে, তুমি আমাকে ঐদিকে ডাকিতেছ; আমি তাহার সঙ্গে গেলে, সে আমাকে জাের ক'রে এক-ধানা গাড়ীতে তুলিতেছিল। আমি তাহার হাত কামড়াইরা ধরিলে

সে আমার ছাড়িয়া দিয়াছে। আর অমনই আমি ছুটিয়া পলাইয়া আসিরাছি।"

গোপাল চিস্তিত ও বিস্মিত হইয়া বলিল, "মাগী! কি রক্ষ মাগী?"

"একটা বুড়ী।"

"কোথায় গেল ?"

"তা জানি না, বোধ হয়, গাড়ী ক'রে চ'লে গেছে।"

গাড়ী চলিয়া গিয়াছে কি না গোপাল দেখিতে ছুটিতেছিল; কিন্তু
রামকান্ত তাহাকে প্রতিবন্ধক দিয়া বলিল, "এই মাগীর সন্ধানে গিয়া
কোন লাভ নাই, সে নিশ্চয় এতক্ষণে অনেক দ্র গিয়াছে। এথবন
স্পষ্টই জানা যাইতেছে যে, তোমার মেয়ের ক্ষতি করিবার জন্ত কেহ
চেষ্টা পাইতেছে; ভুমি আর কালবিলম্ব না করিয়া নরহরি বাবুর সঙ্গে
দেখা কর।"

এই বলিয়া রামকাস্ত সে স্থান পরিত্যাগ করিল। গোবিন্দরামকে দ সংবাদ দিবার মত তাহার অনেক কথা সংগ্রহ হইয়াছে, আর তাঁহার সঙ্গে দেখা করিতে বিলম্ব করা উচিত নহে।

তাহার গাড়ী তথনও দূরে দাঁড়াইয়া ছিল। সে সম্বর গাড়ীতে উঠিয়া বসিল—গাড়ী ছুটতে লাগিল।

CC

গোবিন্দরাম নবাব সাজিয়াছিলেন, কিন্তু তিনি জানিতেন যে, এক নবাব সাজে থাকিলে তাঁহার চলিবে না। এইজন্ম তিনি আগে হুইতেই ছুই-তিনটা বাড়ী স্থির করিয়া রাথিয়াছিলেন। কলুটোলার বাড়ীতে তিনি নবাব। সিমলার বাড়ীতে তিনি রুদ্ধ নরহরি বাবু।

্রামকান্ত আসিয়া গোবিন্দরামকে সেদিনকার সমস্ত কথা বলিল। ঘনশ্রাম যে ক্বতান্ত, এ বিষয়ে রামকান্ত নিশ্চিত হইতে পারে নাই; তবে এটা স্থির যে, ঘনশ্রাম নৈহাটীর কোন ষ্টেশনে গিয়াছেন—সম্ভবতঃ ইহাব কোন গুপ্ত আড্ডা আছে।

গোপাল ও তাহার কন্সা লীলার কথা শুনিয়া গোবিন্দরাম বিশেষ চিস্তিত হইলেন। তিনি প্রথম হইতে ক্কতান্তের উপরে একটু সন্দেহ করিয়াছিলেন; এখন সেই সন্দেহ আরও বন্ধমূল হইল।

গোপাল গোবিলরামের সহিত দেখা করিয়া কাগজ-পত্র দিয়াছে।
তাহাতেই গোপাল জানিতে পারিয়াছেঁ যে, স্থহাসিনী নরেক্রভ্ষণের
একজন ওয়ারিসান্। নরহরিবেশী গোবিলরাম স্থহাসিনীর মাতার সহিত
দেখা করিতে তাহাকে বলিয়াছেন, গোপাল তাহাই বরাহ-নগরে রওনা
হইয়াছে।

তথন প্রায় সন্ধ্যা আসন্ধ, দিবালোক মান হইয়াছে, চারিদিকে ধীরে ধীরে অন্ধকার ঘনীভূত হইতেছে।

স্থাদিনী উত্থানমধ্যে চিস্তিতমনে বেড়াইতেছিল। স্থনেক্রনাথের ফাঁদীর হকুম হওয়ায় তাহার হৃদয় একেবারে ভাঙ্গিয়া গিয়াছে, দে আর কাহারও সহিত কথা কহে না, স্থবিধা পাইলেই বাগানে গিয়া নির্জ্জনে বসিয়া থাকে, আর স্থরেক্সনাথের কথা ভাবে—**পাঙ্গও সে** বাগানের এক কোণে গিয়া বসিয়াছিল—ভাবিতেছিল।

সংসা একটা শব্দ হওয়ায় স্থহাসিনী মাথা তুলিল; দেখিল, বেড়ার বাহিরে ছুইটি লোক শাড়াইয়া রহিয়াছে। তাহাকে মাথা তুলিতে দেখিয়া একব্যক্তি বেড়ার নিকটস্থ হইল। অতি সাবধানে মৃথ্যুরে বলিল, "তাহার বাপ একবার আপনার সহিত দেখা করিতে চানু।"

স্থগাসিনী সম্বর উঠিয়া দাড়াইল; বলিল, "আমি জানি, তিনি আনাদেব ত্যাগ করেন নাই, কোথায় তিনি ?"

"ঐ গাড়ীতে, তিনি বিশেষ কারণে লুকাইয়া আসিয়াছেন—না হইলে ত প্রকাশ্যভাবেই আসিতেন।"

"চল। কোথায়?"

স্থাসিনী সম্বর বেড়া সরাইয়া পথে আসিল। সেদিকে একটা গলিপথ, সেই গলিপথেব মধ্যে একথানা গাড়ী দাঁড়াইয়া আছে। এ পণে বড় লোকজন চলিত না। স্থাসিনী, স্বরেক্তনাথের পিতা গোবিন্দরাম আসিয়াছেন ভাবিয়া, কোনদিকে না চাহিয়া সম্বরপদে গাড়ীর নিকটত্থ ইইল।

অধর লোকটি বেড়ার আড়ালে নিস্পন্দভাবে এতক্ষণ দাঁড়াইয়াছিল। স্মহাদিনী তাহার দিকে না চাহিয়া গাড়ীর মারে আদিল।

অমনই সেই লুকায়িত লোকটি নিমেষমধ্যে লাফাইরা আসিরা হুইহস্তে তাহাকে জড়াইয়া ধরিল; স্থহাসিনী চীৎকার করিয়া উঠিল, তথনই অপর লোক তাহার মুথ চাপিরা ধরিয়া সবলে তাহাকে গাড়ীর ভিতরে প্রবেশ করাইতে চেপ্তা করিল। স্থহাসিনী আর চীৎকার করিতেও পারিল না।

় এই সময়ে সেই গলিপথে একটি লোক আসিতেছিল, সে-ও ধীরে ধীরে আসিভেছিল, এক-একবার স্থহাসিনীদের বাড়ীর দিকে চাহিতেছিল। সহসা তাহার কাণে স্থহাসিনীর অস্টু চীৎকারধ্বনি প্রবেশ করিল। লোকটি চমকিত হইয়া সেইদিকে ফিরিয়া দেখিল, ছইটি লোকে একটি বালিকাকে ক্লোর করিয়া গাড়ীতে তুলিতেছে।

তথন সেইলোক লাফাইয়া উঠিল; তাহার ছাতে এক প্রকাণ্ড লাঠী ছিল, সে পশ্চাৎ হইতে একব্যক্তির মস্তকে সজোরে সেই লাঠী মারিল।

লাঠী থাইরা স্থহাসিনীকে ছাড়িরা দিরা ছুর্বত পলাইরা গেল; পরক্ষণে অপর একব্যক্তিও এই ব্যাপার দেখিরা সজোরে স্থহাসিনীকে ধরাতলে নিক্ষেপ করিয়া উর্দ্ধাসে ছুটিয়া পলাইল।

লোকটি তাহাদের অনুসরণ করিল না, সুহাসিনী পড়িয়া গিয়াছিল, তাহার হাত ধরিয়া তুলিল; বলিল, "ভয় নাই, চল—কোণায় তোমাদের বাজী বল – রাখিয়া আসি। ইহারা কে ?"

স্থহাসিনী ব্যাকুলভাবে বলিল, "এই আমাদের বাড়ী।"

"তবে তোমারই নাম স্থহাসিনী। ইহারা কে ?"

"জানি না, আহ্বন বাড়ীতে। আমার এথানে বড় ভন্ন কর্ছে।"


"চল, আমি এদিকে না আদিলে ইহারা তোমাকে লইয়া যাইত। বাগানের দরজা কোন্দিকে আমি তাহাই খুঁজিতে খুঁজিতে এইদিকে আদিয়াছিলাম।"

"হাঁ, বাড়ীতে চলুন।"

. স্থহাসিনী লোকটির সহিত বাগানে প্রবেশ করিল; যাইতে যাইতে বলিল, "আপনি আমাদের কাছে স্বাসিয়াছেন !"

"হাঁ, একটু কাজ আছে।"

স্থাসিনী আর কোন কথা, ক্রিল না, সম্বরপদে বাড়ীর দারে আসিল; তথন সে হঠাৎ লোকটির দিকে ক্রিলো বলিল, "এ সকল কথা কাহাকেও বলিবেন না—এমন কি মাকেও না।"



বালিকাকে জোর করিয়া পাড়ীতে তুলিতেছে।

"কেন ? এ রকম ব্যাপার কে করিতে সাহস করিরাছিল, ভাহার সন্ধান করা উচিত।"

"মা কেবল ব্যস্ত হইবেন। বাহাদের বড়্বন্ধে তিনি ফ'াসী বাইতেছেন, তাহাদেরই এই কাল।"

"কিসের ষড়্যন্ত্র ? কে তাহারা ?"

"তাঁহার পিতা নিশ্চরই এ কথা আপনাকে বলিয়াছেন, আপনি তাঁহার নিকট হইতে আসিতেছেন ?"

"তোমার ভুল হইয়াছে, তুমি কাহার কথা বলিতেছ ?"

"গোবিন্দরাম বাব।"

"আমি তাঁহার নিকট হইতে আসি নাই।"

স্থাসিনী বিশ্বিতভাবে তাহার মুখের দিকে চাহিয়া বলিল, "আপনি তবে কাহার নিকট হইতে আসিয়াছেন ?"

এই সময়ে স্থাসিনীর মা সেইদিকে স্থাসিলেন; তিনি বলিলেন, "এ কে?"

লোকটি বলিল, "আমার নাম গোপাল, রেলে পারেণ্টম্যানের কাজ করি। গরীবলোক—আপনাদের' মত বড়লোকের বাড়ীতে আমার আসাই অস্তার; তবে একটা কথা জিজ্ঞাসা করিতে আসিয়াছি।"

"বল, কি কথা ?"

"আপনার পিতামহীর ভাইএর নাম কি ছিল ?"

স্থাসিনীর মা নিতাস্ত বিশ্বিতভাবে গোপালের মুখের দিকে চাহিয়া রহিলেন। কোন কথা কহিলেন না।

গোপাল বলিল, "তাঁহার নাম কি নরেক্সভূষণ বাবু ?"

স্থাসিনীর মা বলিবেন, "প্রথমে আমি শুনিতে চাই বে, এ কথা জানিবার তোমার স্বাবস্থক কি ?" গোপাল বলিল, "আমি কতকগুলি কাগজ-পত্রে জানিয়াছি যে, আমার শাশুড়ীর মা নরেক্রভূষণ বাবুর এক ভগিনী হইতেন; আমার একটি ছোট মেয়ে আছে; শুনিয়াছি, নরেক্রভূষণ বাবুর কোন সন্তানাদি ছিল না, অথচ তিনি অনেক টাকা রাথিয়া গিয়াছেন। • এই টাকা তাঁহার ওয়ারিসানগণ পাইবে। তাহা হইলে আমার মেয়ে আর আপনার এই মেয়ে তাঁহার ওয়ারিসান।"

স্থহাসিনীর মা বলিলেন, "এ সকল খবর কে দিল ?"

. "আমার স্ত্রীর বাক্সে কতকগুলি কাগজ-পত্র পাইয়াছি, তাহাতে কতক জানিয়াছিলাম; তাহার পর নরহরি বাবু বলিয়া একটি লোকের কাছে গিয়া তাঁহাকে এ বিষয়ে সন্ধান করিতে অহুরোধ করি; তিনি এই রকম সব মাম্লার-তদ্বির করেন, তিনিই বলিলেন যে, নরেক্রভূষণ বাবুব আর এক ওয়ারিসান আছে; সে আপনার মেয়ে; তিনিই আমাকে স্থাপনার কাছে আসিতে বলিয়াছিলেন।"

"হাঁ, তাঁহার নাম নরেক্সভূষণ ছিল বটে, তবে তুমি যে কাহার কথা ু বলিতেছ, তাহা আমি ঠিক জানি না।"

"এই নরেক্তভ্ষণ বাবু পশ্চিমে গিয়াঁ বড়লোক হইয়া অনেক টাকারাথিয়া গিয়াছেন। অনেক দিন অবধি আদালত হইতে ইংহার ওয়ারি-সানদের সন্ধান হইতেছে; বোধ হয়, আমি সপ্রামাণ করিতে পারিব যে, ইনিই সেই নরেক্তভূষণ বাবু।"

"আমি পিতার কাছে শুনিয়াছিলাম যে, তাঁহার মামা নরেক্রভূষণ বাব্যথন পশ্চিমে গিয়াছিলেন, তথন বড় গরীব ছিলেন। তাহার পর জাঁহার আর কোন সন্ধান পানু নাই।"

"খুব সম্ভব, আপনার ক্সাও তাঁহার সম্পত্তির একভাগ পাইবেন, লরংরি বাবু এ সন্ধান করিতেছেন।" "তিনি কে ?"

"তাঁহার এই কাজ, সম্পত্তি যদি তিনি আমাদের দেওয়াইয়া দিতে পারেন, তাহা হইলে তাঁহাকে শতকরা একটাকা করিয়া দিতে হইবে।"

"আমার মেয়ের যাহ্বা আছে, যথেষ্ট।"

"কিন্তু আমার মেয়ে বড় গরীব।"

"সে পাইলে আমরা স্থ**ী হইব।**"

"যদি আমার মেয়েও আপনার মেয়ে যথার্থই সম্বন্ধে ভগিনী হয়, তাহা ছইলে আপনার মেয়েও এই সম্পত্তি পাইবেন। নরেক্রভ্যণ বাবু এই মর্ম্মে একথানা উইল করিয়া পিয়াছেন যে, তাঁহার ভগিনীগণের সম্ভানাদির মধ্যে তাঁহার সম্পত্তি সমভাগে বিভক্ত হইবে।"

স্থাসিনী ৰলিল, "মা, ইছাকে ইছার মেয়েকে সঙ্গে করিয়া আনিতে বল, সে নিশ্চয়ই আমার ভগিনী।"

স্থাসিনীর মা বলিলেন, "হাঁ, আনিবে বই কি; এ সম্বন্ধে আর ্কি হয়, জানিবার জন্ম আমরা ব্যস্ত রহিলাম।"

' গোপাল বলিল, "আমি নরহরি বাবুর সঙ্গে কাল আবার দেখা করিব, যদি কিছু ন্তন কথা জানিতে পারি, আপনাদের বলিয়া যাইব..."

🐾 সুহাসিনী বলিল, "অমুগ্রহ করিয়া এবার আপনার মেয়েকে সঙ্গে আনিবেন।"

স্থাসিনী এই গরীব লোকটাকে এত সন্মান করিয়া কথা কহিতেছে দেখিয়া, স্থাসিনীর মা বিশ্বিত ইইলেন, কিন্তু কিছু বলিলেন না।

গ্রোপাল বুঝিল, সে স্থাসিনীকে একটু পূর্ব্বে দস্যাদের হাত হইতে রক্ষা করিয়াছিল বলিয়াই, সে তাহাকে এত সম্মান করিতেছে।

"এবার বেদিন আসিব, লীলাকে সঙ্গে আনিব," বলিয়া গোপাল सम्तर्भात्र দিকে ফিরিল। সেখানে বন্ধর বাড়ীতে লীলাকে রাখিয়াছিল।

99

গোপাল প্রায় রাত্রি আটটার সময়ে বন্ধুর বাড়ীতে উপস্থিত হইল; দ্বার হুইতে ডাকিল, "লীলা—লীলা——"

তাহার কণ্ঠস্বর গুনিলে লীলা তৎক্ষণাৎ ছুটিয়া আসে—কই, আজ সে আসিল না কেন ? গোপাল ভাবিল, "হয় ত সে এতক্ষণে ঘুমাইয়া পড়িয়াছে।"

এই সনমে তাহার বন্ধুও বাড়ীর বাহির হইয়া আসিয়া তাহাকে দেখিয়া নিতান্ত বিস্মিতভাবে তাহার মুখের দিকে চাহিয়া রহিল। তাহার ভাব দেখিয়া গোপালও বিস্মিত হইল; বলিল, "লীলা কি এরই মধ্যে মুমাইয়াছে?"

' কছু সে কথায় উত্তর না দিয়া বলিল, "তুমি তাহা হইলে পাড়ীচাপা শু'ড নাই – মা কালী রক্ষা করিয়াছেন !"

"গাড়ী চাপা কি ? তোমার কি মাথা থারাপ হইয়া গিয়াছে—অমন করিয়া আমার দিকে চাহিয়া আছ কেন ? লীলা কোথায় ?"

"লীলা কোথায়, তুমি কি তাহা জান না ?"

গোপাল বিশ্বিতভাবে বলিল, "আমি কিরুপে জানিব—আমি কি এখানে ছিলাম ? তাহার কি হইয়াছে, শীঘ্র আমাকে বল।"

তথন সেই বন্ধু বলিল, "সন্ধার সময়ে এক মেম এথানে এসে বলিল মে, তুমি গাড়ীচাপা পড়িয়া হাঁসপাতালে গিয়াছ, অবস্থা ভাল নয়, তাই লীলাকে দেখিবার জন্ম ব্যস্ত হইয়াছ। সে হাঁসপাতালের মেম—নিজেই লীলাকে লইতে আসিয়াছে।"

"আর ভূমি প্রকাণ্ড আহামুথের মত সেই কথা বিশ্বাস করিলে 🕍 🕠

"কি করিব—মেম—তাহাতে তাহার গাড়ীর উপর একজন পাহারা-ওয়ালা ব'লে—কেমন ক'রে অবিশাস করিব ?"

গোপাল মাথায় হাত দিয়া বসিয়া পড়িল; বলিল, "সর্কানাশ হইয়াছে! ছ্ই-তৃইবার লীলাক্তে ভগবান্ রক্ষা করিয়াছিলেন। হায় হায়! এবার তাহাকে হারাইলাম।"

গোপাল ব্যাকুলভাবে কাঁদিয়া উঠিল। তাহার বন্ধু লজ্জিত ও হঃখিত হইয়া বলিল, "এমন জাল, জুয়াচুরি, মিথ্যাকথা, মিথ্যাসাজ কেমন করিয়া ব্রিব ? তাহারা লীলাকে লইয়া কি করিবে ?"

"আর কি করিবে, আমার মাথা ক্রিব্রে—মারিয়া ফেলিবে।" "তবে পুলিসে থব্র দাও—চল।"

গোপালও ভাবিল, বসিয়া বসিয়া ব্যাকুলভাবে কাঁদিলে লীলাকে পাইব না, পুলিসে সংবাদ দিলে কিছু বিহিত হইতে পারে; তাহার পর নরহরি বাবুকেও এখনই সব কথা বলা উচিত, তিনিও তাহার সন্ধান করিতে পারেন। গোপাল জিজ্ঞাসা করিল. "গাড়ী কোনদিকে গেল ?"

"কলিকাতার দিকে গিয়াছে।"

"ভাড়াটিয়া গাড়ী ?"

"না, ঘরের ভাল গাড়ী—ইহাতে কেমন ক'রে অবিশ্বাস করি।"

"তোমার দোয কি, ভাই ? আমার অদৃষ্টের দোষ।"

"তবে চল, আর দেরি করিয়ো না।"

গোপাল বন্ধুকে সঙ্গে লইয়া থানায় উপস্থিত হইল। ইন্স্পেক্টর তাহার এজাহার লিখিয়া লইয়া বলিল, "যাও, মন্ধান হইবে।"

হতাশচিত্তে গোপাল ফিরিল। তথন অনেক রাত্রি ইইরাছিল, স্তরাং তথন গেলে নরহরি বাবুর সহিত দেখা হইবার সম্ভাবনা নাই—-কাঞ্চেই গোপাল বন্ধুর বাড়ীতে অতিক্তে দে রাত্রিটা কাটাইল।

পরদিবস প্রাতে রামকাস্ত গোবিন্দরামের সহিত সাক্ষাৎ করিতে আসিল। আসিয়া দেখিল, তাঁহার ছারে গোপাল বসিয়া আছে।

গোপালের সমস্ত রাজি ঘুম হয় নাই, অন্ধকার থাকিতে-থাকিতেই সে নরহরি বাবুর সহিত দেখা করিতে আসিয়াছিল। দার থোলা না পাইয়া সেইখানেই বসিয়াছিল—বসিয়া বসিয়া অভাগিনী লীলার কথা ভাবিতেছিল।

় রামকান্ত তাহাকে দেখিয়া বিশ্বিতভাবে জিজ্ঞাসা করিল, "কি হে, তুমি এত সকালে এখানে কি মনে করিয়া—খবর কি ?"

গোপাল লীলার সম্বন্ধে সকল কথা বলিল। রামকাস্ত কোন কথা না বলিয়া তাহার হাত ধরিয়া তাহাকে নরহরি বাবুর বাড়ীর ভিতরে লইয়া গেল।

তথন নরছরি বাবু সবে মাত্র উঠিয়া মুথ ধুইতে বলিয়াছিলেন। স্নাম-ক্ষান্ত বলিল, "এই লোকটির মেয়ে চুরি গিয়াছে, দেই যে মেয়ে——"

নরহরি বাবু একটু চমকিত হইয়া গোপালের মুথের দিকে চাহিয়া বলিলেন, "সব কথা খুলিয়া বল।"

গোপাল বলিল, "কি খুলিয়া বলিব—আমার মাথার ঠিক নাই। এক মেম আসিয়া আমার বন্ধুর বাড়ী হইতে আমার মেয়েকে লইয়া গিয়াছে — সে বলিয়াছিল, আমি গাড়ী চাপা পড়িয়াছি—এ সবই মিথ্যাকথা।"

"কথন লইয়া গিয়াছে ?"

"সন্ধার পর-কাল।"

"গাড়ী সঙ্গে ছিল ?"

"হাঁ, ঘরের পাড়ী --উপরে একজন পাহারাওয়ালা ছিল।

"ভোমার বন্ধু তাহা হইলে এই গাড়ী চিনিতে পারিবে ? মেমকে মেখিলেও চিনিতে পারিবে ?" "সম্ভব, তবে ঠিক বলিতে পারি না।"

"কাহারও উপরে তোমার সন্দেহ হয় 🖓

"কেমন করিয়া বলিব, আমি গরীবলোক।"

রামকান্ত বলিল, "ইহার পূর্ব্বেও একবার তাহাকে চুরি করিবার চেষ্টা করিয়াছিল। সেবার এক বুড়ী তাহাকে ভূলাইয়া গাড়ীতে ভূলিতেটিল।"

গোপাল বলিল, "হাঁ, সেদিন লীলা তাহার হাত কামড়াইয়া পলাইয়া আসিয়াছিল।"

নরহবি বাবু বলিলেন, "তুমি কাল সন্ধার সময়ে কোথায় ঘাইবে, কাহাকেও সে কথা বলিয়াছিলে ?"

"হাঁ, আমার বকুকে বলিয়াছিলাম যে, আমি বরাহ-নগরে যাইতেছি ।" "সেথানে কি শুনিলে ?"

"ওনিলাম, স্থাসিনী ও আমার মেয়ে সম্বন্ধে ভগিনী; আমার শাঙ্ডীর মামা, আর স্থাসিনীর মাতামহের মামা, একই লোক--সেই নরেক্তভূষণ বাব্। যাহারা আমার মেয়েকে চুরি করিয়াছে, তাহারীই এই স্থাসিনীকে জোর করিয়া লহিয়া বাইতেছিল।"

গোবিন্দরাম বিশ্বিত হইরা গোপালের মুথের দিকে চাহিলেন।
তিনি স্থাসিনীকে অত্যন্ত শ্বেহ করেন। কে সেই স্থাসিনীকেও
সরাইতে চাহে—তাহাকে জোর করিয়া ধরিয়া লইয়া বাইতেছিল; তাহা
হইলে এখন স্পষ্ট জানা বাইতেছে বে, লীলা ও স্থাসিনী নরেক্সভূষণ
বাবুর ওয়ারিসান।

ভাহার অন্ত কোন ওরারিসান ইহাদের বিষয় জানিতে পারিরাছে, সমস্ত সম্পত্তি নিজে ভোগ করিবার জন্ম ইহাদের গুইজনের প্রাণনাশ করিবার চেষ্টার আছে—এ লোক কে ? ক্ষতান্ত এ বিষয়ের অনুসন্ধান করিতেছিল, সৈ গোপালের কাছে গিয়াছিল, নিশ্চয় সে স্থাসিনীর মা'র কাছেও গিয়াছিল, সে সম্পত্তি সম্বন্ধে সকল কথাই বোধ হয় জানিতে পারিয়াছে; তাহা হইলেও তাহার এ সম্পত্তি পাইবার সন্তাবনা কোথায় ? ইহারা ছইজন মরিলে সে বিষয় পাইবে কেন ? তবে কি সে-ও নরেক্রভূষণ বাব্ব একজন ওয়ারিসান—না, তাহা হইতে পারে না; তবে হয় ত সে অয় কোন ওয়ারিসানকে হাত করিয়াছে। যাহা হউক, ইহার বিশেষ সন্ধান লইতে হইল; মনে হয়, বেন বিনোদিনীও এই নরেক্রভ্ষণের একজন ওয়ারিসান ছিল।

তিনি প্রহাসিনীর সম্বন্ধে যাহা যাহা ঘটিয়াছিল, তাহা গোপালকে আমুপূর্ব্বিক বলিতে বলিলেন। সকল শুনিয়া বলিলেন, "এই স্থহাসিনীর কথা পরে হইবে—এথন কথা হইতেছে, তোমার মেয়েকে গুঁজিয়া বাহির করিতে হইবে।"

গোপাল ব্যপ্রভাবে বলিল, "তাহা হইলে—তাহা হইলে লীলাকে পাওয়া যাইবে ?"

"প্রায় কোন কাজেই আমি নির্ফুল হই না। তবে একটা ক**ণা** আছে, বাপু।"

"वनून।"

"আমি যে তোমার কাজে নিযুক্ত হইয়াছি, তাহা কাহাকেও ধলিয়ো না; পুলিসে সংবাদ দিয়াছ ভালই, আমি স্বতন্ত্ৰভাবে সন্ধান করিব।"

"পুলিসের উপরে আমার ভরদা নাই।"

্রশামারও বিখাস যে, এই সম্পত্তির জন্ম কোন লোক তোমার কন্তাকে হস্তগত করিয়াছে।" - "তাহা হইলেই ও হইল, তাহারা তাহাকে মারিয়া ছেলিবে, সে বাঁচিয়া থাকিলে তাহাদের উদ্দেশ্য সফল হইবে না।"

"প্রাণেও না মারিতে পারে—-লুকাইয়া রাখিলেও তাহাদের কাজ উদ্ধার হইবে।"

"এখন উপায় ?"

"তোমার মেয়েকে তাহার। খুন করিতে ইচ্ছা করিলে অনায়াদেই-পারিত—তাহা হইলে চুরি করিয়া লইত না।"

"তবে তাহারা তাহাকে আটকাইয়া রাখিবে ?"

"সম্ভব, সেইজন্ম আশা করিতেছি, তাহাকে খুঁজিয়া বাহির করিতে পারিব," বলিয়া গোবিন্দরাম উঠিয়া দাঁড়াইলেন।

গোপাল বলিল, "তবে আপনার কাছে কথন আসিব ?"

"সুবিধা মত আসিয়ো।"

"তাহা হইলে লীলাকে আমি পাইব ?"

"হাঁ, এত শীর হতাশ হইয়ো না। বারুল হইলে মেয়ে আসিবে না।"
গোপাল ও রামকান্ত বিদায় হইলে গোবিন্দরাম, গোপাল যে কাগক্ষশুলি দিয়া গিয়াছিল, তাহাই •আবার ভাল করিয়া পড়িতে লাগিলেন।
দেখিলেন, নরেক্সভ্ধশের চারি ভগিনী প্রথমা ভগিনীর এক কয়া
হয়, তাহার বিবাহ হইয়াছিল; কিন্ত তাহার সন্তানাদি হইয়াছিল
কি না, তাহা এ কাগজ্ব-পত্রে নাই। দিতীয়া ভগিনীর কয়া গোপালের
লাশুড়ী, গোপালের কয়া লীলা। তৃতীয়া ভগিনীর পুত্র স্বহাসিনীর
মাতামহ।

গোবিন্দরাম বলিলেন, "এই কাগজ-পত্তে ত স্পট্ট প্রমাণ হইতৈছে বে, নরেক্রভূষণের ওয়ারিদান, এই লীলা আর স্থাসিনী। তাহার বড় ভগিনীর কেহ আছে কি না, ইহাই অনুসন্ধানের বিষয়। এখন ছোট ভগিনী সধন্ধে কি ? ইহার ভিতরে তাহার কোন কথা নাই কেন ? এই যে অন্ত কাগজে তাহা আছে, দেখিতেছি।"

কনিষ্ঠা ভগিনীর এক পুত্র হইয়াছিল; তাহার ঔরসে এক কন্সা হয়, সেই কন্সা কুলত্যাগ করিয়া যায়; ইহারও একটি পুনেয়ে হইয়াছিল, সে যথন গৃহত্যাগ করিয়া যায়, তথন তাহার সেই মেয়েটির বয়দ পাঁচ বৎসর শাত্র, মেয়েটির নাম বিনোদিনী।

গোবিন্দরাম বিশ্বিত হইরা বলিরা উঠিলেন, "বিনোদিনী! ঝে জ্বীলোকের মৃতদেহ বাক্সের মধ্যে পাওয়া যায়, তাহারও নাম বিনোদিনী, ঠিক হইয়াছে—তবে আমার অনুমান ঠিক।"

99

পোবিন্দরাম বছক্ষণ নীরবে বসিয়া রহিলেন। তিনি মনে মনে বে সন্দেহ করিয়াছিলেন, তাহা যে প্রকৃত হইবে, ইহা তিনি কখনও মনে করেন নাই। তবে বিনোদিনীও নরেক্রভ্ষণ বাব্র একজন ওয়ারিসান ? তবে বিনোদিনী নাম অনেক জীলোকের থাকিতে পারে— এই বিনোদিনী—যে বিনোদিনী খুন হইয়াছে, সেই কি নরেক্রভ্ষণ বাব্র ওয়ারিসান ? তাহা যদি হয়, তাহা হইলে স্পষ্ট ব্রিতে পারা যাইতেছে যে, এই বিনোদিনী—গোপালের কন্তা লীলা—এবং স্থহাসিনী—এই তিনজন নরেক্রভ্ষণ বাব্র ওয়ারিসান বলিয়া প্রমাণিত হইতেছে। এই তিনজনের মধ্যে একজন খুন হইয়াছে, একজনকে একবার খুন করিবার চেষ্টা হইয়াছিল, একবার চুরি করিবার চেষ্টা করিয়াছিল— আর শেষবার তাহাকে চুরি করিয়া লইয়া গিয়াছে। তাহার স্থহাসিনীও নিরাপদ নহে, তাহাকেও জোর করিয়া লইয়া

যাইবার চেষ্টা করিয়াছিল। তাহা হইলে কেবল বাকী থীকিতেছে. নরেক্রভ্যণের জ্যেষ্ঠা ভগিনী, তাহার নিশ্চয়ই কোন ওয়ারিসান আছে, সে ই এই তিনজনকে মারিবার চেষ্টা করিতেছে—একজনকে **হ**ত্যাও করিয়াছে। তবে কথা হইতেছে, এই বিনোদিনী যথার্থ নরেক্সভূষণের গেল: সন্দেহবশে তিনি মনে মনে অত্যন্ত বিচলিত হইয়া উঠিলেন। এই বিনোদিনী, সেই বিনোদিনী কি না, তাহা তিনি ঠিক বলিতে পারেন না, তবে তাঁহার মন বারংবার বলিতে লাগিল যে. ইা, এই বিনোদিনীই সেই বিনোদিনী। তাহা যদি হয়, তবে সে পুন হইয়াছে— নরেক্রভ্যণের টাকার জন্ত। এ অবস্থায় তাঁহার পুত্র স্থরেক্রনাথ যে খুন करत नारे. त्म विषया कोन मत्मर नारे। वित्नामिनीएक नात्रक्षं पृष्यान ওয়ারিসান বলিয়া সপ্রমাণ করিতে পারিলে স্থরেক্তকে নির্দ্ধোষী প্রমাণ করা কঠিন হইবে না। তাহা হইলে নরেক্রভুষণের প্রথমা ভগিনীর , ওয়ারিসানই খুনী, সে নিশ্চরই এথানে আছে—বিনোদিনীকে পুন করিয়াছে, লীলাকে চুরি করিয়াছে—স্থগাসিনীকে সরাইতে পারিলেই সে একাই সমস্ত টাকা পাইবে। তাহা যদি সতা হয়, তবে সে কে 🕈 কোথায় আছে ? কুতান্ত ত নিজে নহে ? না—তাহা হইতে পারে না; এ বিষয়ে কোন প্রমাণ নাই, সন্দেহ করিবারও কোন কারণ দেখিতেছি না।"

তিনি এইরূপ মনে মনে আলোচনা করিতেছিলেন, এই সমরে রামকাস্ত তথার উপস্থিত হইল। গোবিন্দরাম তাহাকে বলিলেন, "থবর কি ?"

রামকান্ত বলিল, "বিশেব কিছু না। জ্লাপালের সেই সব কাগজ-পত্ত পড়িলেন ?" শ্র্চা পড়িরাছি, নিশ্চরই এই গোপালের ক্সা লীলা নরেক্সভূষণ বাব্র একজন ওয়ারিসান—আর সে আপাততঃ চুরি গিরাছে। কিন্তু রখন আমরা জানিত পারিব যে, কে মেয়েটিকে চুরি করিয়াছে, তখন এই রহস্ত অনেকটা পরিকার হইয়া যাইতে পারে।"

্"হাঁ, তা' পারে, তবে আমরা কিরপে জানিব য়ে, কে এই মেয়ে চুরি করিয়াছে ?"

"আমি জানি, আমার মাথা হইতে এ কথা কেহ সরাইতে পারিবে না।"

"কে সে ?"

"শ্ৰয়ং কৃতান্ত।"

"কতকটা তাহাই মনে হয়; তবে ঠিক করিয়া কিছু বলা যায় না।"
"সে যদি না হয়, তাহা হইলে আর কে করিবে ?"

"আপনি বলিতেছেন যে, আপনার নিকটে যে লোক আসিয়াছিল,
সেই কুতান্ত। তাহা যদি হয়, তবে সেদিন সে দম্দমা ষ্টেশনে রেল্
উঠিয়াছিল, সেই গাড়ীতে খুনের বাড়ীর দাসীও গিয়াছিল, তাহা হইলে
নৈহাটির মধ্যে কোন জায়গায় ভাহার একটা আড্ডা আছে। আমার
বিশ্বাস, সেই মাগীটাই মেম সাজিয়া গোপালের মেয়েকে লইয়া গিয়াছে।"

, "তুমি যাহা বলিতেছ, এ সমস্ত আমি ভাবিয়া দেখিয়াছি; আমি
মনে মনে একটা স্থিরও করিয়াছি। আজু আমার সঙ্গে ক্রতাস্তের দেখা
ক্রুরিবার কথা আছে।"

"দে নিজে আসিবে ?"

"না, ঘনখাম মূর্ত্তিতে আসিবে—সে যাহা আমাকে বলিৰে, আমি তাহা আগেই ব্রিয়াছি; তাহাই যদি বলে, তবে ভোমাকে আমার সঙ্গে দিন-কয়েক বাহিরে যাইতে হইবে।"

"কোণায় যাইতে হইবে, গুরুদেব ?"

"কুতাস্তের সঙ্গে দেখা হইবার পর তোমাকে সকল বলিব।"

রামকান্ত কোন কথা কহিল না। গোবিল্বরাম বলিলেন, "আর দেরী করা উচিত নয়, বেলা হুই প্রহরের পর ক্বতান্তের আসিবার কথা আছে; চল কলুটোলায়—সেথানে গিয়া আমাকে নবাব হুইতে হুইবে— ভূমি আর্দালী হুইবে।"

রামকান্ত মৃত্হাশ্ত করিয়া বলিল, "যো ছকুম।"

উভয়ে তথনই কল্টোলার ফিরিলেন। রামকাস্ত দেখিল, বাগবাজারের মুদী সেই বাড়ীর সম্মুখে ঘুরিতেছে। তাহাকে দেখিয়া রামকাস্ত
ভাবিল, "মুদীটা ফিরিয়াছে দেখিতেছি—এখন ইহার সহিত কথা ক

তাঁহারা পূর্ব হইতেই নবাব ও আর্দালীর বেশ ধারণ করিয়াছিলেন। তাঁহারা গৃহে ফিরিয়া আসিয়া দেখিলেন বে, শ্বয়ং কৃতান্ত নবাবের জন্ত অপেকা করিতেছেন।

নবাব বলিলেন, "আমি ছই-একটা জিনিষ কিনিবার জন্ত বাহিই হইয়াছিলাম; আপনাকে বোষ হয়, অনেকক্ষণ অপেকা করিছে ইইয়াছে।"

কৃতাস্ত বলিলেন, "না, এইমাত্র আসিয়াছি।"
"অনেক দিন আগনাকে দেখি নাই ?"
"সর্বাদাই কাজে ব্যস্ত থাকি, সময় পাই না।"
"আজ নিশ্চয়ই কোন কথা আছে ?"
"একটু—খনখাম বাব্র উপর সম্ভষ্ট হইয়াছেন ?"
"হাঁ, তিনি আমার কাজে বিশেষ বন্ধ ক্রিতেছেন।"
"হাঁ, তাঁহার সঙ্গে কাল আমার দেখা হইয়াছিল।"

' "তিনি আর কিছু সন্ধান পাইয়াছেন **?**"

দ্বি, তিনি আমাকে ত বলিলেন বে, আর এক সপ্তাহের মধ্যেই তিনি আপনাকে নরেক্রভূষণ বাব্র ওয়ারিসানদের সমস্ত সংবাদ দিবেন। তবে এ কথা বলিবার জন্ম আপনার কাছে আসি নাই।"

"তবে কি জ্বন্ত, বলুন।"

"আপনার কাছে বিদায় লইতে আসিয়াছি।"

"দে কি! কোথায় যাইবেন ?"

. "দিন-কতকের জন্ম পশ্চিমে যাইতে হইবে—একটা কাজ পড়িয়াছে।"

লবাব মুথখানা স্লান করিয়া বলিলেন, "আপনার সঙ্গে আর দেখা হইবে না, বড় গ্লুখিত হইলাম। আমি যদি আর এক সপ্তাহের মধ্যে লরেক্সভূ পের বিষয় জানিতে পারি, তাহা হইলে আমিও শীঘ্রই দেশে ফিরিব, অনেক দিন এখানে রহিয়াছি।"

কৃতাস্তকুমার বলিলেন, "তাহা ত নিশ্চর—কাহার বাড়ী ছাড়িয়া ্ বিজেশে থাকিতে ইচ্ছা হয় ?"

নবাব বলিলেন, "আপনি ৰুতদিনে ফিরিবেন ?"

ক্বতাস্তকুমার বলিলেন, "বেশীদিন নর, বোধ হর, একমাসের মধে'ই কিরিতে পারিব।"

নবাব বলিলেন, "তাহা হইলে হয় ত আমার সঙ্গে দেখা হইলেও হইতে পারে।"

ক্বতান্তকুমার বলিলেন, "সন্তব, পাছে দেখা না হয় বলিয়া দেখা করিতে আসিলাম।"

নবাব জিজ্ঞাসা করিলেন, "তাহা হইলে ঘনখ্রাম বাবু এক স্থাহের পরেই আমার সজে দেখা করিবেন ?" "হাঁ, তিনিও আপাততঃ বাহিরে যাইতেছেন।"

"তাহা হইলে নরেক্তভূষণ বাব্ব ওয়ারিসান কলিকাতায় নাই 🏞 🥂

"তিনি আমাকে এখনও বিশেষ কিছু বলেন নাই।"

এই বলিয়া ক্বতাস্ত উঠিলেন। নবাব তাঁহাকে আর থাকিবার জ্ঞ্জ অমুরোধ করিলেন না : ক্বতাস্ত বিদায় হইলেন।

ক্কতাস্তকুমার চলিয়' গেলে রামকাস্ত আদিয়া বলিল, "এ কি মৎলবে এবার আদিয়াছিল ? কি বলিল ?

গোবিন্দরাম বলিলেন, "ঠিক বলিতে পারি না, তবে এখন ঠিক বুঝিয়াছি, কুতাস্ত ও ঘনশ্রাম একই লোক; বলিল, বিদেশে যাইতেছে। আর আমরা নিশ্চিস্ত বদিয়া থাকিলে লীলা ও স্থাদিনী হুইজন্কেই রক্ষা করিতে পারিব না।"

"তাহা হইলে আপনি মনে করেন ইহারই লোক লীলাকে চুরি করিয়াছে ? সুহাসিনীকেও জোর করিয়া লইয়া যাইতেছিল ?"

"হাঁ, আমি এ বিষয়ে প্রায় নিশ্চিত হইয়াছি। সেদিন পারে নাই, আবার তাহাকে ধরিয়া লইয়া যাইবার চেষ্টা করিবে।"

"তাহা হইলে বিনোদিনীকে ৹নরেক্সভূষণের ওয়ারিসান বলিয়া এই লোকেই খুন করিয়াছে ?"

"খুব সম্ভব।"

"এ কথা পুলিস কমিশনারকে সংবাদ দিলেই ত স্থারেক্ত বাবু থালাস ছইতে পারেন।"

"এখন ইহার বিরুদ্ধে তেমন কোন প্রমাণ পাওয়া যায় নাই; এখন পুলিসে সংবাদ দিলে কোন কাজই হইবে না।"

"তবে এখন উপায় ?"

"উপান্ন, ইহাকে হাতে নাতে ধরিতে হইবে।"

"কিল্পপে ইহাকে ধরা যাইবে ?"

"আমার বিশ্বাস, কলিকাতার কাছে নৈহাটীর মধ্যে কোনস্থানে কৃতান্তের একটা আড্ডা আছে। খুব সম্ভব, সেইখানে ঝী-মাগীটা আছে, সেইখানেই গোপালের মেয়েকে লুকাইয়া রাখিদ্ধাছে। সেইখানেই এ স্থাসিনাকেও পাঠাইবে, তাহার পর কোন গতিকে ইহাদের ছইজনকে হত্যা করিবে; তাহা হইলে নরেক্রভূষণের অন্ত ওয়ারিসান সমস্ত টাকা পাইবে——"

"সে কে, কুতান্ত ত নিজে নম্ন ?"

"ঠিক বলিতে পারি না—সম্ভবতঃ নয়, কোন এক ওয়ারিসানকে সেংহাত করিয়াছে।"

্র "এখন বোধ হৃইতেছে, ক্লতাস্তই হাবার মাথায় মৃতদেহ চাপাইয়া **লইয়া** ' বাঁইতেছিল।"

"খুব সম্ভব, ইহার একখানা ঘরের গাড়ী আছে, এই গাড়ীই সেদিন হাতীবাগানে রাথিয়াছিল—এই গাড়ীতেই গোপালের মেয়েকে লইয়া গিয়াছে।"

ৰু: "ভাহা হইলে নিশ্চরই সে দেদিন- দম্দমার রেলে উঠিয়া এইথানে

্ব্ৰে "হাঁ, আমার এ বিষয়ে কোন সন্দেহ নাই।"

"এখন কি করিতে বলেন ?"

শ্রীকার এই আড়া খুঁজিয়া বাহির করিতে হইবে, ইহার সঙ্গ লইকে আজই হউক, কালই হউক, ইহার আড়া জানিতে পারিবে। সম্ভবতঃ, তুমি এবার ক্ষার তাহাকে চোথের আড়াল হইতে দিয়ো না।"

রামকান্ত সবেগে বলিল, "আবার! আর যাত্ আমার চেপথে ধ্লা ক্লিতে পারিতেছেন না।" গোবিন্দরাম গন্তীরভাবে বলিলেন, "আমি এখন যাহা ভারিতেছি—
তাহা সমস্তই অন্থান মাত্র; এখনও কোন প্রমাণ পাই নাই। ভগবান্
করুন, আমি যাহা ভাবিতেছি, তাহাই যেন ঠিক হয়। এখনও পনের দিন
সময় আছে—এই পনের দিনের মধ্যে স্থরেক্রের ফাসী হইবে না। ভগবান্
নিশ্চরই আমাদের সহায় হইবেন। এই পনের দিনের মধ্যে সমস্ত
রহস্তেরই উত্তেদ করিতে হইবে।"

9

রামকান্তকে ক্বতান্তের অনুসরণ করিতে পাঠাইরা গোবিন্দরাম স্থহালিনীর জননীকে একথানি পত্র লিখিতে আরম্ভ করিলেন।

তাঁহাকে কন্তা সম্বন্ধে বিশেষ সাবধান হইতে অমুরোধ **করিবেন** আরও লিথিলেন যে, স্থরেন্দ্রের থালাস পাইবা**র কিলে**ষ সম্ভাবনা **হরিনিছে,** হতাশ হইবার কোন কারণ নাই।

তিনি পত্রথানি বন্ধ করিতেছিলেন, এমন সময়ে মানমুখে রাষকার তথার আসিয়া উপস্থিত হইল। এত শীঘ্র যে সে ফিরিবে, ইহা গোবিকরার আশা করেন নাই। সেইজন্ম একটু বিশ্বিত হইয়া বলিলেন, "কি ব্যাপার, এত শীঘ্র ফিরিলে যে ?"

রামকান্ত বিষয়ভাবে বলিল, "সয়তান তাহার সহায়—এবান্নও সেঁ আমার চোথে ধূলা দিয়াছে।"

"সে কি ় তুমি বড় অসাবধান।"

"হাঁ, কি করিব ? সে এক্কেবারেই বাড়ীতে যার নাই, ক্মস্তামের বে ঠিকানা দিয়াছিল, সেথানে থিয়া জানিলাম, ঘনস্তামও আজ সকালে রেলে কোথার গিয়াছে।"

"কেসন করিয়া জানিলে ক্বতান্ত বাড়ী যায় নাই ?"

"তাহার বিশেষ সন্ধান লইয়াছি, সে কাল রাত্রি হইতে একেবারেই বাড়ী যায় নাই।"

"ইহাতে লোকটার যে অনেক আড্ডা আছে, তাহা বেশ স্থানা বাইতেছে।"

"এখন উপায় ?"

"উপান্ন, ইহার আড়ার সন্ধান করা, আর চুপ্ করিয়া থাকিলে চলিতেছে না। আমি যাহা কক্সিতে ইচ্ছা করিয়াছি, আর তোমাকে যাহা করিতে হইবে, সব তোমাকে বুঝাইয়া বলিতেছি।"

বিলুন, আপনি যাহা বলিবেন, তাহা প্রাণপণে করিব 🛒 🦼

"প্রথম—ক্বতাস্ত্ ভিন্ন ভিন্ন নামে ভিন্ন ভিন্ন স্থানে বাসু করে, ইহার ু ক্লিকাভার বাহিরেও একটা আডডা আছে।"

"এ ত স্পষ্ট বুঝা যাইতেছে।"

শ্রা, তবে এ আড্ডা কোথার, এটা জানা গিয়াছে বৈ, এই আড্ডা কলিকাতা হইতে নৈহাটীর মধ্যে কোন স্থানে; অথচ কলিকাতা হইতে ধুব দূরে নহে, সেখানে ঘোড়ার গাড়ীতেগু যাওয়া যায়।"

"আমিও ভাহাই মনে করি।"

তাহা হইলে এই স্থান হইতে সাত-আট ক্রোশের বেশী নয়, খেড়ার গাড়ী ঘোড়া না বদ্লাইয়া ইহাপেক্ষা অধিক দূরে যাইতে পারে না।"

"বিশেষতঃ ঘরের গাড়ী।"

হঁ।, ইহাও ঠিক, সেই গাড়ী সেই আজ্ঞাতেই থাকে, সেই গাড়ীর কোচ্মান, সহিস তাহারই দলের লোক; এই গাড়ীতেই লীলাকে সুইরা গিরাছে, তাহা হইলে বুঝা বাইতেছে, এই আজ্ঞা ব্যারাকপুর ও ক্লিকাভার মধ্যে কোন স্থানে।" "আপনি যাহা বলিতেছেন, তাহাই ঠিক।"

"ষথন এথানে গাড়ী বায়, তথন এ স্থান নিশ্চয়ই ট্রাক্ক রোডের উপরে বা ইহার নিকটে, অথচ কোন রেল ষ্টেশনের কাছে।"

"তাহা হইলে এখান হইতে ব্যারাকপুর পর্যান্ত আমাদের সকল জারগায় অমুসন্ধান করিতে হইবে ?"

"হাঁ, ইহাই আমি স্থির করিয়াছি।"

"कि द्यान ? नवाव ७ भावनानी रहेवा शिल कि स्वविध रहेद ?"

"না, তুমি মুসলমান বাক্সওয়ালা হহুবে, আর আমি পাট কিনিতে বাহির হইব।"

"হুইজনে তাহা হুইলে একত্রে যাওয়া হুইবে না ?"

"না, তুমি বাজে সাবান, ছুরি, কাঁচি, ক্রমাল, মোজা প্রভৃতি লইরা গ্রামে গ্রামে বেচিবে, আলাহিদা যাইবে, সব বাড়ী দেখিবে, কোণার ইহার আজ্ঞা সন্ধান লইবে। আমিও পাট ও ভূষিমালের দালাল হইয়া স্বতন্ত্রভাবে গিয়া সন্ধান লইব। এরপ করিলে ছই-চারিদিনের মধ্যেই ভানিতে পারিব, এ কোণায় যায়, আর কোণায় থাকে।"

"বুঝিয়াছি, কবে রওনা হইবেন ?"

"আজ সমস্ত ঠিক করিয়া লও, কাল সকালেই রওনা হইব।"

রামকান্ত বাক্সপ্রয়ালা সাজিবার জন্ম বাজারে বাহির হইল। গোবিন্দরামও প্রন্তত হইবার জন্ম সমস্ত অয়োজন করিতে লাগিলেন।

তাঁহাদের উভয়ের সিমলার বাড়ীতে রাত্রে মিলিত হইবার কথা ছিল।
বধন গোবিশ্বাম ও রামকান্ত মিলিত হইলেন, তথন উভয়ের এমনই
পরিবর্ত্তন *হইয়াছে বে, আগে হইতে জানা থাকিলে উভয়ে উভয়েক
চিনিক্তে পারিতেন না।

কাহার সাধ্য রামকান্তকে মুসলমান না বলে—ঠিক সেই বেশ, সেই প্র—১২ ভাব, মাৃথায় মুসলমানী টুপী, পরিধানে লুঙ্গি, সঙ্গে মুটের মভান্ত্রী, এই মুটে গোবিন্দরামের বহুকালের বিশ্বাদী ভূত্য।

গোবিন্দরামকে দেখিলে নব্য বাঙ্গালী যুবক বলিয়া বোধ হয়, তাঁহার পরিধানে রেলির থান, তাহার উপর চাুপকান, হাতে একটা প্লাডষ্টোন বাগি।

তাঁহারা সেই রাত্তিতেই সিমলার বাড়ী পরিত্যাগ করিলেন। এক-খানা গাড়ী আনিয়া রামকাস্ত শিয়ালদহ ষ্টেশনে গেলে, তথা হইতে প্রাতের গাড়ীতেই রওনা হইবে।

গোবিন্দরাম আর একথানা গাড়ীতে বেলঘরিয়ার দিকে চলিলেন।

রানকান্ত ঘুবুডাঙ্গা ও দম্দমা ক্যাণ্টনমেণ্ট প্রভৃতি স্থানে প্রায় বাড়ী বাড়ী ঘুরিলেন, কিন্তু ক্কতান্ত বা ঘনশ্রাম বা সেই ঝীর কোন সন্ধানই পাইলেন না, তথন তিনি সোদপুর রওনা হইলেন। বেলঘরিয়া দেধিয়া গোবিন্দরামের থড়দহ দেখিবার কথা ছিল।

বেলছরিয়ার গিরা গোবিন্দরানের সহিত বিনয়কুমার নামে একটি ভদ্রলোকের দেখা হইল । কথার কথার স্থামাধব ও বিনোদিনীর খুনুের কথা উঠিল। তিনি বলিলেন, "স্থামাধ্ব আমার বিশেষ বন্ধু ছিলেন।"

গোবিন্দরাম বিশ্বিতভাবে বলিলেন, "তাহা হইলে আপনি খুনের মোক দমায় সাক্ষ্য দিয়াছিলেন।"

"না, আমাকে কেহ ডাকে নাই, আমি অনর্থক সাক্ষ্য দিতে যাইব কেন ? তবে আমি তাঁহার সকল কথাই জানিতাম। তিনি থেদিন খুন হ'ন্, সেদিন অনেক রাত্রে আমার সঙ্গে সেই বাড়ীর কাছে তাঁহার দেখা হইয়ছিল।"

গোবিন্দরান বিশ্বয় প্রকাশ করিয়া বলিলেন, "তাহা হইলে আপেনি 🙉 বিষয়ে সকলই জানেন; আমি কতক শুনিয়াছিলাম।"

প্রতিজ্ঞা-পালন ৷

^{ার} স্থামি যাহা জানি, তাহা আর কেহ জানে না।"

"আপনার পুলিসে সংবাদ দেওয়া উচিত ছিল।"

"গান্ত্রে পড়িয়া ? আপনি ত খুব লোক দেখিতেছি, অনর্থক পুলিস হাঙ্গামায় যায় কে ?"

"আপনার দঙ্গে তাঁহার সে রাত্রে দেখা হইয়াছিল **?**"

"সেই বাড়ীর কাছে, আমাকে স্ত্রীলোকটার কথা বলিয়া তাঁহার বাড়ী সে রাত্রে লইয়া যাইবার জন্ত অনেক জেদাজেদী করিয়াছিলেন।"

"আপনি সঙ্গে গেলে বোধ হয়, তিনি খুন হইতেন না।"

"হা, ছুইটার জায়গায় তিনটা খুন হইত।"

"হুইজন থাকিলে কি সাহস করিত ?"

"তাহারাও দলে ভারি ছিল, হাবাটা ত ছিলই, স্পষ্ট জানা যাইতেছে। আর তাঁহার যে এইরূপ একটা কিছু ঘটিবে, তাহা আমি জানিতাম।"

"কিরপে জানিতেন ?"

.. "সেইদিন্টু তিনি বলিয়াছিলেন যে, আর একটা লোক তাঁহাব পিছনে বড় লাগিয়াছে, স্থীলোকটি তাহাকে না কি আগে ভারিনিক, এখন আবার সে ইহার কাছে যাওয়া-আসা করিতেছে, ইহাকে লইয়া স্ত্রীলোকটির সহিত তাঁহার প্রায়ই ঝগড়া হইতেছিল। আমি তখনই ভাবিয়াছিলাম, স্থামাধবের অদৃষ্টে হঃথ আছে, শেষে খুন পর্যান্ত হইল।"

"তিনি আর কিছু বলেন নাই ?"

"বলেন নাই! আমি তাঁহাকে বলিলাম, 'বাপু, ভাল চাও ত এ স্ত্রীলোককে ছাড়িয়া দাও।' সে বলিল, 'ছাড়িয়া দিব, সে যদি আবার আসে, তাহা হইলে তাহার হাড় এক জায়গায়, মাস এক জায়গায় করিব, আর ইহার বাড়ীতে আসিলে তাহারই একদিন কি, আমারই একদিন।'." "দে কে, তিনি তাহা কি কিছু বলিয়াছিলেন ?"

"হাঁ, বলিয়াছিলেন, স্থরেক্স বলিয়া একটা লোক। তা' ঠিক হইয়াছে, তাহার ফাঁসী হইয়াছে। খুন কি কখনও চাপা থাকে ? একটা সামাঞ্চ মেয়ে মাস্থ্যের জ্বন্তে তুটো ভদ্রলোক মারা গেল, স্ত্রীলোকটাও মরিল, ইহা দেথিয়া শুনিয়াও লোকের শিক্ষা হয় না।"

গোবিন্দরাম ভাবিলেন, তবে ইহারও বিশ্বাস স্থরেক্সই খুনী।
তিনি অতিকট্টে মনোভাব গোপন করিলেন। সেথান হইতে বিদায়
হইতৈছিলেন, এমন সময়ে একজন বৈরাগী আসিয়া গান ধরিল:—

"বল মাধাই, মধুর স্বরে।
হরিনাম বিনে আর কি ধন আছে সংসারে?
এই নামের গুণে, গহম বনে, শুক তরু মুঞ্জরে।
বল মাধাই——"

বিনয়কুমার বিরক্ত হইয়া বলিলেন, "বাপু, গান বন্ধ কর, এখানে কিছু ছইবে না।"

বৈরাগী গান বন্ধ করিয়া বলিল, "রাগ করিতেছেন কেন? আজ আর গান না করিলেও চলিবে; আজ যে বিদেশী বাবু গঙ্গার ধারের বাগানে আছেন, তিনি আমাকে বেশ ছ-পয়সা দিয়েছেন।"

"তাহা দিবে না কেন? সে বন্ধ মাতাল।" গোবিন্দরাম বলিলেন, "এ বাব্টি কে?" বৈরাগী বলিল, "মহৎ লোক।"

বিনয়কুমার বলিলেন, "থোর মাতাল, দিন রাত মদ থাইতেছে, ক্রি-সংসারে কেহ নাই, বলে কোথায় পূর্কাঞ্চলে তা'র জমিদারী আছে।"

গোবিন্দরাম বলিলেন, "তাহা হইলে ইহার নিকটে পাটের সন্ধান পাওয়া ঘাইতে পারে।" বিনয়কুমার বলিলেন, "হাঁ, ভাল লোক স্থির করিয়াটোন, বরং মদের সন্ধান লইবেন, কাজ হইবে।"

গোবিন্দরাম হাসিয়া বলিলেন, "আপনি দেখিতেছি, লোকটার উপরে বড় বিরক্ত।"

বিনয়কুমার বলিলেন, "মহাশয়, তাহার সঙ্গে আমার আলাপ নাই, লোকে যাহা বলে তাহাই বলিতেছি; লোকটা প্রায় ছয়মাস এথানে আছে, কোন ভন্তলোকের সঙ্গে আলাপ করে না; কোথায় বাহির হয় না, কাহারও সঙ্গে দেখা করে না; তাহার পর সে বে বাগানে আছে, সেটা পড়োবাগান, বাড়ীটা ভাঙ্গা, চিরকাল শুনিয়া আসিতেছি, বাড়ীটায় ভূত আছে, এখানকার কেহ সন্ধার পর সেদিকে বাদ্ম মা। এখন আপনি বুঝিয়া দেখুন, এ লোকটা কেমন।"

গোবিন্দরাম বলিলেন, "এইজন্মই বে লোকটা খারাপ, এ কথা বলা যায় না।"

"সে আপনার ইচ্ছা, আপনি আলাপ করিয়া দেখিবেন।"

এই বলিয়া বিনয়কুমার বিরক্তভাবে চলিয়া গোলেন। বৈরাগীও প্রস্থান করিয়াছিল।

গোবিন্দরাম চিম্তিতভাবে বলিলেন, "এই লোকটাকে স্বামায় একবার দেখিতে হইল।"

60

রাত্রে পেনেটির গঙ্গার ঘাটে গোবিন্দরাম ও রামকান্তের মিলিত হইবার কথা ছিল। সন্ধ্যা হইবামাত্র গোবিন্দরাম ঘাটে উপস্থিত হইলেন; দেখিলেন, রামকাস্ত তাহার পূর্বের আসিয়া ঘাটে বসিয়া আছে।

রামকান্ত গোবিন্দরামকে দেখিয়া বলিল, "গুরুদেব, অনেক কথা জানিয়াছি।"

গোবিন্দরাম বলিলেন, "প্রথমে শুনিতে চাই, কেছ ত তোমার অমুসরণ করে মাই ?"

রামকান্ত বলিল, "না, কোন ভয় নাই, আমি খুর সাবধানে আছি।" "আমার সঙ্গে এথানে একটা লোকের আলাপ হইয়াছে, সে কতকটা বোধ হয়, আমাকে সন্দেহ করিয়াছে—সে আমাদের সঙ্গ লইতে পারে।"

"তাহার নাম বিনয় না ?"

"তুমি কেমন করিয়া জানিলে ?"

"অনেক কথা জানিয়াছি; এথানকার সব গোকেই তাহাকে চিনে,
আব তাহাকে থারাপ লোক বলে।"

"যাক্ তাহার কথা—কোন স্বত্র পাইলে ?"

"হুইটা পাইয়াছি।"

"কি-কি ?"

"প্রথম—সোদপুরে গঙ্গার ধারে একজন হিন্দুস্থানী একটা বাগান ভাড়া লইয়াছে, এখানে সে ও তাহার সঙ্গে একটি বাঙ্গালী স্ত্রীলোক, মধ্যে মধ্যে আসে, তাহারা এখানে বাস করে না, ছই-একদিন থাকিয়া চলিয়া যায়—আমরা এই রকমই ত খুঁজিতেছি।" "এটার সন্ধান ভাল করিয়া লইতে হইবে। আর কি জানিয়াছ ?"

"আর একটি বিদেশী লোক এখানে গঙ্গার খারের একটা বাগানে খাকে।"

"আমি তাহার কথা শুনিয়াছি। তুমি ইহার বিষয় কি শুনিয়াছ, বল শুনি।"

"এই লোকটা দারুণ মাতাল, দিন রাত মদে ডুবিয়া আছে। লোকটা কাহারও সঙ্গে দেখা করে না, কাহারও সঙ্গে আলাপ নাই, কেবল হুইটা চাকর আর একটা দাসী আছে।"

"ইহাতে বলা যায় না. সে ক্লতান্তের দলের লোক।"

"হাঁ, তাহা নর—তবে এ লোকটার সন্ধান লইতে হইবে। শুদিয়াছি, ইহাদের একথানা গাড়ী আছে।"

"কোথায়ও যায় না, তবে গাড়ী লইয়া কি করে ?"

"এইজন্তই ত সন্দেহ।"

"ইহারও সন্ধান লইতে হইবে। গোপালের মেয়ের কোন সন্ধান পাইলে ?"

"না, অনেককেই জিজ্ঞাসা করিয়াছি, কেহ ইহার কোন সন্ধান বলিতে পারে না। এই বিদেশী লোকটার চাকরদের বিষয়ে একটু নৃতনত্ব আছে।"

"কি রকম ?"

"শুনিলাম চাকরদের ছুইজন মধ্যে মধ্যে কোথার চলিয়া যায়, তথন ছুইজন ন্তন লোক আসে—আবার তাহারা চলিয়া গেলে পুরাতন ছুইজন ছিরিয়া আসে।"

"হাঁ, এটা সন্দেহজনক নিশ্চয়।"

"নিশ্চরই। স্থাসি স্থির করিয়াছি, কাল এই বাগানে প্রবেশ করিব।"

"জিনিষ বেচিতে ?"

"হাঁ, মাতালের মুখ হইতে কথা বাহির করিতে বিশেষ বিলম্ব হইবে না।"

"আমিও পাটের সন্ধানে এই বাবুর সঙ্গে আলাপ করিতে যাইব। তুমি চাকরদের দিকে নজর রাখিয়ো।"

"এই ঠিক ৰন্দোৰস্ত।"

"তাহার পর কাল রাত্তে আবার এথানে আসিয়া উভয়ে মিলিব।" "হাঁ, তাহাই করিব।"

"যাহাই হউক, আর সময় নাই—আর কেবল বারটা দিন আছে
মাত্র—এই বারদিনের মধ্যে সকল কাজ শেষ করিতে হইবে, নতুবা
অ্রেক্রের রক্ষার আর কোন উপার নাই।"

"গুরুদেব ! আমরা বাহা ভাবিয়াছি, তাহা বদি ঠিক না হয় ?"

"না হয়, ভগবান্ সহায়—তবে এ পর্যন্ত আমার অমুমান কখনও মিথ্যা হয় নাই।"

"ভগৰানু কৰুন, তাহাই হউক।"

এই সময়ে গোবিন্দরাম রামকাস্তের পা টিপিলেন। এতক্ষণ ঘাটে কেহ ছিল না, তাঁহারা কাহার শব্দ শুনিলেন। কে ধীরে ধীরে বেন ঘাটের দিকেই আসিতেছিল।

গোৰিন্দরাম অফুচ্চস্বরে বলিলেন, "যাও, তুমি অক্তদিকে যাও— আমি এইদিকে যাই, কাল আবার এথানে দেখা হইবে।"

উভরে অন্ধকারে অন্তর্ভিত হইলেন। একটু অগ্রসর হইয়া গোবিন্দরাম যে ব্যক্তি আসিতেছিল, তাহাকে দেখিবার চেষ্টা পাইলেন। স্পষ্ট দেখিলেন, সে বিনয়কুমার।"

গোবিশ্বাম মনে মনে বলিলেন, "লোকে বড় মিথ্যা বলে নাই।"

পরদিবস গোবিন্দরাম প্রাতেই গঙ্গার ঘাটের দিকে চলিলেন। চারি-দিকেই ভাল ভাল বার্গীন। একটা ক্ষুদ্র গলির ভিতরে একটা পড়ো-বাগান দেখিতে পাইলেন। তাহার মধ্যস্থ বাড়ীটিও ভগ্নপ্রবণ, কোন লোক যে এ বাড়ীতে আছে বলিয়া বোধ হয় না।

গোবিন্দরাম বলিলেন, "নিন্দর্যই এই সেই বাগান, এইটাই ভাঙাবাড়ী—এইখানেই সে লোক থাকে।" তিনি অগ্রসর হইরা বাড়ীর দ্বারের দিকে চলিলেন, কিন্তু সহসা এক ব্যক্তিরু প্রতি তাঁহার দৃষ্টি পড়িল; তিনি দেখিলেন, একটি ব্রাহ্মণ-পণ্ডিত গোছের লোক গঙ্গার দিকে যাইতেছেন। গোবিন্দরাম ভাবিলেন, হয় ত লোকটি মানে যাইতেছে, কিন্তু এদিকে ত ঘাট নাই—সৰ্ই ভাল করিয়া দেখা ভাল। তিনি পথিপার্শব্য একটি বৃক্ষের অন্তর্মালে দাঁড়াইলেন।

তথন তিনি দেখিলেন, ব্রাহ্মণ একটি লোককে কি সক্ষেত করিতেছে।
পর মুহুর্ত্তে তিনি দেখিলেন, আর একটি লোক উঠিয়া দাঁড়াইয়া হাত
নাড়িয়া কি সক্ষেত করিল। তৎপরে তাহারা কোথায় গেল, তিনি আর
তাহাদের দেখিতে পাইলেন না। তাহারা বাগানের প্রাচীরের পশ্চাতে
কোথায়্ চলিয়া গেল। তিনি অগ্রসর হইলে উভয়ের কাহাকেই আর
দেখিতে পাইলেন না।

গোবিন্দরাম বিশ্বিত হইয়া বলিলেন, "লোক ছইটা কোন্দিকে"
কোথায় গেল ? নৌকায় যায় নাই ত ? কিন্তু তিনি গঙ্গায় ধারে আসিয়া
দেখিলেন, সেখানে একটা অর্দ্ধভয় মন্দির রহিয়াছে, ব্রাহ্মণ ও সেই
লোকটি এই মন্দিরে প্রবেশ করিলেন। গোবিন্দরাম ভাবিলেন,
"বোধ হয়, ব্রাহ্মণ এই মন্দিরের পুরোহিত, লোকটা মুন্দিরের চাকর—

যাক, ইহাদের কথা ভাবিয়া লাভ কি, যাহা করিতে আদিয়াছি, তাহাই করা যাক।"

তিনি বাগানের ভিতর প্রবেশ করিলেন, সেথানেও এক নৃতন ব্যাপার দিখিলেন। বাগানের ভিতরে জল আনিবার জন্ম গঙ্গা হইতে একটা কড় নালা রহিমাছে; ঐ নালার মুখে একটা কবাট, একব্যক্তি সেই কবাটের পার্শ্বে কোদাল লইয়া মাটী কাটিতেছে। লোকটা গোবিন্দরামের পদশব্দ শুনিয়া, মাথা তুলিয়া তাঁহার দিকে চাহিল; তৎক্ষণাৎ সে উর্দ্ধাসে ছুটিয়া একদিকে পলাইল।

গোবিন্দরান বলিলেন, "এ লোকটা মাটী কাটিতেছিল, আমার দৈথিয়াঁ পলাইল কেন? এ বাড়ীর কাছে অনেক অভুত ব্যাপার দৈথিতেছি; দেখা মাক, বাড়ীর মালিকটি কি রকম।"

তিনি বাড়ীব দারে আদিলেন। দেখিলেন, নীচের একটি ঘরে একটি লোক কি রন্ধন করিতেছে। তাহাকে দেখিয়া গোবিন্দরাম ভাবিলেন, "এইটিই দেখিতেছি, বাব্ব চাকর, ঠিক একটি বনমানুষ বলিলেও অত্যুক্তি হয় না।"

সে ফিরিয়া চাহে না দেখিয়া গোবিন্দরাম গলার শব্দ করিলেন। তথন সে মুর্ত্তি তাঁহার দিকে ফিরিয়া বলিল, "এখানে কি চাও ?"

গোবিন্দরাম বলিলেন, "তোমার বাবুর সঙ্গে দেখা করিতে চাই।" "বাবু কাহারও সঙ্গে দেখা করেন না।"

"তাঁহার কাছেই আদিয়াছি—কিছু লাভ হইবে—তোমারও তুই প্রসা আছে।"

- "তিনি ঘুমাচ্ছেন।"
 - "এখনই উঠিবেন—আমি অপেক্ষা করিতে পারি।"
 - "কি দরকার 🥍

'আমাব মদের কারবার আছে—শুনিয়াছি, বাবুব অনেক মদের দরকার।"

"অনেক।"

"আমার কাছ থেকে লইলে তোমাকে খুসী করিব।"

"ধারে ?"

"ধারে দিব বই কি—বাবু বড়লোক।"

"কত আমার ?"

"এখন দশ টাকার নোটখানা লও—পরে আরও খুসী করিব।" ভূত্য সত্তর নোটখানি বস্ত্র মধ্যে রাখিয়া বলিল, "যাও—উপরে।"

গোবিন্দরাম দত্বর উপরে উঠিতে লাগিলেন। তুই-তিনটা পুঁইে কালাকে দেখিতে পাইলেন না; পরে দেখিলেন, একটা ঘরে একটা ফরাদের উপরে একটা তাকিয়া ও একটি বাবু; বাব্টি অর্ক্ণায়িত হইয়া ফরাসীতে তামাক টানিতেছেন। তিনি সেই ধ্মপানরত বাব্টির নিকটস্থ হইয়া বলিলেন. "আপনার নাম শুনিয়া আদিয়াছি।"

বাবুট বলিয়া উঠিলেন, "তুমি কে হে বাপু ?"

গোবিন্দরাম ব্রিনীভভাবে বলিলেন, "আমার মদের কারবার আছে—
আপনার অনেক থরচ—তাহাই।"

"সব বেটা মদওয়ালাকে আমি চিনি—ধারে কেবল জল।"
"আপনার মত বড়লোককে ধার দিব না ? আপনি মহৎ লোক।"
"ঠকাইবার আর জায়গা পাও নাই—আমি লোককে ঠকাই ?"
"মহৎ লোকের মহৎ কথা! কত বোতল পাঠাইব ?"
"চুপ রও।"

এই বলিয়া তিনি একটা বোতল হইতে গেলাসে মদ ঢালিয়া গলাধঃ-করণ করিলেন; তৎপরে বলিলেন, "থেয়ে থাক ?" গোবিস্পরাম বিনীতভাবে বলিলেন, "না, হুজুর।" বাবু বলিয়া উঠিলেন, "গাধা।"

গোবিন্দরাম তটস্থভাব দেথাইয়া দাঁড়াইয়া রহিলেন। বাবু আর এক মাস মদ উদরস্থ করিলেন; তৎপরে বলিলেন, "তার পর ?"

গেবিন্দরাম বলিলেন, "তবে কত বোতল পাঠাইব ?" বাবু বলিলেন, "ধারে ?"

"হাঁ হজুর, আপনাকে ধারে দিব না ত কাহাকে দিব ?"

"কে তোমাকে আমার কাছে পাঠিয়েছে—সে-ই ?"

"কাহার কথা বলিতেছেন, বুঝ্লাম না; আমি আপনার নাম শুনিরা আসিয়াছি।"

"আচ্ছা, চা'র ভূজন আজই পাঠাইবে—টাকার জন্ম ভর নাই।"

"আপনার কাছে টাকার ভয় কি <u></u>?"

"আমি শীঘ্ৰই চার-পাঁচ লাখ টাকা পাইব।"

"আপনার টাকার অভাব কি ?"

"এখন আছে—শীঘ্ৰই থাকিবে না—ক্ৰোড়পতি হইব।"

"हहरवन वहे कि ?"

"চুপ্রও—না হইতেও পারি।"

"ছজুর বা বলেন।"

"পাই ত তাহার জন্থই পাইব—তাহাকে বধ্রা দি<mark>তে হইবে।"</mark>

"দে কে ?"

"তোমার বাপু, সে কথায় কাজ কি 🕍

"না, নিশ্চয়ই কিছুই কাজ নাই।"

"আমি ক্রোড়পতি।"

"निक्ष्यहै।"

"এখন নয়—ছইব।"

. "হইবেন বই কি—তা' না হ'লে আমাদের চলিবে কিসে ?"
গোবিন্দরাম একটু নীরব থাকিয়া ধীরে ধীরে বলিলেন, "তবে আপনি
অন্ত কাহারও সম্পত্তি পাইবেন ?"

বাবৃটি রাগত হইয়া বলিলেন, "মিথ্যাকথা, কে তোমাকে সম্পত্তির কথা বলিল—আমি না-ই পাই, তোমার কি হে, বাপু ?"

গোবিন্দরাম যেন খুব অপ্রস্তুত হইলেন, এরূপ ভাব দেখাইয়া বলিলেন, "না, তাহাই বলিতেছি। তবে এখন বিদায় হইতে পারি—আগনি— আপনার নামটা জানিতে পারিলে বোতল্গুলা পাঠাইয়া দিতে পারি।"

"আমার নাম—চমৎকাব নাম, শ্রামস্থলর; এই মদনমোহনের পাশা-পাশি—সকলেই আমাকে জানে।"

''অবশুই, আপনাকে কে না চেনে ?"

"কালই যেন সব বোত**ল আসে।**"

"অবশ্রই আসিবে।"

"তবে এখনু অন্থাহ ক'রে দুর হও।"

গোবিন্দরাম গমনোগুত হইয়া দ্লার পর্যান্ত গিয়া ফিরিয়া দাঁড়াইলেন; বলিলেন, "আপনারুজননীর মাতুল মহাশয় বড়ই মহৎ লোক ছিলেন।"

শ্রামস্থলর চকু বিস্তৃত করিয়া বলিলেন, "আমার মা'র মামাকে তুমি কিরূপে চিনিলে ? বাবা, তুমি সবুজাস্তা দেখিতেছি।"

গোবিন্দরাম বলিলেন, "আমাদের কার্বার অনেক দিনের—তিনি আমাদের দোকান হইতে মাল লইতেন। আমাদের সাবেক থাতার প্রতি পাতার তাঁহার নাম জল্ জল্ করিতেছে।"

"বটে—বটে—তবে তিনি নিশ্চয়ই মহৎ লোক ছিলেন—আৰু यদি তিনি বেঁচে থাকুতেন, তবে ত তিনি আমার প্রধান ইয়ার।" "হাঁ, নরেক্রভূষণ বাবু বড় মহৎ লোক ছিলেন।"

খ্যানস্থলর চক্ষু বিন্দারিত করিয়া প্রায় লন্ফ দিয়া উঠিয়া দাঁড়াইবার উপক্রম করিলেন; কিন্তু উঠিলেন না—তিনি বোতল হইতে একপাত্র স্থারা ঢালিয়া তৎক্ষণাৎ গলায় দিলেন।

তিনি আর কোন কথা কহেন না দেখিয়া, গোবিন্দবাম আর এখানে বিলম্ব করা আবশুক বিবেচনা করিলেন না। তিনি একটি নমস্কার কবিয়া ধীরে ধীরে বিদায় হইলেন। শ্রামস্থন্দর আর কোন কথা কহিলেন না।

বাহিরে আসিয়া গোবিন্দরাম ভাবিলেন, "কতকটা স্থির হইল, এই লোকটার দঙ্গে ক্বতান্তের আলাপ আছে; লোকটা সম্পূর্ণই ভাহার হাতের মধ্যে—কুতান্ত যাহা বলে, তাহাই করে। কেবল ইহাই নহে, দেখা যাইতেছে থে, এই খ্যামস্থলর শীঘ্রই কাহারও সম্পত্তি পাইবার আশা করিতেছে। তাহার পর নরেক্রভুষণেব নাম বলায় যেরূপ ভাব দেখিলাম, তাহাতে বুঝিতে পারা যাইতেছে যে, এই শ্রামস্থন্দরও নরেক্রভুষণের একজন ওয়ারিসান। তবে ইহাকে যেরূপ দেখিতেছি, তাহাতে এ লোকটা সম্পূর্ণ অপদার্থ, ইহাকে অন্তে হাত করিয়াছে, এ অন্ত লোকের হাতের পুতুলমাত্র—সে কে ? নিশ্চরই কুতান্ত। এখনও কি আমার অনুমান মিথাা হইবে ৭ আমার যদি ভুল হয়, তাহা হইলে কি সর্ব্বনাশ হইবে! আর দশদিন মাত্র সময় আছে—ভাবিলে প্রাণ ৰদাকুল হইনা উঠে, বৃদ্ধ বয়দে ভগবান্ অদৃষ্টে এত কষ্ট লিখিনাছিলেন! আর দশদিন মাত্র সময় - এই দশদিনের মধ্যে কিছু কবিতে না পারিলেই— কি করিব—কি হইবে—ভগবান্ই জানেন।" এইরূপ ভাবিতে **ভা**বিতে পোবিক্রান পুনোয় বেল্চ্রিার বাজারের দিকে চলিলেন; সেইখানে তিনি বাসা লইয়াছিলেন।



85

এদিকে রামকান্তও প্রাতে তাহার জিনিধ-পত্রের বাদ্ম লইয়া বাছির হইয়াছিল। সে তাহার দ্রব্যাদি ছই-একস্থানে ছই-একটা বিক্রয় করিয়া প্রায় বেলা দ্বিপ্রহরের সময়ে শ্রামস্করের বাগান-বাড়ীর দ্বারে আসিয়া উপস্থিত হইল। সেথানে আসিয়া দেখিল, দুরে গোবিন্দরাম মাইতেছেন, রামকান্ত সে সময়ে তাঁহার সহিত দেখা করা যুক্তিযুক্ত বিবেতনা করিলনা। ভাবিল, "গুকদেব কতদ্র কি করিয়াছেন, তাহা সয়ার সময়ে দেখা হইলেই জানিতে পারা যাইবে।"

রামকান্ত ধীরে ধীরে বাগানের ভিতরে প্রবেশ করিয়া চাকরদের ঘরের দিকে চলিল। বাড়ীর পশ্চান্তাগে ভৃতাদের থাকিবার ঘর; রামকান্ত সেইদিকে গেল। সেই গৃহের নিকটে আশ্রিয়ী কাহাকেই দেখিতে পাইল না। সেইদিকে কেহ আছে বলিয়া তাহার বোধ হইল না; তথাপি সে তাহার উপস্থিতি জ্ঞাপন করিবার জন্ত গলার শব্দ করিল, তৎপরে হস্তস্থ যটি দারা দারে আবাত করিতে লাগিল। তথা ভিতর হইতে স্ত্রীকঠে কুদ্ধভাবে কে বণিয়া উঠিল, "কে বে ?"

রামকান্ত বলিল, "ওগো আনি ফি:িওয়ালা, কিছু জিনিষ বেচ্তে এনেছি।"

সহসা দার খুলিয়া গেল। একটি স্ত্রীলোক বাহিরে আসিল। রামকাস্ত এরূপ স্ত্রীমূর্ত্তি আর কখনও দেখে নাই। যদি ডাকিনী বলিয়া সংসারে কিছু থাকে, তাহা হইলে এইথানেই তাহার আবির্ভাব হইয়াছে।

মাগীটা কঠোরস্বরে বলিল, "কে ভুমি--কি চাও ?"

প্রতিজ্ঞা-পালন।

রাবকান্ত বিনম্রস্বরে বলিল, "আপনি কিছু জিনিব কিন্বেন ব'লে এয়েছি, আপুনার নাম গ্রামে অনেক শুনিয়াছি—বড় আশা ক'রে এসেছি।"

্র শার্গীটা তিক্তস্বরে বলিল, "আমরা কিছু কিনি না—আমাদের কোন জিনিবের দরকার নাই।"

বামকান্ত কিংকর্ত্তবাবিমৃত হইল, এরপ স্ত্রীলোকের হাতে পড়িতে হইবে, সে তাহা আগে ভাবে নাই। তবে কি সমস্ত কার্য্যই পশু হইল ? কণপরে মস্তক কশুরন করিতে করিতে বলিল, "বড়—বলিতেছিলাম—বড়—বড়ই—আশা—করে——"

মাগীটা ধম্কাইয়া বলিয়া উঠিল, "আরে যা:, দ্র হও-এখনই-এখনই----"

রামকান্ত বলিগ, "আমি—আমি সব জিনিষই খুব সন্তায় বিক্রী করি, আর আমি জিনিষ বেচ্তে আসিনি—আমার জলপিপাসায় প্রাণ যায়—একটু জল দিলে প্রাণটা বাঁচে।"

"এ কি জলছত্ত পেয়েছ নাকি ?"

"এই ছই প্রহরে, রোদে কাঠ ফ্লাটিতেছে, কোথার যাই—কাছে কাহারও বাড়ী নাই, আমি পরসা দিতে রাজী আছি," বলিয়া রামকান্ত তাহার কোমর হইতে লম্বা থলীটা সশব্দে বাহির করিল।

স্ত্রীলোকটি লোলুপনেত্রে সেই থলীর দিকে চাহিল। থলীটা নাড়া পাওয়ার ছই-একবার তন্মধ্যন্থিত টাকাগুলি ঝম্ ঝম্ করিয়া উঠিল। স্ত্রীলোকটি বলিল, "দেখ্ছি তোমার ঢের টাকা।"

রামকান্ত বলিল, "হাঁ, প্রায় তিন শত টাকা আছে, বা' কিছু বিক্রী ক'রে পাই, সঙ্গেই রাথি; প্রায় সব জিনিষ্ট বিক্রী হ'রে গেছে, তাই এত টাকা জমেছে; কাল কলিকাভায় গিয়ে আবার গস্ত ক'রে বাহির ছইব আপনাদের এথানে যদি আমাকে আজ রাডটা থাকুতে দৈন— দেখুন, পায়ের অবস্থা, আর পা চলে না।"

ু স্ত্রীলোকটা নিমেষের জন্ম কি ভাবিল ; তাহার পর ব**লিল, "আমরা** এখানে কাহাকেও থাকিতে দিই না—তবে দেখ্ছি, তুমি চল্তে পার না

স্থবিধা ব্ৰিয়া রামকান্ত ব্যগ্রভাবে বলিয়া উঠিল, "দেখুন-না পায়ে স্থ অবস্থা, একেবারেই চল্তে পার্ছি না।"

"দেখেছি।"

"আর বেচ্বার মত বেশী কিছু নাই, আর একটু জিক্লতে পার্বে শরীরটা অনেক ভাল হবে, তথন সকালেই কলিকাতায় চ'লে যাব।"

"ভাল তাই হবে-তবে বাবু যেন তোমাকে দেখ্তে না পান্।"

"বাবু আবার কে, তিনি কোথায় থাকেন ?"

"তিনি আমাদের মনিব— ঐ বাড়ীতে থাকেন, তিনি বাজে লোকজন মোটে দেখ্তে পারেন না।"

"বটে, আমি তবে ওদিকে মোটেই ধাব না। এখন একটু জল পৈলে যে হয়—তৃষ্ণায় প্রাণ যায়।"

"যাও বাঁপু, ঐ ঘরে গিম্বে বসো—এখনই জল এনে দিই," বলিয়া মাগীটা হাত নাড়িয়া সম্মুখস্থ একটি ঘর দেখাইয়া দিল। সেটা একটা ভাঙা ঘর; বোধ হয়, এক সময়ে আস্তাবল ছিল।

রামকাস্ত সেই ঘরের দিকে চলিল। বলা বাহুল্য, সে চক্ষু মুদিত
করিয়া যাইতেছিল না—চারিদিকে বিশেষ লক্ষ্য করিয়া দেখিতেছিল।
বাইতে যাইতে রামকাস্ত একটা ব্যাপার দেখিয়া বিশ্বিত হইল।
দেখিল যে বাড়ীটার ত্রিভলের ছাদের উপরে একজন লোক দাঁড়াইয়া
একটা দ্রবীক্ষণ দিয়া কলিকাতার পথের দিকে লক্ষ্য করিয়া দেখিতেছে।
দেখিয়া ব্রিয়াছিল যে, এ লোকটা লুকাইয়া দ্র হইতে এই উচ্চ

স্থান হইতে কাহাকে লক্ষ্য করিতেছে। অবশ্রুই ইহার একটা গৃঢ়তর অভিপ্রায় আছে।

রামকান্ত বেশ ব্ঝিতে পারিল ষে, এ বাড়ীতে থাকিতে না পারিলে এথানকার কোন সন্ধানই পাইব না, সেইজন্ত সে অন্ত কিছু আর ভাবিল না; সেই ভাঙা ঘরের ভিতরে প্রবেশ করিল। সে দেখিল, দেখানে একখানা অর্ধভন্ন তক্তাপোষ পড়িয়া আছে, তাহার উপর-একখানা অর্ধছিল, অতি পুরাতন কম্বল।

রামকান্ত তাহার বাক্সটা একপাশে রাথিয়া বিশ্রামের জন্ত শুইয়া পড়িল। সকাল হইতে রৌদ্রে ঘুরিয়া সে অত্যন্ত ক্লান্ত হইয়াও পড়িয়া-ছিল। বিশ্রামেও শান্তিলাভ হইল না, সেই অভ্তপ্রকৃতি মাগীটার কথা ভাবিতে লাগিল; মাগীটা তাহাকে প্রথমে দূর্ দূর্ করিয়াছিল, তথনই আবার তাহার টাব্রার ধলী দেখিয়া অন্তভাব ধরিল কেন ? সে একেবারে তাহাকে এখানে রাত্রিযাপন করিতে অনুমতি দিল; নিশ্চরই ইহার কোন মৎলব আছে। যাহাই মৎলব থাক্, রামকান্ত কিয়ৎক্ষণ এই বাড়ীতে থাকিবে বলিয়াই আসিয়াছিল, এত শীঘ্র ও এত সহজে বে, তাহার এ উদ্দেশ্য পূর্ণ হইবে, ইহা সে কথনও ভাবে নাই।

80

কিরৎক্ষণ পর সেই মাগী রামকান্তকে জল আনিয়া দিল। তৎপরে বলিল, "এইথানে শুয়ে থাক, বাহিরে বেও না, বাবু দেখলে অনর্থ কর্বে।" রামকান্ত বলিল, "না, আমি বাহিরে যাব না, দরকার কি।" রামকান্ত অত্যন্ত ভৃষ্ণার্ত্ত, প্রায় এক ঘটা জল খাইয়া ফেলিল, তৎপরে মুখ বিক্লতি করিয়া বলিল, "জলটা এমন বিশ্বাদ কেন? বিশ্রী।"

সে বলিল, "আমরা কুয়ার জল থাই।"

"সেইজন্তই এমন ?"

ঁ "হাঁ, এই জল ঢেলে দিচ্ছি, ঘটীটা মেজে দাও—তুমি মুসলমান, আমি তোমাকে স্থান দিয়েছি, বাবু জান্লে অনর্থ কর্বে।"

"এই যে মেজে দিই, তবে সন্ধার সময়ে কিছু মিষ্টি এনে থাব— আপনাদের কষ্ট পেতে হবে না।"

সে কথার উত্তর না দিয়া স্ত্রীলোকটি চলিয়া গেল। রামকান্ত আবার শুইয়া পড়িল।

কিয়ৎক্ষণ পরে তাহার বড়ই ঘুম আসিতে লাগিল। সে মনে মনে বলিল, "কি আপদ্! আমি কি এখানে ঘুমাইতে আসিয়াছি? শুরুদেব কি বলিবেন? কোথায় সব সন্ধান লইব, না হই চোথ ভাঙ্গিয়া ঘুম আসিতেছে।" রামকান্ত হই হত্তে সবলে চকু মার্জ্জিত করিল, তৎপরে কষ্টে চাহিবার চেষ্টা পাইয়া বলিল, "কি মুস্কিল! চোথে যে কম দেখিতেছি।"

সহসা একটা কথা তাহার মনে পড়িয়া গেল; তথনই সে লক্ষ দিয়া উঠিবার চেষ্টা পাইল; কিন্তু পারিল না। তথন তাহার সর্বশরীর অবসন্ন হইরা আসিতেছিল।

রামকান্ত বলিয়া উঠিল, "কি ভয়ানক! কি সর্বনাশ! মাগী আমাকে জলের সঙ্গে বিষ থাইয়েছে; ঠিক বিষ নয়, ধুত্রার বীচির ওঁড়া থাওয়াইয়ছে, আমাকে অজ্ঞান করিবার উদ্দেশ্য—তার পর—তার পর—কি সর্বনাশ, টাকাগুলি চুরি করিয়া লইবে, টাকা বায় যাক্, গুরুদেবের কাজ মাটী করিলাম! বিষ হইলেই ভাল ছিল; আমার মরাই উচিত।"

রামকান্ত উঠিবার জন্ত প্রাণপণে চেষ্টা পাইতে লাগিল; কিন্ত ক্রমশঃ তাহার সর্বাদ অবসন্ন হইনা আসিতেছিল, উঠিতে পারিল না। তথন, রামকাস্ত চীৎকার করিবার চেষ্টা পাইল, কিন্ত তাহার জিহ্বা শুক্ষ ও অবশ হইয়া গিয়াছিল। কথা কহিতেই পারিল না। নীরবে পড়িয়া রহিল।

কিন্তু তাহার মানসিক শক্তি এ অবস্থায়ও বেশ প্রথম ছিল। সে ক্ষণ-পরে একবার বেশ স্পষ্ট গুনিতে পাইল যে, ছইজনে পাশের একটি ঘরে অফ্চেম্বরে কথা কহিতেছে। কণ্ঠম্বরে বেশ বুঝিতে পারিল, সেই ছইজনের একজন পুরুষ—একজন স্ত্রীলোক; স্ত্রীলোকটি সেই আশ্রমদাত্রী ভয়ঙ্করী, পুরুষটি কে বুঝিতে পারিল না; ভাবিল, যে ব্যক্তি ত্রিতলের ছাদে ছরবীণ্ দেখিতেছিল, সেই-ই হইবে। হয় ত সেই-ই এই বাড়ীর মালিক। পুরুষ বলিল, "এতক্ষণে তাহার আসা উচিত ছিল। বড় জ্বালাতন

পুরুষ বলিল, "এতক্ষণে তাহার আসা উচিত ছিল। বড় জালাতন কর্ছে।"

ত্ত্বীর্টিনাক বলিল, "কাজ শেষ কর্বে, তার পর গাড়ী ক'রে কলিকাতা শেকৈ আস্বে—দেরী ত হবেই।"

"এবারও যদি না পারে ? অপদার্থ অকর্মার কতদিন আশায় আশায় থাক্ব।"

"এ আমাদের খাওয়াচ্ছে— এর নিন্দা করো না।"

"নিন্দা ত কর্ব না, কবে তা'র টাকা যে পা'ব, তার কোন ঠিকানা
নাই — এই আজ-কাল ক'রে কতদিন গেল।"

"যাক্, এক সময়ে পাওয়া ত যাবে——"

"তার পর এই ছটোকে কতদিন রাথ্তে হবে—সেইখানেই কাজ শেষ করবেই ত পারত।"

"এথানে শীঘই কাজ শেষ হ'য়ে যাবে।"

"তার পর, আমাদেরই রেলের উপর রাত্তে তাদের শুইরে জাস্তে।" *-ছবে।" "কেন, রেলের উপরে আবার কেন ?"

"কেন ? সকলেই মনে কর্বে যে, তা'রা রেলগাড়ী চাপা পড়েছে।"

"এথান থেকে যত শীঘ্র যেতে পার্লে হয়।"

"কতদিনে দেবে— বেটাকে আনার বিশ্বাস হয় না।"

"না - না— তা ঠিক নয়, দেবে বই কি।"

"আর দিয়েছে।"

"আজ কিছু ত হবে।"

"কিসে ?"

"বাক্সওয়ালা বেটার কাছে তিনশ টাকা আছে।"

"বটে, তার পর ?"

"জলের সঙ্গে সেই গুড়া থাইয়েছি, বেটা অজ্ঞান হ'রে প'ড়ে আছে।" "তবে এই সময়—আর দেরী নয়, বেটা এসে পড়্লে এই কাজ্ঞা ফেঁসে যাবে।"

"দেখে এস।"

"আর দেখে কি হবে, কাজ সেরে দাও।"

রামকান্ত সকলু কথা বেশ শুনিতে পাইল; তাহার টাকা লইবার জন্ত সেই মাগীটা নিশ্চরই তাহাকে জলের সহিত কিছু থাওয়াইয়াছে—যাহা ভাবিয়াছিল, তাহাই ঘটল। এখন উপায় ? তাহার উঠিবার ক্ষমতা নাই, নড়িবার ক্ষমতা নাই, হাত পা সরাইবারও ক্ষমতা নাই। কি সর্বানাশ! চীৎকার করিয়া কাহাকে ডাকিবে, এমন ক্ষমতাও তাহার নাই। ইহারা কি তাহার প্রাণনাশ করিবে ? এতদিনে এই হরাম্মা-দিগের হাতে কি প্রাণটা গেল ? এমন বিপদ্ কি কথনও কাহার ঘটিয়াছে ? ভাহার জ্ঞান আছে, অথচ ক্ষমতা নাই—কি ভ্রমানক ! স্বানাম্বান্তবিব ক্ষমতাবি ক্ষমতাবি ক্ষমতার হাতে মরিতে হইবে। সহসা এই সময়ে

কিন্সের একটা শব্দ হইল। বোধ হইল, যেন কে একটা বড় চাকা ঘুরাইতেছে।

রামকাস্ত ব্ঝিতে পারিল, সে যে তক্তাপোষের উপর শয়ন করিয়া আছে, তাহা নড়িতেছে; ক্ষণপরে তক্তাপোষের একদিক্, উপর দিকে উঠিতে লাগিল। পরক্ষণে তাহার বোধ হইল, যেন তক্তাপোষখানা একেবারে উন্টাইয়া গেল—সে পড়িয়া গেল; কোথায় পড়িল, তাহা ব্ঝিতে পারিল না; বোধ হইল, যেন আকাশ হইতে নীচের দিকে যাইতেছে।

83

সেই সময়ে তাহার জ্ঞান লোপ পাইল। সে কোমল মৃত্তিকার উপর সবেগে পতিত হইল, তৎপরে তাহার আর কোন জ্ঞান থাকিল না।

যথন তাহার জ্ঞান হইল, তথন সে দেখিল বে, নরম কর্দমের উপর মুখ 'শুঁজড়াইয়া পড়িয়াছে, সর্বাঙ্গ কর্দমাক্ত হইয়াছে; কিন্তু এখন আগেকার সেই অবসঙ্কতার অনেক হ্রাস হইয়াছে;,ইচ্ছামত হাত পা সঞ্চালন করিতে পারিতেছে, উঠিয়া বসিতেও পারা যায়। মনে মনে ব্যিতে পারিল, অনেকক্ষণ তরল কর্দমের মধ্যে পড়িয়া থাকায় সেই বিষাক্ত শুঁড়ার প্রকোপটা কমিয়া গিছে; এবং এই কর্দমে আরও একটা উপকার হইরাছে, উচ্চন্থান হইতে সে খলিত হইয়া পড়িলেও তাহার শরীরের কোনস্থানে তেমন শুরুতর আঘাত লাগে নাই।

ন রামকান্ত কতক্ষণ এথানে অজ্ঞান অবস্থার ছিল, তাহাও স্থির ক্ষরিতে পারিল না; কোথার পড়িরাছে, তাহাও বুঝিতে পারিল না; চারি-দিকে অন্ধকার-কিছুই দেখা বার না। বে স্পাপাততঃ নীরব থাকাই যুক্তি-সঙ্গত মনে করিল। ভাবিল, উপরের তাহারা যদি জানিতে পারে

•িষে, আমি মরি নাই, বাঁচিয়া আছি, তাহা হইলে অন্ত উপারে আমাকে

হত্যা করিবার চেষ্টা করিবে, স্মৃতরাং কোন শব্দ করা এখন উচিত নয়।

রামকান্ত কিয়ংকীণ নীরবে রহিল, সে যে গৃহমধ্যে পতিত হইয়াছিল, তথার আর কিছু আছে কি না, তাহাই জানিবার জন্ত ব্যগ্র হইল। প্রথম হইতেই তাহার মনে হইতেছিল, যেন কি একটা শব্দ গৃহমধ্যে হইতেছে। যেন কাহার নিঃখাস পড়িতেছিল, অথবা যেন কোন সর্পা তথার বাহির হইয়াছে।

রামকাস্ত ভাবিল, "শেষে এই অন্ধক্পের মধ্যে বিঘোরে প্রাণটা গেল! আমার আগেই সাবধান হওরা উচিত ছিল। ইহারা যাহা আমাকে থাইতে দিয়াছিল, তাহা না থাওয়াই উচিত ছিল। আমি গাধা—প্রকাশু গাধা বলিয়াই ইহাদের সন্দেহ করি নাই। যাহা হউক, বোধ হয়, ভোর হইয়াছে, ঘরে একটু একটু আলো আসিতেছে; উপরে তাহা হইলে একটা জানালা কি কোন রকম থোলা জায়গা আছে, না হইলে আলোঁ আসিবে কোথা হইতে? আলো হইলে কোথায় আছি, দেখিতে পাইব; ইহারা ভাবিয়াছে, আমি মরিয়াছি—এখনও আশা আছে, তবে আশা ছাড়িব কেন ?" এই সময়ে অতিশয় বিশ্বয়ের সহিত "এ কে।" বলিয়া রামকাশু সম্বর উঠিয়া বিসল।

রামকান্ত এবার স্পষ্ট মহুষ্যের নিঃখাসের শব্দ শুনিতে পাইল; তাহার বোধ হইল, সেথানে এক কোণে ছায়ামূর্ত্তির মত যেন কে বসিয়া আছে, তাহারই নিঃখাসের শব্দ এতক্ষণ শুনিতে পাওয়া যাইতেছিল।

এখন তাহার সম্পূর্ণ জ্ঞান হইরাছে, তাহার আর সে অবসন্নতা নাই। মনে পড়িল, তাহার পকেটে দিয়াশলাই আছে, সে সত্তর পকেটে হাত দিল। প্রেক্ট হইতে দিয়াশলাই বাহির করিয়া আলিল। ্তথন সেই আলোকে তাহাকে দেখিয়া রামকাস্ত অস্টুট চীৎকার করিয়া উঠিল। সে দেখিয়া বিশ্বিত হইয়া কিয়ৎক্ষণ স্তম্ভিতপ্রায় রহিল। কে এ ? তাহারা যাহাকে অমুসন্ধান করিতেছিল, সে-ই এখানে এরূপ-ভাবে রহিয়াছে, লীলাকেও এই পাষগুগণ এইখানেই দুকাইয়া রাখিয়াছে।

.লীলা তাহাকে চিনিতে পারিল না, ভরে এককোণে সরিয়া গেল। রামকাস্ত আর একবার দিয়াশলাই জ্বালিল; দেখিল, তাহার আহারের জ্বস্তু কতকগুলি মুড়ি, একটা ভাঁড় ও এক কলসী জ্বলও সেইখানে রহিয়াছে।

রামকাস্ত ভাবিল, "তাহা হইলে এই অন্ধকুপ ইহাদের কয়েদথানা, এখানে 'আটকাইয়া রাথিবারই ব্যবস্থা—এই অন্ধকুপের মধ্যে ফেলিয়া মারিবার ইচ্ছা ইহাদের নয়। এখন তাহা হইলে আটকাইয়া রাথিবে, পরে স্থবিধা মত ব্যবস্থা করিবে।"

রাত্রে সেই মাগী ও আর একটা লোক যে কথাবার্ত্তা কহিতেছিল, তাহা এখন তাহার স্পষ্ট মনে পড়িল; ইহারা বলিয়াছিল যে, এইখানে কাহাদের হত্যা করিয়া পরে রেল-লাইনে ফেলিয়া আসিবে; লোকে ছাবিবে, তাহারা রেলে চাপা পড়িয়াছে। একজন ত লীলা—অপরটী কে? সম্ভবতঃ সেই নিজে—না, তাহা ইইতে পারে না তাহার মনে পড়িল, ইহারা কাহার প্রতীক্ষা করিতেছিল, কাহাকে এখানে কে লইয়া আসিবে, তাহাই বলিতেছিল। সে কে?

রামকান্তের মনে মুহুর্ভের জন্ম এই সকল কথা উদিত হইল। সে এ সকল কথা মন হইতে দ্র করিয়া ভাবিল, "যাহা হউক, লীলাকে পাইয়াছি, বেমন করিয়া হউক, প্রথমে ইহাকে রক্ষা করিতে হইবে; এখন ত স্পষ্ট বুঝিতে পারা যাইতেছে ক্ষ্ণে গুলুদেব যাহা ভাবিয়াছেন, ভাহাই ঠিক—নরেক্ত্র্যণ বাবুর টাকার জ্লাই এ সকল কাও; বিনোদিনী খুন হইয়াছে, এই টাকার জন্ত-লীলাকেও ইহারা খুন করিবার জন্ত এথানে আটকাইয়া রাথিয়াছে; স্থহাসিনীকেও নিশ্চয়ই এথানে আনিবার জন্ত চেষ্টা করিয়াছিল—হয় ত তাহারা তাহাকে এথানে আনিতেছে—খুব সন্তব তাহাই। এথন এই মাগী আমার টাকার লোভে আমাকে হত্যা করিতে না চাহিলে আমি এ ঘরে আসিতে পারিতাম না – লীলার সন্ধানও পাইতাম না । যাক্, এথনও যথন আমি মরি নাই, তথন শীত্র মরিব না; যেমন করিয়া হউক, এথান হইতে যাইতে হইবে—লীলাকেও রক্ষা করিতে হইবে; তবে কিরূপে যে এথান হইতে বাহির হইতে পারিব, তাহা ত এথন ভাবিয়া পাইতেছি না, দেখা যাক্।"

82

রামকাস্ত উঠিয়া লীলার নিকটে আসিল। লীলা ভয় পাইয়া আরও
কোণের দিকে সরিয়া গেল। রামকাস্ত বলিল, "ভয় করিয়ো না,
চিনিতে পারিতেঁছ না—আমি তোমাকে লইয়া যাইব বলিয়া, তোমার
বাবার নিকট হইতে আসিয়াছি।"

লীলা ব্যাকুলভাবে তাহার মুখের দিকে চাহিয়া রহিল। কোন কথা কহিল না। রামকাস্ত বলিল, "সেই দম্দমায় তোমার বাবার সঙ্গে আমাকে দেখিয়াছিলে—মনে পড়ে না ?"

এইবার লীলার মনে পড়িল। সে ছুটিয়া রামকান্তের নিকটে আসিয়া হুইহাতে তাহার গলা জড়াইয়া ধরিল। এই সময়ে উর্জে ছার নাড়িবার শব্দ হইল। রামকাস্ত লীলার কাণে কাণে বলিল, "গুরে পড়—এরা উপরের দর্জ্জা খুলিতেছে। দেখাও—বেন ঘুমাইয়া আছ দু আমিও বেন মরিয়া গিয়াছি, এই রকম ভাবে পড়িয়া থাকি।"


় এই বলিয়া রামকাস্ত অক্তদিকে গিয়া নিমীলিত নেত্রে ওইয়া পড়িল।

তাহার শন্তনের সঙ্গে সঙ্গে উপর হইতে কেহ দড়ী দিয়া একটা লঠন নীচে ঝুলাইয়া দিল। কেহ উপর হইতে লঠনের আলোকে গৃহমধো কি হইতেছে দেখিল; রামকাস্তের ক্থামত লীলাও ইতিমধ্যে শুইরা পড়িয়াছিল; স্থতরাং উপর হইতে যাহারা লঠন নামাইরা দিয়াছিল, ভাহারা দেখিল যে, একজন লোক ঠিক মড়ার মত পড়িয়া আছে— লীলাও মৃতবং শারিত। উপর হইতে কে বলিল, "ও হুটার কাজ এডক্ষণ শেষ হ'রে গেছে—এখন এটাকেও নামিরে দাও।"

রামকান্ত এক চকু অর্দ্ধোন্মীলিত করিয়া দেখিল, উপর হইতে কাহার দেহ নামিয়া আসিতেছে। দেহটার হাত পা মুখ কাপড়ে বাঁধা—দড়ী দিয়া ঝুলাইয়া দিতেছে। কাহার দেহ, সে মৃত না জীবিত, রামকান্ত তাহার কিছুই জানিতে পারিল না।

রামকান্ত উঠিতে সাহদ করিল না—নিম্পন্দভাবে পূর্ব্ববৎ পড়িয়া রহিল। পরক্ষণে শব্দে বৃঝিল, দেহটা তাহার নিকটেই পড়িয়াছে, লগ্ঠন উঠিয়া গিয়াছে, উপরের দরজাও বন্ধ ইইয়াছে—বোষ্ধ হয়, কাহারা তথন সেই হারের উপরে কোন গুরুভার দ্রব্য রাখিতেছে। এই সাবধানতার প্রয়োজন ছিল না, গৃহতল হইতে এই হার বহু উচ্চে, স্কুতরাং রামকাস্ত বা কাহারও এই হারের নিকটে আসিবার কোন সম্ভাবনা ছিল না।

রামকান্ত কিরংক্ষণ নীরবে পড়িয়া রহিল। সাবধানের মার নাই; ভারিল, যদি এখনও কেই উপরে থাকে—কিন্ত অনেকক্ষণ নিন্তন্ধভাবে থাকিয়াও সে আর কোন শব্দ শুনিতে পাইল না। তখন ভাবিল, ইহারা আমাদের সকলকেই মৃত স্থির করিয়াছে, স্কুতরাং আর এখন আসিবে না; বোধ হয়, রেল-লাইনে মৃতদেহ কেলিবার আশা প্রাাগ



দিজী দিয়। ঝুলাইয়া দিতেছে। ,কাহার দেহ, সে মৃত না জীবিত। [প্রতিজ্ঞা-পালন—২০২ পৃঠা

করিয়াছে—যাহা হউক, এখন দেখা যাক্, আবার কাহাকে ইহারা এই অক্ত্রুপে নামাইয়া দিল।"

রামকান্ত আবার দিয়াশলাই আলিল। সেই দেহের নিকটস্থ হইয়া দেখিল, কাপড় দিয়া তাহার মুথ বাঁধা স্থত্রাং কোন শব্দ করিবার উপায় নাই। হাত ও পা স্থান্তরপে রক্ষ্মারা আবদ্ধ; রামকান্ত তাহার মুথ ভাল করিয়া দেখিতে পাইল না, তথাপি মনে হইল, এ মুথ যেন পরিচিত, কোথায় সে একবার দেখিয়াছে—তাহার পর সহসা বিহাদিকাশের স্থায় চকিতে মনে পড়িয়া গেল—এ যে সেই বরাহ-নগরের স্থহাসিনী।

রামকান্ত কালবিলম্ব না করিয়া স্থাসিনীর মুখের বন্ধন খুলিয়া দিল।
তাহার হাত পারের দড়ীও খুলিয়া দিল; তখন সে দেখিল যে, স্থাসিনী
মরে নাই, নিঃসংজ্ঞ অবস্থায় রহিয়াছে।

স্থাসিনী ধীরে ধীরে চকুরুন্মীলন করিল; অতি মৃহস্বরে বলিল, "আমি কোথার ?"

রামকান্ত ৰলিল, "পাষগুগণ তোমাকে, আমাকে আর ঐ ছোট মেয়েটীকে হত্যা করিবার চেষ্টার স্থাছে; তর নাই, আমি তোমাদের রক্ষা করিব।"

"আপনি কে ? আপনাকে কোথায় দেখিয়াছি বলিয়া, বোধ হয়।" "এথান হইতে বাহির হইলে সকলই বলিব—এথন এইমাত্র জান

যে, আমি গোবিন্দরামের লোক।"

স্থহাসিনী বিশ্বিতভাবে বলিল, "গোবিন্দরাম !"

"হাঁ, স্থরেক্রনাথের পিতা; নিশ্চরই—ইহারা তাঁহার নাম করিয়া তোমাকে ভূলাইয়া বাড়ীর বাহির করিয়া আনিরাছিল।"

"হাঁ, আপনি ঠিক বলিয়াছেন। আমি ইহাদের কথা বিখাস করিয়া ভাল করি নাই।" · "বুঝিয়াছি, তাহার পর তোমার হাত পা মুথ বাঁধিয়া এখানে আনিয়াছে।"

"হাঁ, তাহাই ঠিক।"

"পাছে এখানে কেহ আসে বলিয়া এই ছ্রীত্মাদের একজন ভূত সাজিয়া বাগানে চারিদিকে বেড়ায়—এ ক্বতান্ত ব্যতীত আর কাহারও কাজ নয়।"

"দে কে ?"

"একবার এখান হইতে বাহির হইতে পারিলে সব বলিব—তবে কিরূপে বাহির হইব, তাহা জানি না; যেমন করিয়া হউক, একটা উপায় করিতেছি।"

"এই মেয়েটাকে. আগে রক্ষা করুন।"

"ইহাকে যদি রক্ষা করিতে পারি, তাহা হইলে তোমাকেও রক্ষা করিব—সঙ্গে সঙ্গে আমাকেও রক্ষা করিব।"

80

রামকান্ত একথা বলিল বটে, কিন্তু কিন্ধপেন্ যে এ কার্যোদ্ধার হইবে, তাহা কিছুই ভাবিয়া স্থির করিতে পারিল না; এবং স্থহাসিনীকে তাহার মনের ভাব প্রকাশ করিয়া বলাও যুক্তিসঙ্গত বিবেচনা করিল না। ভাবিল, "আমরা যে মরিয়াছি, তাহা ইহারা কথনই ভাবে নাই। যদি আমি একা হইতাম, তাহা হইলে ইহারা আমার দিকে চাহিত না—আমি এই অন্ধকৃপে অনাহারে মরিয়া যাইতাম। তবে ইহারা ছইজন রহিয়াছে, ইহাদের হত্যা করিবার জ্ম্মই এথানে আনিয়াছে; ইহারা বাঁচিয়া থাকিতে নরেক্রভূষণেব টাকা হস্তগত হইবে না, স্কুতরাং ইহাদের

শীরই হত্যা করিবে। তবে কিরপে হত্যা করিবে—সেই, হইতেছে কথা।" সহসা তাহার মনে হইল বে, নিশ্চয় ক্বতাস্ত জ্বানে না ঝে, আমি এখানে আসিয়াছি। এ সেই বদ্জাত মাগীটা আমার টাকা লইবার জন্তই আমাকে এখানে ফেলিয়াছে। যাহাই হউক, আর সময় নষ্ট করা কর্ত্তব্য নহে—রামকাস্ত উঠিল। তথন বাহিরে বোধ হয়, বেশ বেলা হইয়াছে, গৃহমধ্যে আর তত. অন্ধকার নাই। 'এখন সব বেশ স্পষ্ট দেখা যায়, বিশেষতঃ সে অনেকক্ষণ অন্ধকারে থাকায় অন্ধকারেও বেশ দেখিতে পাইতেছিল।

রামকান্ত দেখিল, পূর্ব্বে গৃহমধ্যে কেবল কর্দম ছিল, এখন একটু জল জমিয়াছে। জল দেখিয়া রামকান্তের হৃদয় আরও দুমিয়া গেল।

কি ভয়ানক! নিশ্চয়ই এই গৃহে জোয়ারের জল আসে, তাহাই
এথানে এত কর্দম—ইহারা জলে ডুবাইয়া মারিবার জন্তই তিনজনকে
এই গৃহে আট্কাইয়া রাথিয়াছে। এখন হইতেই ক্রমশঃ ঘরে জল
ঢুকিতেছে। উপরে চাহিয়া রামকান্ত ব্ঝিতে পারিল যে, পূর্ণজোয়ারে
এই ঘর জলে পরিপূর্ণ হইয়া য়ায়, উপর পর্যান্ত জলের দাগ রহিয়াছে, এখন
উপায় ?

রামকান্ত মনে মনে বলিল, "বেটারা ভাবিয়াছে যে, আমি পড়িয়া গোড়া হইয়াছি, জলে সাঁতার দিতে পারিব না—তাহার পর স্থহাসিনী, তাহার হাত পা বাধা আছে—আর লীলা সে ত সাঁতার জানে না, স্থতরাং তিনজনেই জলের মধ্যে থাকিবে। সংসারে বদ্মাইসগণ যাহা করিতে চাহে, তাহা সকল সময়ে ঘটে না, ইহাই পরমসৌভাগ্য; নতুবা কাহারই নিস্তার ছিল না।"

গৃহটীর চারিদিক্ দেখিয়াই রামকাস্ত মনে মনে একটা বিষয় স্থির করিয়া লইয়াছিল। সে দেখিল, উপরে প্রায় ছাদের নিমে একটা ক্লোট

জানালা আছে, এখানে উপস্থিত হইতে পারিলে জনায়াসে বাহির হইতে পারা যায়, কিন্তু জানালাটী জনেক উচ্চে, সেখানে উঠিবার কোন উপায় নাই। ভাবিল, তবে এক উপায় হইতে পারে—যখন জোয়ারের জলে ঘঁর পূর্ণ হইয়া যাইবে, তখন দাঁতার দিয়া ঐ জানালা ধরা যাইতে পারে; জানালার কাঠের গরাদে ভাঙিতে কতক্ষণ ? খুব সম্ভব, ঐ জানালাটী গঙ্গার দিকে—না-ই ইউক, যে কোনখানে হোক যাইতে পারিব—একবার এই জন্ধকুপ হইতে বাহির হইতে পারিলে দেখা যাইবে—বেটারা রামকাস্তকে এখনও চিনে নাই।"

রামকাস্ত স্থহাসিনীর দিকে ফিরিয়া বলিল, "তুমি মা, সাঁতার জান ?"

স্থহাসিনী বিশ্বিত হইয়া বলিল, "জানি, কেন ?"

রামকান্ত বলিল, "দেখিতেছ না—এই ঘরে জল আসিতেছে।"

ভয়বিহ্বলা সুহাসিনী ইহা পূর্ব্বে লক্ষ্য করে নাই, এখন পায়ের উপর জল জমিতে দেখিয়া সভয়ে বলিয়া উঠিল, "হাঁ, তাই ত !"

"ভয় নাই, এই জলই আমাদিগকে রক্ষা করিবে।"

"কেমন ক'রে ?"

"ঐ উপরের জানালাটী ব্যতীত আমাদের এথান হইতে বাহির হইয়া যাইবার আর কোন উপায় নাই।"

"তবে কি হবে ?"

"জল ঘরে আসিলে সাঁতার দিয়া আমরা ঐ জানালা ধরিব, গরাদে ভাঙিয়া ইহার ভিতর দিয়া বাহির হইতে পারিব।"

"যদি তাহারা বাহিরে থাকে ?"

র্মানকান্তের বর্দ ইইলেও এখনও এ রক্ম বদ্মাইদদের ছুই-দশ-টাকে কারু করিবার শক্তি রাখে।" স্থাসিনী আর কথা কহিল না—রামকান্ত গৃহতলস্থ জল দেখাইরা দিয়া বলিল, "এখন থুব জোয়ার আসিয়াছে—হুছ করিয়া ছরে জল আসিতেছে।"

স্থাসিনী লীলাকে দেখাইয়া বলিল, "এ মেয়েটী ত সাঁতার দিতে পারিবে না ?"

রামকান্ত লীলার নিকটস্থ হইয়া বলিল, "কোন চিন্তা নাই, আর্মি ইহাকে কোলে করিয়া সাঁতার দিব। এ মেয়েটী সম্পর্কে তোমার ভগিনী।"

স্থাসিনী বিশ্বিতভাবে বলিল, "ভগিনী! এ কাহার কস্থা ?" "গোপানের —এইজন্ট তামাদের ছইজনকে খুন করিতে চার।", "কে, কেন ?"

"সব পরে বলিব, এখন প্রাণে বাঁচিয়া এখান হইতে বাহির হইতে পারিলে হয়।"

"তবে এই সেই লীলা--আমি সব শুনিয়াছি।"

"পরে সমস্তই বলিব—এখন সাঁতার দিতে চেষ্টা কর।"

এই সময়ে জল প্রায় কটিদেশ-পর্য্যস্ত উঠিয়াছিল। রামকান্ত লীলাকে ক্রোড়ে তুলিয়া লইল°।

ক্রমে জল আরও বাড়িতে লাগিল। তখন রামকান্ত স্থহাসিনীকে সম্ভরণ করিবার জন্ম ইঙ্গিত করিয়া লীলাকে স্কন্ধে তুলিয়া লইল। তৎপরে সম্ভরণ আরম্ভ করিল। স্থহাসিনীকে বলিল, "জানালার দিকে এস—কোন ভয় নাই।"

স্থাসিনীও সম্ভরণে সুদক্ষা ছিল, সে-ও রামকান্তের পশ্চাতে পশ্চাতে সামালার দিকে চলিল।

যথা সময়ে গোবিন্দরাম গঙ্গার ঘাটে আসিলেন। তথন সন্ধা। হইয়া গিয়াছে, কিন্তু রামকান্তের এথন্তু দেখা নাই'। অনেক রাত্রি পর্যান্ত গোবিন্দরাম ঘাটে অপেক্ষা করিলেন, কিন্তু রামকান্ত আসিল না। কে জানে, সে কেন এত বিলম্ব করিতেছে? গোবিন্দরাম বড়ই ভাবিত হইলেন; নিশ্চিত বুঝিলেন যে, তাহার কোন বিপদ্ ঘটিয়াছে, নতুবা রামকান্ত যে তাঁহার সহিত দেখা করিবে না, ইহা কথনই হইতে পারে না।

গোবিন্দরাম চিস্তিত ও উৎকণ্ঠিতহাদয়ে বাসায় ফিরিলেন। স্বয়ং রামকান্তের অমুস্দান করিলে লোকে সন্দেহ করিবে, সমস্ত কাজও পশু হইতে পারে, এই ভাবিয়া তিনি সেই রাত্রেই কলিকাতায় ফিবিলেন। সেই রাত্রেই শ্রামকান্তের সহিত দেখা করিয়া তাহাকে সমুদয় বৃয়াইয়া বলিলেন; তাহার পর ভাহাকে রামকান্তের অমুসদ্ধানে সোদপুরে প্রেরণ করিলেন।

তাঁহার তাড়াতাড়ি কলিকাতার আসিবার আরও একটা বিশেষ কারণ ছিল। পরদিন তাঁহার সহিত ক্বতান্তের দেখা করিবার কথা ছিল; গঙ্গার ধাবে সেই বাগান-বাড়ীতে মাতালের সহিত কথা কহিয়া তাঁহার সন্দেহ বিশ্বাসে পরিণত হইয়াছিল; তাহাই তিনি এখন ক্বতান্তের সহিত দেখা করিবার জন্ত বাগ্র হইলেন।

তিনি রাত্রেই কলুটোলার।বাড়ীতে আসিয়া নবাব সাজিলেন। প্রাতেই মনস্ঠামের আসিবার কথা ছিল। ঘনস্ঠামই যে ক্কতান্ত এ বিষয়ে তাঁহার স্মার বিন্দুমাত্র সন্দেহ নাই। আভি প্রাতেই ঘনপ্রাস উপস্থিত হইলেন; নবাব তাঁহার বিশেষ
সমাদর করিয়া বসাইলেন। তৎপরে জিজ্ঞাসা করিলেন, "তাহার পর—
কতদুর কি করিলেন ?"

ঘন্ঞাম বলিলেন, "আপনার কার্য্যোদ্ধার করিয়াছি। নরেন্দ্রভূষণ বাবুর ওয়ারিসানের সন্ধান পাইরাছি।"

"ওয়ারিসান্ কেবল একজনই জ্ঞাছেন ?"

"কেবল একজনই আছেন, বলিয়াই ত এখন জানিতে পারিয়াছি— '
অস্তাম্ব সকলে জীবিত নাই।"

"ইনি কে ? কোথায় আছেন ?"

"ইনি কলিকাতার নিকটেই আছেন।"

"কোথায় আছেন ?"

"সোদপুরে—গঙ্গার উপরে একথানা বাগান-বাড়ীতে থাকেন। ইঁহার নাম শ্রামস্থলর, ইনি নরেক্রভূষণ বাবুর জ্যেষ্ঠা ভগিনীর দৌহিত্র।"

লোবিন্দরাম মনে মনে বলিলেন, "তবে আমার ভূল হয় নাই—এই 'অপদার্থটাকে হাত করিয়া ছরায়া সমস্ত টাকা নিজেই আয়ুসাৎ করিবার চেষ্টায় আছে।" পরে প্রকাঞ্চে গুজীরভাবে বলিলেন, "তাহা হইলে নরেক্রভূষণ বাব্র ইনিই একমাত্র ওয়ারিসান্—আর কেহ নাই। ইহাকে এ সম্পত্তির কথা বা আমার কথা বলিয়াছের ?"

"না, এখনও কিছু বলি নাই।"

"তবে আর ইঁহাকে বলিতে বিলম্ব করা কর্ত্তব্য নয়। আমিও মে ভাঁহাকে যথেষ্ট টাকা দিব, তাহাও বলিবেন; তবে নরেক্সভূষণ বাব্র ভান্ত ওয়ারিসান্ থাকিলে আমি আরও সম্ভষ্ট হইতাম।"

"আমি কাল ইঁহাকে আপনার কাহে লইয়া আ**সিব।**"

"ভাহা হইলে আজই সোদপুরে ষাইতেছেন ?"

"হাঁ, আজ বৈকালে গিয়া তাঁহাকে সকল কথা বলিব, কাল সঙ্গে করিয়া আনিব।"

এই সময়ে তথায় আর এক ব্যক্তি উপস্থিত হইল। তাহার ছারবেশসত্ত্বেও গোবিন্দরাম তাহাকে দেখিবামাত্র, চিনিলেন, সে রামকাস্ত। ঘনশ্রামবেশী, ক্বতাস্ত তাহাকে চিনিল কি না, তাহা গোবিন্দরাম বুঝিতে পারিলেন না। ক্বতাস্তও উঠিয়া দাড়াইয়াছিলেন; নবাব সাহেবকে সেলাম করিয়া সহাস্তবদনে বিদায় হইলেন।

তিনি গৃহ হইতে বাহির হইতে-না-হইতে রামকাস্ত_ৰ বলিয়া উঠিল, "ওকে যেতে দিবেন না।"

েগোবিক্রাম বলিলেন, "এখনও সময় হয় নাই—কাল সদলে জালে। পড়িবে।"

"আপনি জার্নেন না—সব কথা; এ লোক কাল সুহাসিনী, লীলা আর আমাকে তিনজনকেই ডুবাইয়া মারিবার চেষ্টা করিয়াছিল। ভগবান্ই আমাদের রক্ষা করিয়াছেন।"

"मिकि? সব वन।"

রামকাস্ত বলিতে লাগিল—গোনিন্দরাম কিয়দংশ শুনিয়া বলিলেন, "ইহারা তোমাদের আট্কাইয়া রাথিয়াছিল কেন ? লীলা ও স্থাসিনী জীবিত থাকিলে ত ইহাদের উদ্দেশ্য পূর্ণ হইত না।"

্ৰু জীবিত থাকিত না—জলে ডুবিয়া মরিত; তাহার পর রাত্রে মৃতদেহ ছুইটা রেল লাইনে ফেলিয়া আসিত।"

"যাহা হউক, এখন তাহারা কোথায় ?"

"আমি তাহাদের স্ক্লে করিয়া আনিয়া, এখন বরাহ-নগরে রাখিয়া আসিয়াছি।"

"কিরূপে বাহির হইলে ?"

"জলে ঘর পূর্ণ হইলে সাঁতরাইয়া জানালা দিয়া বাহির হইয়া আসিলাম। একেবারে গঙ্গায় আসিয়া পড়িলাম, সাঁতরাইয়া তীরে উঠিয়া একেবারে বরাহনগরে—বেটারা এতক্ষণ জানিতে পারিয়াছে— আপনি ইহাকে ছাড়িয়া দিয়া ভাল করিলেন না।"

"কাল ইহাদের সদলে ধরিব। এখন প্রমাণ যথেষ্ট পাওয়া গিরাছে, ইহারাই বিনোদিনীকে খুন করিয়াছে, ইহারাই লীলা ও স্কলাসিনীকে খুন করিবার চেষ্টা করিয়াছিল, ইহারাই মাতালটার সঙ্গে মিলিয়া নরেক্রভূষণের টাকা পাইবার চেষ্টা পাইতেছে; এখন স্থরেক্র খালাস পাইবে, কালই ইহারা ধরা পড়িবে।"

"কুতান্ত সেথানে গিয়া যথনই দেখিবে যে, আমরা পলাইয়াছি, তথনই সে সদলে সরিয়া পড়িবে।"

"এ কথাও ঠিক, আমাদের আর দেরী করা উর্চিত নয়।"

"তবে কি করিতে বলেন ?"

• "চল—এথনই পুলিসে সংবাদ দিয়া সোদপুরে গিয়া ইহাদের গ্রেপ্তার করি। ইহারা পলাইলে সব কাজ পণ্ড হইবে।"

"তাই চলুন, আর দেরি করিতবন না।"

তথন তাঁহারী উভয়ে ছন্মবেশ পরিত্যাগ করিয়া লাশবান্ধারের পুলিস-আফিসের দিকে চলিলেন। তথায় আসিয়া বড় সাহেবের সহিদ দেখা করিলেন।

সাহেব সবিশ্বয়ে বলিয়া উঠিলেন, "আপনি এখানে !"

গোবিন্দরাম বলিলেন, "হাঁ, আমি রামকাস্তকেও সক্ষেত্রানিয়াছি।"

"আপনি জানেন বে, পুলিস আপনাদের ছইজনকেই অন্নসন্তান করিতেছে ?" ূঁহাঁ জানি, আপনি সকল ভনিলে আর এ কথা বলিতেন না। আমার পুত্র যে নির্দোষী, তাহা আমি সপ্রমাণ করিতে আসিয়াছি।"

সাহেদ কিয়ৎক্ষণ বিশ্বিতভাবে তাঁহার মুখের দিকে চাহিয়া রহিলেন। গোবিকরাম বলিলেন, "আপনি মনে করিতেছেন যে, এখন প্রমাণ প্রয়োগ রুথা।"

"हां, পরশ্বः ফাঁদী হইবে।"

"তাহাও জানি, কালই খুনীদের ধরাইয়া দিব—সেইজন্ত আপনার কাছে আসিয়াছি। সহজ লোকের সহিত কাজ নহে, তাহাই এতদিম কিছু করিতে পারি নাই।"

"সহজ লোক নহে—কে সে ?"

"নিজে কুতান্ত।"

সাহেব মৃত্হান্ত করিলেন; তৎপরে ধীরে ধীরে বলিলেন, "আমি জানিতাম, আপনি ক্বতান্তের ক্ষমেই এ খুনের দার চাপাইবেন। আপনি আমাদের পুরাতন কর্মচারী, স্বতরাং আপনার ক্রটি ধরিব না। আপনি কি করিয়াছেন, কি না করিয়াছেন, সব আমরা জানি।"

গোবিন্দরান বিশ্বিভভাবে বলিগেন, "আপনারা জানেন! কি দোনেন ?"

"এই নবাব প্ৰভৃতি সাজিৰার কথা।"

শ্হাঁ, ভাহা ত ছেলেকে নির্দোষী সুপ্রমাণ করিবার জন্ত।"

"আপনি কুতাত্ত্বের প্রতি যেরূপ দৃষ্টি রাধিরাছিলেন, তাহাও আমরা হব শানি।"

"আপনি তাহাকে সাবধান করিয়া দেন নাই <u>?"</u>

^{क्}जामत्रा जाशनात्र मक नहे।*

শক্ষানি আপনার নিকটে বিশেব কুড্জ রহিলাম।"

"ছঃথের বিষয়, আপনি এত কুরিয়াও প্তকে রক্ষা করিতে • পারিলেন ুনা।"

"আমি তাহাকে রক্ষা করিয়াছি। আমি সপ্রমাণ করিব বে, ক্বতান্তই সেই স্ত্রীলোককে—বিদ্রোদিনীকে খুন করিয়াছে।"

"वनून, मव अनि।"

"সংক্ষেপেই আপনাকে সব বলিতেছি। আপনি জানেন যে, ক্বতান্ত কোন সম্পত্তির এক ওয়ারিসানের অহুসন্ধান করিতেছিল।"

"হাঁ, নরেক্সভূষণ বাবুর সম্পত্তি। এ বিষয়ে সে কিছুই গোপন করে নাই; সম্প্রতি সে আমাকে বলিয়াছে যে, একজন ওয়ারিসানকে খুঁজিয়া বাহির করিয়াছে।"

"সে তাহাকে অনেকদিন পাইয়াছে, তাহাকে হাত করিয়া এ সম্পত্তি
নিজে গ্রাস করিবার চেষ্টায় ছিল। নরেক্রভূবঁণের আরও তিনজন
ওয়ারিসান্ আছে, তাহার মধ্যে একজন এখন আর নাই। সে বিনোদিনী

--জাহাকে ক্বতান্ত খুন করিয়াছে।"

"कि ! এই विट्नामिनी नदतक्क्च्यर्थत अवातिमान ?"

"হাঁ, আরও ছইজন আছে—ইহাদের তিনজনকেই হত্যা করিয়া কৃতান্ত সম্বন্ত টাকা গ্রাস করিবার চেটায় ছিল। তাহার পর অঞ্চ ওয়ারিসান্ বরাহ-নগরে, নাম অহাসিনী—যাহার সহিত আমার প্রের বিবাহ স্থির হইয়াছে।"

"এ সকল আপনি প্রমাণ করিতে পারিবেন **?**"

"প্রমাণ সংগ্রহ না হইলে এ সকল কথা আপনাকে বলিতাম না।"

"অন্ত ওয়ারিসান্ কে ?"

"हुन्स्त्र-मश्दत्रत्र शर्वाचिमान (शाशात्मत्र क्छा-नीमा।"

"नीना । य नीना प्रति शिद्धारक १"

্শ্রা, কতান্তই তাহাকে লইয়া গিয়াছিল, একবার চন্দন-নগরে রেল লাইনে টাকা ছড়াইয়া ইহাকে হত্যা করিবার চেষ্টা করিয়া। ছিল; আর একবার দম্দমায় ইহাকে চুরি করিবার চেষ্টা করিয়া সফল হয় নাই; তাহার পর ইহাকে চুরি করিয়া লইয়া ক্সিয়া সোদপুরের বাগানে আটিকাইয়া রাথিয়াছিল।"

"ইহা কি সব সতা ?"

"প্রমাণ না পাইলে আপনাকে বলিতাম না। ক্বতান্ত স্থহাসিনীকেও চুরি করিয়া সেইখানে লইয়া গিয়াছিল। তুইজনকেই ডুবাইয়া মারিবার চেষ্টায় ছিল, কেবল রামকান্তই তাহাদিগকে রক্ষা করিয়াছে। এই বাড়ীতেই নরেক্রভূষণের ওয়ারিসান্ ভাামস্থলরকে রাধিয়াছে, সে অপদার্থ— মাতাল—ক্বতান্তের হাতের পুতুল।"

"প্রমাণের কথা বলুন।"

' "স্থহাসিনী ও লীলাকে ডাকিয়া পাঠান। এই শ্রামস্থলরকে গ্রেপ্তার করিয়া আম্বন। আমার বিশ্বাস, এই বাড়ীতে বিনোদিনীর সেই নির্কনিষ্টা 'দাসীও থাকে, সে-ও ধরা পড়িবে।"

রামকান্ত বলিল, "এখানে একটা জীলোক ও একটা পুরুষ আছে, ইহারা এই বাড়ীর দাসী—ইহাদের গ্রেপ্তার করিলে সকল কথা প্রকাশ হইরা পড়িবে। ইহারাই স্থহাসিনী আর লীলাকে খুন করিবার চেষ্টা করিয়াছিল। আমার দফাও প্রায় রক্ষা করেছিল, অনেক কষ্টে রক্ষা পাইয়াছি।"

বড় সাহেব চিন্তিতভাবে গোবিন্দরামকে বলিলেন, "আপনার কথা অবিশ্বাস করিতে চাহি না, নিশ্চরই আপনি প্রমাণ পাইয়াছেন।"

গোবিন্দরাম সগর্বে বলিলেন, "ইহারা ধরা পড়িলে আঁপীক্লিও সকল শ্রমাণ পাইবেন।" "আছো, আপনার কথার নির্ভর করিয়া ইহাদের গ্রেপ্তারের বন্দোবন্ত কুরিতেছি—তবে আপনি কি একবার আপনার পুত্রের সহিত দেখা করিছে চাহেন ?"

"দেখা করিতে চাহ্নি, এ কথা আপনি জিজ্ঞাসা করিতেছেন ? ইহাদের ধরিয়া আনি, তাহার পর দেখা করিব—তাহাকে থালাস করিব।" দাহেব বলিলেন, "বরং এখন একবার দেখা করিবেন, চলুন।"

86

গোবিন্দরাম পুত্রের সহিত দেখা করিবার জন্ম ব্যাকুল হইয়াছিলেন, সেইলন্ম এ প্রস্তাবে আপত্তি করিলেন না। ছই-এক ঘণ্টা দেরিতে ক্বতান্ত ও তাহার দল তাঁহার হাত হইতে পলাইতে পারিবে না; বিশেষতঃ স্থামকান্তকে তাহাদের পাহারার পাঠাইয়াছেন, তবুও আবার তৎক্ষণাৎ রামকান্তকে য়োদপুরে পাঠাইলেন। তাহাকে বলিয়া দিলেন, জেল হইতে কিরিয়া তিনি সাহেবের সহিত্ত-যত শীঘ্র পারেন, সোদপুরে উপস্থিত হইবেন।

গোবিন্দরাম সাহেবের সহিত জেলে আসিলেন। ফাঁসীর আসামীদিগের ঘর জেলের একপার্দে স্থাপিত। সেইদিকে আসিয়া সাহেব
বলিলেন, "যদি ইচ্ছা করেন, আপনি একাকী দেখা করিতে পারেন—
তবে দেখিবেন——"

গোবিল্রাম বাধা দিয়া বলিয়া উঠিলেন, "না—না—আপনিও থাকিবেন, জামি জানি, সে নির্দোষী; স্থতরাং আমি কোন ভয় করি না।" সাহেও কোন কথা না কহিয়া সঙ্গে সঙ্গে চলিলেনী। বৈ প্রকোঠে ইরেক্রনাথ অবক্রম ছিলেন, একজন প্রহরী তাহার লৌহহার সম্প্র্ পুলিয়া দিল। গোবিন্দরাম দেখিলেন, হাতে হাত-কড়ী ও পারে বেড়ী পরিয়া স্থরেক্রনাথ বিমর্বভাবে এককোণে নীরবে বিষয়া আর্ছেন।

স্বরেক্রনাথ পিতাকে দেখিয়া উঠিয়া দাঁড়াইলেন। তাঁহাকে এ অবস্থায় দেখিয়া গোবিন্দরাম অশ্রু সম্বরণ করিতে পারিলেন না; কিন্তু স্বরেক্রের চোখে জল নাই।

গোবিন্দরাম বলিলেন, "আমি তোমাকে রক্ষা করিতে আসিয়াছি।
আজ তুমি নির্দোষ সপ্রমাণ হইবে।"

স্থরেক্রনাথ রুদ্ধপ্রার কঠে বলিলেন, "বাবা আমি ত নির্দোষ নই।"

' 'গৌবিন্দরাম ব্যগ্রভাবে বলিলেন, "এ কথা বলিয়ো না, আমি
বিনোদিনীর খুনীকে বাহির করিয়াছি, সে তোমার সর্বানাশ করিবার
ক্ষা যথাসাধ্য করিয়াছে, সে আর কেহ নহে—সে রুতান্ত।"

স্থরেন্দ্রনাথ বিশ্বর-বিক্ষারিতনেত্রে চাহিরা বলিলেন, "কৃতান্ত !"
"হাঁ, কৃতান্ত —কৃতান্ত বিনোদিনীকে জানিত।"
"আমিও ইহাকে জানিতাম।"

এই কথা শুনিরা সাহেব স্থরেজ্ঞনাথের নিকটন্থ হইলেন। তাঁহাকে লক্ষ্য করিরা স্থরেজ্ঞনাথ বলিলেন, "আমি মরিতে প্রস্তুত হইরাছি, শুজরাং সমস্ত কথা এখন বলিতে পারি।" তৎপরে তিনি পিতার নিকে চাহিরা যলিলেন, "সকল শুনিলে হর ত আপনি আমার এই মৃত্যুকালে আমাকে ক্ষমা করিতে পারেন।"

গোবিন্দরাম ব্যাক্লম্থে বলিলেন, "তবে কি আনারই ভূল ?"
হুর্নের দৃচ্ভাবে বলিলেন, "আমি অনেক দ্র পর্যন্ত মিধ্যাক্ষা
হুনিরাহি, আর মিধ্যাক্ষা বলিব না , সকল কথা আৰু সাসস্টিক্ষ

পুলিয়া বলিক। আমিই পুনের পরদিন রাজে বাগবাজারের বাড়ীতে গিয়াছিলাম; বিনোদিনীর ছবি সে নিজে আমাকে দিয়াছিল, তবে সে পে খুন হইয়াছে, আমি তথনও তাহা জানিতাম না।"

গোবিন্দরাম ব্যঞ্জাবে বলিয়া উঠিলেন, "তাহা হইলে আমি ঠিক জানি, তুমি তাহাকে খুন কর নাই।"

স্থরেক্সনাথ বলিলেন, "আমি ছেলেবেলার এক সময়ে এই বিনোদিনীকে চিনিতাম—তাহার পর তাহার কথা ভূলিয়া গিয়ছিলাম; দে
স্থামাধব রায়ের রক্ষিতা হইয়াছিল। আমার সঙ্গে ইহার অনেক কাল
দেখা-সাক্ষাৎ নাই। কয়েক মাস হইল, হঠাৎ একদিন ইহার সহিত আমার
দেখা হয়; আমি চলিয়া যাইতেছিলাম, কিন্তু ইহার কাকুতি-ক্ষিতিতে
ইহার বাড়ীতে গেলাম। তখন শুনিলাম, যদিও এ স্থামাধব রায়ের
আশ্রেম আছে, তব্ও একজন তাহার উপরে বড় অত্যাচার করিতেছে।
তাহার হাত হইতে তাহাকে রক্ষা করিবার জন্ত সে আমাকে অনেক
স্ক্রেন্য-বিনর করিল।"

গোবিন্দরাম বলিলেন, "আমরা জানিরাছি, কেম সে খুন-ছইরাছে।"

স্থানক্রনাপ বলিতে লাগিলেন, "আমি মধ্যে বধ্যে ভাষার সহিত দেখা করিতে সম্মত হইলাম। মধ্যে মধ্যে তাহার কাকৃতি-মিনতিপূর্ণ পত্র পাইরা ভাষার সঙ্গে বাধ্য হইরা দেখা করিরাছিলাম। এই স্থানমাধ্বও আমাকে দেখিতে পার, ইহাতে সে ঈর্বার উন্মত্তপ্রার হইরাছিল, তবে আমাকে কিছু বলে নাই। একদিন বিনোদিনী আমাকে জাের করিরা তাহার একখানা ছবি দিরা বলিল, 'আমি বেশীদিন বাঁচিব না, এখানা থাকিলে তুর্ও আমার কথা ভাষার বলে পড়িবে।' আমি

প্রতিজ্ঞা-পালন।

42Pr

একটা লোক তাহাকে বছদিন হইতে কষ্ট দিতেছে; এমন কি, তাহাকে খুন করিবার ভয় দেথাইয়াছে।"

গোবিন্দরাম জিজ্ঞাসা করিলেন, "এই লোকটা কি বিনোদিনীর বাড়ীতে তোমায় দেখিয়াছিল ?"

্ শ্বরেন্দ্রনাথ বলিলেন, "দেথিয়াছিল কিনা বলিতে পারি না। তবে বিনোদিনীর দাসী ইহার করতলগত ছিল; স্বতরাং সে নিশ্চয়ই তাহাকে আমার কথা বলিয়াছিল।"

গোবিন্দরাম বলিলেন, "তাহা হইলে সে-ই বিনোদিনীকে খুন করিয়া তোমার স্বন্ধে খুনের দায় চাপাইবার জন্ত সমস্ত আয়োজন করিয়াছিল ?"

স্বরেক্সনাথ কহিলেন, "হাঁ, এই লোকই বিনোদিনীকে খুন করিয়াছিল।"

গোবিন্দরাম সাহেবের দিকে ফিরিয়া বলিলেন, "আপনি গুনিলেন।"
সাহেব বলিলেন, "হৃঃথের বিষয়, আদালতে তুমি এ সকল কথা
"কিছুই বল নাই—এ লোকটার নাম বোধ হয়, তুমি গুনিয়া ধাকিবে।"

স্থরেক্সনাথ বলিলেন, "হাঁ, ইহাকে কথনও দেখি নাই বটে, কিন্তু ইহার নাম বিনোদিনীর কাছে শুনিয়াছিলাম—ইহার নাম কতান্ত।"

গোবিন্দরাম সাহেবকে আবার সবেগে বলিয়া উঠিলেন, "শুনিলেন ?" স্থেরেক্সনাথ বিমর্থভাবে বলিলেন, "আমি বিনোদিনীকে খুন করি নাই বটে—তথাপি আমি খুনী—আমি বাঁচিতে ইচ্ছা করি না।"

গোবিন্দরাম ও সাহেব উভরেই সমন্বরে বিশ্বিতভাবে বলিয়া উঠি-লেন, "তুমি খুনী! তবে তুমি কাহাকে খুন ক্রিয়াছ ?" স্থাবেজ্বনাথ দৃঢ়ন্বরে বলিলেন, "স্থামাধব রায়কে।"



89

সাহেব বলিলেন, "ইহী খুন স্বীকার করা হইতেছে, আমি তোমাকে প্রথমেই সাবধান করিয়া দিতেছি।"

স্থুরেন্দ্রনাথ বলিলেন, "সাবধান হইবার আবশ্রকতা নাই—আমি খুন করিয়াছি, স্থুতরাং আমি মরিতে প্রস্তুত আছি।"

গোবিন্দরাম অস্পষ্টস্বরে বলিলেন, "তবে সতাই ?"

সাহেব বলিলেন. "যদি ইচ্ছা কর, কি ঘটিয়াছিল বলিতে পার।"

স্বরেক্তনাথ বলিতে লাগিলেন, "আমি খুনের দিন প্রায় রাত্রি দশটার সময় বিনোদনীর সঙ্গে দেখা করিতে যাই—দেখি, তাহার বাড়ীর দরজা থোলা রহিয়াছে—ভিতর হইতে আলো দেখা যাইতেছে—আমি ভিতরে প্রবেশ করিয়া বসিবার গৃহে আসিয়া দেখিলাম, তথায় স্থামাধব বসিয়া মদ থাইতেছে; সে আমাকে দেখিবামাত্র বাবের মত লাফাইয়া আমাকে আক্রমণ করিল—একখানা ছোরা বাহির করিয়া আমার বুকে বসাইতে চেষ্টা করিল। আমি হুর্বল নহি, নতুবা সে আমাকে নিশ্চয়ই খুন করিত; আমি নিক্রপায় হইয়া ভাহাকে সবলে দ্রে ঠেলিয়া দিলাম; তাহার মাথাটা সেইখানে এক পাথরের টেবিলে আঘাতিত হইল, টেবিল ও সে হুই-ই ভূমিসাৎ হইল। সে পড়িয়া আর নড়ে-চড়ে না দেখিয়া আমি তুলিতে গেলাম—কিন্তু তাহার বিকট চাহনি দেখিয়া ব্রিলাম, সে মরিয়াছে; তথন আমি ভরে উদ্ধ্যাসে তথা হইতে পলাইলাম।"

সাহেব জিজ্ঞাসা করিলেন, "বিনোদিনীর সহিত দেখা করিলে না ?" স্থ্যেক্সনাথ কহিলেন, "না, আমি সে বাড়ীতে আর এক মুহুর্ত্তও ছিলাম भা। সেদিন সে রাত্রিটা কিরপে কাটাইরাছিলাম, তাহা অন্তর্যামী ভগবান জানেন। কতবার ভাবিলাম, হয় ত লোকটা মরে নাই, কেবল অজ্ঞান হইয়াছিল। সে বাঁচিয়া আছে কি না, আর বিনোদিনীই বা কোথায়, ইহা জানিবার জন্ত আর্মি পরদিন প্রায় বারটা রাত্রে দেই বাড়ীতে গেলাম; দেখি বাড়ীতে কেহ নাই—অথচ দরজা খোলা—আমি বিনোদিনীর শয়ন-গৃহে গিয়া তাহাকে ডাকিলাম, তাহার পর বাহা হইয়াছিল, আপনারা সকলই জানেন।"

সাহেব বলিলেন, "আদালতে এ সব কথা বলা তোমার উচিত ছিল;
তুমি আত্মরক্ষা করিবার জন্ম স্থামাধবকে দ্রে ফেলিয়া দিয়াছিলে;
তাহাতে তাহার মাথায় আঘাত লাগিয়া তাহার মৃত্যু হইয়াছিল; এ
অবস্থায় কথনই তোমার ফাঁদীর ছকুম হইত না।"

"আমিই তাহাকে খুন করিয়াছি, স্থতরাং আমার দণ্ড আমিই লইব; আমি কাহারও উপরে দোষ দিই না; দোষ আমার অদৃষ্টের। স্থহাসিনী ভাবিত, আমি খুনী——"

ত্রাবিন্দরাম বলিলেন, "দে এ কথা ভাবিত না—ইহারা তাহাকেও পুন করিবার চেষ্টা করিয়াছিল।"

স্থরেন্দ্রনাথ বলিয়া উঠিলেন, "সে কি! তাহাঁকে খুন করিতে চাহিনাছিল ? সে কে—কেন ?"

গোবিন্দরাম বলিলেন, "নে সব পরে বলিব, এখন আর সময় নাই;
এখন তৎপর না হইলে বদুমাইসগণকে গ্রেপ্তার করিতে পারিব না।"

় সাহেবও এ প্রস্তাবে অমুমোদন করিলেন। তথন উভরে সহর জেল হইতে বাহিরে আসিলেন।

বাহিরে আসিরা গাড়ীতে উঠিরা গোবিলরাম সাহেবকে বিজ্ঞাসা ক্ষিত্রেক, "এখনও কি আসনি ক্ষেক্তকে লোবী মুন্দে ক্ষেন**্**'

সাহেব বলিলেন, "আমার বিশ্বাস হইয়াছে, আপনার পুত্র স্ত্রীলোকটাকে ধুন করে নাই।"

"তাহার পর অপরটা টেবিলে পড়িয়া মাথায় আঘাত লাগায় মরিয়াছে।"

"দেটা প্রমাণ সাপেক্ষ।"

"এ বিষয়ে সে মিথ্যাকথা বলিবে কেন ?"

"না বলাই সম্ভব, তবে এতদিন গোপন করাই সন্দেহজনক হইয়াছে।"

"যাহা হউক, ক্লতাম্ভ ও তাহার দল ধরা পড়িলেই আপনি সকল ব্যাপার জানিতে পারিবেন।"

"আপনি বলিতেছেন বটে, তাহারাও আত্মসমর্পণ করিবে-সকল কথা অস্বীকার করিবে—তাহাদের বিরুদ্ধে প্রমাণ চাই—দেই হাবাকে পাওয়া যায় নাই-এ সমস্ত বিষয়ের জন্ম সময় আবশ্রক।"

["]হাঁ, তাহা নিশ্চয়।"

"তাহা হইলে সময় কোথায় ? পরশঃ সকালে ইহার ফাঁসী ছইবে—" ফাঁদী বন্ধ করিবার উপায় কি ?" '

"লাটসাহেবকে টেলিগ্রাফ করিলে হইতে পারে।"

"প্রমাণ চাহি—অনর্থক টেলিগ্রাফ করিলে কি ফল হইবে <u>?"</u>

গোবিন্দরামের বুক দমিয়া গেল, তিনি হতাশভাবে বলিলেন, "তবে উপায় গ"

সাহেব বলিলেন, "আমার ক্ষমতায় যাহা সম্ভব, তাহা সমস্তই আপনার জ্ঞু আমি করিতে প্রস্তুত আছি।"

"আমি নিজেই কুতান্তকে সদলে গ্রেপ্তার করিয়া আনিব।"

"আমার করজন স্থান্দ গোক আপনার সঙ্গে দিতেছি ^৷"

"তাহা হইলেই হইবে, ভগবান্ আমার সহায়।"

শ্যান্, ভগবান্ আপনার পুত্রকে রক্ষা করুন, ইহাতে আমরা সকলেই বিশেষ স্থী হইব।"

জেল হইতে ফিরিয়া পুলিসের লোক সংগ্রহ্ধ করিতে গোবিন্দরামের জনেক বিলম্ম হইয়া গেল। গোবিন্দরাম লোকজন লইয়া গাড়ী করিয়া সোদপুরের দিকে প্রস্থান করিলেন। সন্ধ্যার প্রাকালে তাঁহারা সকলে সেই বাগান-বাড়ীর নিকটবর্ত্তী হইলেন।

89

গোবিন্দরাম যাহা করিবেন, তাহা সমস্তই মনে মনে আগে হইতে স্থির করিয়াছিলেন, স্থতরাং ভাঙা বাড়ীর নিকটে আসিয়াই সেইরূপ কার্য্য আরম্ভ করিলেন। পুলিদের লোক দিয়া সর্ব্বাগ্রে বাড়ীটার চারিদিক্ বিরিয়া ফেলিলেন। খ্রামকাস্ত ও রামকাস্ত উভয়েই পূর্ব হইতে বাড়ীর পাহারার ছিল, এক্ষণে তাহারা গোবিন্দরামকে দেখিয়া নিকটে আসিল।

সেই বদ্জাত মাগীটা ছিল, যে ঘরের নীচেকার গহরের রামকাস্ত, লীলা ও স্থহাসিনীকে ফেলিয়া দিয়াছিল; তাঁহারা প্রথমে সেই ঘরটা অমুসন্ধান করা আবশুক বিবেচনা করিলেন।

এই দর্টী বাড়ীর পশ্চাতে—একটু দূরে অবস্থিত—সম্ভবতঃ পূর্ব্ব পোশালা ছিল। তাঁহারা এই গৃহে আদিলেন। ঘরের দার খোলা— ভিতরে কেহ নাই।

ভাহারা ঘরটা বিশেষরূপে দেখিয়া কোন কিছুই দেখিতে পাইলেন না। যে ছার দিয়া ভাহারা রামকাস্তকে ফেলিয়া দিয়াছিল, ভাহা খোলা পড়িয়া আছে—লম্বা দড়ীও কুরা হইতে ঘটী তুলিবার একটা বড় কাঁটা ুপড়িয়া আছে, উকি মারিয়া তাহারা দেখিলেন, ভিতরে জল নাই।

তথন রামকাস্ত বলিল, "যাহা ঘটিয়াছে, তাহা আমি স্পষ্ট বুঝিতে পারিতেছি; ক্বতাস্ত, আপনার সহিত দেখা করিবার জন্ম ঘনশ্রাম হইয়া কলিকাতায় গেলে, ইহারা আমাদের মৃতদেহ জল হইতে তুলিবার জন্ম এই কাঁটা ফেলিয়াছিল, তাহার পর জল ভাটায় বাহির হইয়া গেলে এই অন্ধকুপের ভিতরে কিছুই দেখিতে না পাইয়া বুঝিয়াছে যে, আমরা পলাইয়াছি, ক্বতাস্ত আসিয়া এ কথা শুনিয়াছে, স্ক্তরাং সকলেই তথনই অন্তর্হিত হইয়াছে; তবে আশ্চর্য্যের বিষয়, কির্মপে পলাইল, আমরা তাহার কিছুই জানিতে পারিলাম না।"

গোবিন্দরাম ক্রমনে বলিলেন, "এই রকমই হইয়াছে, আর এথানে সময় নষ্ট করা বৃথা—বাড়ীটা দেখা যাক্।"

তাহারা সম্বর সেই বাড়ীর দিকে চলিলেন। দরজা জানালা সমস্ত থেলা, এ বাড়ীতে কেহ আছে, তাহা বাহির হইতে বুঝিতে পারা যায় না। গোবিন্দরাম বলিলেন, "এত করিয়াও এই ছ্রাত্মাদের ধরিতে পারিলাম না, এত করিয়াও স্থরেক্রকে বাঁচাইতে পারিলাম না।"

সহসা একটা খারে ঢুকিয়া রামকাস্ত একবার বিশারস্চক শব্দ করিয়া উঠিল; সকলে "ব্যাপার কি !" বলিয়া সেইদিকে ছুটলেন। দেখিলেন, শ্যামস্থলর মাতাল অবস্থায় অজ্ঞান হইয়া পড়িয়া আছে।

তাহার নড়িবার বা উঠিবার ক্ষমতা নাই। ইহাকে দেখিয়া গোবিন্দ-রামের হৃদয় আনন্দে পূর্ণ হইল; তিনি বলিলেন, "অন্ততঃ একটাকে পাওয়া গিয়াছে—দেখা যাক্, ভগবান্ কি করেন ?"

এক ব্যক্তিকে শ্রামস্থলরের পাহারার রাখিয়া গোবিন্দরাম সদলে ভখন নীচের সমস্ত খর অমুসন্ধান করিয়া উপরে চলিলেন। উপরের খরে

কেছ নাই; ত্রিতলে আসিয়া দেখিলেন, সিঁড়ীর মরের পার্ষে একটি ছোট ঘর আছে, স্পষ্টই ব্রিতে পারা যায়, এই ঘরে একটি স্থীলোক থাকিত ভাহার চুল বাঁধিবার উপকরণাদি তথনও গৃহতলে এরপভাবে পড়িয়া আছে বে, দেখিয়া বোধ হয়, চুল বাঁধিতে-বাঁধিতেই সে পলাইয়াছে।

রামকান্ত একথানা থাম তুলিয়া লইয়া বলিলেন, "এই ত কৃতান্তের নাম।"

প্রক্লতই এই খামের উপর ক্লতান্তের নাম ঠিকানা ছিল। তাঁহার।
সেই ঘনখামের নামে লিখিত ছই-একখানা খামও পাইলেন। শেবে
বিনোদিনীর একখানা পত্রও পাইলেন। সেই পত্রে সে তাহাকে
অনেক কাঁদাকাটি করিয়া তাহার প্রতি অত্যাচার করিতে নিষেধ
করিয়াছে।

রামকাস্ত বলিল, "আর প্রমাণ কি চাই—তবে পাখী উড়িয়া 'গিয়াছে।"

গোবিন্দরাম বলিলেন, "নিশ্চরই বেশীদ্র পলাইতে পারে নাই— ধরিতে হইবে।"

"কলিকাতায় নিশুর যায় নাই।"

"ষ্টেশনে স্টেশনে এখনই টেলিগ্রাফ করিলে ধরা পড়িবে।"

· "তাহা হইলে আর দেরি করিবেন না।"

"আমি হাবাটাকেই চাই, নিশ্চর তাহাকেও তাহারা সলে করিয়া। শইরা গিয়াছে, অথবা কোথার আটকাইরা রাথিয়াছে—যাহা হউক, তুমি এখনই গিয়া সাহেবকে সংবাদ দাও, আমরা যাহা যাহা এখানে পাইরাছি, সব তাঁহাকে বলিয়ো; বাহাতে ফাঁসী স্থগিত থাকে, তাহা করিতে বেন জ্ঞান্ত করেন না। একছিন ফাঁসী স্থগিত থাকিলে আমি নিশ্চরই স্থরেক্রকে ক্লান্ত পারিব।" রামকান্ত বলিল, "আমি এখনই চলিলাম—এ অবস্থায় নিশ্চয়ই ফীদী স্থগিত থাকিবে।"

গোবিন্দরাম এখন স্পষ্টই বুঝিলেন, ক্বতাস্ত পলাইয়াছে—সে যেক্পপ ধূর্ব্ব, তাহাতে তাহাকে ধ্রা সহজ হইবে না; অথচ আর সময় নাই—এক-দিন মাত্র, একদিনের মধ্যে সে কি ধরা পড়িবে ?

তিনি বাড়ীতে পাহার। রাখিয়া বাহিরে আসিলেন। সহসা দূরে এক ব্যক্তির উপর তাঁহার দৃষ্টি পড়িল। এই লোকটীকে তিনি সেদিন গঙ্গাতীরে একটি যুবকের সহিত মন্দিরে প্রবেশ করিতে দেখিয়াছিলেন; সেইদিন হইতে ইহার উপর তাঁহার একটু সন্দেহ হইয়াছিল, লোকটির আক্লতি ব্যক্ষণ-পণ্ডিতের মত।

তাঁহাকে দেখিবামাত্র গোবিন্দরাম উর্দ্ধাসে ছুটিয়া তাঁহার নিকটস্থ হইলেন; বলিলেন, "মহাশয় কি একটা যুবকের দলৈ ঐ মন্দিরে পরখঃ গিয়াছিলেন ?"

. "हाँ, किन वनून मिथि।"

"আমার ছেলের জীবন আপনার কথার উপর নির্ভর করিতেছে।"

"সে কি—আপনি বলেন কি !"

"সে লোকটা কে ''

"একজন হাবা-কালা লোক।"

গোবিন্দরাম আনন্দে রুদ্ধপ্রায়কণ্ঠে বলিলেন, "আমিও তাহাই ভার্বিয়াছিলাম।"

রাহ্মণটা গোবিন্দরামকে পাগল স্থির করিয়া মৃত্ হাসিয়া চলিয়া বাইতেছিলেন, কিন্তু গোবিন্দরাম তাঁহার পথরোধ করিয়া দাঁড়াইলেন; বলিলেন, "মহাশয় আমাকে পাগল ভাবিতেছেন, আমি পাগল নই—ঐ ছাবা লোকটার উপরে আমার ছেলের জীবন নির্ভর করিতেছে।"

"আমি আপনার কথা কিছুই বৃঝিতে পারিতেছি না।"

. "উহার বিষয়ে আপনি কি জানেন ?"

"এই জানি যে, দে আমার কাছে কথা কহিতে ও লিখিতে শিথিতেছেঁ। আমি হাবাদিগকে শিথাইতে জানি।"

"কোথায় ইহার বাড়ী ?"

"ঐ বাগানে যে বাব্টী থাকিতেন, তাঁহারই লোক; কিন্তু আমার ভারি অহুগত, আমি দয়া করিয়া তাহাকে গোপনে ঐ মন্দিরে শিথাইতেছিলাম।"

"কিছু শিথিয়াছে ?"

ে "অনেক—এথন মনের ভাব বেশ প্রকাশ করিতে পারে—আপনি এ সকল কথা জিজ্ঞাসা করিতেছেন কেন ?"

"বাগবাজারে একটা স্ত্রীলোক খুন হইয়াছিল, এ কথা আপনি ভনিয়াছিলেন ?"

"হা, একটা নয় হটা।"

"আপনি আরও শুনিয়া থাকিবেন, এই স্থ্রীলোকের মুডদেহ এক হাবা লইয়া যাইতেছিল।"

"হাঁ, তাহাও শুনিয়াছিলাম বটে।"

"সেই হাবা নিক্লেশ হইন্নাছে, তাহাকে পাইলে আসামীর দণ্ড হইত না।"

🦼 "আসামী কি আপনার কেহ হ'ন্ ?"

"আমার ছেলে।"

' "আপনার ছেলে!"

শ্হাঁ, আপনি এখন তাঁহার প্রাণরক্ষা করিতে পারেন।"

"আমি ? সে কি ! আমি কি জানি ?"

"আপনাকে সকল কথা পরে বলিব। এ বাড়ীতে ক্নৃতাক্ত বলিয়া একটা লোক ছিল, সে-ই স্ত্রীলোকটীকে খুন করে; আপনি যে হাবাকে শিথাই-তেছেন, সেই হাবাই মৃতদেহটা লইয়া যাইতেছিল।"

"আপনি বলের কি! আমি কথনও ইহা দন্দেহ করি নাই।"

"আর একদিনের মধ্যে ইছাদিগকে ধরিতে না পারিলে আমার ছেলের ফাঁসী হইবে। এখন এই হাবা কোথায়, আমায় শীল্ল বলুন।"

"এই বাড়ীতে বাঁহারা ছিলেন, তাঁহারা আজ চলিয়া গিয়াছেন। বোধ হয়, সেই হাবাও তাঁহাদের সঙ্গে গিয়াছে; তবে সে আমার যেরূপ অনুগত, আমার কাছে বিদায় না লইয়া যাইবে না। কাল আমাকে বলিয়াছিল যে, রাজে তাঁহারা রওনা হইবেন; তাহা হইলে,বোধ হয়, এখানে কোথায় গিয়াছে—এখনই আদিবে।"

"তাহা হইলে আপনি মনে করেন, সে নিশ্চনই একবার আসিবে ?"

"আমার সঙ্গে দেখা না করিয়া যাইবে না। আমি ভাহার সঙ্গে দেখা করিবার জন্মই এদিকে এখন আসিয়াছি।"

এই সুময়ে একজন পাহারাওয়ালা আসিয়া বলিল, "তিনজন পুরুষ ও ছইজন স্ত্রীলোক বাড়ীটার ভিতরে প্রবেশ ফরিয়াছে।"

গোবিন্দরাস বলিয়া উঠিলেন, "ভাহারা ত ভোমাদের দেখিতে পায় নাই ?"

"না, আমরা সকলে ঝোপের আড়ালে লুকাইয়া আছি।" "বেশ, খুব সাবধান—আমি এখনই যাইতেছি।"

পাহারাওয়ালাকে বিদায় করিয়া দিয়া গোবিকরাম ব্রাহ্মণের দিকে ফিরিয়া বলিলেন, "আপনিই এখন আমার ছেলের প্রাণরক্ষা করিতে পারেন।"

"কিরূপে, বলুন।"

"আপনি হাবাকে জিজ্ঞাসা করিলে সে নিশ্চয়ই আপনাকে সকল কথা বলিবে—আপনার সাক্ষ্যেই আমার ছেলে রক্ষা পাইবে।"

"এরপ ব্যাপারে আমার অসমত হওয়া পাপ—আপনি বলিলে আমি সাক্ষ্য দিব।"

"আপনাকে আজই আমার দঙ্গে যাইতে হইবে।"

⁴যথন বলিবেন, তথনই যাইব—আমার দারা যদি একজনের প্রাণ রক্ষা হয়।"

"চিরকালের জন্ম আপনার কেনা হইয়া রহিলাম।"

ব্রাহ্মণের ঠিকানা জানিয়া লইয়া গোবিন্দরাম পুলিস-কর্মচারীদিগের কাছে গোলেন। তাহাদিগকে বলিলেন, "আমরা ভাবিয়াছিলাম, ছরাত্মারা পলাইয়াছে; তাহা নহে, পাঁচজন বাড়ীতে প্রবেশ করিয়াছে, একজন সেই বদ্মাইস মাগী—দ্বিতীয় বিনোদিনীর ঝী—অপর ছইজন ক্ষতান্তের অমূচর—আর অপর স্বয়ং ক্ষতান্ত। ইহাদিগের গ্রেপ্তার করিতে ছইবে—এখন হইতে সকলের প্রস্তুত হওয়া আবশ্রুক; এরূপ লোক্ মহজে ধরা দিবে বলিয়া বোধ হয় না।"

তথন বেশ রাত্রি হইয়াছে, চারিদিকে অন্ধকারে পূর্ণ হইয়াছে। সহসা কি এক আলোক চারিদিকে উদ্ভাসিত হইয়া উঠিল –সকলে বলিয়া উঠিলেন, "আগুন—বাড়ীতে আগুন লাগিয়াছে।"

গোবিন্দরাম বলিলেন, "মাতালটা বাড়ীতে আগুন লাগাইয়া দিয়াছে— চল—চল—শীঘ্ৰ চল।"

একজন বলিল, "কাঠের সিঁড়ীতে আগুন ধরিয়াছে—আর সিঁড়ী নাই—জানালা দিয়া লাকাইয়া না পড়িলে পুড়িয়া ছাই হইবে।"

গোবিন্দরাম বলিলেন, "বেমন করিয়া হয়, ইহাদিগকে রক্ষা করিতে। ছইবে।

84

গৃহমধ্য হ**ই**তে পুনী: পুনা স্ত্রীলোকের আর্ত্তনাদ ধ্বনি উঠিতে লাগিল।
এমন সময়ে উপরের একটা জানালা কে সবলে খুলিয়া ফেলিল—সে স্বয়ং
ক্রতাস্ত। ক্বতাস্ত বাড়ীর চারিদিকে পুলিস দেখিতে পাইয়া সেইখান
হইতে ব্যান্তের স্থায় পর্জন করিয়া উঠিল।

গোবিন্দরাম চীৎকার করিয়া বলিলেন, "লাফ দাও—লাফ দাও— আমার লোকে তোমাকে ধরিবে।"

ক্কভাস্ত গোবিন্দরামকে চিনিয়া বলিল, "ও! তুই—তুই সেই বুড়ো বদ্মাইন, আমার কাজ শেষ হইয়াছে, তোর ছেলেও কাল ভোরে ফাঁসী খাইবে।" সঙ্গে সঙ্গে পিন্তলের আওয়াজ হহঁল, একটী গুলি গোবিন্দরামের কালের পাশ দিরা চলিয়া গেল।

্ত্র একজন লোক গোবিন্দরামকে বলিল, "সাবধান আপনার মৃত্যু হইলে আপমার ছেলে বাঁচিবে না—ক্রতাস্ত পিন্তল ধরিয়াছে।"

গোবিলরাম বৃক্ষান্তরার্ণে দাঁড়াইলেন। বাড়ীটীর দ্বিতলের মেঝে কাষ্ঠনির্ম্মিত, সোপানশ্রেণিও কাষ্ঠনির্ম্মিত, তা' ছাড়া প্রাতন জানালাদরজা, কড়ি-বরগা, শুকাইয়া বারুদের ভার হইয়াছিল—আগুন পাইয়া চারিদিক্ হইতে ধৃ ধৃ করিয়া আগুন জ্বলিয়া উঠিল। এই মহা অ্যাক্তাপ্ত হইতে কাহারও রক্ষা পাইবার কোন সম্ভাবনা নাই।

এই সমরে একটি প্রোঢ়া স্ত্রীলোক মহা আর্তনাদ করিতে করিতে যে গবাকে ক্বতাস্ত দাঁড়াইয়া রহিয়াছে, সেইদিকে ছুটিয়া আসিল; এবং প্রাক্ষ দিয়া লাফাইয়া পড়িবার উপক্রম করিল; কিন্তু ক্বতাস্ত-কুমার ছুইহাতে স্বেগে তাহাকে নিজের বুকের উপর জড়াইয়া ধরিল। ন্ত্রীলোকটা আরও চীৎকার করিয়া উঠিল। ক্লতাস্তকুমার বিকট অট্টহাসি হাসিয়া বলিল, "কোথায় ঘাইবে, আমাকে ফেলিয়া কোথায় পলাইবে? নে উপায় নাই—এফ যাত্রায় পৃথক্ ফল! কখনই তাহা হইবে না— আমি মরিয়, তোমাকেও আমার সঙ্গে মরিতে হইবে।"

ক্কৃতান্তকুমার তাহান্দে সেইতাবে गবলে ধরিয়া রহিল।

স্ত্রীলোকটী প্রাণভয়ে আর'ও চীৎকার করিতে লাগিল। বলিল, "ওগো, ছেড়ে দাও, আমি মরিতে রাজী আছি, কিন্তু এমন করিয়া জীয়স্তে আগুনে জ্বলিয়া পুড়িয়া মরিতে পারিব না—আগুন—আগুন—চারিদিকে আগুন—ধৃ—ধৃ—শু—"

ক্কতান্তকুমার বলিল, "আরে পোড়ামূপী! মরিতে ভর পাইতেছিন্— আমি পুড়িরা যত্তিত পারিব, আর তুই পারিবি না? আর, তোর পোড়া-মুধ আরও পুড়াইরা দিই।"

এই বলিয়া ক্তেন্তিক্সার বিকটহান্তে চারিদিক্ প্রকম্পিত করিয়া সেই স্ত্রীলোকটান্তে নুকে চাণিয়া পশ্চাঘর্ত্তী নিবিড় ধূম ও অগ্নিরাশির মধ্যে প্রবেশ করিল। আর তাহাদিগকে দেখা গেল না, গ্রাপ্নির বিচিত্ত যবনিকার অস্তরাল হইতে কেবল সেই স্ত্রীলোকের আকুল আর্ত্তনাদ ও ক্লতান্তের বিকট অট্টহাক্ত বুগপং ধ্যনিত হইতে লাগিল।

পরক্ষণে সেই স্ত্রীণোকটা চীংকার করিতে করিতে আবার সেই উন্নুক্ত গবান্দের দিনে ছুটিরা আসিল। তথন ভাহার পরিহিত বস্ত্রাদিতে অমিসংবাগ হইরাছে, তাহার উন্নুক্ত কেশদাযেও থেলিহান অগ্নি শিখা-বিস্তার করিরাছে—আর রক্ষা নাই—রমণী প্রাণতরে গবাক্ষ হইতে লাফাইরা ভূতলে পড়িল। সকলে স্তন্তিত—পড়িরাই রমণী অজ্ঞান হইল। তথন গোবিন্দরাম ও অক্ষান্থ আর সকলে আসিরা তাহাকে অগ্নিম্থ হইতে রক্ষা করিবার জন্ম বিস্তর চেষ্টা করিলেম; তৎক্ষণাৎ অগ্নি নির্মাণিত

ছইল, কিন্তু রমণীর রক্ষার কোন উপায় দেখা গেল না—তাহাঁর সর্বাদ তথন একেবারে ঝলসিয়া গিয়াছে।

ক্ষণপরে সকলের একাস্ত চেষ্টার রমণীর সংজ্ঞালাভ হইল; সে মাটিভে পড়িয়া ছট্ফট্ করিকে লাগিল, কেবল 'জল' 'জল' করিয়া চীৎকার করিতে লাগিল। কথন বলিল, "হাঁ, আমার পাপের ফল ঠিক হইয়াছে—উঃ! কি আলা, আর বে পারি না গো!" একবার বলিল, "বিনোদিনি! বিনোদিনি! আমার রক্ষা কর, আমার কোন দোষ নাই।"

গোবিন্দরাম জিজ্ঞাসা করিলেন, "বিনোদিনী ভোমার কে ?"

রমণী বলিল, "বিনোদিনী আযার কেউ নয়, আমি তার বাঁদী; কিছ সে আমাকে তাহার নিজের বোনের মত ভালবাসিত; কিছ এমন পোড়াকপালী কালামুণী আমি—আমিই তাকে খুন করিয়াছি—আমার জন্ত সে মরিয়াছে।"

গোবিন্দরাম বলিলেদ, "তুমি তাহাকে খুল করিলে কেন ? সে তৈমাির কি করিয়াছে ?"

রমণী বলিলা, "কি করিয়াছিল ? বেশি বন্ধ করিত—বেশি ভাল-বাসিত—আমাকে বেশি স্থাধ রাধিরাছিল—তাই। মহাপাপী স্কৃতান্তের কথার ভলিরা, টাকা-গহনার লোভে পড়িয়া বিশাস্থাতিনী হইরাছি।"

গোবিন্দরাম বলিলেন, "কি হইয়াছিল, আমাদের সব বল; নিজমুখে সব স্বীকার করিলে ভোমার কিছু পাপ কর হইতে পারে।"

রমণী বলিল, "এ পাপের ক্ষর নাই; তা' নাই থাক, সব বলিৰ; সবই বলিতে হইবে। যথন আমি বিনোদিনীর কাছে ছিলাম, তথন কৃতান্ত আমার সঙ্গে গোপনে দেখা করিবা নানা রকমে লোভ দেখাইতে লাগিল; আমি লোভে পড়িরা ভাহার কথার ভূলিলাম। কৃতান্ত আগেও অনেক্বার বিনোদিনীকে খুন করিবার চেষ্ঠা

করিয়াছিল, কাজে কিছুই করিয়া উঠিতে পারে নাই: বিনোদিনী ভর পাইয়া সাবধান হইয়া গিয়াছিল। তথন কোন রকমে কিছু স্থবিধা করিতে না পারিয়া ক্রতাস্ত আমাকে হস্তগত করিল। ছইজনে মিলিয়া বিনোদিনীকে খুন করিবার চেষ্টা করিতে লাগিলাম। আমার মনে খুব বিখাস ছিল, বিনোদিনীকে খুন করিতে পারিলে তাহার হীরামুক্তার প্রহনাগুলি সব আমার হইবে। একদিন রাত্রে আমি বিনোদিনীর ঘরে চুকিয়া পালকের নীচে লুকাইয়া রহিলাম; বিনোদিনী ভিতর হইতে দরজা বন্ধ করিয়া শুইয়া পড়িল। যথন বুঝিতে পারিলাম. দে ঘুমাইয়াছে, আমি দরজা খুলিয়া বাহিরে আসিয়া কুতান্তকে ধবর বিলাম। ক্লতান্ত বাহিরে বাগানে লুকাইয়া ছিল। সে আসিয়া আমাকে খুন করিতে বলিল; আমি কিছুতেই রাজী হইলাম না। তথন ফুতান্ত আমাকৈ একথানা তাস বিনোদিনীর বুকের উপরে চাপিয়া ধরিতে বলিল; স্মামি তাহাই করিলাম। কুতান্ত মেই ভাসের উপর দিয়া বিনোদিনীর বুকে ছুরি বসাইয়া দিল। তথনই সে বিনো দিনীর লাসটা একটা বাল্লে পুরিয়া ফেলিল; তাহার পর লাসটা সেখান হইতে সরাইবার জন্ম একটা খাবার মাথায় সেই বাসগুদ্ধ বাক্সটা চাপাইয়া ভাহাকৈ সঙ্গে লইয়া চলিয়া গেল।"

গোবিন্দরাম বলিলেন, "হাঁ, আমরা জানি, বিনোদিনীর কুকে আমরা সে তাস দেখিয়াছি; সেখানা ইস্কাবনের টেকা। সে তাস তুমি কোথার পাইয়াছিলে ?"

"সে তাস বিনোদিনীরই ছিল।"

"কিন্ত আমরা সেই তাসের তাস বহুবাজারে স্থরেক্রনাথের বাসায় দেখিয়াছি। সে তাসগুলির সবই আছে, কেবল ইস্কাবনের টেকা-ধার্মিই নাই; বলিতে পার, কেন এক্নপ হইল ?" "বিনোদিনীকে স্থরেন বাবু সেই দামী তাস কিনিয়া দিয়াছিলেন, সৈই তাস বিনোদিনীর বড় আদরের জিনিষ ছিল। আমি একদিন ঐ তাসগুলি হইতে ইস্কাবনের টেকাখানি হারাইয়া ফেলি; আমার মনে মনে বড় ভয় হইল; বুঝিলাম, আমি সেই তাস নই করিয়াছি জানিতে পারিলে বিনোদিনী রক্ষা রাখিবে না। আমি তাসগুলি লুকাইয়া রাখিলাম; তাহার পর একদিন স্থরেক্সবাবু আসিলে তাঁহাকে তাস হারাইবার কথা বলিলাম, বিনোদিনীকে কোন কথা বলিতে মানা করিয়া দিলাম, ঠিক ঐ রকম তাস মিলাইয়া কিনিয়া আনিবার জ্ঞা ঐ তাসগুলি তাঁহাকে দিলাম। স্থরেক্সবাব্ তাসগুলি পকেটে ফেলিয়া লইয়া গেলেন। তাহার পর একদিন সেই হারান ইস্কাবনের টেকাখানি পাওয়া গেল। কিন্তু স্থরেক্সবাব্র দেখা না পাইয়া সেই তাসগুলি আর চাহিয়া লইতে পারি নাই। আর যখন বিনোদিনী খুন হইল, তথন আর সে তাসেই বা দরকার কি ? সে তাসগুলি এখনও স্থরেক্সবাব্র কাছেই আছে।"

রমণীর অবস্থা ক্রনেই থারাপ হইতেছিল। ক্রনেই যন্ত্রণার র্দ্ধি— সে যাহা বলিল, তাহাতে বিনোদিনীর খুন সম্বন্ধে সকল মহস্তেরই উত্তেদ হইয়া গেল। গোবিন্দরাম তাহার মুখে বাহা শুনিলেন, একথানা কাগজে সব লিখিয়া ফেলিলেন; এবং সেখানে বাঁহারা উপস্থিত ছিলেন, ভাঁহাদের কাছে সাক্ষর করাইয়া লইলেন।

গোবিন্দরাম ভাবিয়া দেখিলেন, বিনোদিনীর দাসীর মৃত্যু আসর, তাহার জীবনাশা একেবারে নাই, অর্দ্ধঘণ্টার মধ্যেই তাহাকে ইহলোক ত্যাগ করিতে হইবে। আর ক্বতান্ত! সহস্রশিধ অগ্নিগ্রাস হইতে কে তাহাকে রক্ষা করিবে? এতক্ষণ তাহারও এই দাসীর দশা ঘটিয়াছে; তবে আর এথানে অথেকা করিয়া ফল কি? হয় ত ঠিক সময়ে

কলিকাতাম না পৌছিতে পারিলে সকল শ্রম পও ছইবে—স্থরেন্তর বাঁচিবে না।

গোবিন্দরাম বলিলেন, "ইহাদিগকে রক্ষা করিবার কোন আশা নাই, তবুও চেষ্টা করিয়া দেখ—আমি আর সময় নষ্ট করিতে পারি না; আজু রাত্রের সধ্যে কলিকাতার উপস্থিত হইয়া ফাঁসী স্থগিত করিতে হইবে—নতুবা—নতুবা—"

তিনি উর্দ্ধানে বান্ধানে বাড়ীর দিকে ছুটিলেন। তথার গিয়া দেখিলেন, যথার্থই হাবা তাঁহার সঙ্গে দেখা করিতে আসিয়াছে—বান্ধাণ তাহাকে বসাইয়া রাথিয়াছেন; নতুবা সে-ও নিশ্চয় সেই বাড়ীতে কৃতান্তের সহিত প্রবেশ করিত, তখন স্বরেক্তকে রক্ষা করিবার কোন উপায় থাকিত না।"

গোৰিক্সাম ব্রাহ্মণকৈ কালবিলম্ব করিতে দিলেন না। তাঁহাকে ও হাবাকে লইয়া উর্দ্ধানে ষ্টেশবের দিকে ছুটিলেন।

কিন্তু এমনই ছর্ভাগ্য বে, তাঁহারা বেমন টেশনে প্রবেশ করিলেন, অমনই গাড়ী টেশন ছাড়িয়া চলিয়া গেল। কি সর্বনাশ!

68

আজ প্রাতে স্থরেক্সনাথের ফাঁসী হইবে। তিনি প্রসিদ্ধ ডিটেক্টিভ গোবিন্দরামের পুত্র এবং নিজে উকীল স্থতরাং তাঁহার ফাঁসী দেখিবার জন্ম লোকে-লোকারণ্য হইরাছে।

রামকান্ত ও স্থামকান্ত সমস্ত রাত্রি নানাস্থানে ছুটাছুটি করিরাছে, কিন্তু কিছুই করিতে পারে নাই, ফাঁসী স্থগিত হয় নাই। কেবল কথার উপর নির্ভর করিয়া ফাঁসী স্থগিত হইবে কেন ? হতাশচিত্তে রামকান্ত গোবিন্দরামকে একথা বলিবার জন্ত ষ্টেশনে ছুটিল। ক্ষণপরে একথানা ট্রেণ আসিল, শেষে আরও একথানা ট্রেণ আসিল, কিন্ত তাহাতেও গোবিন্দরাম আসিলেন না। রামকান্ত ভাবিল, বোধ হয়, তিনি ধরিতে পারেন নাই—ঘোড়ার গাড়ীতে আসিতেছেন।

সমস্ত রাত্রি গেল, তবুও গোবিন্দরাম আসিলেন না। তথন রামকান্ত নিতান্ত অস্থির হইয়া উঠিল; ভাবিল, হয় ত তিনি বরাবর জেলে গিরাছেন। এইরূপ ভাবিয়া সে শ্রামকান্তকে সলে লইরা জেলে উপস্থিত হইল। তথায় ভীষণ জনতা। সে জনতা ঠেলিয়া যাওয়া সহজ নহে। তথন প্রায় ভোর হইয়াছে, চারিদিক্ পরিকার হইরা আসিতেছে, ঠিক ছর্টার সময় ফাঁসী হইবে।

রামকান্ত বলিল, "আর কি! শুরুদেব কিছুই করিয়া উঠিতে পারেন নাই—সেই হুঃথে আর আসেন নাই।"

় শ্রীমকান্ত বলিল, "তাহা নয়—তিনি সে প্রকৃতির লোক নহেন— ঐ দেখ তিনি আসিরাছেন, ঐ জেলের ভিতর বাইতেছেন—সঙ্গে কে ব্রহিয়াছে।"

রামকান্ত দেখিল, প্রক্লুতই গোবিন্দরাম ছুইটী লোকের সঙ্গে জেলে প্রবেশ করিলেন; তথন ছুইজন সাহেব গোবিন্দরামের নিকটস্থ হুইলেন।

শ্রামকান্ত বলিল, "এতদুর হইতে ভাল চিনিতে পারিতেছি না—সাহেক হুটী কে ?"

"বোধ হয়, জেলের স্থারিণ্টেণ্ডেণ্ট।"

"এই ত বড় সাহেবও আসিরাছেন—এইবার আসামীকে আনা হইবে।"

"এত পরিশ্রম বুথা হইল !"

"সবই ভগবানের হাত।"

"গুরুদেবের জন্ম তঃথ হয়।"

"কি করিবে বল—চেষ্টা ত যথেষ্টই করা গেল।"

"গুরুদেব এত খুনী ধরিয়া নিজের ছেপের মামলায় হারিলেন— এবার আর অধিক দিন বাঁচিবেন না।"

"চুপ্—আসামী আসিতেছে।"

প্রকৃতই সমূথে প্রহরীবেষ্টিত হইয়া স্থরেক্সনাথ ফাঁসী-কার্চের নিকটে নীত হইলেন। তাঁহাকে দেখিবার জন্ম চারিদিক্ হইতে অসংখ্য লোক পরস্পার ঠেলাঠেলি করিতে লাগিল।

° আর পাঁচ মিনিট—আর পাঁচ মিনিট পরে স্থরেক্সনাথ ইহ জীবনের
মত এ সংসার পরিত্যাগ করিবেন। পাঁচ মিনিট অতীত হইয়া গেল—
স্থরেক্সনাথের ফাঁসী ইইল না। সহসা সকলে দেখিল, স্থরেক্সনাথ প্রহরীবেষ্টিত হইয়া বেরূপভাবে আসিয়াছিলেন, আবার সেইরূপ প্রহরীবেষ্টিত
হইয়া জেলের দিকে প্রস্থান করিলেন।

সহ্দা এই ব্যাপার দেখিয়া সকলে নানারূপ আজোচনা করিতে লাগিল; ইহাতে একটা মহা গোল উঠিল। তথন পুলিস-প্রহরিগণু সকলকে জেল হইতে বাহির করিয়া দিতে লাগিল; ফাঁদীর কথা জিজ্ঞাদা করিলে তাহারা উত্তর করিল, ফাঁদী হইবে না—ফাঁদী স্থগিত হইয়াছে।" কেহই কিছু ব্ঝিতে না পারিয়া যে যাহার গৃহাভিমুথে প্রস্থান করিতে লাগিল।

রামকান্ত বলিল, "ব্যাপার কি! তবে কি শুরুদেব কার্য্যোদার করিয়াছেন ?"

শ্রামকান্ত বলিল, "আগেই ত বলিয়াছিলাম—চল গুরুদেবের সঙ্গেদেখা হইলেই সকল জানিতে পারিব।" প্রক্বতই, স্থরেন্দ্রনাথের ফাঁসী হইল না। এদিকে গোবিন্দরাম টেণ না পাইয়া বিশেষ চেষ্টায় তৎক্ষণাৎ একথানি গাড়ী সংগ্রহ করিয়া তীরবেগে কলিকাতার দিকে ছুটিলেন।

ভোর হইবার কিঞ্চিৎ পূর্ব্বে কলিকাতায় আসিয়া উপস্থিত হইলেন, সঙ্গে হাবা ও সেই ব্রাহ্মণ।

তিনি তৎক্ষণাৎ পুলিসের বড় সাহেবের সহিত দেখা করিলেন।
সাহেবকে অধিক কিছু বলিতে হইল না। সাহেব হাবাকে দেখিরাই
সকল ব্যাপার ব্ঝিতে পারিলেন; অধিকন্ত বিনোদিনীর দাসীর সেই
আন্ম-কাহিনীতে প্রায় সকল তথাই আবিষ্কৃত হইরা পড়িল; তখন
সাহেব খটিতি গোবিন্দরাম হাবা ও ব্রাহ্মণকে লইরা উচ্চ কর্মচারিগণের
স্কৃতিত সাক্ষাৎ করিলেন; তৎপরে কাসী হইবার একটু আগেই জেলে
"আসিয়া কাসী স্থগিত করিলেন।

ফাঁদী হইল না বটে, তবে স্থরেন্দ্রনাথকে আরও করেক্দিন জেলে থাকিতে হইয়াছিল।

ক্কৃতান্ত সম্বন্ধে অমুসন্ধান আরম্ভ হইল। মাতাল স্থামস্থদরকে হাত করিয়া ক্কৃতান্ত নরেক্রভূষণের সমস্ত অর্থ যে একা আত্মসাৎ করিবার চেষ্টায় ছিল, তাহার অনেক প্রমাণ পাওয়া গেল।

নরেক্রভূষণ বাবুর চারি জগিনীর চারি ওয়ারিসান্ ছিল, প্রথম ভামস্থান্দর—ছিতীয় স্থহাসিনী—তৃতীয় লীলা—চতুর্থ বিনোদিনী।

শেষের তিনজনকে সরাইতে পারিলেই সমস্ত টাকা ভামস্থকর পায়—ভামস্থকর পাইলেই ক্বতান্তের হইবে; মাতালের নিকট

. হইতে আত্মসাৎ করিতে কভক্ষণ। একটা নাম সহি করিয়া লইতে পারিলেই হইল।

বিনোদিনী খুন হইয়াছিল, ক্বতান্ত যে তাহাকে খুন করিয়াছিল, ভাঁহ হাবাও স্বীকার করিল। হাবা এখন ইন্ধিতে মুদ্রোভাব প্রকাশ করিবার ক্ষমতা লাজু 'করিয়াছে।'

ক্বতান্তই যে হাবাকে রামকাস্ত ও শ্রামকান্তের চক্ষে ধ্বা দিয়া লইয়া গিয়াছিল, তাহাও হাবা স্বীকার করিল। স্থাসিনী ও লীলাকে হত্যা করিবার জ্বন্ত সে যাহা বাহা করিয়াছিল, তাহারও সমস্ত প্রমাণ পরে পাওয়া গেল।

় তাহারা সকলে একদলে অগ্নিতে পুড়িরা না মরিলে ক্তান্তের যে ফাঁসী হইত, দে বিষয়ে কোন সন্দেহ নাই। যাহা হউক, ভগবান্ স্বয়ং তাহাদের দণ্ড দিয়ারছন, তাহানের আর মাননীর বিচারালরে নীত হইতে হয় নাই।

যথাসমরে স্থরেজনাথ জেল হইতে থালাস হইরা পিত্চরণে প্রাণাম করিলেন। বৃদ্ধ গোবিন্দরামের ছই চক্ষু আনন্দাক্রতে পূর্ণ হইরা গেল।

আমাদের কি বলিতে হইবে যে, নর্ত্তেক্ত্যণের সমস্ত টাকা—প্রায় আট লক্ষ টাকা হই সমভাগে বিভক্ত হইল, এবং একাংশ স্থহাসিনী পাইল—অপরাংশ লীলা পাইল ?

গোপাল ক্সাকে লইয়া কলিকাতার আসিরা বড়লোকের মত বাস করিতে লাগিল। সে যথাসময়ে বড় ঘরে স্থপাত্র দেখিয়া ভাহার বিবাহ দিল।

স্থাসিনীর সহিত যে স্থরেক্সনাথের বিবাহ হইল, একথা বলা বাহুল্য মাত্র। স্থরেক্সনাথের ওকালতীতে এখন থুব পশার হইদ্বাছে। গোবিন্দরাম বথাসময়ে পৌত্রপৌত্রীর মুখ দেখিয়া, ভাছাদের খাড়ে-পিঠে করিয়া স্থাী হইলেন।

শ্রামকান্ত ও রামকান্ত চিরকাল তাঁহার অমূগত থাকিল। উভরেই চাক্তরী পরিত্যাগ কুরিয়া গোবিন্দরামের ক্লপায় হুথে স্বচ্ছন্দে নিন্দাপন করিতে লাগিল।

এ সংসারে পাপীর প্রাবন্য ও সাফল্য প্রথমে দেখিতে গাইলেও কথনও চিরকাল থাকে না; অবশেষে ধর্মেরই জয় হয়।

কে খুন করিল, আর কে সেইজত কত সহ্ন করিল। কিন্তু প্রয়েজ্ঞনাথ এত কট না পাইলে অবশেষে এত স্থী হইতে পারিভেন না। ছঃখ
ব্যতীত স্থাস্থাদ হর না।

অ্থতানন্তরং হংখং হংখতানন্তরং ক্থং।
চক্রবৎ পরিবর্তন্তে হংখানি চ ক্ষুধানি চ ॥

मगाथ।

